

#### **শ্রীহীরেব্রুনারায়**ণ মুখোপাধ্যায় সম্পাদিত



ভারতী প্রকাশন ৬, রনামাথ মন্ত্রমদার ট্রাট, কলিকাডা-৯ প্রকাশক: জীৱনীকেশ বানিক ৬, নমানাথ মজুমদান ট্রাট, কলিকাতা—>

नाय-पन होका बाळ

थण्डम--- श्वीण शत्काशांत्रात्र

মূত্রক:
ত্রীহ্বোধচন্দ্র মঞ্জ
কল্পনা প্রোম (প্রাম) লিমিটেড
১, শিবনারারণ দাস লেন,
কলিকাতা-৬

### **छ**९मर्भ

পুৰুনীয় পিছব্য **জীবুক্ত ভ্ৰন্ধপদ মুখোপাধ্যারের** করকমলে অব্যান্য বই ঃ
মুমুরু পৃথিবী
হংসদৃত
ঋতুসভার
অভাচল
এগারোই কান্তন
মণিকুত্তল
মাটির পরল
পলানী
অজন।
কুনপুত্তলিক।
মহাজাতি
লাঁড়কাকের মিছিল
লীলাভূমি

অবর প্রোব গোবুলি লয় পাভাল গলা

### **उ**ष्कृतनीलप्तर्

## **अञ्गिते**ग

রূপগোস্বামিকৃত উচ্ছলনীলমণি বিশ্বসাহিত্যের এক অভিনব সম্পদ। পূর্বে ভরত প্রভৃতি মৃনিগণ নাট্যসাহিত্যের রসবিচার ও চরিত্র বিশ্লেষণের জন্ম যে অলম্বার শাস্ত্রের প্রবর্তন করেছিলেন, সেগুলিকে নাটকীয় চরিত্র-চিত্রণ ও রসবিল্লেষণের বিশদ ব্যাকরণ বলা চলে। মধুররসে আপ্পৃত নরনারী বা নায়ক-নায়িকার মন:সমীকণ তার ম্থা উদেশ ছিল না। কিন্তু রূপ-গোস্বামিকত উজ্জলনীলমণি ভুধুমাত্র অলকার বা রসশাস্থের অফুশীলন নয়। স্ষ্টির আদিকাল থেকে যে শৃলারমদির আনন্দধারার অনস্ত প্রবাহ জীবজগৎকে করেছে মধুময়, লোকাতীত কল্পলোক যার মোহনস্পর্শে হয়ে উঠেছে স্বপ্নমধুর, *দেই* রতিরসাত্মক অমৃতধারার বিস্তৃত আলোচনাই রূপ পরিগ্রহ করেছে *শ্রী*রূপের উজ্জলনীলমণিতে। এই উজ্জলাথ্য সধুররসই তাঁর উজ্জলনীলমণি গ্রন্থের মূল বিষয়বস্থ। দিকে দিকে এই অফুরত রুণরাশি বার অনন্ত রূপের বিকাশ, ষিনি নিজেকে বিকশিত করেছেন পুরুষ ও প্রকৃতির সীমাহীন সমন্বয়ে, সেই মহান সন্তাই শ্রীকৃষ্ণ। শ্রীকৃষ্ণের বৃন্দাবনলীলাকে আশ্রয় ক'রে, শ্রীমতী ও গোপান্ধনাদের প্রেমলীলা প্রসঙ্গে তিনি উদ্ঘাটিত করেছেন নরনারীর অস্তরের নিগৃঢ় রহস্ত। পার্থিব জগতে নায়ক ও নায়িকার অন্তরে∻ প্রতিটী গোপন অক্লুড় ধরা দিয়েছে তাঁর মর্মদর্শী অসামাক্ত দৃষ্টির আলোকে। শ্রীকৃষ্ণ ও গোপান্ধনারা হয়েছেন পার্থিব নরনারীর মূর্ত প্রতীক। পার্থিব জীবনে মাহুষের ৰে ভালোবাদা, দাম্পত্য প্ৰেম ও প্ৰণয়, তাই প্ৰোচ্ছল হয়ে উঠেছে শ্ৰীকৃষ্ণ ও গোপান্ধনাদের প্রণয়লীলা-রহস্তের ভিতর দিয়ে উচ্ছলনীলমণির প্রতিটী শ্লোকে ও ছাল্লেছতে। একুষ্ণ ও গোপান্ধনাদের অপরপ প্রেমনীলা অবলম্বন ক'রে বৈষ্ণব কবিগণ যে অপরিমেয় মাধুর্বরস পরিবেশন করেছেন তা ভাধু কবিকল্পনা নয়: নরনারীর প্রাণের স্থকুমার অহভুডিই পরিব্যক্ত হয়েছে সেই অপার্থিব পরম সতা ও পরমা প্রকৃতিকে আতায় করে। সে ওধু দেবতার প্রেম নয়, মান্তবেরই মনের কথা। পার্থিব জীবনের দৈনন্দিন গতিপথে নরনারীর বুকে

প্রণয়ের যে চিরস্তন ঘাতপ্রতিঘাত চলেছে, তারই নিগৃত রহস্ত রূপায়িত হয়েছে দেবতার উদ্দেশে গাঁথা ওই প্রেমের মূলার মালায়।

কবিশুক রবীন্দ্রনাথ বলেছেন:

'এই প্রশন্ন স্থান
প্রাবণের শর্বরীতে কালিন্দীর কুলে,
চারিচন্দে চেয়ে দেখা কদম্বের মূলে
সরমে সম্রমে—একি শুধু দেবতার ?
এ সঙ্গীত-রসধারা নহে মিটাবার
প্রতি রজনীর আর প্রতি দিবসের
ভপ্ত প্রেমত্যা ?

এই প্রেমগীতিহার
গাঁথা হয় নরনারী-মিলন-মেলায়,
কেহ দেয় তাঁরে, কেহ দেয় বঁধুর গলায়।

\* \* \* আর পাব কোথা?
দেবভারে প্রিয় করি, প্রিয়েরে দেবভা।

দেবতার উদ্দেশে রচিত প্রেমকাব্যের এই থনিতে লুকিয়ে আছে মান্তবেরই প্রাণের কথা, যেথানে দেবতার মন্দিরে প্রিয় আর প্রিয়তমের সিংহাশনে দেবতা প্রেছেন স্থান।

বাঙলার নিজস্ব কাব্যচিস্তা পূর্ণতা লাভ করেছে বৈশ্ববৃধ্যে। কালিদান, ভারবী, ভবভূতি, মাঘ ও প্রীহর্ব প্রম্থ কবিগণের আবির্ভাবের পর করেক শতালী ভারতের কবিকৃপ্প নীরব ছিল। সেই নীরবতা ভঙ্গ ক'রে একে একে আবিভূতি হলেন জরদেব, বিছাগতি ও চত্তীদান। তাঁদের অলোকসামায় প্রতিভার পঞ্চপ্রদীপে কাব্যভারতীর মঙ্গলারতি ক'রে গেলেন। বাঙলা, বিহার, উড়িয়া—তথা সারা ভারতের কবিকৃপ্প ম্থর হয়ে উঠলো স্থমধুর গীতিকালার। ক্রিয় ক্রিডে দেখতে দেখতে সে সঙ্গীত মূহ্নাও আবার নিথর হয়ে এলো। প্রায় তিনশো-বংসরকাল সমগ্র জাতি নিমজ্জিত হয়ে রইল জড়জীবনের স্থল বাস্তবভার সংঘাত-তরকে। মানসলোকে নেমে এলো নিবিভূ জন্ধকার। সহসা সেই নিজ্ঞিয়ভার প্রাচীর ভেঙে অবতীর্ণ হলেন শ্রীগৌরান। মহাপ্রভূর আবির্ভাবে সারা ভারত প্রাবিত হয়ে গেল প্রেমের বলায়। নদীয়া, বৃশাবন,

বংশরক্ষায় বলপূর্বক প্রবৃত্ত করে। ইহাতে প্রেমের গন্ধও নাই। কিছ দার্শনিকগণ যাহাই বলুন, পৃথিবীতে নানাদেশে অগণিত কবি নরনারীর 🔄 স্বাভাবিক প্রবৃত্তিকে প্রেম বলিয়। স্বীকার করিয়াছেন এবং বহু কাব্য রচনা করিয়াছেন। এখনও সেই পরস্পর। অব্যাহত রহিয়াছে। নরনারীর স্বাভাবিক প্রবৃত্তিকে বাঁহারা প্রেম বলিয়া স্বীকার করিয়াছেন, তাঁহারাও কিন্ত অবৈধ প্রণয় অর্থাৎ পরোঢ়া নারীর প্রতি তাদৃশ স্বাভাবিক প্রবৃত্তিকে প্রেম বলিয়া স্বীকার করেন নাই, বরং বিশেষভাবে নিন্দাই করিয়াছেন। এইরূপ অবস্থায় এক্রিফ ও পরোচা পোপীগণের প্রণয় অলৌকিক প্রেমরস কিরপে হইবে ? 🖺 ক্লফ স্বয়ং বলিয়াছেন "জুগুপ্সিতং সবত্র হোলপিতাং কুলস্ত্রিয়ঃ"। অর্থাৎ এই উপপতিভাব সদ্গতিবিরোধী, অকীত্তিকর অসার, ক্লেশকর, ভয়াবহ ও নিন্দিত। ইহা যেমন পরীক্ষিতের প্রশ্ন, তেমনই জনসাধারণেরও। এই ব্রেমর ব্যাখ্যাতা শ্রীরূপগোধামীও এই প্রশ্ন উত্থাপিত করিয়াছেন। কিন্ত তিনি এই প্রশ্নের সমাধানও করিয়াছেন। তিনি বলিয়াছেন যে, উপপতি ভাবময় প্রণয় প্রাকৃত নরনারীকে অবলম্বন করিয়া প্রবৃত্ত হইলেই উক্ত দোষসমূহের সম্ভাবন। হয়। বুলাবনলীলাগ উপপতিভাবময় প্রণয়ের আলমন স্বয়ং ভগবান্ এক্লি । তিনি প্রাকৃত মহুগ নহেন। যাঁহারা তাদৃশ ভাব নিবেদন করিয়াছিলেন, সেই নায়িকাগণও সাধারণ নারী নহেন। ইহাদের এই লীলার নিগৃঢ় রহস্ত ব্ঝিতে হইলে পূর্ববৃত্তান্তের সহিত পরিচয় হওয়া আবস্তক। এই সকল গোপীদের মধ্যে অনেকেই শ্রীভগবানের স্বর্পশক্তি। কেহ কেছ দেবতা, কেহ কেহ ঋষি ও কেহ কেহ শ্রুতি। কোন সময় দওকারণ্যবাসী মুনিগণ রামচক্রের মনোহর রূপলাবণ্যে মুগ্ধ হইয়া তাঁহার সহিত মধুর ভাবে বিহার করিতে ইচ্ছা করিয়াছিলেন। সেই মূনিগণ গোকুলে গোপীরূপে জন্ম গ্রহণ করিয়াছিলেন। এই ভাবে শাস্ত্রের আলোচনায় জানা যাইবে যে, গো**পীগ**ণ পরোঢ়া হইলেও তাহা ব্যবহারিকভাব মাত্র। রুসের উৎকর্ষ খ্যাপনের জন্ত বোগমায়ার দারা এই পরোঢ়াভাব কল্পিত হইয়াছে। পরকীয়াভাবে বে-রূপ রদের উল্লাস হয়, সেইরপ স্বকীয়াভাবে হয় না। বিবাহ-বন্ধনে আবন্ধ নর-নারীর প্রণয় পরমউৎকর্ষলাভ করিতে পারে না। এইজন্ম উহা সমঞ্চশা রডি নামে পরিচিত। উহাতে লোকনিন্দার ভয় নাই। বাধাও নাই। ওপণতা-মূলক প্রণয়ে লোকনিন্দাভয় ও বাধার পরম্পরা উপস্থিত হয়। এই প্রণয় অতিকুর্গভ এবং কুর্লভ বলিয়াই উৎকৃষ্ট। এই সমর্থা রতির প্রণয় অতি প্রবল ও

ছুধার। ইহা লোকশাস্ত্রসমত প্রণয়ে থাকে না। ঔপপত্যভাব না হইলে এই প্রণয় চরম উৎকর্ষ লাভ করিতে পারিত না। সেইজ্ঞা যোগমায়া নিত্য তাদৃশভাব প্রকাশ করিয়া, মধুররসকে উন্নত পরাকাষ্ঠায় উপস্থাপিত করিয়াছেন। ঘুণা লজ্জা ভয় প্রভৃতি সকলভাব পরিত্যাগ করিয়া প্রিয়তমমিলনপ্রত্যাশী না হইলে, তাহাতে পূর্ণতা আসিতেই পারে না। ঐব্লপ পূর্ণতা না আদিলে তন্ময়ভাবময় প্রেমরদ প্রকাশিতই হইবে না। এই অলৌকিক রসের অপূর্ব মাধুর্য আম্বাদন করিতে হইলে, এই রসের আলম্বন ও আশ্রেয়তত্তের স্পষ্ট পরিচয় মনে রাথিতে হইবে। গৌড়ীয় বৈষ্ণব মতে 🚉রাধা ও গোপীগণ স্বয়ং ভগবান্ এইকফের স্বরূপভূতা হলাদিনী শক্তি। তাঁহাদের পারস্পরিক সমন্ধ নিতা। সেইজক্ত এই লীলাও নিতা। <u> এভিগ্রানের স্বর্ণমাধুর্য আস্বাদন করাইবার ও প্রেমমাধুর্য আস্বাদন</u> করিবার বলবতী উৎকণ্ঠা উপস্থিত হয়, তথন যোগমায়ার সাহায্যে নিত্য স্কীয়াভাব আবরণ করিয়া, তিনি নিজপ্রেয়সীগণের পরকীয়াভাব প্রকাশ করেন। অপ্রকট লীলায় নিতাস্বকীয়াভাব বিরাজিত থাকায় রসের অপুর্ব উৎকর্ষ থাকে না। সেইজন্ম প্রকটলীলায় পরকীয়াভাবের অভিব্যক্তি। ইহা শ্রীজীব গোস্বামীর দিদ্ধান্ত। তিনি বলিয়াছেন যে, গোপীগণের বিবাহ মায়। কল্পিত। বস্তুত: শ্রীক্লফের দহিতই তাঁহাদের বিবাহ হইয়াছিল। এই দিদ্ধান্ত তিনি গোপালচম্পু কৃষ্ণদন্দর্ভ প্রভৃতি গ্রন্থে প্রতিপাদন করিয়াছেন। এ বিষয়ে 🗎 বিশ্বনাথ চক্রবর্ত্তী ভিন্নমত পোষণ করেন। নানা শাস্ত্রবাক্য উদ্ধৃত করিয়া তিনি দেখাইয়াছেন যে, প্রকটলীলাতে শ্রীকৃষ্ণ ও গোপীগণের দেমন প্রকীয়া ভাব, নিত্যলীলাতেও তেমনই পরকীয়াভাবই রহিয়াছে। বাহাই হউক এই মধুর রসময়ীপ্রেমলীলায় স্বয়ং ভগবান আলম্বন ও তদীয় স্বরূপশক্তিগণ আপ্রায় হওয়ায় ইহা অতিপবিত্র ও অলৌকিক। শ্রীভগবানের সর্রপশক্তি, দেব, 🛎তি ও ঋষিগণ দীমাতিশায়ী কৃষ্ণরূপমাধুর্ব্যে লালদান্বিত হইয়াছিলেন। বাস্থাকল্পডার শ্রীভগবান্ তাঁহাদের লালসাম্রূপ লীলা করিয়াছিলেন, এই কথা मत्न दाथियारे এर मधुतनीना आचानन कतिरख; रहेरत। छारा रहेरन चलाका ৰা সন্দেহ আসিধার সন্তাবনাই থাকিবে না। একিপগোৰামী এই সকল তত্ত-কথা অভি বিশদভাবে প্রভিপাদন করিয়াছেন। ইহা রসিকভক্তজনের चक्रम्य चयुना मन्नाम् ।

এই প্রসঙ্গে আর একটি বক্তব্যের অবতারণা করা আবশ্যক মনে করিতেছি।

গৌড়ীয় বৈক্ষবধর্ম ও দর্শনবিবরে সাধারণ শিক্ষিত জনগণের নানাবিধ কুসংস্কার ও ভাস্ত ধারণা বন্ধমূল হটয়া আছে।

শ্রীশ্রীরাধারুষ্ণের প্রেম একান্ত কামবাদনাপ্রস্ত একথাও অনেকে বলেন। তাঁহারা প্রেম ও কামের স্বরূপ ভেদের তত্ত্ব অবগত নহেন। শ্রীচৈডক্ত-চরিতামতে শ্রীলরুঞ্চাস কবিরাক্ত মহাশয় বলিয়াছেন—"আত্মেদ্রিয় শ্রীতি বাস্থা তারে বলি কাম। ক্রফেন্দ্রিয় শ্রীতি ইচ্ছা ধরে প্রেমনাম।"

কাম আত্মকেন্দ্রক, ইন্দ্রিয়তৃগ্ডিতেই তাহার পর্য্যবদান। অস্থরাগের আলম্বন বিভাব; নায়ক বা নায়িকা দেখানে ভোগের দাধন মাত্র, দাধ্য নহে। গোপীপ্রেম কিন্তু দম্পূর্ণ বিপরীত। গোপীপ্রেমে নিজের ভোগদিদ্ধির ইচ্ছা বিন্দুমাত্র নাই। কেবল প্রীক্ষণের আনন্দসম্পাদনই একমাত্র উদ্দেশ্য। এই ঐকান্তিক পরার্থপরতাই গোপীপ্রেমকে প্রাক্ত নায়কনায়িকার অস্থরাগ হইতে পৃথক কোটিতে প্রভিষ্ঠিত করিয়াছে।

আর একটি কথা—কামের স্বরূপ কি, ইহা বিচারণীয় বিষয়। ক্রয়েড Sex বা জৈবকাম প্রবৃত্তিকে আদিম-তর বলিয়া সীকার করেন এবং ইহা ধর্ম, অর্থ, মোক্ষ, দর্শন ও নক্ষনতত্ত্ব প্রভৃতির আদিম ও অকৃত্রিম উংস। তাঁহার মডে অক্স সমস্থ প্রবৃত্তি যাহা সভ্যজগতের মানবচিত্তে উচ্চতর প্রকার্থ বিদ্যার্থীরত, তাহা সমস্থই এই ক্রৈবকামপ্রবৃত্তি হইতে সাক্ষাং বা পরম্পরাক্রমে উছুত। প্রেম কামপ্রস্তুত, কামই তাহার বীজ। কিন্তু বৈক্ষর দার্শনিক্ষণ এবং বেদাস্থসম্প্রদায় ইহার অক্সরুপ সমাধান করিয়াছেন তাঁহাদের মডে আত্মার স্বরূপভূত আনন্দেরই অভিব্যক্তির বিক্রত পরিণাম কামরূপে প্রকৃতিত হয়। ব্রহ্মার স্থবে ইহার রহস্ত উদ্ভিন্ন হইয়াছে। "আনন্দবিদ্যর্থনাত্মভা মনংস্ক, যং প্রাণিনাং প্রতিক্রণং স্বরুতামূপেত্য। লীলান্নিতেন ভূবনানি ক্রয়ত্যজ্ঞং গোবিন্দ্রাদিপুক্রবং তমহং ভঞ্জামি।"

এই স্নোকে বলা হইয়াছে বে. ভগবানের আনন্দচিম্মস্বরূপ প্রাণিগণের
"চিত্তে প্রতিকলিত হইলে কামের উত্তব হয়, এবং এই কামের লীলাপ্রভাবে
তিনি নিধিলভ্বন অবিরাম গতিতে অভিভূত করিতেছেন। এই কাম বদি
না থাকিত, তাছা হইলে স্পষ্ট হইত কি · কারে ? Race Preservation
বা প্রাণিস্টিধারা অব্যাহত রহিয়াছে ইহারই কল্যাণে। ঋষেদের প্রকাসতেজ দেখি—"কামন্তদ্রে সমবর্ততাধি।" ইহাই সিহকা, ইহারই উপব্যাখ্যান
উপনিষদে দৃষ্ট হয়—"একোহহং বছন্তাং প্রজায়েয়।" বৈধ কাম সহজে শান্তকারগণ অন্নেক বিধি ও অর্থবাদ বাক্যের উল্লেগ করিয়াছেন। ব্যাবহারিক জগৎ, কুলধর্ম, সমাজব্যবহা ও রাষ্ট্রীয় কল্যাণ সমস্তই শান্ত্রীয় বিধিব্যবস্থার নিয়ন্ত্রণাধীন এবং তাহার মূল শুন্ত গার্হস্থা-ধর্ম, অর্থাৎ পতি শন্ত্রীয় বৈধ মিলন।

বৈক্ষবশাস্ত্রে বর্ণিত রাধাক্তফের লীলা অলৌকিক ও অপ্রাক্কত। ইহার মধ্যে সিম্পান প্রেরণা নাই। ইহা লোকোত্তর, নিত্য ও পারমার্থিক। ভগবান্ তাঁহার জ্লোদিনীশক্তির সহিত নিত্যলীলার অম্বক্ত। এই ভগবলীলারই প্রাক্ত জগতে প্রাণিগণের চিত্তে প্রতিবিশ্বপাতে কামের উন্তর হয়। ভগবতী শ্রুতি বলিতেছেন—"এতস্থেব মাত্রাম্পজীবন্তি লোকে"। এই অনস্ত অপরিচ্চিন্ন অপরিসীম ব্রন্ধানন্দেরই বিন্দুমাত্র উপজীবন করিয়া জীবজ্ঞগৎ বিভ্যান থাকে। জগতের উৎপত্তিও এই আনন্দ হইতে—"আনন্দান্ধোব থলিমানি ভ্তানি জায়ন্তে, আনন্দেন জাতানি জীবন্তি। আনন্দং প্রয়স্তাভিসংবিশস্তি"। এই আনন্দেরই অভিব্যক্তি উপাধিবশতঃ সঙ্কচিত হইয়া জীবজগতে অমৃভূত হয়। ইহারই অভিব্যক্তি ভিন্ন ভিন্ন লোকে স্পষ্ট ও স্পষ্টতরভাবে প্রকটিত হয়। ইহার পূর্ণ অভিব্যক্তি বেদাসমতে জীবের ব্যন্ধের সহিত অভেদপ্রাপ্তিতে এবং গৌড়ীয় বৈক্ষবদর্শনে নিভালীলায় সংঘটিত হয়।

অলকারশাস্ত্রে বিশেষ ব্যুংপত্তি লাভ করিতে হইলে, এই উজ্জলনীলমণি গ্রন্থ
অবস্থা অধ্যয়ন করা কর্ত্তরে। মধুররদের এত বিচিত্র বিশ্লেষণ, নায়কনায়িকার
প্রকারভেদ, বিভাব, অঞ্ভাব প্রভৃতির বিপুল সম্ভার অক্যকোন অলকারগ্রন্থে
দেখিতে পাওয়া যায় না। এই গ্রন্থ সংস্কৃতভাষায় রচিত হওয়ায় সংস্কৃত
ভাষায় অনভিজ্ঞ ব্যক্তিদের বোধগম্য হয় না। হাহারা সংস্কৃতভাষায় কিঞ্চিৎ
জ্ঞান লাভ করিয়াছেন, তাহাদের পক্ষেও এই গ্রন্থ সহজ্ঞবোধ্য হয় না। এই
অতুলনীয় গ্রন্থের সরস সর্বজনবোধ্য ফললিত বঙ্গাস্থবাদের বিশেষ প্রয়োজন
ছিল। প্রীমান্ হীরেক্রনারায়ণ ঐ প্রয়োজন পূর্ণ করিয়াছেন। প্রীমানের এই
সহজ্ঞ সরল ও প্রাঞ্জল অন্থবাদ বঙ্গভারতীর একটি অমূল্য সম্পত্তি। ইহার ভ্রন্থা প্রীমানের থাটি হপ্রপ্রভিত্ত হইবে। এই অন্থবাদ বজ্ঞামারই কেবল
শোভার্ত্তি করিল না, অলোকিকরস্থিপান্থ ভক্তর্সিকজনের রসাম্বাদনের
ক্রেণ্ডাক্তেও সহজ্ঞ করিয়া দিল। প্রীমানের এই অন্থান গৌড্দেশবাসীর
অতিস্মাদ্বের বন্ধ হইবে। "গৌড্জন যাহে আনন্দে করিবে পান স্থধা
নিরবধি।"

আমি এই অন্থবাদ দেখিয়া অতিশয়িত সম্ভোষ লাভ করিয়াছি এবং স্বয়ং ভগবান্ শ্রীক্লফের নিকট শ্রীমান্ হীরেন্দ্রনারায়ণের স্থদীর্ঘ আয়ু ও অপ্রতিহত সারস্বত সাধনার উত্তরোত্তর শ্রীবৃদ্ধি কামনা করিতেছি। অলমধিকেন।

> ডক্টর সাভকড়ি মুখোপাধ্যায় এম. এ., পি.-এইচ-ডি. প্রাক্তন আচার্য নবনালনা মহাবিহার ও ভূতপুর মধ্যক সংক্তর বিভাগে কলিকাতা বিধবিদ্যালয়।

# मृठी

পত্ৰাৰ	বিষয়	পত্ৰাছ
		36
		71-
	•	<b>SI-</b>
		3 <b>&gt;</b>
	_	73
	•	_
	•	52
8		2)
e		२२
৬	मथी । मानी	२२
ь	গান্ধৰ্ব ও অব্যক্ত বিবাহ	5 -
ь	পরকীয়া	53
٦	কন্তা ও পরোচা	<b>২</b> ৪
>	ক্রক।	29
2	পরোঢ়া	45
> 0	সাধনপর!	۶ ۶
>>	<b>८</b> मवी	٥.
53	নিত্যপ্রিয়।	27
>2	রাধা প্রকরণ	೨೨
20	স্চ্কান্তার ত্রপ	38
20	বোড়শ শৃশার-বেশ	98
<u>;                                    </u>	ৰাদশ আভৱণ	<b>७</b> €
30	श्रीवाधाव व्यथान श्रुगावनी	<b>ુ</b> €
>8	মধুর1	96
>6	न्ववर्गः	99
3.5	চলাপাকা	99
31	উজ্জনশ্বিতা	•9
	\$ b b a a a a a a a a a a a a a a a a a	১ দৃতী ২ কয়ংদৃতী ২ কটাক ৩ বংশীধনন ৪ আপ্তা ৪ ক্ষবন্ধভা ৪ ক্ষাপ্তী ৪ ক্ষবন্ধভা ৪ ক্ষাপ্তা ৪ ক্ষাপ্তা ৪ ক্ষাপ্তা ৪ ক্ষাপ্তা ৪ ক্ষাপ্তা ৪ ক্ষাপ্তা ৪ কাম্যা ৯ কতা ও পরোঢ়া ৯ কতা ও পরোঢ়া ৯ কতা ও পরোঢ়া ১০ নার্ধনপরা ১১ দেবী ১২ নিত্যপ্রিম। ১২ নার্ধা প্রকরণ ২৩ ক্ষান্তার রূপ বোড়ল শৃকার-বেশ ছাদশ আভরণ ১৩ শ্রীরাধার প্রধান গুণাবলী ১৪ মধুরা ১৫ চলাপাকা

বিষয়	পত্ৰাহ	বিষয়	পত্ৰাত্ব
চারুসৌভাগ্য-রেখাঢ্যা	৩৮	রতিবামা ও স্থীবসা	4 •
গ <b>লো</b> শাদিতমাধ্বা	৩৮	স <b>ত্রী</b> ড়রতিপ্রয <b>্গা</b>	45
<b>স্পী</b> তপ্রসারাভিজা	೦ಾ	রোষক্রতবাম্পমৌনা,	
<b>রব্য</b> বাক্	9	মানে বিম্থী ও মৃদ্বী	es
<del>নৰ্গ</del> ণিততা	<b>6</b> 2 ·	वक्ता, मधा,	
<del>ৰিবী</del> তা	8•	পমানলজ্জামদনা ও	¢₹
ক্দণাপূৰ্ণ।	82	প্রছোত্তারুণ্যশালিনী	
विक्या	8 \$	কিঞ্চিৎপ্রগল্ভবচনা,	
<b>পা</b> টবান্বিতা	8.2	মোহান্ত-স্থ্রতক্ষমা, মানে 🎖	€0
नका नी ना	8.7	কোমলা, মানে কৰ্কশা	
হুমৰ্বাদ1	82	धीतमधाा, ज्यशेतमधा	€8
रेधर्मणालिबी	82	ধীরাধীরমধ্যা	44
গান্তীৰ্যশালিনী	80	<b>প্</b> গল্ভা	**
হুবিলাসা	ક્રહ	পূৰ্ণতাৰুণ্যা, মদান্ধা,	44.
<b>মহাভাবপরমোৎকর্যত্</b> ষিণী	80	উরুরতোৎস্থকা ও	25
ং গোকুলপ্রেমবসতি	88	ভূরিভাবোদ্গম-অভিঞা	
व्यवस्थानमम्बद्धाः	88	রসাক্রান্তবল্পভা	67
<del>ভৰ্</del> বপিতগুৰুত্বেহা	88	অতিপ্রো <b>ঢ়ো</b> ক্তি	49
<b>শৰী</b> প্ৰণয়াধীনা	86	অতিপ্রোঢ় চেষ্টা	46
ক্লকপ্রিয়াবলী মুখ্যা -	8 4	মানে অত্যস্তক্ৰণা	¢ b
<b>শন্ততান্ত্র</b> বকেশবা	84	ধীর-প্রগশ্ভা	9.
পঞ্চবিধ সংগী—		ধীরাধীর-প্রগল্ডা	62
<b>স্থী, নিত্যস্থী, প্রাণস্থী</b>	84	জোষা ও কনিষ্ঠা	97
প্রিরদখী ও পরমক্রেষ্ঠদখী		মধ্যার জ্যেষ্ঠা-কনিষ্ঠাভেদ	७२
নারিকাভেদ	89	প্ৰগল্ভা জ্যেষ্ঠা ও কনিষ্ঠা	७२
নায়িকার প্রকারভেদ	86	পঞ্চদশবিধ নায়িকা	98
ক্কীয়া, পরকীয়া ও সামালা	86	নায়িকার অষ্টাবস্থা	98
শামাকা নায়িকা ও রশাভাগ	1 20	<b>অভিসারিকা</b>	38
মুখা, নৰবয়া:, নবকামা	82	<b>অভি</b> শারয়ত্রী	40

বিষয়	পত্ৰাক	বিবর '	শতাৰ্থ ক
ক্যোৎসায় বয়মভিসারিকা,	) :	অর্থোৎপন্ন ব্যঙ্গব্য <del>গ্রে</del> শ	<b></b>
ত <b>ে</b> মাইভিসারিকা	} %	পুরস্থ বিষয়	<b>-</b> 9
বাসকসজ্জা	<b>ખ</b> ખ	শকোখ বাঙ্গ	6-4
<b>উৎক</b> ঞ্চিতা	<b>5</b> 9 59	অর্থোখ ব্যঙ্গ, স্বরংদ্ <b>তীপুরস্থ</b> বিষ	য় ৮৭
<b>গ</b> ণ্ডিতা	.99	আকিক	-
বিপ্ৰলন্ধা	496	व्यक्ति-त्कांचेन, तांवनस्रत्य	b 2
কনহাম্বরিতা	৬৮	অক্সম্বরণ, চরণম্বারা ভূলেখন	
প্রোবিতভর্তৃকা	58	কৰ্ণকণ্ডুয়ন, তিলক্জিয়া, 🕽	3.
সাধীনভৰ্তৃক।	90	বেশক্ৰিয়া ও ক্ৰ <b>ক</b> ম্পন	••
माथवी, कहा ७ थित्र।	90	স্থী-আলিক্সন, স্থীতাড়ন,	
উত্তমা, মধ্যমা ও কনিষ্ঠা	93	অধর-দংশন, হার-গুক্তন,	
নায়িকার ৩৬০ প্রকারভেদ	92	অলঙার-শিঞ্জন	
<u>শী</u> রাধা	92	বাহুমূল প্ৰকাশ, নামাজিলেখন,	
ष्ट्यन्त्रती ८ छम		তৰুগাত্ৰে লতা ছাপন	35
মূখসখী, অধিকা, মধ্যা,	93-60	চাক্ষ ও কটাক	20
মৃষী ও লঘুত্ৰিক ইত্যাদি 🕽		শাপ্তদৃতী− }	24
ৰাদশ যুপেশ্বী	ъ.	অমিতার্থা, নিস্টার্থা ও	e. a
দৃতীভেদ	<b>b</b> ;	পত্ৰহাৱী	
স্মংদৃতী, বাচিক, আঙ্গিক <b>ধ</b>	e	শिद्यकात्री, देनवळ।	20
5	াক্ৰ্ ৮১	লিঙ্গিনী, পরিচারিকা, ধাত্তেয়ী	29
<b>সাক্ষাৎ</b>	b;	वनरम्वी, नशी	24
গৰ্বাত্মক ও আক্ষেপাৰ্থক 🕽	₩3	ক্ষুপ্ৰিয়ার বাচ্যদ্ভ্য	2.2
नसराक ७ व्यर्थीथ राक ∫		রুঞ্পিয়ার বান্ধৃত্য	22
শাচ্ঞা	۵۰ م	ক্নফের প্রতি বাচ্যদ্তা, 🔪	>00
স্বার্থাচ্ঞা, শক্ষোখ-	৮৩	ব্যঙ্গ পাকাৎ ব্যঙ্গ	
ব্যক্ত অর্থোখ ব্যক	•	ব্যানেশ ব্যক্ষ, পরোকে সাক্ষাৎব	J# 202
পরার্থবাচ্ঞা, শব্দোথ ব্যব	F bs	দৃতীনিয়োগ	; • 3
ঐ অর্থোখ ব্যঙ্গ	<b>b8</b>	ক্রিয়াসাধা, অহুভব ও সান্ত্রিক	\$ 0 i - 0
द्युश्राम्भ, महन्त्रक्षक्रवाभवाभरा	ma re	বাচিক, বাচা ও বাস	<b>; • ©</b>

		1•	
ं विषद्	পত্ৰাহ	বিবয়	পাত্রাম্ব
नक्षमृत, व्यर्थमृत राज		<b>স্থী-ক্রি</b> য়া	<b>&gt;</b> 2 •
পতির প্রতি আবেপ ও	> 8	দ্বিবিধা স্থী	252
গোবিদের প্রশংসা		অসমক্ষেহা	252
দেশাদি বৈশিষ্ট্য	> €	স্থী-স্থোধিকা	ऽ२२
मधी त्थकत्रव		সমম্বেহা	;20
স্থীদের প্রকৃতিভেদ	> 0	হরিবল্পভা প্রকরণ—	
বামা	>06	<b>बक्छमत्रीरमत धकांतर</b> ्म, )	
দক্ষিণা, দৃত্য,		হুহংপক, ইষ্ট্রসাধক ও	, ; > 8
নারিকা, দৃতী ও সংগী	> 9	অনিষ্ট-সাধক	
নিভ্যনায়িকা, সমক্ষদৃত্য,		ভটস্ব, বিপক্ষ ও	> >> 2 e
বাচিক দৃত্য	306	ইষ্ট-বিনষ্টকারিত্ব	
পরোকদ্ত্য ও ব্যপদেশ	>> •	অনিষ্টকারিত্ব ও বিপক্ষ-	(
উপায়ন ব্যপদেশ,		পক্ষপাতিনী	} :२७
'নিজপ্রয়োজন' ব্যপদেশ	222	<b>ছ</b> मा वा इल	:26
ও 'আক্রবদর্শন' ব্যপ্দেশ		ঈধা, অস্মাগর্ভ ঈধা	>29
নায়িকাপ্রায়াত্রিক	>>>	চাপল্য, অস্য়া ও মংসর	:26
অধিকপ্রধরা দৃত্য	775	অমৰ্ব, গৰ্ব ও অহন্বার	\$22
অধিকমধ্যা ও অধিকমূৰী দৃত্য	>>0	<b>অভি</b> মান	20.
' বিসমাত্রিক	220	দৰ্প ও উদ্ধসিত	202
সমপ্রধরা ও সমমধ্যা দৃত্য	>>8	यम, खेक्छा ७ स्मिय	५७२
সমমূদী দৃত্য, সধীপ্রায়াত্রিক		শ্রীরাধার প্রেম	১৬৬
ও লগুপ্রধরা দ্ত্য	224	উদ্দীপন প্রকরণ	309
नचूमधा ७ नचूम्बी प्छा	>>6	গুণ—মানসিক, বাচিক, কারিক	309
নিত্যদখী, আত্যন্তিকী ও		বয়স ও বয়ঃসন্ধি	104
चारिककी तथु	229	শ্রীক্লফের বয়:দদ্ধি ও মাধুর্ব	दण्ट
<b>डेक मधीरमंत्र</b> मृंडा ख	226	ক্বফপ্রিয়াগণের বয়:সদ্ধি 🕽	<b>110</b> 7
প্রাথর্বের বিপর্বর		ও মাধুৰ্ব	202
মৃত্তার বিপর্বর	773	নব্যবয়স ও কুফজিয়াগণের	
স্থী-ব্যবহার	>>>	ব <b>রোমাধু</b> র্য	\$8.

বিবয়	পত্ৰাহ	বিষয়	পত্ৰাক
वाक्कवग्नः वा दयोवन	\$8∘	বিচ্ছিত্তি	> 60
পূৰ্ণ ষৌবন ও পূৰ্ণবয়োমাধুৰ	282	বিভ্ৰম	>48
क्रथ ७ मार्यना	582	কিলকিঞ্চিত	>64
<b>দৌন্দর্য ও অ</b> ভিরূপতা	280	যোট্টায়িত, কুট্মমিত	১৬৭
মাধুৰ্	\$88	বিৰেবাক	764
মাৰ্দব ( উত্তম, মধ্যম ও কনিষ্ঠ)	386	ল <b>লিত ও বিক্ল</b> ত	260
নাম, চরিত, লীলা, মনোহর 🕽		লজ্জাজনিত ও মানহেতু বিক্বতি	290
ক্রীড়া ও রাদ	782	ঈধাহেতু বিক্লতি ও মৌশ্ব্য	292
ক্ <b>নুকক্রী</b> ড়া, তাণ্ডব ও বেণুবাদন	189	চকিত	592
_	• • •	উদ্ধান্বর প্রকরণ	>90
গো-দোহন, পর্বভোদার,	786	নীবিসংস্ত্রন ও উত্তরীয়-সংস্ত্রন	>90
গো-আহ্বান ও গমন		ধশ্মিল্ল-সংস্ত্ৰন ও গান্তমোটন	>98
মণ্ডন, বসন ও ভূষণ	:82	<b>জ্</b> ন্ত1	598
মাল্য- <b>অন্তলেপন, সন্ধী</b> ও লগ বংশীরব, <b>শৃকী</b> রব ও গীত	: 0 0	ছাণের প্রফুল্লতা,	394
বংশারণ, সুসারণ ও গাও সৌরভ ও ভূষণক্কণ	>62	বাচিক ও আলাপ	: 74
গোগত ও ভূবণন্ধণ পদাক, বিপঞ্চীনিকণ, শিল্লকৌশল	265	বিলাপ ও সংলাপ	398
	760	প্রনাপ	>99
সন্নিহিত, নিৰ্মাল্য, বৰ্ছ ও গুঞা,	>48	অমূলাণ, অপলাপ, সন্দেশ	> • ₩
নৈচিকী ও ভটস্ব উদ্দীপন		অতিদেশ ও অপদেশ	292
অহভাব প্রকরণ	>46	উপদেশ, নির্দেশ ও ব্যপদেশ	:60
অলহার	:46	সান্তিক প্রকরণ	<b>३</b> ७२
অকল অলহার ও ভাব	> @ 9	দাব্বিক ভাব, হৰ্ষহেতৃ ব্ৰম্ভ	<b>2</b> 63
হাব ও হেলা	:45	ভয়হেতু স্তম্ভ, আশ্চৰ্যহেতু স্তম্ভ	304
অষত্ত্ৰ অলকার, শোডা,	>4>	বিষাদহেতু ও ক্রোধহেতু স্তম্ভ	:63
কান্তি ও দীপ্তি	3 ( 2	<b>.चम—१र्वरर्जु,</b> ভन्नरर्जु	160
মাধুৰ ও প্ৰগল্ভতা	٠٠،	<b>त्यग—</b> कांश्रह	: 68
खेमार्थ ७ देशर्थ	262	রোমাঞ্চআশ্চর্ব-দর্শনে	368
ন্মভাবন্ধ অনহার, লীলা ও বিলাস	১৬২	ঐ হৰ্ষহেতু	3F8

বিষয়	পতাৰ	বিবন্ন	পত্তাহ
বোমাঞ্চ—ভয়হেতৃ .	ibe	আবেগ	2 0 8
শ্বরভেদ—বিষাদহেতৃ )		উন্মাদ বা চিন্তবিভ্ৰম	२∘∉
বিশ্বয়হেতু, কোপহেতু	726	অপশার, ব্যাধি, মোহ	2.6
ঐ হৰ্বহেতু, ভয়হেতু	১৮৬	হৰ্ষহেতু মোহ, বিশ্লেষ	2 • 9
বেপথু—ভ্রাসে, হর্ষেও অমর্যহে	(a)	বিষাদহেতু মোহ	₹ 6 ₽
বৈবর্ণা—বিষাদ ও রোষছেতু	¥ } >69	মৃতি বা প্রাণ্ড্যাগ	204
े अप्रदश्	,	আলস্থ ও জাড্য	202
	700	ব্রীড়া—নবসঙ্গমে	250
অঞ্জ হর্ণহেতু রোধহেতু	200	ঐ অকার্যহেতু, স্তবহেতু	577
বিবাদহেতু, প্রলয়	242	ঐ অবজ্ঞা হেতু	575
रू(४ श्रमः		অবহিখা ও জৈক্ষ্য	2:2
হ:থহেতু প্রলয়	590	শ্বতি—সাদৃশ্যদর্শনে ও	
ধ্মায়িত।	750	দূঢ় অ ভ্যাসহেতৃ	₹\$€
बनिजा, मीशा, উদীशा	597		
ব্যভিচারিভাব	>> =	বিভৰ্ক—দ্বিবিধ	२३७
निर्देष	328	<b>हिन्छ</b> ।	<b>₹</b> 59
পৌৰ্বাহ্নিক, অসিদ্ধিহেতু ও		<b>মতি</b>	2:2
বিপত্তিহেতু বিষাদ	१०७	সমঞ্জদার উদাহরণ	272
অপরাধহেতু বিষাদ	>20	ধৃতি ও হৰ্ষ	२२०
দৈশ্য—হ:গ ও তাদহেতৃ	229	- <u>বিং</u> স্কা ·	22:
অপরাধহেতু দৈন্ত	754	উগ্রা	२२२
মানি বা নিৰ্বলতা—		অম্ধ	२२७
অধ্যহেতু ও আধিহেতু	243	অস্যা	228
and a mark		চাপল্য—অহুরাগ ও দ্বেবহেতু	२२€
রতিহেতু প্লানি এবং আরম, ১	522	নিত্ৰা	२२७
পথশ্রম, নৃত্যশ্রম ওরতিশ্রম	- ~ ~	স্থি ও স্থ	229
यम	200	বোধ বা নিস্তানিবৃত্তি	२२৮
শহা	२०२	শ্বীর প্রতি ক্ষেহ	446
-জাস	२०७	দশাচতুটয়, উৎপত্তি, সন্ধি	227

শাস্তি বা ভাবের লয় হামিভাব—মধ্বা রতি  রতি আবির্ভাবের হেতু  অভিযোগ, স্বাভিয়োগ পরকর্তৃক অভিযোগ, বিষয় ভাগনিস্ত, ক্পাহিত্ত্ রূপহেতু, রনহেতু গদ্ধহেতু, রনহেতু গদ্ধহেতু, রামহেতু ক্রাদির গৌরব, অভিমান পদিহিক, গোষ্ঠ প্রাদ্ধর নিদর্গ ভাবের কার ভাবের কারভাব ক্রাদির গৌরব, অভিমান পদিহিক, গোষ্ঠ প্রাদির গৌরব, অভিমান পদিহিক, গোষ্ঠ ভাবের কারভাব কার কার ভাবের কারভাব কার কার ভাবের কারভাব কার কার ভাবের কার ভাবের কারভাব কার কার ভাবের কার ভাবে	পত্ৰাৰ
ছারিভাব—মধুরা রতি রতি আবির্ভাবের হেতু অভিবোগ, স্বাভিবোগ পরকর্তৃক মভিবোগ, বিষয় শব্দনিমিন্ত, স্পর্শত্তি রূপরেতু, রগহেতু গন্ধহেতু, রগহেতু গন্ধহেতু, সমন্ধ কুলাদির গৌরব, অভিমান পদিচিহ্ন, গোষ্ঠ অভাব, নিসর্গ বন্ধান বিষয়	2 66
রতি আবির্ভাবের হেতৃ  অভিযোগ, স্বাভিযোগ পরকর্তৃক অভিযোগ, বিষয় শব্দনিমিন্ত, স্পান্তহ্ রূপহেতৃ রূপহেতৃ রূপহেতৃ সক্ষম কলাদির গৌরর, অভিমান পদিচিহ্ণ, গোষ্ঠ তির্দানী বিষয় সকলাদির গৌরর, অভিমান সকলাদির গৌরর, অভিমান পদিচিহ্ণ, গোষ্ঠ তির্দানী বিষয় সকলাদির গৌরর, অভিমান সকলাদির গৌরর ভারতির কলানিষ্ঠ, উভয়নিষ্ঠ কলির তারতম্য—সাধারণী সমঞ্জদা ও সমর্থা সহাভাব, প্রেম, স্লেহ ইত্যাদি প্রেমভেদ প্রেমভেদ কলাদির প্রমান্ত্রিক ও মধুস্লেহ মনোন্তর — প্রকার ও মধুস্লেহ মনোন্তর — প্রকার ও মধুস্লেহ মান উদ্বান্ত, দাক্ষিণ্য-উদ্বান্ত ও বাম্যান্ত্র কলিত, কৌটিল্য ও নর্ম প্রবিদ্যা ও ব্যাধি বিষয়্য ও ব্যাধি বিষয়েয় স্বাধা বিষয়েয় ব্যাধি বিষয় ক্ষেত্য করি ক্যাক্ষ ক্ষেত্য করি ক্যাক্ষ ক্ষেত্য করি ক্যাক্ষ ক্যাধি বিষয়েয় বিষয়েয় বিষয় বি	2 42
অভিষোগ, স্বাভিষোগ পরকর্তৃক অভিষোগ, বিষয় পরকর্তৃক অভিষোগ, বিষয় শব্দনিমিন্ত, স্পর্শহতৃ রূপহতৃ, রমহতৃ গক্ষহেতৃ, সহদ্ধ কুলাদির গৌরব, অভিমান পদিচিহু, গোষ্ঠ পরিজ্ঞা, উপমা বভাব, নিসর্গ বজার, উপমা বভাব, নিসর্গ বজার, তিরুলা বজার, তারুলা বজার বজার বজার বজার বজার বজার বজার বজা	390
অভিষোগ, স্বাভিষোগ পরকর্তৃক অভিষোগ, বিষয় পরকর্তৃক অভিষোগ, বিষয় শব্দনিমিন্ত, স্পর্শহতৃ রূপহতৃ, রমহতৃ গক্ষহেতৃ, সহদ্ধ কুলাদির গৌরব, অভিমান পদিচিহু, গোষ্ঠ পরিজ্ঞা, উপমা বভাব, নিসর্গ বজার, উপমা বভাব, নিসর্গ বজার, তিরুলা বজার, তারুলা বজার বজার বজার বজার বজার বজার বজার বজা	> 9 5
পরকর্ত্তক অভিষোগ, বিষয়  শব্দনিমিন্ত, স্পর্শহেত্ রপহেত্ রপদির গৌরর, অভিমান  বিষয় বিজ্ঞা, প্রভান বিষয় বিজ্ঞা, প্রভান বিষয় বিজ্ঞা, প্রভান বিজ্ঞান বিস্তৃত্ বিষয়া বিজ্ঞান বিস্তৃত্ বিষয়া বিস্তৃত্ বিষয়া বিষয়	> 9 2
শব্দনিমিন্ত, স্পর্শহৈত্ রপহেত্, রসহেত্ গদ্ধহেত্, সহদ্ধ কুলাদির গৌরর, অভিমান পদিচিহ্ন, গোষ্ঠ পদিচিহ্ন, গোষ্ঠ পিন্দির গৌরর, অভিমান পদিচিহ্ন, গোষ্ঠ পিন্দির গৌরর, অভিমান পদিচিহ্ন, গোষ্ঠ পিন্দির গৌরর, অভিমান পদিচিহ্ন, গোষ্ঠ পিরজন, উপমা বজার, নিস্পর্গ বজার, কিল্লা, বজার, প্রতিজ্ঞান বজার, কাল বজার, প্রতিজ্ঞান বজার, প	> 9.5
ক্রপহেতু, বসহতু গন্ধহেতু, সহন্ধ হলাদির গৌরব, অভিমান হলাম নিস্কা হলাম নাম্বালী হলাম নাম্বলী হলাম নাম্বলি নাম্বল হলাম নাম্বলি নাম্বল হলাম নাম্বলি হলাম	≥ <b>9</b> .⊃
কুলাদির গৌরব, অভিমান পদ চিক্ত, গোষ্ঠ  ত্বাদ্দির গোর্মাদ ও অবস্থানেদ প্রিয়ন্ত্রন, উপমা বভাব, নিস্বর্গ ব্রুপ — রুফ্রনির্গ  বর্জন ভাবর ও কিল্লুর, প্রজন্ধ, ব্রুপ — রুফ্রনির্গ  বর্জন ভারতম্য — সাধারণী সমঞ্জনা ও সমর্থা  ত্বাম ও মুর্লুর ভারতির  ক্রেম ভারতমে  ক্রেম ভারতমে  ক্রেম ভারতমে  ক্রেম ভারতমে  ক্রেম ভারতমে  ক্রেম ভারতমি  ক্রেম ভারতমে  ক্রেম ভারতমা  ক্রম ভারতমা  ক্রেম ভারতমা  ক্রম ভারতমা  করম ভ	२१६
পদ চিক্ত, গোষ্ঠ প্রিয়জন, উপমা বভাব, নিসর্গ বঙ্গন নিসর্গ বঙ্গন নিসর্গ বঙ্গণ — কফনিষ্ঠ ললনানিষ্ঠ, উভয়নিষ্ঠ বিজ্ঞ করা, অভজ্ঞর বিজ্ঞ করা, অভজ্ঞর বজ্ঞ করা	> 98
প্রিয়ন্তন, উপমা বভাব, নিদর্গ বভার, তভারনির্গ বভার, তভারনির্গ বভার, তভারনির্গ বভার, তভারতম্য—সাধারণী সমল্লনা ও সমর্থা বভাব, প্রেম, স্লেহ ইত্যাদি বভাব, ক্রান্তন বভাবভাব, ক্রান্তন বভাবভাব, ক্রান্তন বভাবভাব বভাবভাব, ক্রান্তন বভাবভাব বভাব বভাবভাব বভাব বভাবভাব বভাবভাব বভাবভাব বভাব বভাবভাব বভাবভাব বভাব বভাব বভাব বভাব বভাব বভাব বভাব বভাব বভাবভাব বভাব	₹9€
বভাব, নিদর্গ বর্গপ—ক্ষ্পনিষ্ঠ ললনানিষ্ঠ, উভয়নিষ্ঠ বর্গপ—ক্ষ্পনিষ্ঠ ললনানিষ্ঠ, উভয়নিষ্ঠ বর্জির ভারতম্য—সাধারণী সমঞ্চনা ও সমর্থা মহাভাব, প্রোম, স্লেহ ইভ্যাদি প্রেমভেদ প্রেমভেদ বর্গের মনোদ্রব —প্রকারভেদ বর্গের মনোদ্রব —প্রকারভেদ বর্গের মনাদ্রব ও মধুস্লেহ মান উদাত্ত, দাক্ষিণ্য-উদাত্ত ও বাম্যগদ্ধ শ্রেমি প্রাম্য বর্গের বর্গা বর্গার	۶ ۹ ا
বভাব, নিদ্যা বন্ধপ — কফনিষ্ঠ  নলনানিষ্ঠ, উভয়নিষ্ঠ  বজিব ভারতম্য — সাধারণী  সমঞ্জমা ও সমর্থা  মহাভাব, প্রোম, সেহ ইভ্যাদি  প্রেম  স্বিম  স্বাম	
বরণ — রুফান্স  ললনানির্চ, উভয়নির্চ  বরতের ভারতম্য — সাধারণী  সমঞ্চমা ও সমর্থা মহাভাব, প্রেম, স্লেহ ইভ্যাদি  থেম প্রেমভেদ প্রেমভেদ বরতের  কারেভির ভারতলভাদি  বর্ম  প্রেমভেদ বরতর  কারেভির ভারভাব  কারেভির  কার্লিভর  কার্লিল	
সামনানান, উভয়নির )  বিভিন্ন তারতম্য—সাধারণী সমঞ্জসা ও সমর্থা সহাভাব, প্রেম, স্লেহ ইত্যাদি সহাভাব, দাব্দিণ্য-উদান্ত ও স্লেহ স্লেহ স্লেহ স্লেহ স্লেহ স্লেহ স্লেহ স্লাগ্র্যা, তানব স্লিহ্না স্লেহ, স্লেহ ইত্যাদি সহাভাব ব্যাধি স্লেহ, স্লাদ্ ও মোহ	
রভির তারতম্য—সাধারণী ১৭১ মাদন সমঞ্জমা ও সমর্থা ১৪৬ স্থায়িভাব উপসংহার, রভিবি মহাভাব, প্রোম, স্নেহ ইত্যাদি ১৪৭ ও রভিসীমা প্রামভেদ প্রেমভেদ সেই মনোদ্রব — প্রকারভেদ স্থাতস্বেহ মনোদ্রব ত মধুস্নেহ মান উদাত্ত, দাক্ষিণ্য-উদাত্ত ও বাম্যগদ্ধ স্থান্য বিষয়ে ও নর্ম প্রবিগ্রা ও নর্ম স্থান্য বিষয়ে ও বাম্যগদ্ধ স্থান্য বিষয়ে ও বাম্যগদ্ধ স্থান্য বিষয়ে ও বাম্যগদ্ধ স্থান্য বিষয়ে ও বাম্যান্য	
সমঞ্জনা ও সমর্থা ১৪৬ স্থায়িভাব উপসংহার, রতিবি মহাভাব, প্রেম, স্লেহ ইত্যাদি ১৪৯ ও রতিসীমা শ্রুলারভেদ—বিপ্রলম্ভ শ্রেহ মনোদ্রব —প্রকারভেদ হত্তমেহ গৌরব ও মধুস্লেহ মান উদাত, দাক্ষিণ্য-উদান্ত ও বাম্যান্ত লিন্ডি, কৌটিল্য ও নর্ম প্রবিশ্ব ১৫৯ ক্ষান্ত লিন্ডি, কৌটিল্য ও নর্ম প্রবিশ্ব ১৫৯ ক্ষান্ত লিন্ড, কৌটিল্য ও নর্ম প্রবিশ্ব ১৯৯ ক্ষান্ত শ্রেহ শ্রুলাক স্বান্ত শ্রুলাক স্বাল শ্রুলাক স্বান্ত	२৮२
মহাভাব, প্রেম, স্নেহ ইত্যাদি ২৪৭ ও রতিসীমা প্রেম প্রেম প্রেম প্রেমভেদ প্রেমভেদ প্ররোগ—দর্শন, শক্ষাং দর্শন মনোডব —প্রকারভেদ মনোডব —প্রকারভেদ থ্রতক্ষেহ প্রের প্রেম্ মান উদাত্ত, দাক্ষিণ্য-উদান্ত ও বাম্যগদ্ধ স্বাস্থি স্বাস্থ প্রবাধ বিস্তিল্য ও নর্ম প্রবাধ বিস্তৃত্ব বিস	२৮०
প্রথম (প্রম, সেই ইড্যাদি হর্ম প্রতিসীমা প্রেমভেদ হর্ম শৃক্ষারভেদ—বিপ্রলম্ভ প্ররাগ—দর্শন, শক্ষাই দর্শন মনোদ্রব —প্রকারভেদ হর্ম তিরুপট ও স্থপ দর্শন মনোদ্রব —প্রকারভেদ হর্ম প্রবন মনোদ্রব —প্রকারভেদ হর্ম প্রবন মনোদ্রব —প্রকারভেদ হর্ম প্রবন মনান হর্ম প্রস্তুর হর্ম প্রধারভাব, প্রোচ্চ, দর্শদশা ও লালদা উদাত্ত, দাক্ষিণ্য-উদাত্ত ও বাম্যগদ্ধ হর্ম জাগর্ম, তানব জড়িমা হর্ম ও নাম্ব	প্ৰয় )
প্রেম ২৪৮ প্রেমভেদ ২৪৯ প্ররাগ—দর্শন, শক্ষাং দর্শন মনোদ্রব — প্রকারভেদ ২৫৪ চিত্রপটি ও স্বপ্ন দর্শন মুক্তস্তেহ গৌরব ও মধুস্থেহ মান উদাত, দাক্ষিণ্য-উদাত্ত ও বাম্যগদ্ধ ২৫৮ লালিত, কৌটিল্য ও নর্ম প্রবাগ্য ২৫৯ জাগর্যা, তানব জড়িমা ২৬২ উন্মাদ ও মোহ	> २५-६
েন্দ্ৰহ ২৫০ পূৰ্ববাগ—দৰ্শন, শক্ষাং দৰ্শন মনোন্তৰ —প্ৰকাৰভেদ ২৫৪ চিত্ৰপট ও স্বপ্ন দৰ্শন ম্বান্তৰ প্ৰকাৰভেদ ২৫৪ চিত্ৰপট ও স্বপ্ন দৰ্শন মান ২৫৭ সঞ্চারিভাব, প্রৌচ্, মান ২৫৭ দশ্দশা ও লালসা উদাত, দাক্ষিণ্য-উদাত্ত ও বাম্যগন্ধ ২৫৮ লালসার পরিপ্যক, উদ্বেপ জাগ্যা, তানব জড়িমা ২৬২ উন্নাদ ও মোহ	369 W
মনোত্রৰ — প্রকারভেদ ২৫৪ চিত্রপট ও স্বপ্ন দর্শন  মতান্ত্রহ ২৫ প্রবণ  থেণ প্রকার ও মধুন্সেহ ২৫৬ সঞ্চারিভাব, প্রৌচ্, মান ২৫৭ দশদশা ও লালদা  ত্রামাগন্ধ ১৫৮ লালদার পরিপাক, উল্লেপ  লালিত, কৌটিল্য ও নর্ম প্রপন্ধ ২৬২ উন্মাদ ও মোহ	.1
মৃতক্ষেত্ বৈশ্ব প্রমুদ্ধের বিশ্ব প্রমান বিশ্ব পর্মান বিশ্ব প্রমান বিশ্ব প্রমান বিশ্ব প্রমান বিশ্ব প্রমান বিশ্ব পর্মান বিশ্ব প্রমান বিশ্ব প্রমান বিশ্ব প্রমান বিশ্ব প্রমান বিশ্ব পর্মান বিশ	२४४
গৌরব ও মধুক্ষেত্ ২৫৬ সঞ্চারিভাব, প্রৌচ্, মান ২৫৭ দশদশা ও লালদা উদাত, দাক্ষিণ্য-উদাত ও বাম্যগদ্ধ ১৫৮ লালদার পরিপ্যক, উদ্বেগ জাগর্ঘা, তানব জড়িমা প্রশাস্ব ২৬২ উন্মাদ ও মোহ	)
মান ২৫৭ দশদশা ও লালদা উদাত্ত, দাক্ষিণ্য-উদাত্ত ও বাম্যগদ্ধ ১৫৮ লালদার পরিপাক, উদ্বেগ জাগধা, তানব জড়িমা ২৬২ বৈয়গ্র্য ও ব্যাধি বৈষ্ক্র্য, সধ্য	242
উদাত্ত, দাক্ষিণ্য-উদাত্ত ও বামগন্ধ ১৫৮ লালদার পরিপাক, উদ্বেগ জাগধা, তানব জড়িমা প্রশাস্ত্র ২৬২ উন্মাদ ও মোহ	
বাম্যগদ্ধ ১৫৮ লালদার পরিপ্রক, উদ্বেগ জাগর্যা, তানব জড়িমা প্রাণয় ১৬২ উন্মাদ ও মোহ	२२२
লনিত, কৌটিল্য ও নর্ম ২৫৯ জড়িমা প্রশন্ধ ২৬১ উন্মাদ ও মোহ	২৯৩
প্রাণাল ক্রম বিদ্ধান ক্রম ক্রম ক্রম ক্রম ক্রম ক্রম ক্রম ক্রম	२२४
रेम्बा, मश्र २७२ डेमान उत्पाद	₹ <b>≥</b> €
মৈত্রা, সংগ্র ২৬২ উন্মাদ ও মোহ	२२७
WE WATER TO THE THE PARTY OF TH	२२१
নেং-অণ্য-মান, স্থমেন্তা, স্থাস্থা ২৬৪ মৃত্যু	486
বাগ ২৬৫ সম <b>লস</b> — জভিলাব	465

<b>6</b>	পত্ৰাহ	বিষয়	পত্ৰাই
विषय	900	নায়কের সংক্ষিপ্ত সম্ভোগ	
চিন্তা, শ্বতি	رەق.	নায়িকা কর্তৃক "	৩৩৭
গুণকীর্তন সাধারণ—অভিনাব	৩৽২	সংকীৰ্ণ সম্ভোগ	
	9.9	সম্পন্ন সম্ভোগ	७७৮
কামলেথ মাল্য অৰ্পণ	৩০৪	আগতি, প্রাহ্রভাব	६७७
भाग जन्म	৩ <b>. ৬</b>	সমৃজিমান্ সভোগ	98.
ৰাণ প্ৰবণ, অন্তমিতি	৩০৮	গৌৰ সম্ভোগ	<b>⋖</b> 8₹
ভোগাৰ	600	স্বপ্নে সংক্ষিপ্ত-সম্ভোগ	<b>८</b> ४२
গোত্ৰখন	<b>9</b> 50	স্বপ্নে সংকীর্ণ-সম্ভোগ	
च <b>श्रम</b> न	022	" সম্পন্ন সম্ভোগ	<b>৩</b> ৪৩
দুৰ্শন, নিৰ্হেতু মান	<b>७</b> ऽ२	💂 সমৃদ্ধিমান্ সভোগ	
কারণাভাসজনিত খান	\$ :0	मुक्तर्भन	.88
যুগপৎ মান	078	জন্ত্রনা, পরস্পর গোষ্ঠী	
माम, ८७१	৩১৬	বিতথোক্তি জল্প	૭૬૧
উপানন্ত প্রয়োগ	978	স্পর্শ, বয় রোধন	৩৪৬
দান, নতি, উপেকা	974	রাসক্রীড়া, বুন্দাবনলীলা,	
রসান্তর, যাদৃচ্ছিক ও বৃদ্ধিপূর্বব	<b>ऽ</b> ७२०	ষমুনায় জলকেলি	٥8٦
দেশবলে মানোপশমন		নৌকাবিহার	৩৪৮
	৩২ :	লীলাচৌৰ্য	৩৪৮
कानवल "	<b>0</b> ₹3	वःनीरहोर्व, वन्नरहोर्व, श्रन्नरहोर्व	~8°
মুৱলীধ্বনিতে "		ঘট, কুঞ্জাদিলীনতা	oe •
নিৰ্হেত্ মান	৩২২	মধুপান	203
<b>প্ৰেম</b> বৈচিত্ত্য	७२७	বধুবেশ ধারণ	065
প্রবাস ও প্রবাসভেদ	558	कर्भें निका	<b>૭</b> ૄ૨
প্রবাস—ভাবী, ভবন ও ভৃত	૭૨ €	দ্যতক্ৰীড়া বা পাশাখেলা	€€₹
	৩২৬	বস্ত্ৰাকৰ্ষণ	949
অবৃদ্ধিপূর্ব প্রবাস	৩২ ৭	চুম্বন, আলিম্বন, নথক্ত	ct0
চিন্তা, জাগর, উদ্বেগ		বিশ্বাধরস্থাপান	<b>968</b>
তানব, মলিনতা, প্রলাপ	७२৮	সম্প্রয়োগ	9 1 8
ব্যাধি, উন্মাদ	455	গ্রন্থসমাপনে মকলাচরণ	<b>્દ</b> હ
মোহ ও মৃতি—দশা	೨೮೦	পরিশিষ্ট—	969
দিব্যোশ্মাদ ও মানসিক বিবর্ড	৩৩২	বিপ্রলম্ভের প্রকারভেদ	•
সংযোগ-বিদ্যোগ স্থিতি	৩৩৩	সম্ভোগের প্রকারভেদ	७६ ৮
मृद्धां ग	994	রদ-প্রবাহ	963
Ale at 1.1			

মিথিলা, প্রয়াগ, নীলাচল ও সমগ্র দাক্ষিণাত্যে উঠলো সেই প্রেমের তরক।
মার্থের জীবন ও মন ওউপ্রোতভাবে মিশে গেল এক অভিনব মিলনের
ছন্দে। মার্য্যের প্রেমের বন্ধনে আবন্ধ হলেন ভগবান্—আলিন্ধনবন্ধ হলেন
প্রেমিক-প্রেমিকার নিবিভ প্রণয়-বন্ধনে। সহজিয়া রীতির এক নবতম মৃগ
প্রবর্তিত হলো। গৌড়ীয় বৈষ্ণব-প্রেমধর্য-প্রবাহের সর্বাপেক্ষা গৌরবোজ্জন বুগের
ফ্চনা হলো এইখানে। মহাপ্রভুর পদান্ধ অন্থসরণ করলেন বাঙলার মনীবীরা—
রূপ, সনাতন, বুন্দাবন দাস, শ্রীজীব, ম্রারি গুপু, কর্ণপুর ও ক্রফদাস প্রভৃতি
আব্রো অনেকে। তারপর একে একে আবিভূতি হলেন প্রতিভাদীপ্ত কবিগণ।
গোবিন্দদাস, জ্ঞানদাস, ঘনশ্রাম দাস, লোচনদাস, নরহরি, নরোত্তম দাস,
শচানন্দন প্রম্ব বৈষ্ণব কবিগণ রাধারুক্ষ প্রেমলীলার অমৃতরস্বারায় সিক্ত
করলেন বাঙলার মৃত্তিকা; প্রশাত হয়ে উঠলো বাণীকুঞ্জে স্বভিল্লিম্ব মলিকামালতী-কদম্ব-চম্পান। দিবাজীবনের স্পর্শ লাগলে। আকাশে-বাতানে।

নহ। প্রত্ন অন্তর্কগণের মধ্যে শ্রীরূপ ও সনাতনের নাম স্বাধিক উল্লেখ-যোগ্য। সনাতন ও রূপ উভয়েই ছিলেন অসামান্ত পণ্ডিত। সনাতন ছিলেন ভাগবতশাল্পে বিশেষ প্রাক্ত, আর শ্রীরূপ ছিলেন সভাবকবি ও রসশাল্পে স্পণ্ডিত। শ্রীরূপরচিত শ্লোকগুলি থেমন রসপুত ও স্থালিত ছিল, তাঁর হস্তাক্ষরও ছিল তেমনি অনব্য স্থালর। শ্রীরূপরচিত শ্লোকে মহাপ্রভূ তাঁর আপন অস্তরের প্রতিধ্বনি খুঁজে পেয়েছিলেন. মৃশ্ধ হয়ে স্থারপ দামোদরকে বলেছিলেন—'আমার অন্তর্বার্তা রূপ জানিল কেমনে ?' তাঁর হস্তাক্ষর দেখেও ক্তাব প্রীত হরে, তিনি বলেছিলেন—শ্রীরূপের হন্তাক্ষর ন মৃক্তাক্ষাপের মতো স্থার।

> "শ্রীরূপের অক্ষর যেন মৃক্তার পাতি। প্রীত হঞা করে প্রভূ অক্ষরের স্কৃতি।" চৈ: চ: ৬।১

জিত্বনে নিত্যকিশোর ভগবান্ শ্রীক্ষের রূপই সর্বশ্রেষ্ঠ রূপ, এবং সেই রূপই সর্বশ্রেষ্ঠ ধ্যানের বিষয়। ব্রজভূমে অবতীর্ণ হতে সেই ভূবনমনোমোহন পরমরূপময় মাধব অপ্রাকৃত মাধুর্বনে নিতালীলা করলেন বম্নার কুলে কুলে প্রেমমন্ত্রী ব্রজাঙ্গনাদের সঙ্গে। খ্যামের রূপই প্রেষ্ঠরূপ, আর বৃন্ধাবন ও মথুরাই (মধুপুরী) তীন্ন শ্রেষ্ঠ লীলাভূমি। ডিনিই সর্বর্সের আধার, মৃতিমান

আনন্দস্বরূপ—'রসো বৈ সং'। সেই রসের সারভূত নিগৃচ্তম আনন্দপ্রবাহ পুলার রস, এবং সেই শৃলার রসের শ্রেষ্ঠ লীলানিকেতন বৃন্দাবন।

> 'ভাষমেব পরং রূপং পুরী মধুপুরী বরা। বয়ঃ কৈশোরকং ধ্যেয়ম্ আছ্য এব পরো রসং॥'

বৃন্দাবনে এই মধুরতম রস আস্বাদনের জন্য শ্রীকৃষ্ণ আপন রূপরাশি
সন্ধোগ ক'রে হলাদিনী শক্তির তরকোজানে অবগাহন করলেন। মধুর রদের
ঘনতম পরিপাক পরকীয়া প্রেম। সেই রদোল্লাদের জন্য শ্রীকৃষ্ণের স্বকীয়
পরমাশক্তি, অঘটন-ঘটন-পটায়সী মহাভাবস্বরূপিনী যোগমায়া শ্রীরাধা এবং
গোকুলবাসিনী পল্মনয়না গোপাঙ্গনাগণ হলেন তাঁর পরকীয়া নায়িকা। এই
পরকীয়া প্রেমের রদোল্লাস যতই নিবিড হোক, ব্রজভূমি ব্যতীত অন্তাত্ত সে
প্রেমের বসতি নাই। শ্রীকৃষ্ণ এবং শ্রীরাধা ও ব্রজাঙ্গনাদের পন্দেই সে প্রেম
প্রবেদ্ধান্ ও ভক্তের জন্ত কল্লিত। সমাজ-জীবনে ওই পরকীয়া প্রেমের
আদর্শ সর্বথা পরিবর্জনীয়। (বিষপান ধেমন শঙ্করের পক্ষেই নন্তব, মানবের পক্ষে
নয়, পরকীয়া প্রেমও তেমনি বৃন্দাবনলীলাতেই সন্তব, বান্তব জীবনে নয়।)

'পরকীয়াভাবে রতিরসের উলাস। ব্রহ্ম বিনা তাহার অন্তত্ত্ত্র নাহি বাস ॥' চৈঃ চঃ

কালধর্মে বৃন্দাবনলীলার দেই মাধুর্ম ও মাহাত্ম্য অবলুগুপ্রায় হয়ে এনেছিল।
মহাপ্রভু দেই অত্যুজ্জন প্রেমভক্তিরহক্ত্মের পুনকদ্বাটন ও প্রচারের জন্ত্র সনাতন ও শীরূপকে প্রেমভক্তিত্ব সম্পর্কে উপদেশ দিয়ে বৃন্দাবনে পাঠালেন।
স্পাণ্ডিত ও পরমভাগবত সনাতন এবং প্রেমভক্তিরসপ্রভ্রদয় স্কভাবকবি শীরূপ
ছিলেন তাঁর অতীব অস্তরঙ্গ। শীরূপের কবিপ্রতিভায় তিনি পুর্বেই মৃগ্ধ হয়েছিলেন। তাই প্রেমালাপ এবং গাঢ় আলিঙ্গনে তিনি শীরূপকে অভিষিক্ত করেছিলেন। আপন ক্রদয়ের অন্তভ্তি এবং প্রতিভাদীপ্ত অমেয় শক্তি শীরূপের স্করের সঞ্চারিত ক'রে তিনি পরমমধ্র প্রেমধর্মের বীক্ষ অক্ক্রিত করেছিলেন।

> 'কালেন বৃন্ধাবনকেলিবার্ড। লুপ্তেতি তাং খ্যাপয়িত্ং বিশিয়। ক্লপামূতেনাভিষিবেচ দৈবস্তত্ত্বৈব রূপঞ্চ সনাতনঞ্চ॥ প্রিয়ম্বরূপে দয়িতম্বরূপে প্রেমম্বরূপে সহজাভিরূপে। নিজাফ্রূপে প্রভূরেকরূপে ততান রূপে ম্বিলাসরূপে॥' ক্বিকর্ণপুর—হৈতক্সচক্রোদয়।

বৃশ্বনি ছিল মথ্বারাজ্যের অন্তর্ভুক্ত। শ্রীক্লফের স্কীয়া ও প্রকীয়া প্রেমের লীলাক্ষেত্র এই ব্রজ্ঞ্মি—মথ্রা ও বৃদ্বাবন। মথ্রায় তিনি লীলাবিলাস করলেন লোকধর্মতে গৃহীতা পদ্মীদের সঙ্গে, আর বৃদ্বাবনে লোকাতীত মধুররসের অপ্রাক্তত নিত্যলীলা করলেন মহাভাবস্বরূপিনী শ্রীরাধা ও প্রেমমন্ত্রী গোপাঙ্গনাদের সঙ্গে। মহাপ্রভু সেই নিত্যলীলার অবল্পপ্রপ্রায় মাধ্র্ব প্রচারের ভার দিলেন স্নাতন ও রূপ গোষামীর উপর। অভিন্তরদয় শ্রীরূপকে বৃদ্বাবনে পাঠাবার সময় তিনি অস্তান্ত বরেণ্য ভক্তগণের নিকট তাঁর জন্ত আশীর্বাদ ভিক্ষা করলেন, যাতে শ্রীরূপের অস্তরে শক্তি সঞ্চারিত হয়।

'শবৈত নিত্যানন্দ প্রান্থ এই তুইজনে।
প্রান্থ করে রূপে কুপ। কর কায়মনে ॥
তোমা দোহার কুপাতে ইহার হয় তৈছে শব্দি।
যাতে বিরচিতে পারে ক্রম্মরসভব্দি॥'

এই ঘন্না থেকে স্পষ্টই প্রতীয়মান হয় যে, শ্রীরপ ও সনাতন ছিলেন তাঁর অত্যধিক প্রিয়। রন্দাবন ধাত্রাকালে তিনি নিজের প্রাণসম শ্রীরপকে ব'লে দিলেন যে, রুফপ্রেমের পরকীয়া লীলা যেন রন্দাবনেই সীমাবদ্ধ থাকে, ব্রন্ধভূমি ব্যতীত ধে প্রেমলীলা ধাতে অন্তর উদাহত ন। হয়, সেজন্য শ্রীরপকে তিনি বিশেষভাবে সাবধান করে দিলেন।

> "ক্বফকে বাহির নাহি কর ব্রন্থ হৈতে। ব্রন্ধ ছাড়ি ক্লফ কভু না ষায় কাঁহাতে॥"

শ্রীরপকে তিনি শুধু সাবধান করে দিলেন, তাই নয়। রুল।বানর অনারত প্রেমলীলার সকল তত্ত্ তাঁকে বিশেষভাবে শিক্ষা দিলেন।

'রুষ্ণতত্ত্ব, ভব্জিতব্-রসতব্প্রাস্ত। সব শিক্ষাইল প্রভু ভাগবত সিদ্ধান্ত ॥
রামানন্দ পাশে যত সিদ্ধান্ত শুনিল। রূপে রুপা করি তাহা সব সঞ্চারিল ॥'
প্রেম ও রসতত্ত্ব সম্বন্ধে মহাপ্রভুর শিক্ষা ও উপদেশ হৃদয়ে ধারণ ক'রে,
শ্রীরূপ ও সনাতন বৃন্দাবনে গিয়ে শ্রীক্রফের বৃন্দাবনলীলা ও প্রেমধর্ম প্রচারে
আাত্মনিয়োগ করলেন। সেই সব উপদেশামৃতের কথা শ্ররণ ক'রে, শ্রীরূপ তার
গ্রন্থে শ্রীচৈতক্যদেবের চরণবন্দনা ক'রে লিখেছেন—

'হৃদি ষক্ত প্রেরণন্না প্রবর্তিতোহহং বন্ধা ্র্রণোহপি। ডক্ত হরেঃ পদক্ষনাং বন্দে চৈতন্তদেবক্ত॥' —ভক্তিরণামৃতদিরু। শীরপ, সনাতন এবং শীজীব ও অপর যে কয়েকজন ক্রফপ্রেমাসুরাগী ভক্ত বুন্দাবনে গিয়ে বাস করলেন, তাঁদের সাধনা হলো ভগবৎ আরাধনায় আফ্র-নিবেদন এবং বুন্দাবনের অপ্রাক্ত প্রেম-লীলামাধুর্বের অক্সরণে সাধন-ভজনের জন্ম সেই নিত্যলীলার পুনঃপ্রচার। মহাপ্রভুর প্রভাবে অবল্প্রপ্রায় বুন্দাবন-লীলার মাহাত্ম্য, বৈফবচেতনা ও প্রেমধর্ম পুনকজ্জীবিত হলো। এই মহান্ কার্বে চৈতন্মদেবের নির্দেশে ব্রতী হলেন ছয় গোস্বামী, ধারা বুন্দাবনে গিয়ে বাস করলেন, এবং এই প্রেমধর্ম প্রচারের জন্ম জীবন উৎসর্গ করলেন।

> 'শ্রীরূপ সনাতন ভট্টরঘুনাথ। শ্রীজীব গোপালভট্ট দাস রঘুনাথ। এই ছয় গোসাঞি যবে ব্রজে কৈল বাস। রাধারুষ্ণ নিতালীলা হৈল পরকাশ।'

সে যুগে ভারতের প্রায় দর্বত্রই বৈধী উপাসনার রীতি প্রচলিত ছিল। কেবলমাত্র গৌড় এবং দাক্ষিণাত্যের কাবেরীভীরে ও মহানদ-উপকূলে আলবার বা আরওয়ার সম্প্রদায়ের মধ্যে প্রচলিত ছিল রাগামুগা প্রেমধর্মরীতি। বিল-শ্রীক্লফকর্ণামূত এবং আরওয়ার সম্প্রদায়ের গীতাবলীতে রাগামুগার পরাকার্চা দেখা যায়। কিন্তু বাঙলার কবি জয়দেব, বিভাপতি ও চণ্ডীদাস প্রভৃতির পদাবলীতেও আমরা অপূর্ব মাধুর্যরদের ছবি পাই। এই বৈষ্ণবগণের মতে শ্রীক্লফাই পরম আরাধ্য ভগবান্। নায়ক ও নায়িকার মতো প্রেমের অনিব্চনীয় সম্পর্কে যথন সেই ভগবান ও ভক্তের মধুরতম সংযোগ হয়, তথনই হাদয়মন এক অপ্রাক্তত অভিরাম মধুররদের আস্বাদনে ভরপুর হয়ে ওঠে। হাদয়ের উৎসম্প খুলে গিয়ে মহাপ্রভুর অন্তরে এই অমৃতময় মধুররদের মলাকিনীধারা প্রবাহিত হয়েছিল। তিনি ভাবে বিভোর হয়ে উঠেছিলেন। তারপর সার্ব-ভৌমের নিকট সন্ধান পেয়ে, তিনি দাক্ষিণাত্যের বিভানগরে গিয়ে রামানন্দের সক্তে সাক্ষাৎ করলেন। অন্তরক আলাপে রামানন্দের নিকট 'কান্তাসাধ্য' প্রেমের নিগৃঢ় রহস্তের কথা অবগত হয়ে, তাঁর অন্তরে প্রেমের প্রবল বক্তা বয়ে গেল। সেই প্রেমধর্মের বীজ তিনি শ্রীরূপের হাদয়ে অঙ্কুরিত করলেন। মহাপ্রভুর ক্রপার জ্রীরূপ পেলেন প্রেমধর্মের গকোত্রীর সন্ধান।

'কাস্ভাপ্রেম সর্বসাধ্যসার' এবং তর্নধ্যে 'রাধাপ্রেম সাধ্যশিরোমণি' এই ভন্ম রামানন্দের নিকট অবগত হলেও, মহাপ্রভু খে প্রেমধর্মের প্লাবন এনে ) দিলেন, তা সম্পূর্ণ স্বতয়্রথাতে প্রবাহিত হলো। মহাপ্রভ্রেবভিত প্রেমধর্ম গৌড়ীয় বৈক্ষব-রীতির দলে ওতপ্রোতভাবে মিশে, এক অভিনব সহজিয়া রীতির প্লাবন এনে দিল। অবশ্য দাক্ষিণাত্যের প্রেমধর্মের দ্বারা তিনি ষে প্রভাবান্বিত হয়েছিলেন, সেকথা অস্বীকার করা যায় না। তবে সেই প্রেমধর্মের ম্লধারার দক্ষে তাঁর অমিয়হদয়ের অয়তধারা মিপ্রিত হয়ে নববারি বর্ষণ করলো বৃন্দাবন-নীলাচল ও গৌড়বঙ্গে।

জীবনের সারবস্থ বা চরমকাম্য (summum bonum) আনন্দ (delight)। ভগবান্ এই আনন্দের পরিপূর্ণ স্বরূপ। পার্থিব জীবনে আমরা বে আনন্দের স্থাদ পাই, তার মধ্যে ভালবাসার আনন্দই স্বাধিক (Love is the highest form of delight)। এই আনন্দই রস এবং রসই প্রেম। প্রেম ঘনীস্থৃত হয়ে যথন প্রণয়ের উৎকর্ষহেতু রাগ সঞ্জাত হয়, তথন অভিশয় তৃঃথণ্ড চিস্কে স্থাম্বভূক্তি সঞ্জাত করে।—রপগোস্বামী।

ভালবাসার আবেশ ও ব্যাকুলতা (Sentiment and Emotion ) জ্ঞান বা ভক্তির চেয়ে অনেক বেশী। জ্ঞান বা ভক্তি চিত্তকে সমাহিত করে, কিছ ভালবাসা মিলনপিয়াসী চিত্তকে উডরোল করে। বিরহের অয়িদাহ প্রেমিককে পাগল ক'রে তোলে। জ্ঞান বা ভক্তির মধ্যে প্রান্ধা এবং কিছুটা ভালবাসা থাকে: কিছু সেই প্রান্ধা ও ভালবাসার মধ্যে থাকে ভয় এবং সন্মানবাধের ব্যবধান। প্রেমে এই ব্যবধানবাধ মুছে বায়। প্রেমের লক্ষণই হলো গাঢ় হৃষ্ণা। এই গাঢ় হৃষ্ণা নায়কনায়িকার হৃদয়কে উছেলিত কেনে। বিরহের অয়িদাহে বা মিলনের মধু-উত্তাপে ছটি হৃদয় প্রবীভৃত হয়ে একসঙ্গে মিশে বায়। বিচ্ছেদ এবং মিলনের ভেদাভেদ দূর হয়ে যায়।

'ত্রু কোড়ে তুরু কাঁদে বিচ্ছেদ ভাবিরা। তিল আধ না দেখিলে যায় যে মরিয়া #'

—চণ্ডীদাস

গোপান্ধনাদের এই প্রেম সাধারণ কাম নয়। প্রণয়াবিষ্ট অন্তরের আকৃতিই এখানে নিবিড়তম বন্ধনে ভক্ত ও ভগবান্কে আবন্ধ করেছে।

> 'সহজে গোপীর প্রেম নহে প্রাক্তত কাম। কামক্রীড়া সাম্যে তার কহি কাম নাম॥' চৈঃ চঃ মধ্য। ৮ম পরিচেছ।

সর্বসাধ্যসার এই প্রেমধর্মে দীক্ষা দিয়ে, মহাপ্রভু রূপগোস্বামীকে পাঠিয়ে-ছিলেন ব্রজ্ঞ্নে নিত্যপ্রেমের লীলাভিরাম প্রচারের জন্তু।

ব্রজ্ঞবাসকল্পে বৃন্দাবন যাত্রার অনেক পুর্বেই শ্রীরূপ গ্রন্থরচনায় মনোনিবেশ করেছিলেন। হংসদৃত কাব্য শেষ ক'রে তিনি তাঁর বিখ্যাত বিদগ্ধমাধব ও ললিতমাধব নাটক তুথানি রচনায় রত হয়েছিলেন। হংসদৃত বিরহ কাব্যের একথানি শ্রেষ্ঠ নিদর্শন। মহাকবি কালিদাস বিরহী যক্ষের মর্মন্তদ বেদনার গানে এক অভিনব স্বপ্রলোক স্বষ্ট করেছিলেন মেঘদৃতে। আর অমরকবি রূপ বিরহিণী রাধা ও গোপাক্ষনাদের বিধুর চিত্তকুস্ম চয়ন ক'রে মানসলোকের এক অপরূপ ছায়াপথ স্বষ্ট করলেন হংসদৃতে। কালিদাস করেছেন বিরহী নায়কের মনোবিশ্লেষণ বেদনামন্থর মন্দাক্রান্তান্তার যাত্মন্তে; আর রূপ এ কৈছেন বিরহিণী নায়িকার চিত্তচ্ছবি বিধুরা শিখরিণীর অনবত্য ছন্দতুলিকায়। নায়ক ও নায়িকা-চরিত্রের তৃটি বিভিন্ন দিক্ পরিক্ট্ হয়ে উঠেছে এই ত্থানি দৃতকাব্যে। কয়েক বৎসর পূর্বে আমি হংসদৃতের যে কাব্যান্থবাদ প্রকাশ করেছিলাম, সেথানি বাঙলার বিদগ্ধসমাজে যথেষ্ট সমাদর লাভ করেছে, এবং এ যাবং তার ছয়টি সংস্করণ নিংশেষিত হয়েছে। বাঙলার স্বধীজনগণের প্রতি

বিদশ্বমাধব নাটকে শ্রীরূপ বৃন্দাবনলীলায় পরকীয়া প্রেমের পরাকাষ্ঠা, এবং লিলিতামধবে শ্রীকৃষ্ণের পুরলীলা অর্থাৎ স্বকীয়া প্রেমের নিষ্ঠা ও মাধুর্য চিত্রিত করেছেন। বিদশ্বমাধব অবিমিশ্র মাধুর্যরুবে পরিপূর্ণ। চরিত্রচিত্রণ, সংলাপ ও নাটকীয় ঘাতপ্রতিঘাত স্বষ্টিতে কবির অসামান্ত মনীষা ত্রখানি নাটকেই প্রোক্তন হয়ে উঠেছে। তাঁর নাটকরচনার কৃতিত্ব সম্পর্কে উচ্ছুসিত হয়ে বৈত্ত ক্রমের বলেছেন—

"মধুর প্রাসন্ধ ইহার কাব্য সালকার। ঐছে কবিত্ব বিনা নহে রদের প্রচার ॥"

ষদিও বৃন্দাবনের অনাবৃত লীলাই শ্রেষ্ঠ প্রেমলীলা, তব্ও ঘারকার পুরলীলা বে সমভাবে অন্যন প্রেমমাধুর্ষে পরিপূর্ণ, কবি তাঁর ললিতমাধব নাটকে সেই কথাই প্রতিপন্ন করেছেন। তবে স্বকীয়া প্রেমের তুলনায় পরকীয়া প্রেম অনেক বেশী বাধাবিদ্বসন্থল। সামাজিক বিধিনিষেধের অফুশাসন ও লোকলজ্জার কঠিন নিগতে পরকীয়ার পদেপদে বাধা। কিন্তু স্বকীয়া প্রেম অবাধ, নিরভুশ ও লোকধর্মতঃ স্বীকৃত, কাজেই সে প্রেমের ফুর্তি ও নিত্যলীলায় কোথাও কোন বাধাবিপজ্তির নিগড় নাই। সহস্র বাধাবিদ্ন অভিক্রম ক'রে পরকীয়া প্রেমের ফুর্তি ও মিলন হয় বলেই সে প্রেম স্বকীয়ার চেয়ে অনেক বেশী রসঘন ও মাধুর্যময়। ললিতমাধবে শ্রীরাধাকে তিনি স্বকীয়া নায়িকায় রূপান্তরিত করেছেন। কিন্তু সেই নায়িকার মুখ দিয়েই তিনি নাটকের সমাগ্রিতে বলেছেন—

'ষা তে লীলাপদপরিমলোদ্গারিবভাপরীতা ধন্তা ক্ষোণী বিলসতি বৃতা মাথুরী মাধুরীভিঃ। তত্ত্বাম্মাভিশ্চটুলপশুপীভাবমৃশ্ধান্তরাভিঃ সম্বীতন্তং কলয় বদনোলাসিবেম্ববিহারম॥'

অর্থাং দকল মাধুরীর দারভূত মাধুর্বরদময় মহামাধুরীপূর্ণ লীলাবিহারের মনুময়গন্ধবিত্তারকারী বনদম্হে পরিব্যাপ্ত বুন্দাবনে ভাবমুগ্ধ অন্তরে চটুলা গোপীগণ তোমার দক্ষে যে নিঃদক্ষোচ ক্রীড়া করে, তা অক্সত্ত অসম্ভব। দেশানকার ধক্তভূমিতে গোপীভাবে মৃগ্ধচিত্তা আমাদের খারা পরিবেষ্টিত হয়ে, তুমি প্রফুল্লবদনে স্থমধুর বেস্থবিহার ক'রো।

এই উক্তিতে বৃন্দাবনের অনাবৃত প্রেমলীলার গৌরব অধিক পরিক্ট হয়ে উঠেছে। ভাবম্থ অন্তরে চটুলা গোপাঙ্গনাগণ নিঃসকোচ ক্রীড়ার সঙ্গে বধন শ্রীকৃষ্ণকে ঘিরে দাড়ায়, তাঁর ম্থকমল উল্লসিত হয়ে ওঠে; তিনি আনন্দে বিভোর হয়ে বাঁশী বাজান।

নাটক ত্থানির রচনা আরম্ভ হয় শ্রীকপের ব্রজ্বাস্যাত্রার এক বৎসর পূর্বে।
তিনি যথন নীলাচলে সিদ্ধবকুল মঠে ছিলেন, তথন এই নাটক রচনায় রত
ছিলেন। সেই সময় চৈতল্যদেব একদিন তাঁর নাটকের একটি পাতা হাতে
নিয়ে, তার রচিত প্লোক পড়ে ম্য় হয়েছিলেন। ১৪৩৮ শকাব্দে নাটক ত্থানি
তিনি লিখতে আরম্ভ করেন। ১৪৫৫ শকে অর্থাৎ ১৫৩৩ খ্রীষ্টাব্দে গোকুলে
বিদ্যামাধব, এবং ১৪৫৯ শকে অর্থাৎ ১৫৩৭ খ্রীষ্টাব্দে, জ্যৈষ্ঠমানে চতুর্থী তিথিতে
ভদ্রবনে ললিতমাধব নাটক শেষ করেন। নাটক ত্থানি সমাপ্ত হওয়ার পূর্বে
পুরীধামে স্বরূপ দামোদর ও নাট্যকলাবিশারদ রায় রামানন্দ মিলিত হয়ে
নিত্যানন্দ, গদাধর পণ্ডিত, হরিদাস ঠাকুর, অবৈতাচার্য ও সার্বভৌম ভট্টাচার্য
প্রম্থ পণ্ডিতদের সঙ্গে ব'লে বিশেষভাবে পরীক্ষা করেন। তাঁরা সকলেই
শ্রীরপের কবিপ্রতিভা ও নাটকের রসমাধুর্বের উচ্চ প্রশংসা করেন। "ক্রামাধ

বল্লভ° নাটকের রচয়িতা ক্ষোগ্য সমালোচক য়ায় রামানক নাটক ত্থানিয় ক্ষ্যাতি ক'রে বলেছিলেন—

> "কবিত্ব না হয় এই অমৃতের ধার। নাটক লক্ষণ সব সিদ্ধান্তের সার॥ প্রেম পরিপাটি এই অডুত বর্ণন। শুনি চিত্তকর্ণের হয় আনন্দ ঘূর্ণন॥'

হংসদৃত, বিদশ্বমাধব এবং ললিতমাধব ছাড়াও শ্রীরূপ আরো করেকথানি মূল্যবান গ্রন্থ এবং বিবিধ স্থব রচনা করেছিলেন। তন্মধ্যে দানকেলিকৌমূদী বাভ্ছাণিকা, উদ্ধবদন্দেশ, লঘুভাগবতায়ত, ভক্তিরদায়তসিষ্কু, উচ্ছালনীলমণি প্রভৃতি গ্রন্থ এবং চাটুপুষ্পাঞ্চলি প্রভৃতি স্তব বিশেষভাবে উল্লেখযোগ্য।

পুর্বেই বলেছি, রূপগোস্বামিক্বত উজ্জ্বলনীলমণি বিশ্বসাহিত্যের এক অভিনব সম্পদ। শুধু অভিনব বললেই যথেষ্ট হয় না। মননশীলতার দিক থেকে উজ্জানীলমণির সমকক গ্রন্থ বিশ্বসাহিত্যে বিরল। আপাতদৃষ্টিতে মনে হয়, এবং অনেকেরই ধারণা বে, উজ্জ্বনীলমণি অলকারশান্ত্রের একথানি প্রাচীন গ্রন্থ। কিন্তু বস্তুত: তা-ই নয়। প্রণয়াবিষ্ট নরনারীর মন:সমীক্ষণের এক অপুর্ব ধারাবাহিক আলোচনা করেছেন মহামনীষী রূপগোস্বামী তাঁর এই উজ্জ্বলনীলমণি গ্রন্থে। চুম্বক ও লৌহের আকর্ষণের চেয়েও পার্থিব জীবনে নরনারীর প্রণয়াক্ষণ অনেক বেশী গভীর এবং তুর্বার। এই আকর্ষণ জীবনকে করে মধুময় এবং জীবনের পরপারে অতীন্দ্রিয় লোককে ভরে তোলে স্বপ্রময় মাধুর্যকল্পনায়। নরনারীর এই প্রণয়াকর্ষণ কেমন ক'রে সঞ্চারিত হয়, কেমন ক'রে চুজনের ত্ব'জনকে ভাললাগে, এবং দেই ভাললাগা থেকে মুকুলিত হয় পুর্বরাগ, তারপর সেই পূর্বরাগ পরিণত হয় অহরাগে, প্রেম ও প্রণয়ে, তারই নিখুঁত চিত্র এ কৈছেন কবি তাঁর এই বিশ্ববিশ্রুত গ্রন্থে। কবি বলেছেন, একটিমাত্র গ্রন্থি থেকে ষেমন অঙ্ক্রোকাম হয়ে ইক্দণ্ডের উদ্ভব হয়, এবং সেই ইক্দণ্ডের বুকে রস সঞ্চারিত হয়ে, সেই রদ থেকে হয় গুড়, খণ্ড ও শর্করা, তেমনি পূর্বরাগ থেকে ধীরে ধীরে অমুরাগ, প্রেম ও প্রণয়ের সঞ্চার হয়। এই পুর্বরাগট প্রেমের প্রথম অকুর।

> 'রতির্বা দক্ষমাৎ পূর্বং দর্শন-আবণাদিজা। তয়োক্ষমীল্যতে প্রাইজঃ পূর্বরাগঃ দ উচ্যতে ॥'

এই প্রন্থের প্রধান উপজীব্য বিষয় বৃদ্দাবনের নিত্যলীলা— শ্রীকৃষ্ণ, রাধা ও
অহান্ত ব্রজাদনাদের অফ্রন্থ প্রণয়রহন্ত। কিন্তু নায়ক-নায়িকারণে করিত
ভগবান্ শ্রীকৃষ্ণ এবং রাধা ও ব্রজস্করীরাই হয়ে উঠেছেন পার্থিব নরনারীর মূর্ত
প্রতীক। তাঁদের প্রণয়লীলায় রূপায়িত হয়ে উঠেছেন পার্থিব নরনারীর মূর্ত
প্রতীক। তাঁদের প্রণয়লীলায় রূপায়ত হয়ে উঠেছে মাসুষেরই প্রেম, মিলন ও
বিরহের আনন্দবেদনা। নায়কের ভালো লাগে নায়িকাকে, নায়িকা মূয় হয়
নায়কের গুণে। উন্মীলিত যৌবনের কুস্মাঞ্জলি নিয়ে, নায়িকা এগিয়ে যায় তার
দয়িতের পায়ে দেহমন সমর্পণ করতে; স্থমধূর আহ্বানে নায়ক অভিনন্দিত
করে তার প্রেমাম্পাদ নায়িকাকে, চ্টি বাহু প্রদারিত করে আলিদ্বন-পিয়াদে,
নায়িকার দেহমন আদদ-উল্লাদে রোমাঞ্চিত হয়ে ওঠে। জীবনের প্রেষ্ঠ আনন্দের
তরক্ষহিলোলে আঘাদিত হয় মহাজীবনের অমৃতরাশি। জীব-জীবনের এই
অমৃত্যাদই ব্রন্ধানের প্রতিকল্প—'ব্রন্ধান্দমহোদরং'। কবি যেন অন্তরের
অন্তর্জান্ত কিবাদৃষ্টিতে দেপেছেন প্রণয়ম্মে সেই নরনারীর গোপন মনের
প্রতিটি পর্স্তুতি, আশা ও আকান্ধা। বিদ্যাপ জীবনের এই আনন্দধারাকেই
বলেছেন মধুররস। রূপগোস্বামীর উজ্জেনীলমণি সেই উজ্জ্লাপ্য মধুররস বা
শুলাররদের প্রণিক্ষ বিস্তৃত আলোচনা।

পাত্র-পাত্রীভেদে প্রেমের তৃটি ধার। নিণীত হয়েছে। একটি ফকীয়া, আয়
একটি পরকীয়া। প্র্রাণ উভয়বিধ প্রেমেই হয়, তবে তার অয়্ক্রমে অয়বিশুর
পার্থক্য থাকে। ধর্ম ও দামাজিক অয়্পাদনমতে গৃহীতা নায়িকার দলে বে
প্রেম, দে প্রেম ফকীয়া; আর পরোচা বা অন্চা নায়িকার দলে যে প্রেম,
তাকে বলে পরকীয়া। পরকীয়া প্রেম সমাজনীতির বহিভূতি এবং নানা
বাধাবিদ্নসক্ল ব'লে, দেখানে মাধুর্যের ঘনত্র ফকীয়ার চেয়ে অনেক বেশা।
রূপগোষামী তাঁর উজ্জ্বানীলমণি গ্রন্থে অসামান্ত নৈপুণ্য ও কৃতিত্বের দলে এই
ফকীয়া ও পরকীয়া থেমের নায়ক-নায়িকার মন:দমীক্ষণ করেছেন; বিশেষতঃ
নায়িকার প্রকৃতি ও গোপনমনের প্রতিটি অয়ভ্তি তিনি দিব্যদৃষ্টিতে উদ্যাটিত
ক'রে, বিশদভাবে বিশ্লেষণ করেছেন। বিভাব, আলম্বন, উদ্দীপন, প্র্রাণ,
অম্বাণ, মান, বিরহ, অভিদার, কলহান্তরিতা, বিপ্রলম্ভ, প্রেবাদ, মাদন, মোদন ও
প্রেমবৈচিন্তা প্রভৃতি বিচিত্র ভাব ও অবস্থাগুলি তিনি বিস্তৃতভাবে আলোচনা
করেছেন। যদিও তাঁর মৃণ্য উদ্দেশ্ত ছিল প্রেমার্যণা কৃষ্ণভক্তির পথনির্দেশ
করা, তবুও এ কথা অস্বীকার করা যায় না বে, মানবমনের চিররহস্তময় মে

মধুরা রতি, দেই রতিই ধরা দিয়েছে তাঁর প্রতিটি শ্লোকে। প্রেমের যে সংজ্ঞার্থ (definition) তিনি নিরপণ করেছেন, সংক্ষেপে তার চেয়ে ঘণারথ নির্বচন আর হতে পারে না। তিনি বলেছেন—

'দর্বথা ধ্বংদরহিতং দত্যপি ধ্বংদকারণে। ষস্তাববন্ধনং যুনোঃ দ প্রেমা পরিকীর্ত্তিতঃ ॥'

নায়কনায়িকার যে ভাববন্ধন কোন অবস্থাতেই ধ্বংস হয় না, ধ্বংসের ক্লারণ থাকা দবেও যা অটুট থাকে, তাকেই প্রেম বলে। উজ্জ্বলনীলমণি সেই প্রেমের নিগৃত্ মনস্তত্ত্বিষয়ক একথানি মৌলিক গ্রন্থ (A Psychology of I.ove and Sentiments)।

মধুরা রতির রদবিশ্লেষণ প্রদক্ষে রূপগোশ্বামী তাঁর উচ্ছলনীলমণি গ্রন্থে নায়ক-নায়িকার যে স্কা মনস্তত্ত্বের বিস্তৃত আলোচনা করেছেন, তা ভুধু কবিকল্পনা নয়। বৈজ্ঞানিক দষ্টিভঙ্গীতে বিচার করলেও দেখা যায় বে, তাঁর নিৰ্ণীত প্ৰতিটী তত্ত্ব নিথুঁত, এবং আধুনিক মনোবিজ্ঞানদমত। রূপগোলামী প্রীষ্টীয় যোড়শ শতাব্দীর কবি। কিন্তু উজ্জ্বলনীলমণিতে তিনি নায়িকা-মনের এমন অনেক গোপন রহস্ত উদঘাটন করেছেন, যা বর্তমান শতাব্দীর মনোবিজ্ঞানীদের পক্ষেও গবেষণার বিষয়। উজ্জ্বলনীলমণিতে তিনি নরনারীর বৌন-মনপ্তত্ত্বের যে বিস্তৃত আলোচনা ও স্থগভীর মন:সমীকণ (Fsychoanalysis) করেছেন, তার তুলনায় বিশ্ববিখ্যাত কামশাস্ত্রকার বাৎস্যায়ন, অধ্যাপক ক্রায়েড, হাভলক এলিন, উইলিয়ম স্টেকেল, মেরি কারমাইকেল স্টোপস ও মৃং প্রভৃতি মনীষিগণের কামতত্ত্বের আলোচনা অনেক বেশী স্কুল ও ষ্পকিঞ্চিংকর। কেশবদাস তাঁর 'অইনায়িকা' গ্রন্থে নায়িকাদের প্রকৃতি, বয়স ও গুণারুশারে খেণীভাগ করেছেন। কিন্তু প্রেম কেমন ক'রে সঞ্চারিত হয়, এবং কেমন ক'রে ধীরে ধীরে তা পূর্ণতা লাভ করে, সে সম্পর্কে কোন বিশদ আলোচনা তিনি করেন নি! প্রণয়াবিষ্ট নায়ক-নায়িকার মন:সমীক্ষণ রূপ গোস্বামী বেভাবে তাঁর উজ্জ্বলনীলমণিতে করেছেন, তেমন বিস্তৃত পর্বালোচনা অক্তকোন গ্রন্থে আমরা পাই না। আহুমানিক ১৫৫১ এটাকে উজ্জ্বলনী লম্বনি প্রস্থের রচনা সমাপ্ত হয়।

রূপ গোস্বামী বাঙালী ছিলেন। তাঁর বৃদ্ধপ্রপিতামহ রূপেশ্বর ছিলেন গৌড়ের প্রধানমন্ত্রী। ১৪৩৩ খৃষ্টাব্দে রূপেশ্বরের মৃত্যুর পর তাঁর পুত্র পদ্মনাভ শিতৃপদে অধিষ্ঠিত হন। পদ্মনাভ ৫৯ বংসর বয়সে গৌড়ের মন্ত্রিত্ব থেকে অবসর গ্রহণ ক'রে, বর্তমান কাটোয়া মহকুমার সন্ধিকটবর্তী ঝামটপুর-নৈহাটি (নবহট্ট) গ্রামে গঙ্গাভীরে বসবাস স্থাপন করেন। পদ্মনাভের কনিষ্ঠ পুত্র ছিলেন মুকুন্দদেব । মুকুন্দদেবের পুত্র কুমারদেব ছিলেন রূপের পিতা, এবং তাঁর মাতার নাম ছিল রেবতী দেবা। রেবতী দেবীর গর্ভে কুমারদেবের চার পুত্র জন্মলাভ করেন। জ্যেষ্ঠপুত্রের নামের কোন উল্লেখ পাওয়া যায় না। প্রীজীব গোস্বামী তাঁর লঘুবৈক্ষবতোষণী গ্রন্থের শেষে যে বংশপরিচয় দিয়েছেন, তাতে এই জ্যেষ্ঠতাত সম্পর্কে তিনিও কোন কথা বলেন নি। তবে কুমারদেবের জ্যেষ্ঠপুত্র যে ছধর্য প্রকৃতির লোক ছিলেন, সে কথার উল্লেখ চরিভামতে পাওয়া যায়। সনাতনকে বন্দী করবার সময় গৌড়েশ্বর বলেছিলেন—

'তোমার বড় ভাই করে দস্থ্য ব্যবহার॥ জীব পশু মারি দব বাক্লা কৈল থাদ। এথা তুমি কৈলে মাত্র দর্বকার্য্যে নাশ॥'

এই উক্তি থেকে বোঝা যায় যে, সনাতনের অগ্রজ বাক্লা মহাল থাদ দথলে রেখেছিলেন এবং বাদশাহকে দেজতা কোন রাজ্য দিতেন না। বাক্লা চক্রদ্বীপ তাঁদের পৈতৃক জমিদারি ছিল। কুমারদেব পুরবক্তে ওই জমিদারি হাপন করেন।

ভক্তিরত্বাকরে উল্লিখিত আছে যে, জ্ঞাতিদের সঙ্গে বিরোধ হওয়ায়
কুমারদেব তাঁর পত্নীপুত্রদের নিয়ে নৈহাটি ছেড়ে বাক্লা-ভক্তবীপ মহালে গিয়ে
বসবাস স্থাপন করেছিলেন। এই মহাল বর্তমান বাখরগঞ্জ বশোহর জেলার
অন্তঃপাতী এলাকায় অবস্থিত ছিল। যাতায়াতের স্থ্বিধার জন্ম ঘশোহরের
ক্তেয়াবাদ গ্রামে তিনি বাসগৃহ নির্মাণ করেছিলেন।

'নিজগণসহ বঙ্গদেশে শীব্র গেলা। বাক্লা-চন্দ্রদীপ গ্রামেতে বাস কৈলা। যশোরে ফতেয়াবাদ নামে গ্রাম হয়; গতায়াতহেত তথা করিল আলয়॥'

১৪৮৯ খ্রীষ্টাব্দে রূপ গোস্বামীর জন্ম হয়। রূপের অগ্রজ ছিলেন সনাতন, এবং বল্লভ ছিলেন সর্বকনিষ্ঠ। এঁদের পিতৃদত্ত নাম ছিল অমর, সন্তোষ এবং অমুপুম। মহাপ্রভু ১৫১৬ খ্রীষ্টাব্দে তাঁদের বৈষ্ণবধর্মে দীক্ষা দিয়ে নামকরণ

করেন স্নাতন, রূপ ও বল্লভ। স্নাতন ও রূপ অল্পবর্সেই সংস্কৃত ভাবার অসাধারণ বাংপত্তি লাভ করেন, এবং কাব্য-ব্যাকরণ-সাংখ্য-বেদাস্ত-তাঘ ও মীমাংসা প্রভৃতি শাল্পে অসামাত্ত পাণ্ডিত্য অর্জন করেন। সংস্কৃত শিক্ষা শেষ হলে, উভয়ে সপ্তগ্রামের বিখ্যাত ফার্সী পণ্ডিত ফকরুদ্দিন গান্ধীর নিকট রাজভাষা ফার্সী ও আরবি শিক্ষা করেন। সনাতন যেমন অসাধারণ পণ্ডিত ও প্রতিভাবান ছিলেন, তেমনি অসামান্ত ছিল তাঁর তেজ্বিতা। গৌড়েশ্বর তাঁর গুণপরিচয়ে মৃশ্ধ হয়ে তাঁকে শ্রেষ্ঠজ্ঞানী বা 'দাকর মল্লিক' পদবীতে ভূষিত ক'রে প্রণান উপদেষ্টা বা সচিব (Chief Adviser) পদে নিযুক্ত করেন। তারপর রূপ এবং অফুপম (বল্লভ) অগ্রজের অফুসরণ ক'রে গৌড়েশ্বরের অধীনে উচ্চপদ গ্রহণ করেন। শ্রীরূপ স্থলেথক ছিলেন, এবং তাঁর হস্তাক্ষর অতিস্কন্ধর ছিল। মুন্সিয়ানা ও লিপিকুশলভার জন্ম বাদ্শাহ তাঁকে 'দ্বীরথাদ' বা খাদমুজা ( Private Secretary ) পদে নিযুক্ত করেন। মৃকুন্দদেবের মৃত্যুর পর সনাতন "দ্বীর্থাস" পদে এবং শ্রীরূপ রাজ্য বিভাগের প্রধান কর্মচারীর পদে নিযুক্ত হন। কনিষ্ঠ অত্পম রাজ-সরকারে টাকশালের অধ্যক্ষরপে যোগদান করেন। সনাতন ও রূপ গোমমীর রাজপদবীকে নাম ভ্রম করে বগীয় ডক্টর দীনেশচন্দ্র দেন মহাশয় তাঁর Vaisnav Literature of Medieval Bengal গ্রন্থে এবং ডক্টর সর্বপল্পী রাধারুক্ষণ তার Indian Pholosophy গ্রন্থে (২য় খণ্ড, ৭৬১ পূচা ) বলেছেন ষে, স্বধর্ম ত্যাগ করে উভয় ভ্রাতা মুসলমানধর্ম গ্রহণ করেছিলেন। এই অনের কিছুটা কারণ হয়তো ঘটেছে চৈত্রভাগবত প চরিতামূতের কয়েকটি উক্তি থেকে। চৈত্তাদেবের নিকট সনাতন নিজের সম্পর্কে বলেছেন—আমি 'নীচেরকুপর' অর্থাৎ কুক্ষীগত দার্স , 'মেচ্ছ জাতি মেচ্ছসঙ্গী করি মেচ্ছ কর্ম। কুকর্মেতে দদা রত গোঁয়াঞিহ ধর'। কিন্তু মেচ্ছ শব্দের অর্থ মুদলমান নয়। বছ প্রাচীন গ্রন্থে অহিন্দু-আচারযুক্ত জাতি শবর-কিরাত প্রভৃতিকেও মেচ্ছ ব'লে অভিহিত করা হয়েছে। মুসলমানধর্ম প্রবর্তিত হওয়ার বছপুরে, অভদ্ধভাষা প্রয়োগের জন্ম অনাচারী অফ্রদেরও মেচ্ছ বলা হয়েছে। যে দেশে রুঞ্সার मृग व्यवादि विष्ठत्र करत ः ,, तम तमारक अ अम्ह तमा वना हरका । या यक्नीय নয়, তাও শ্লেচ্ছ ব'লে অভিহিত। সনাতন ও রূপ বাদশাহের দাসত্ব করতেন এবং হিন্দু-আচারভ্রষ্ট ছিলেন ব'লে নিজেদের মেচ্ছ অর্থাৎ ত্রাত্য বলেছেন। কিছ সন্ধ্যাস গ্রহণের পূর্বে, রাজপদে অধিষ্ঠিত থেকেও সনাতন শ্রীমন্তাগবতের টীকা প্রণয়ন করেছিলেন এবং রূপ গোস্বামী গৌড়ে বদে 'হংসদৃত' রচনা করেছিলেন। স্বতরাং তাঁরা মুসলমানধর্ম গ্রহণ করেছিলেন, একথা মনে করবার কোন কারণ নাই। শ্রীজীব গোস্বামী তাঁর বংশপরিচয়ে তাঁদের ধর্মান্তরগ্রহণ সম্পর্কে কোন কথা উল্লেখ করেন নি।

সন্ধ্যাস গ্রহণের কিছুদিন পরে চৈত্যদেব ১৫:৩-১৪ ঐটাকে সনাতন ও রপের সঙ্গে মিলিত হওয়ার উদ্দেশ্যে গৌড়ের সন্নিকটস্থ রামকেলি গ্রামে উপস্থিত হন। মহাপ্রভাৱ সংস্পর্শে উভয় ভাতার মনে বৈরাগ্যের উদয় হয়। মহাপ্রভাৱ নবধর্ম প্রচারের জন্ম উভয় ভাতাকে পরমস্থহদ ও সহায়রপে গ্রহণ করেন এবং তাঁদের বৈষ্ণবপ্রমধর্মে দীক্ষা দিয়ে, ১৫:৯ ঐটাকে সনাতন ও রপ নামে অভিহত করেন।

'আজি হৈতে দোঁহার নাম রূপ দ্নাতন।' চৈ: চ:

ভিত্রাজপদ ও সংসারধর্ম ত্যাগ ক'রে, মহাপ্রভুর নির্দেশে উভয় প্রাতা বধন প্রেমধর্ম প্রচারের জন্ম বৃন্দাবনে গেলেন, তথন সনাতন ও রূপের হাতে পূর্বাবিত বছ অর্থ ছিল। রাজকার্য পরিত্যাগকালে প্রীরূপের হাতে প্রায় চরিশ হাবার স্বর্ণমূলা ছিল। সেই অর্থের অধিকাংশ তিনি ব্রাহ্মণ-বৈষ্ণব ও দরিক্র আত্মীয়-স্বজনের ভরণপোষণের জন্ম বিলিয়ে দিয়ে, অবশিষ্ট অর্থ দেবালয় ও দেবকীত্তির ক্ষন্ম এবং রাজরোধে নিজের দও বদ্ধের জন্ম সঞ্চয় ক'রে বিশ্বত বিপ্রাথানে গজ্জিত রেথেছিলেন।

> 'ব্ৰাহ্মণ বৈষ্ণবে দিল তার অৰ্দ্ধদে। এক কোঠি ধন দিল কুটুম্ব ভরণে॥ দণ্ড বন্ধ লাগি চৌঠি সঞ্চয় করিল। ভাল ভাল বিপ্রস্থানে স্থাপ্য রাখিল॥'

> > र्टा इ: २ । ३२ ।

সনাতন ও রূপ শেষজীবন অতিবাহিত করসেন বৃন্দাবনে। সেখাৰে মাধুকরী করে তাঁরা জীবনধারণ করতেন এবং অবসর সময় অতিবাহিত করতেন মদনমোহনের আরাধনায় ও প্রেমধর্ম প্রচারের জন্ম গ্রন্থর দ্বাদির অর্থের অবশিষ্ট বা চিল, সে অর্থ বায় করলেন মন্দির-প্রতিষ্ঠা ও লুপ্তথায় দেবালয়গুলির সংস্থারে। সনাতন প্রতিষ্ঠিত করলেন মদনমোহনের নৃতন মন্দির। জ্রীরূপ একের পর এক বুন্দাবনের নিত্যলীলা সম্পর্কে নানা গ্রন্থ রচনা করলেন।

সনাতন ও রূপ বাঙালী হলেও তাঁদের গ্রন্থগুলি সবই সংস্কৃত ভাষার রচিত।
সারাভারতে অবাধ প্রচারের জন্মই হয়তো তাঁরা সংস্কৃতভাষার গ্রন্থগুলি রচনা
করেছিলেন। পূর্বেই বলেছি যে, রূপ গোস্বামী ছিলেন চৈতন্তমূগের অধিতীয়
কবি। তাঁর সমসাময়িক ও পরবর্তী কবিগণ প্রায় সকলেই বাঙলা ভাষার
কাব্য ও পদাবলী রচনা করেছিলেন। প্রাক্তিতন্তমূগের কবিগণের মধ্যে অবশ্রু
অনেকে সংস্কৃতভাষার নাটক, কবিতা ও পদাবলী রচনা করেছিলেন। তাঁদের
মধ্যে জয়দেব, উমাণতি ধর, শরণ, ধোয়ী ও গোবর্ধনের নাম বিশেষভাবে উল্লেখ
যোগ্য। ১২৪৫-৬ খ্রীষ্টাব্দে শ্রীধরদাস তাঁর বিখ্যাত সহক্তিকর্ণামৃতনামক স্বর্হৎ
গ্রন্থে হ'হাজার সাতশো সংস্কৃত পদাবলীর সংকলন করেছিলেন। সেই পদগুলির
প্রায় সবই বৈশ্বব-প্রেমধর্মবিষয়ক এবং তার মধ্যে প্রায় পাঁচণো পদ বাঙালী
কবিগণের রচিত। এই পদগুলির মধ্যে অধিকাংশই মধ্ররসাত্মক। শ্রীধরদাস
পাঁচটি প্রবাহে পদগুলিকে বিভক্ত করেছেন। এই পাঁচটি প্রবাহ হলো—

(১) অমর প্রবাহ, (২) শৃঙ্গার প্রবাহ, (৩) চাটু-প্রবাহ, (৪) অপদেশ প্রবাহ, এবং (৫) উচ্চাবচ প্রবাহ।

অমর প্রবাহের বিষয়বস্ত অমর বা দেবতাগণের কথা; শৃকার প্রবাহে বর্ণিত হয়েছে বিবিধ প্রকৃতির নায়ক-নায়িকা, তাদের প্রেম, এবং বিরহ-মিলনের কথা। চাটুপ্রবাহে আছে নানাবিধ চাটু বা স্তৃতি . অপদেশ প্রবাহে দেবতা, পশুপক্ষী, শুমর ও পদ্ম প্রভৃতির বিষয় আলোচিত হয়েছে; এবং উচ্চাবচ প্রবাহে বিবিধ প্রস্কের অবতারণা করা হয়েছে।

পরবর্তীকালে রূপ গোস্বামী স্থারো বিস্তৃতভাবে এই প্রবাহগুলিকে রূপায়িত করেছিলেন এবং শৃঙ্গার বা মধুররসের অনেকগুলি সংস্কৃতপদের সংকলন করেছিলেন। তিনি নিজেও তাঁর গীতাবলী নামক গ্রন্থে একচিল্লিশটী স্থললিত গীতিপদ লিপিবন্ধ করেছিলেন। এই পদগুলি সংস্কৃত ভাষায় রচিত হলেও, ঠিক বাঙলা ত্রিপদী ছন্দে রচিত পদাবলীর মতোই সাবলীল ও মধুর। পদগুলির লালিত্য ও প্রসাদ্গুণ অনবত্য। শীরূপের অনেক পদ এখনো কীর্তন-পালাগানের সঙ্গে গাওয়া হয়। স্বেন্ন—

গোপযুবতি মণ্ডল মতি 'মোহন কলগীত। মৃক্তদকল ক্লত্যবিকল ধৌবত পরিবীত॥

বিশ্বরদিভ নায়কনিভ মঞ্জল জলথেল।

চঞ্চলকর

5ঞ্জকর পুষরবর

ক্বস্থ্যবিতিচেল॥

রত্বভবন সংনিভবন

কুঞ্জবিহিতরক।

রাগবিরত **যৌ**বতরত

**ठिक्**विन्मम्भ ॥

পদগুলি দেখে মনে হয় যেন বাঙলা ভাষাতেই রচিত। পরবতীকালে শ্রীগীবগোস্থামী শ্রীরূপের এই পদগুলি শুবুমালায় সন্নিবিষ্ট করেছিলেন।

শীরপের পিয়শিয় ও ভাতৃপুত্র শীঙ্গীব তাঁর নিকট শাস্ত্র ও ধর্ম শিক্ষা করেন। পরবর্তীযুগে তিনি ভারতের অপ্রতিদদ্দী পণ্ডিত ও টীকাকার বলে খ্যাত হয়েছিলেন। তিনি শীরপের সবগুলি গ্রন্থের এবং বৈষ্ণবধর্যের বহু প্রামাণ্য গ্রন্থের টীকা ও ব্যাখ্যা প্রণয়ন করেছিলেন। উজ্জ্বলনীলমণির যে টীকা তিনি প্রণয়ন করেছিলেন, তা 'লোচনরোচনী' নামে খ্যাত। তাঁর সংকলিত 'ষ্ট্সন্দর্ভ কারিকা' বৈষ্ণবধর্মের মহামূল্য গ্রন্থ।

রূপ একাধারে মধ্যযুগের অন্বিতীয় কবি, সাধক এবং বৈষ্ণবধর্মের আদর্শ গুরু ছিলেন। তার প্রচারিত রাগান্তগা পদ্ধতি 'রূপান্তগা' রীতি নামে খ্যাত। কেউ কেউ বলেন, মেবারের রাণী স্বনামধন্তা মীরাবাঈ রূপগোস্বামীর নিকট 'কাস্থাপ্রেম সর্বসাধ্যসার'-বিষয়ে দীক্ষা ও উপদেশ গ্রহণ করেছিলেন। অবশ্র এই উক্তির কোন ঐতিহাসিক প্রমাণ পাওয়া যায় না। জীবনের অবশিষ্ট কয়েক বৎসর ব্রজবাসে অভিবাহিত করে, ১৫৬০ খ্রীষ্টাব্দে বৃন্দাবনেই সাধক কবির দেহাবসান হয়।

উজ্জলনীলমণির বঙ্গান্থবাদ, তাৎপর্য-বিশ্লেষণ ও মর্যমাধুরী আলোচনায় শ্রীঙ্গীব গোঙ্গামীর 'লোচনরোচনী', শ্রীল বিখনাথ চক্রবতীর 'আনন্দচন্দ্রিকা', শচীনন্দন বিভানিধির 'উজ্জলচন্দ্রিকা' ও রামনারায়ণ বিভারত্ব-সম্পাদিত স্টীক উজ্জলনীলমণি গ্রন্থের সাহায্য গ্রহণ করেছি। মুলগ্রন্থের প্রত্যেকটি হত্ত্ব-স্লোকের বঙ্গাহ্মবাদসহ দেগুলির মর্মার্থ তাৎপর্য আলোচনার চেটা করেছি। কিছু ধে সব স্নোকের তুই বা ততোধিক উদাহরণ আছে, গ্রন্থের কলেবর সংক্ষেপণের জন্ত তার মধ্যে প্রয়োজনমতো একটি বা ঘটি উদাহরণমাত্র লিপিবদ্ধ করেছি। মাঝে মাঝে শ্লোকের মর্মান্থ্যায়ী, প্রচলিত ঘ্'চারটি কীর্তন ও গীতিপদ উদাহরণস্বরূপ উদ্ধৃত হয়েছে।

রূপ গোস্বামীর গ্রন্থগুলি সংস্কৃতভাষায় রচিত ব'লে বর্তমান যুগের সঙ্গে সেগুলি বিচ্ছিন্ন হয়ে পড়েছে। এই 'অমুবাদ ও মর্মমাধুরী' যদি রূপ গোস্বামীর সঙ্গে পাঠকসাধারণের পরিচয়স্থাপনে বিন্দুমাত্র সহায়তা করে, আমার পরিশ্রম সার্থক হবে; আমি কুতার্থ হবো।

হীরেজনারারণ মুখোপাধ্যার

নামাক্টরসজঃ শীলেনোদীপয়ন্সদানলং। নিজকপোংসবদায়ী স্নাতনাত্য প্রভূজয়তি॥ ১॥

নিখিল বিধে অনুক্ষণ চলেছে মিলনের মধু-মহোৎসব। চলেছে লেহ ও মনের খেলা—ক্রা ও আনন্দের তরক্ষ হিল্লোল। উৎসব! উৎসব চলেছে রাত্রিদিন দিকে দিকে ক্রাপের আনন্দমেলায় নরনারীর মনোবিনিময়ে, দেহযমুনার তটে তটে।

দিকে দিকে এই অফ্রন্থ রূপরাশি যাঁর অনন্থ রূপের বিকাশ, যাঁর স্বভাবধর্মের স্বতঃফুর্ত আনন্দপ্রবাহে রাত্রিদিন বয়ে চলেছে অবিরাম উদ্দীপনার স্রোত, সেই সদানন্দ চিরন্থন আত্মার বন্দনা করি। আপনার নামে আপনি আকৃষ্ট সেই সনাত্রন রসজ্ঞ প্রভু জয়যুক্ত হউন। ১।

জাবজগতের শ্রেষ্ঠ আনন্দ রতিরসাস্বাদনে—প্রিয়া ও দয়িতের শৃঙ্গারমদির মিলনের মধু-মহোৎসবে। এই আনন্দের সঙ্গে পৃথিবীর অহা কোনো আনন্দের তুলনা হয় না। পার্থিব এ আনন্দ অসীম, অপরিনেয় ও অনির্বচনীয়। রতিবিষয়ক এই গৃঢ়তম মধুর রসের আলোচনাই উজ্জলনীলমণি।

## বিভাব

এই মধুর রসাস্বাদনের মূল উপাদানকে 'বিভাব' বলে। বিভাবই রভিরসাস্বাদনের হেতু। এই বিভাবের সংযোগ পরিণত হয় প্রেমে: প্রেম পরিতৃপ্ত করে নায়ক-নায়িকার চিন্ত।

বিভাবের আশ্রয় হৃটি। একটি 'আলম্বন', অর্থাৎ যাকে অবলম্বন করে চিত্তে আকর্ষণ সঞ্চারিত হয়। অপরটি 'উদ্দীপন'—অর্থাৎ হৃদয়াবেগ বা উদ্দীপনা যা মধুর রতিরসাম্বাদনে নায়ক বা নায়িকার চিত্তকে আকৃষ্ট করে। 'আলম্বন' নায়ক বা নায়িকা (Object of love)। 'উদ্দীপন' প্রণয়ের উৎস—হৃদয়ের নবারুণ রাগ (Incitement)। এই উদ্দীপনা ধীরে ধীরে চিত্তকে নিয়ে যায় রতিরসাম্বাদনের সাগরতীরে।

বিভাব, অনুভাব, সাধিক, সঞ্চারী বা ব্যভিচারী ও স্থায়ী ভাব প্রভৃতি যথন কার্যকারণ সম্পর্কে যুক্ত হয়, তখনই আসাদিত হয় মধুর রতিরস। এই মধুর রতিরসের পরিণতিকে মনীষিরা বলেন প্রেম।২।

### আলম্বন

উজ্ঞলের আলম্ব রভেক্তন্দ্র। আরু কুষ্পপ্রিয়াগণ হয় আলম্ব॥

উজ্জ্লনীলমণি প্রেস্থে নায়ক রূপে কল্পিত হয়েছেনে শ্রীকৃষ্ণ সার নায়িকা শ্রীরাধা ও সংখাত বিদ্যাসনা, যাঁরা কৃষ্ণপ্রিয়া।৩।

পূর্বেই বলেছি, বিভাবের প্রথম বস্তু আলম্বন, দ্বিতীয় উদ্দীপন।
নায়িকার চিত্ত প্রথম বিমোহিত হয় নায়কের রূপে বা গুণে।
চোখে ভাল লাগে, মনকে স্পর্শ করে, তাই হৃদয়ে সঞ্চারিত হয়
আবেগ, উদ্দীপনার তরঙ্গ উচ্ছাস। অমুকৃল দখিণা বাতাসে মুকুলিত
হয়ে ওঠে নারীমন। এই মুকুলিত হৃদয়াবেগের নামই পূর্বরাগ।
পূর্বরাগ পরিণত হয় অমুরাগে। অমুরাগ সঞ্চারিত হলে দেহমন
মিলন-পিয়াসী হয়ে ওঠে! রতিরসাম্বাদনের কামনায় উতরোল

হয়ে ওঠে নায়িকার সারা সতা। এই পুষ্পিত চিত্তবেগ যখন আনন্দ্রন স্থায়িরসের সঞ্চার করে তথনই পরিণ্ড হয় প্রেমে।

আলম্বনকে আশ্রয় করেই প্রেমের স্কুচনা হয়। তার পূর্ণতাও হয় সেই আলম্বনের বেদীতলে দেহমন পুষ্পাঞ্জলি দিয়ে। মধুরা রতির সঞ্চার ও সম্ভোগ অধিকতঃ নির্ভর করে আলম্বন বা নায়কের চরিত্র এবং প্রকৃতিগত বৈশিষ্ট্যের উপর। নারী স্বভাবতঃ আত্মসমর্পণ-শীলা। কিন্তু পুরুষ তা নয়। পুরুষের চরিত্রগত বৈশিষ্ট্যের উপর প্রেমের সার্থকতা বেশী নির্ভর করে। তাই রতিসম্ভোগের অনির্বচনীয় তথ্য অনুধাবন করতে হলে প্রথম জানতে হবে নায়ককে, তার ব্যক্তিগত চরিত্রের বিবিধ বৈশিষ্ট্যকে। অবশ্য নায়িকার চরিত্রও উপেক্ষনীয় নয়। নারীমনের গতি পুরুষমনের চেয়েও বিচিত্র। শভাব ও মানসিক বৈশিষ্ট্য অনুযায়ী পুরুষের চরিত্রকে যতভাবে বিশ্লেষণ ও বিভক্ত করা যায়, নারীচরিত্রের বিভাগ তার চেয়ে খনেক বেশী। অবশ্য একথা অস্বীকার করা যায় না যে, রতি-বিলাদে পুরুষের অধিকার ও স্থযোগ যত অবাধ, নারীর তত নয়। .লাকভয়, সামাজিক অনুশাসন ও পারিপার্থিক বাধা নারীর ীবনগতিকে পদে পদে শৃঙালিত করে। ফলে, নায়িতাচরিত্র হয়ে প্রতি অধিক জটিল। অবস্থাভেদে তার চরিত্রগত বিভেদ নিতাস্ত স্বাভাবিক। তাই নায়িকা বিচিত্ররূপিনী।

### **উ**म्ही शन

যা করণদত্যতি দরশনে নিগরব কোটি কোটি মনোমথ ভেল।
কুটিল দৃগঞ্জ বিদগধি বিহরলি ত্রিভুবন মন হরি নেল॥
অভিনব জ্লগর স্কর আকৃতি করঙ। ই পরম বিহার।
ত্রিজ্পত যুবতীক ভাগিবর সাধন মূরতি সিদ্ধি অবতার॥
সো অব নক্ষকিনক্ষন নাগর তোহে করু আনক্ষভার।
শ্রীশচীনক্ষন ও নব মাধুরী বরণি না পাওল ওর॥

সুন্দর অভিনব নবজ্বলধরকান্তি, যিনি অপূর্ব লীলার নিধিস্বরূপ, যার পদতাতি নিখিল কন্দর্পের রূপগরিমা হরণ করে, কটাক্ষ নারীগণের চিত্ত বিমোহিত করে, যুবতীগণের ভাগ্যফলরূপী সেই অনিব্চনীয় পুরুষ তোমার হর্ষ বিধান করুন। ৪।

নায়কের এতাদৃশ রূপ নায়িকাচিত্তে উদ্দীপনার সঞ্চার করে। এই উদ্দীপনার আধার যদি বাঞ্জিত বিবিধ গুণের অধিকারী হন তবেই তাঁকে বলা চলে নায়ক বা প্রেমাস্পদ।

#### নায়কভেদ

#### নায়কের গুণাবলী

সুরম্য, মধুর, সর্বস্থলক্ষণাক্রান্ত, বলিষ্ঠ, নবযৌবনান্থিত, সুবক্তা, প্রিয়ভাষী, বৃদ্ধিমান, সুপণ্ডিত, প্রতিভান্বিত, ধার, বিদগ্ধ, চতুর, সুৰী, কৃতজ্ঞ, দক্ষিণ, প্রেমবশ্য, গন্তীর, বরীয়ান্, কীর্তিমান্, নারীজন-মনোহারী, নিত্যন্তন, অতুল্য কেলিসৌন্দর্যবিশিষ্ঠ ও বংশীকণকারী বা সুমধুর সুরশিল্পী। ৫।

এই সকল মাধুর্যগুণের অধিকারীই সুযোগ্য নায়ক ও মধুর রসাস্বাদনের শ্রেষ্ঠ আধার বা আল্মন। ৬।

# নায়কের শ্রেণীতেদ

চরিত্রগত গুণারুযায়ী নায়ককে চারটি শ্রেণীতে বিভক্ত কর। যায়। যথা—ধীরললিত, ধীরশান্ত, ধীরোদাত ও ধীরোদ্ধত।

বিদগ্ধ, নবযুবা, পরিহাসবিশারদ ও নিশ্চিস্ত প্রকৃতির নায়ককে ধীরলনিতি বলা । এঁরা প্রায়েই প্রেয়সীর প্রেমান্স্সারে বশবর্তী হন। যথা—কন্দর্প।

শাস্তম্বভাব, ক্লেশসহিষ্ণু, বিবেচক, ধার্মিক ও বিনয়াদি গুণযুক্ত নায়ককে ধীরশাস্ত বলা হয়। যথা—যুধিষ্ঠির।

धीरतानाख नाग्रक शखीत, विनग्नी, क्यांनीन, नग्नान्, स्नृवृं बढ,

নিরহঙ্কার, গৃঢ়গর্ব ও আত্মপ্রভায়বিশিষ্ট, সুসত্তভূৎ বা বলবিশেষ-সম্পন্ন ও অপরাজেয়। যথা—গ্রীকৃষ্ণ, রঘুনাথ।

মংসরী বা অগুশুভবেষী, অহস্কারী, মায়াবী, রোষণস্বভাব, চঞ্চল ও আত্মগ্রাঘাকারী অথচ ধীর নায়ককে বলে ধীরোদ্ধত। যথা—ভীম সেন।

এই চতুর্বিধ নায়ককে আবার সম্বন্ধ এবং সংযোগানুযায়ী হটি ভাগে বিভক্ত করা যায়: পতি ও উপপতি।

### পতি

শাস্ত্রমতে বা বেদোক্ত বিধানান্ত্যায়ী যিনি কন্তার পাণিগ্রহণ করেন এবং লৌকিক সমাজবিধানে সেই কান্তার ভর্তার আসনে অধিষ্ঠিত, তিনি পতি।

বিক্রমের দ্বারা ভীম্মকরাজের পুত্র রুক্মিকে পরাজিত করে, শ্রীকৃষ্ণ রুক্মিনীকে দ্বারকায় এনে উৎসবোচ্ছলিত পৌরমণ্ডল সমক্ষে ভার পানিগ্রাহণ করলেন। বেদোক্ত বিধান অনুযায়ী এখানে নায়ক রুক্মিনীর পতি । ৭।

দারকায় শ্রীকৃষ্ণ করিশীর সঙ্গে যুগলভাব অঙ্গৌকণর করে যজ-ভূমিতে দীক্ষা গ্রহণ করেন, দক্ষিণার্থ ধনদান করেন এবং নায়িকার সঙ্গে সস্তোগশৃঙ্গারে রত হন। এই সহধর্মিনীসক্ষবিহার ও ব্রত উদ্যাপন বিষয়ে তাই তিনি ক্রিণীর পতি।৮।

যে সব গোকুল-কুমারী শ্রীকৃষ্ণের প্রতি ঐকাস্থিক অনুরাগ ভরে মহামায়ার কাছে প্রার্থনা জানিয়েছিলেন—হে কাত্যায়নি! নন্দম্বতকে যেন পতিরূপে পাই, এবং মনে মনে সেই সংকল্প প্রহণ করেছিলেন, বিধিমতে নন্দতনয় তাঁদেরও পতি। ১।

রুক্মিণীর পাণিগ্রহণের পূর্বে যে ব্রজকুমারিকাদের সঙ্গেলীলাচ্চলে মাধবের পরিণয়-উৎসব অনুষ্ঠিত হয়েছিল, ধর্মতঃ শ্রীকৃষ্ণ তাঁদেরও পতি। ১০।

এ বিধান অবশ্য শুধুমাত্র কুমারী নায়িকাদের ক্ষেত্রেই প্রযোজ্য।
লীকিক বা সামাজিক অনুষ্ঠান সম্পাদিত না হয়েও, যদি লীলাচ্ছলে
কোন কুমারীর সঙ্গে নায়কের মাল্যদান, অঞ্চলবন্ধন বা দেহ বিনিময় অনুষ্ঠিত হয়, তাহলে নায়ক সেখানেও ধর্মতঃ পতিরূপেই পরিগণিত।

### উপপত্তি

ইহলোক পরলোক না করি গণন।
নিজ্ঞরাগে করে বেই ধর্মের লজ্মন॥
পরকীয়া নারীসঙ্গে করবে বিহার।
সদা প্রেমবশ, 'উপপতি' নাম ভার॥

ইহলোক, পরলোক ও পাপপুণাের ভয় না রেখে, অনুরাগবশে যে প্রেমিক পরকীয়া নারীর সঙ্গে বিহার করেন, তিনি উপপতি। ওই রমণীর প্রেমই তাঁর সর্বস্থ। প্রেমের জন্ম নায়ক লোকভয়. ধর্মাধর্ম—স্বকিছুই তুচ্ছ করেন।

রাইক মন্দির আদি করু নাগর সংকেত কোকিল বোল।
শুনি ধনি উঠত ছার যব খোলই হৈয়ল করণ রোল॥
দেখ দেখ নাগর, আনন্দভোর।
করণধানি শুনি মনে অনুমানই রাই মিলব মঝু কোর॥
ভাটিলা জাগরি তৈখনে বোলত কো করু করণ নাল।
শুনি ধনি চমকিত মন্দিরে স্থতল নাগর গণল প্রমান॥
পুন: ধনি আদি মিলব মঝু সঙ্গতি ঐছন মনোরথ ভেল।
রাধা মন্দির কোণ বিটপিতলে জাগরি যামিনী গেল॥

নিশিথ অভিসারে রাধার গৃহপ্রাঙ্গণে ঞ্রীকৃষ্ণ যখন কোকিল নিনাদের সংকেত করলেন, চুপিচুপি রাধা বেরিয়ে আসছিলেন দ্বার খুলে। হঠাৎ তাঁয় কঙ্কণের শব্দ হল। শব্দ শুনে জটিলা জেগে উঠল—কে !—কে ? মিলনপিয়াসী নায়ক ও নায়িকার উদ্বেলিত হৃদয় বেদনার্ত হয়ে উঠল। রাধা শয়ন কক্ষে ফিরে গোলেন, শ্রীকৃষ্ণের অসহ রাজি কেটে গেল প্রাঙ্গণের কোণে বিটপিছায়ার অন্ধকারে পুনর্মিলনের অধীর প্রতীক্ষায়। ১২।

> শৃঙ্গারের মাধুর্ঘ অধিক ইহাতে। ১৩। উপপতি রসশ্রেষ্ঠ ভরতের মতে॥ ১৪॥

যে আনন্দের স্থাদলাভের জন্য নানা বিধিনিষেধ ও বাধাবিপত্তি লজ্জন করতে হয়, যেখানে ইচ্ছামাত্র অবাধে রতিসজ্যোগ
সম্ভব নয়, লোকভয় ও সমাজভয় প্রতিনিয়ত প্রেমিক-প্রেমিকার
চিত্তকে নিপীড়িত করে, সেখানেই নিলনের আনন্দ অপরিমেয়।
তাই প্রকীয়া প্রেমের উত্তাল তরঙ্গময় গিপদ ও বাধার সাগর পার
হয়ে যে মিলন হয়, সেই মিলনে মন্থের 'প্রমা রতি' আস্থাদিত
হয়। ১৫।

লোকশান্তে করে যাহা অনেক বারণ। প্রচন্ন কাম্ক যাথে তুর্লভ মিলন॥ ভাহাতে পরমা রক্তি মন্মথের হয়। মহাম্নি নিজ্পান্তে এইমত কয়॥

উপপতি সঙ্গবিহারের এই প্রমারতি লোকচক্ষে ব্যুও নিন্তিত হলেও, শৃঙ্গার রসের যে প্রিতৃপ্তি এই মিলনে আফাদিত হয়, তা অত্লনীয়।

> ইহাতে লঘুতা বেই কবিগণ কয়। প্রাক্ত নায়কে দেহ, ক্লফ প্রতি নয়॥ রদের প্রমাকাল্লা রতি আপোদন। অবতার কৈল হরি ব্যক্তেনন্দন॥ ১৬॥

ত্রিভ্বনের আশ্রয় শিথিপুচ্ছবিভূগ শ্রীকৃষ্ণ শৃঙ্গাররসসর্বন্ধ হয়ে নরদেহে এই শ্রেষ্ঠ রসসস্তোগকে আশ্রয় করঙ্গেন। ১৭। উল্লিখিত পতি ও উপপতি প্রত্যেকের বৃত্তিভেদে নায়ক চরিত্রক ▶.

অনুক্ল, দক্ষিণ, শঠ ও ধৃষ্ট—এই চার শ্রেণীতে বিভক্ত কর। হয়।১৮।

### অনুকৃল

একনারী রত হয় অন্ত নারী ছাডি।
সীতার প্রতি রাম অন্ত্রুল নামধারী ॥ ১৯॥
রাধায় অনুত্রুল হয় ব্রজেন্দ্রনন্দন।
অন্ত নারী ছাড়ি হৈল রাধার শরণ॥ ২০॥

পদ্মীপ্রেমানুরক্ত রামচন্দ্রের জীবনে দীতা ভিন্ন অন্থ নারীর স্থান ছিল না, তাই তিনি দীতার অনুকৃল পতি। পদ্মী এবং অন্থাল নায়িকাসঙ্গ পরিত্যাগ করে শ্রীকৃষ্ণ একমাত্র রাধারাণীর প্রেমকেই সার করেছিলেন। তাই ভিনি শ্রীরাধার প্রেমমুগ্র অনুকৃল উপপতি। শ্রীমতীর প্রতি বৃন্দার উক্তি—

গোকুল নগরে চতুরা নাগরী কত না যুবতী নারী।
তা সনে বিহরে কথন কথন নন্দের নন্দন হরি॥
রাই তুঁত সে জানসি রস।
সকলের কাছে যেমন তেমন হরি সে তোমারি বশ॥

কত শত বৃদ্ধিমতা, স্থাসিকা, সৌন্দর্য-উজ্জ্বলা কামিনী এই গোকুলে আছে। কিন্তু হে চম্পকবর্ণা! তুমি পুণাবতী, তাই তোমার বিরহে অধীর হয়েও মুরারির চপল দৃষ্টি অন্তকোন রমণীর প্রতি আকৃষ্ট হয় না। ২১।

## ধীরোদান্ত-অনুকূল

যে নায়ক গম্ভীরপ্রকৃতি, বিনয়ান্বিত, ক্ষমাগুণশালী, দৃঢ়ব্রত, করুণ, আত্মশ্লাঘাশূণ্য এবং উদার্চিত্ত, তাঁকেই ধীরোদাত্ত-অনুকৃল । নায়ক বলা যায়। ২২।

একদিন কৃষ্ণকে রাধার চিস্তায় তন্ম দেখে, ালিতা দূর থেকে চিত্রাকে দেখিয়ে কলেছিলেন—ব্রজে নীলোৎপল নয়না যত রমণী আছে, তারা সকলেই কটাক্ষকৌশলে কন্দর্পকলা-নটীর প্রস্তাব

**উ**ष्क्रणनी**ग**मभि

বারবার জ্ঞাপন করেছে মাধবের কাছে। কিন্তু কৃষ্ণ এত দৃঢ়ব্রত যে, শ্রীরাধার প্রেমব্রতে তাঁর কোন শৈথিল্য ঘটে না। ২৩।

# ধীর-ললিতা নুকুল

রসিক, নবযুবা, পরিহাসপটু, নিশ্চিন্ত, প্রেয়সীর বশীভূত এবং প্রেয়সীর প্রতি অনুকূল নায়ককে ধার-ললিতানুকূল নায়ক বলে।

যথা, নান্দীমুখীর প্রতি পৌর্ণমাসীর উক্তি—
জন্মন বিহরষে রাইক সক। মানস নিমগন মনসিজ রক।
বম্না তীরহি সতত বিহারি, পুণবতী হৈয়ল ভান্তকুমারী।
উপবন তক্ষ প্র কক বিভাসিত। শ্যাম জ্লাদ তাতে রাই তভিতে॥ ২৪।

# ধীরশান্তানুকুল

শান্তস্বভাব, ক্লেশসহিফু, বিবেচক ও বিনয়াদিগুণযুক্ত নায়ক যখন প্রেয়সী বা নায়িকার প্রতি প্রেমানুক্ল ও একনিষ্ঠ হয়, তথন তাঁকে ধীরশান্তানুকুল নায়ক বলে।

ধীর, শান্ত, অনুকৃল নায়ক অতি বিনয়ের সঙ্গে কৌশলে তার প্রণয়াস্পদের সঙ্গে মিলিত হন। বিরুদ্ধ পরিবেশেও অচঞ্চল থৈর্যের পরিচয় দিয়ে প্রিয়ার চিত্তবিনোদনে কৃতকার্য হন।

শ্রীমতীকে সম্বোধন করে বিশাখা একদিন কানে কানে বলেছিল—হে মৃগাক্ষি! দেখ, সূর্যবন্দনার ছলে শ্রীকৃষ্ণ কেমন সুকৌশলে
বাহ্মাবেশ ধারণ করে তোমার সঙ্গে মিলিত হয়েছেন। দৃষ্টি
ক্ষমাগুণে পরিপূর্ণ, বাক্য বিনয়ায়িত, ধীরোজ্জল মূর্তি যেন ধৈর্যগুণের
আধার। এই শান্ত, উদার ও বিনয়ায়িত মূর্তি দেখে জটিলার মনে
সন্দেহের আর কোন অবসর রইল না। ২৫।

# ধীরোদ্ধত-অনুকুল

যে ব্যক্তি মাৎসর্যযুক্ত, অহঙ্কারী, মারাবী, রোষপরবশ, উদ্ধৃত এবং আত্মগ্রাহাকারী অথচ প্রেমে অবিচলিত মানস, ক্ষণকালের জন্মও প্রিয়ৃত্মা ব্যতীত অন্য প্রমদাজনের কথা স্বপ্নেও কল্পনা করেন না, তিনি ধীরোদ্ধত-অনুকূল নায়ক॥ ২৬॥

ললিতাকে শ্রীকৃষ্ণ বলেছিলেন —
ললিতে, শুন মনু সত্য এ বাণী।
রাইক পরিহরি আন যুবতীসহ স্থপনহি প্রেম নাহি জানি॥
কোবল রাইত প্রেম হাম জানত রাই প্রাণধন মোর।
কোবল সাগর নাগর আন যুবতী রসভোর॥
তুঁত বর চতুরী সবত্ মনু জানসি সম্বন্ধ কোপতরঙ্গ।
মনমধ বিশিধে সতত তত্ত্ব দাইই তুরিত দেহ রাই সঙ্গ॥

#### দে ক্রিচ

যে নায়ক পূর্বে এক নারীতে আসক্ত হ্যে, পরে অন্থ নারীর প্রতি অনুরাগী হন, কিন্তু পূর্বপ্রণয়িনীর গৌরব, ভয় ও দাক্ষিণাাদি পরিত্যাগ করতে পারেন না, তাঁকে দক্ষিণ নায়ক বলা হয়।

নান্দীমুখী বলেছিলেন—চন্দ্রাবলী, তোমার প্রেমে আজও তাঁর হৃদয় সিক্ত। এখনো তিনি তোমার ভয়ে ভীত। তুমি যেন অক্সের কথায় প্রণয় ভঙ্গ করো না।

কুন্তলেশ্রস্তা, পালী প্রভৃতি পুরস্করীদের কথা শুনে তিনি কিছুক্ষণ বিমৃত্ হয়ে ব্যেছিলেন।২৭।

> কিশ্বা থাকে প্রেরদীর প্রেমেতে সমান । দক্ষিণ শব্দের হয় তাহাতে আধ্যান॥

নান্দীমুখীকে কুন্দলতা বলেছিল—

দারকাতে শ্রীকৃষ্ণ যথন সিংহাসনে বসেছিলেন এবং রুল্নিণীকে প্রসন্ন করে প্রথে দিন যাপন করছিলেন, তখন একদিন এক দৃত এসে সংবাদ দিয়েছিল যে,

> পদা করত হি নয়ন তরক। কমলা ভৃত্তই মোডই অক। তারা দরশই ভুজ প্রকাশি। শুভিম্ল কণুন করল সংকেশী॥

শৈব্যা নীবি-উপর ধরুকর। বছতের নারী করয়ে রসভর॥ একই নাগর বহুতর নাগরী। কুন্তিত মানস হৈরল মুরারি॥

পদার নয়নে তরঙ্গময় বিলোল দৃষ্টি। কমলা বারবার জ্ঞান ও অঙ্গ মোড়ামুড়ি করে। তারা হ'হাত তুলে আলিক্ষন-সংকেত ও কুচযুগ প্রদর্শন করে। স্কেশী গণ্ডদেশ কণ্ডুয়ন করে এবং শৈব্যা নীবিবন্ধন উন্মোচনের সংকেত করে। এই সকল সংবাদ দৃতমুখে শুনে, প্রীকৃষ্ণ পূর্ব-নামিকাদের মানসিক অবস্থা বুঝে কুন্তিত হলেন। পদ্মা, কমলা, তারা, স্কেশী ও শৈব্যা প্রমুখ নায়িকাগণ মিলনাকান্দায় চঞ্চল ও অনঙ্গ যাতনাবিধুর হয়ে উঠেছে শুনে, তার অন্তরে দাক্ষিণ্য জেগে উঠল। ২৮।

থে নায়ক তাঁর বর্তমান নায়িকাদের সঙ্গে সম্ভোগ-আনন্দেরত থেকেও পূর্বনায়িকাদের প্রতি দাক্ষিণ্যহান হতে পারেন না. তাদের প্রতি তাঁর আকর্ষণ শিথিল হয় না, অন্তরে প্রেম ও সমবেদনা সমভাবে বজায় থাকে, তাঁকে 'দক্ষিণ' নায়ক আখ্যা দেওয়া হয়।

### अर्घ

যে নায়ক সম্মুথে প্রিয়ভাষী কিন্তু পরোক্ষে অতি অপ্রিয় কাজ করেন, প্রণয়িণীকে মিষ্ট কথায় তুষ্ট করেন, কিন্তু গোপনে অক্য নারীর সঙ্গে প্রেম করেন ও পূর্বপ্রণয়িণীকে হেয় করেন, তিনি শঠ বং মিথ্যাচারী। ২৯।

শুদামার কোন সথী নান্দীমুখীকে বলেছিল —
জাগরে বোলল তুঁছ মঝু প্রাণ, স্বপন হি তাকর বদনে শুনি আন।
পালি ! পালি ! বলি কহরে কতবার, বুঝল তা সহ কর্যে বিহার ॥
খ্যামাস্থী শুনল স্বপন কি ভাষ। ঘন্দন ছোড়ই দীঘল নিশাস॥
এ মধু রাতি তিন যাম পরিমাণ, জাগরি হৈয়ল মুগ সমান॥ ৩০॥

# श्र

অন্য তরুণী সম্ভোগের লক্ষণ অঙ্গে সুস্পষ্ট তবুও নির্ভয়ে এগিয়ে আসেন প্রিয়ার কাছে; মিথ্যা বচনে অভিশয় দক্ষ; রতিচিহ্ন প্রকট থাকা সত্ত্বেও প্রণয়িণীর কাছে নানাভাবে সেগুলি গোপন করার চেষ্টা করেন, সে নায়ককে ধৃষ্ট বলা হয়। ৩১।

থিং তা রসে শ্রামার প্রতি শ্রীকুষ্ণের উক্তি —

কাঁহা নথ-চিহ্ন চিনলি তুঁত স্থলবী, এ নব কুদ্ম রেহ।

কাজার ভরমে মরমে কাহে গঞ্জানি, মৃগমদ পদ পুন এই ॥

গৈরিক হেরি কিয়ে কর মানসি, উরুপর যাবক ভানে।

ফাগুক বিন্দু ইন্দুম্বি, নিন্দাসি সিন্তুর করি জানুমানে॥

শ্রামা, বিপরীত ধারণা করছো কেন । আমার অঙ্গের এই দাগ নখের বা সিঁদ্রের নয়, ঘন কুছুমের রেখা। আলতার রঙ কি তুমি চেনো না । এ রক্তরাগ আমারই গৈরিক বসনের। কস্তরী চিহ্ন দেখে ভোমার কাজল বলে ভ্রম হচ্ছে। কি আশ্চর্য। তুমি যুবভী, ভাই ভোমার মনে এই সব বিপরীত ধারণা হওয়া হাভাবিক।

# নায়কের প্রকৃতিভেদ

প্রথমতঃ নায়ক চার প্রকার। যেমন,—ধীরোদাত, ধারললিত, ধীরোদাত ও ধীরশান্ত। এঁদের প্রত্যেকে আবার পূর্ণ, পূর্ণতর ও পূর্ণতম ভেদে বারো প্রকার। এই দাদশ নায়ক আবার পতি ও উপপতি ভেদে চবিবশ প্রকার হয়। তা ছাড়া, অমুকূল, দক্ষিণ, শঠ ও ধৃষ্ট এই চারটি পর্যায়ে ভাগ করে প্রকৃতিভেদানুযায়ী নায়ককে মোট ছিয়ানকাইটি শ্রেণীতে বিভক্ত করা যায়। ৩২।

অস্থাতা রসশাল্তে 'ধূর্ত' প্রভৃতি যেদব নায়কভেদ কথিত আছে, সেগুলি নাট্যশাস্ত্রকার মহামুনি ভরত কর্তৃকি স্বীকৃত না হওয়ায়, উজ্জ্বদনীলমণি প্রস্থে গৃহীত হয়নি।

#### मराग्ना उप

#### স্থা

প্রণয় বিষয়ে নায়কের পঞ্চিধ সহায় থাকে। এঁরা নায়ক বা নায়িকার স্থা। বিভিন্ন অবস্থায় এঁদের সাহচর্য নায়কের উদ্দেশ্য-সাধনে স্থায়তা করে। রসশাস্ত্রে এই পঞ্চিবিধ স্থায়ক চেটক, বিট, বিদূবক, পীঠমর্দ ও নর্মধা স্থামে পরিচিত।

#### সহায়কের গুণ

নাশকের সহায় হতে হলে নিম্নলিখিত গুণাবলীর অধিকারী হওয়া একান্ত প্রয়োজন। যথা—পরিহাসবাক্যে নিপুণ, নায়কের প্রতি প্রগাঢ় অনুরাগযুক্ত। দেশকালপাত্র বিষয়ে বিশেষ অভিজ্ঞ। প্রণয়িণী রুষ্ট হলে, মধুর বাক্যে তাকে প্রসন্ন করে তার মানভঞ্জন করতে পটু ও গুঢ় মন্ত্রণাদানে বিশারদ।

এইসব গুণ যাদের থাকে, তারাই নায়কের প্রকৃত বন্ধু ও সহায়। তাদের সংহায়ে নায়কের প্রেমের পণ স্থাম হয় এবং সহসা প্রণয়ভঙ্গ ঘটে না।

## চেট বা চেটক

যে ব্যক্তি সন্ধানী ও স্বচ্তুর, যার কার্যকলাপ সহজে কেট জানতে পারে না, নিজেকে যিনি সর্বদাই রহস্থারত করে রাখেন, সকল বিষয়ে গুঢ়রূপে কার্য সম্পন্ন করেন এবং আলাপে ও বাক্-পট্তায় তীক্ষবৃদ্ধির পরিচয় দেন, তাঁকে চেট-সথা বা চেটক বলা হয়।

কৃষ্ণস্থা ভৃঙ্গারকের উক্তি —

রাইক বচন কহলু বহু চাতুরি শুন শুন স্থলরী রাই। এ হেন অপরূপ কভু নাহি হেরল পেথহ বাহিরে যাই॥ উপনীত শেরত সময় ইহ ফ্লার শাবদ তরু বিকিশিতি। অপরাপ অসময়ে কুফ্মিতি মাধবী কুঞা কুহর বিভ্ষতি॥ এ মঝু চাত্রী বচন ভানি ফ্লারী আওাল কুঞাকি পাশ। অব তুঁহু যহি বাইসহ মিলিহ, পূরিব মনসিজি আশা॥

ভূঙ্গারক শ্রীমভীর কাছে কুঞ্জবনের অপ্রত্যাশিত শোভা ও শরংকালীন মাধবী পুষ্পবিকাশের সৌন্দর্য বর্ণনা করে তাঁকে কুঞ্জ-দর্শনে পাঠিয়েছিলেন। তারপর শ্রীকৃঞ্চকে সংবাদ দিয়েছিলেন— স্থা, কুঞ্জে যাও, তোমার মনোবাসনা পূর্ণ হবে। কৌশলে শ্রীরাধাকে আমি পাঠিয়েছি সেই কুঞ্জবিতানে।

### বিট

বেশভ্যার উপচার সম্পর্কে যিনি কুশল, ধৃর্ত এবং তীক্ষবৃদ্ধি-কৌশলযুক্ত, পরিবারবর্গ যার আদেশ লজ্জ্বন করে না এবং যিনি কামভন্ত্রকলাবিদ্ অর্থাৎ বশীকরণভন্ত্র ও মন্ত্রোষধি ইত্যাদি প্রয়োগে স্থানিপুণ, তিনিই বিট নামে অভিহিত।

মানিনী শ্যামার প্রতি বিট স্থার উক্তি —

এ ব্রহ্মগুলে ষত বছ নাগরী নিকর হাম সব জান।

সো বরনাগরী ইহ নাহি পেথতু যা মঝু বাত করে আন।

গোকুল ভূপতি নন্দননাগর তাকর হাম বর সঙ্গী।

সবিনয় ভাষে সোহ ইহ যাচই ছোড়হ কোপকি ভঙ্গী॥

যাকর মুরলী সকল ব্রজনাহীক লাজ ধৈর্য হরি নেল।

সোহরি মানভর্যে তুঁত্ত ভেজানি, ভাল যুক্তি নাহি ভেল॥

ব্রজমগুলে সকল মৃগনয়নাই আমায় জানেন, সকলেই আমার কথা মেনে চলেন। ব্রজেন্দ্রনলন আমার প্রিয়সঙ্গী। যাঁর মুরলীধ্বনি শুনে নিধিলযুবতীর ধৈর্যচ্যতি ঘটে, তাঁকে সামাযুজ্ঞানে পরিত্যাগ করো না। আমার অনুরোধ রাখো ২।

### বিদ্যাক

যে ব্যক্তি ভোজনে অতি লোলুপ, কলহপ্রিয় এবং অঙ্গভঙ্গিমা ও বাব্যবিকৃতিদারা হাস্তরসের স্ষ্টি করেন, তাঁকে বিদ্যক বলা হয়। যেমন বিদগ্ধমাধ্যে মধুমঙ্গল, গোপগণের মধ্যে বসন্ত প্রমূথ ব্যক্তিগণ। ৩।

বিদ্যক ব্যক্তি নায়কের স্থা হলে প্রণয়বিষয়ে সহায় হন ও আনন্দ বর্থন করেন এবং নায়ক-নায়িকার মিলন-সংঘটনে সর্বদাই সাহায্য করেন।

শ্রীমতীর প্রতি বিদ্বক বসস্থের উক্তি —

তুহ ধারে আদেরে নিভি'নতি পৃজিসি দেওসি কত উপচার।
সো অব দিনকর আদরে দেওস মুঝো পঙ্ক উপহার॥
মানিনি, পঙ্ক হোম নাহি নেল।
না করি সিনান আনি মুঝে দেওল ইথে লাগি দূরে ফেলি দেল॥
সো পরিচারণ ভাতে ঘুচায়ন্ত, রোথে ভরল তন্ত জোর।
সো অব হাম ভোতে কত সাধই, বচন না মানসি মোর॥

দেবি! তোমার গভীষ্টনেব সূর্য প্রভাতে প্রকৃতিত পদ্ম আমার উপহার দিয়েছিলেন, কিন্তু আমি ক্রোধভরে সে বিকশিত পদ্ম অবজ্ঞা করেছি, ছুঁড়ে ফেলে দিয়েছি মাটিতে। তোমার অভীষ্টদেব আমার উপাসনা করেন, আর তুমি আমার কথা শুনবে না!

হে স্থিত-অধরা: আমি তোমায় অভ্যর্থনা জানাই। প্রসন্ন হয়ে তোমার হাসির পুষ্প ছড়িয়ে দাও। হে মানিনি! অভিমান ভ্যাগ কর। আমি যে গোকুলচন্দ্রের বিমান, তাঁরই ইচ্ছাবাহা মনোরথ। রাজা রথার চ্ছলে আনন্দে পুষ্পার্ষ্টি করতে হয়। হে রূপগরিণী, রূপগর্বে কি ভূমিও মৎসরা হলে ! ভাই, সহর্ষে কুমুম বধন করে আমার অভীষ্ট পূর্ণ করছোনা!

### পীঠমদ'

ষে ব্যক্তি নায়কতৃল্য গুণবান হয়েও নায়কেরই অনুবৃত্তিকারী হন, তাঁকে পীঠমর্দ বলে। যেমন, কৃষ্ণস্থা শ্রীদাম। নিজে অশেষ গুণরাশির অধিকারী হয়েও তিনি ব্রজলীলায় শ্রীকৃষ্ণের অতিবড় সহায় ছিলেন। ৪।

শ্রীক্ষেরে কার্যকলাপে সন্দিহান ও অসন্তুষ্ট হয়ে গোবর্ধনমল্ল তাঁর স্ত্রী চন্দ্রাবলীকে সাবধান করেছিলেন, নিষেধ করেছিলেন যমুনা-পুলিনে যেতে।

সে কথা শুনে, কৃষ্ণস্থা শ্রীদাম গোবর্ধনমল্লকে বলেছিলেন — ফুলুর কালিলীতীরে মৃকুল বিহার করে, শুনি পব ব্রজনারীগণ বিখাপ করিয়া ভাষ, সে লীলা দেখিতে ধায়, কৃষ্ণদী লা বড় বিখাপন ॥ সকলেই ধায় ভাহে, একা চদ্রাবলী নহে, পত্য জান আমার বচন ভার প্রিয় পথা মোরা, নিভাস্ত নির্ক্তি ভোরা, ভেই কহি এ হিত বচন ॥ গোবর্ধন, তুমিনা করিহ অশ্রমন ।

গিরি গোবর্ধন ধরি রক্ষা কৈল এজপুরী, তুমি না ঘাটাও হেন জন ॥ 🕻 ॥

গোবর্ধনের মাতা ভারুগুাকেও শ্রীদাম বলেছিলেন—তোমর।
আপনজন। তাই বলি যে, চন্দ্রাবলীকে বাধা দিও না। অবগু সে
যমুনাপুলিনে যাক বা না-যাক তাতে আমার কিছু যায় আসে না।
ভবে ব্রেরে সকল বরাঙ্গনা যে সৌভাগ্যে আজ ভাগ্যবতী, সে
সৌভাগ্য থেকে তোমার পুত্রবধু চন্দ্রবলী বঞ্জিতা রইল।

শ্রীদামের কথা শুনে মল্লজননা ভারুণ্ডা বলেছিলেন —

তোমার বচন শুনিয়া এখন মনেতে বিশাস হয়।
নংকর নক্ষন সে বড স্কান ভাহাতে নাহিক ভয়।
কুক্ম চক্ষন বনফুলমালা লইয়া আপন করে।
কুলবধ্ সবে গহনে চলয়ে মহামায়া পৃক্ষিবারে॥
দেখি খলজন কভেক বলয়ে কলঙ্ক কর্মে কুলে।
বধ্ ধেয়া করু ভবানী পৃক্ষন কি ক্রিতে পারে খলে॥

উड्डननीनम्बि ५१

সমতুল গুণবান সথা জ্রীদাম এইভাবে নায়কের প্রণয় বিষয়ে সহায় হয়ে, তাঁদের মিলনের পথ স্থাম করতেন। সর্ব অবস্থায় নিজের মর্যাদা অক্ষ রেখে, উদ্দেশ্য সাধন করতেন। পীঠমদ সহায়ের এইটিই বৈশিষ্টা।

#### প্রিয় নম'সখা

অতিশয় রহস্তজ, স্থীভাবা শ্রিত লীলাসহচর ও স্থাদের মধ্যে যিনি অতিপ্রিয় তাঁকে প্রিয় ন্র্সথা বলা হয়। নায়কের প্রণয়-জীবনে এঁরা সহায়ক এবং এঁ দের সাহচর্যে রতিরস সম্ভোগের পথ স্থাম ও মধুরতর হয়। গোকুলে স্বল এবং দারকায় অজুনি ছিলেন শ্রীকুঞ্রের প্রিয় ন্র্মস্থা। ৭।

স্বলের প্রতি অনুরক্তা কোন এক স্থাকে স্থোধন করে রূপমঞ্জরী বলেছিলেন—স্বল ক্ষেত্র কোন্ সেবার অধিকার না পেয়েছে! ক্ষেত্র সঙ্গেল লীলা করতে করতে ক্ষুপ্রিয়ারা যদি কেউ কলহ করে, যদি অভিমান ভরে পালিয়ে যায়, স্বল গিয়ে নানা বিনয়বাকো তাকে প্রসন্ন করে ফিরিয়ে আনে, ক্ষুগ্হে অপূর্ব কন্দর্পলীলার উপযোগী পুস্পশ্যা রচনঃ করে দেয়। স্বরুসমরে ক্ষান্ত হয়ে মাধব যথম প্রের্মীর ব্কের উপর অং লাদেহে চলে পড়েন, স্বল তথন চামর ব্যজন করে। ৮।

যো অজনাগরী কৃটিল দৃগঞ্চে হরি মাধুনী করু পান।

ভূজ মুগে বেঢ়ি হদেয়ে কৃচ ধারই করই আলিঙ্গন দান।

আপহি আদি গরবে হরিম্থবিধু অধর হ্বা করে পান!

মাধব আদেরে সাধ করি ভোষঞ বিনয় বচন বভ্যান।

এছন ভাগী অব গোপিকা হৈয়ল ব্রায়তে সংশয় ভেল।

কাহে এত ধ্যা পুণ্য করি হৈয়ল ে ন গহনে তপ কেল।

ব্রজাঙ্গনারা কি সোভাগ্যবতী! কুটিল কটাক্ষে কংসারিকে আলেহন করে, কুচোপমর্দনের সঙ্গে হৃদয়ে হৃদয় স্থাপন করে

ভূজবল্লরী দারা বেষ্টন করে নিবিড় আলিঙ্গনপাশে বদ্ধ হয় ও অধর প্রথা আম্বাদনে আনন্দবিভোর হয়ে ওঠে। তারা যে কি সুমহান্ তপস্থা করেছে, তা কি তুমি জানো না ? বলে দাও, আমি কেমন করে এ সৌভাগ্যের অধিকারিণী হবো ?

পূর্বোক্ত চতুর্বিধ সহায় বা সথার মধ্যে চেটক অধিক শুক্রানকারী ও সেবাপরায়ণ। কামতন্ত্র-কলান্ন্যায়ী সে নায়কের বেশ রচনা করে। তার সেবার সার্থকতা দেখে, কিন্ধরও তার প্রতি ইর্যান্বিত হয়ে ৬ঠে। আর পীঠমর্দ বীররসের সহায়ক; রণক্ষেত্রে ও শৌর্যপ্রকাশে সে নায়ককে সাহায্য করে। শৃঙ্গারসথ্য ও রৌজরসে স্থান ছিলেন মুকুন্দের স্বচেয়ে বড় সহায়।

হরিপ্রিয়া প্রকরণে যে দূতীর কথা আলোচিত হবে, সেই দূতী যে প্রণয়বিবয়ে কত সহায়ক, সেকথা রসবিদ্গণ বিশেষ ভাবে জানেন। ১।

## চ্ছ

দূতী তুই প্রকার। স্বয়ংদূতী ও আপ্রদূতী। প্রথম স্বয়ংদূতী 'কটাক্ষ'।১০।

কটাক্ষের দারা নায়ক বা নায়িকার মনোগত ভাব প্রথম প্রকাশিত হয়।

বিশাখা গ্রীমতীকে বলেছিলেন—

শুন সধি মাধব নয়ন তরস আপহি করতহি দৃতিক রখ। যাকর উপর আদি পহু মিলে তবহি বন্ধর পরে তাকর কুলে। আনে বহু দুর, তুহু ধীর বরনারী চঞ্চল হৈয়ল চরিত তোহারি।

মাধবের দৃষ্টি দৃতীকর্মে অতি পটু। আশ্চর্য তার নৈপুণ্য! সেই দৃষ্টিতে এমন অসাধারণ বশীকরণের শক্তি আছে যে, অতি শুদ্ধচরিত্রা হয়েও তৃমি সেই ভূবনমোহন কটাক্ষে তাঁর প্রণয়বদ্ধ হয়েছ। ১১। আর দ্বিতীয় স্বয়ংদৃতী 'বংশীধ্বনি' বা সংকেত।

উब्ब्बननीनम्बि >>

গাৰ্গা বলেছিলেন—

শ্রীকৃষ্ণের বংশীধ্বনির কি অলোকিক শক্তি! তাঁর ওই সুমধুর বংশীধ্বনি স্বয়ং দৃতী হয়ে আহ্বান জানায়। সে বংশীধ্বনির আকর্ষণে কুলকামিনীদের লজা উচ্ছিন্ন হয়। সেই মোহনমুরলীর কলকাকলি শুনে, ঘর ছেড়ে শ্রীরাধা ছুটে যান বনে—মাধবের পাশে।। ললিত মাধব।

## আপ্তদুতী

বীরা ও রন্দা প্রভৃতি ব্রজাঙ্গনাগণ শ্রীক্র, ফর আপুদৃতী। বীরার প্রভাণপ্রমতি, নিত্যনতুন প্রস্তাব রচনার শক্তি শ্রীঙ্কু ফের প্রণয় বিষয়ে অতিশয় সহায়ক। কুলার মনোজ্ঞ চাটুবচন নায়িকাদের মনে অনেন্দ সঞ্চার করে ও শ্রীক্র, ফর প্রতি তাদের অনুরাগ বর্ধন করে। বীরা প্রগল্ভ-বচনা, কুলা চাটু জিকুশলা। ১২।

শ্রীমতীকে সম্বোধান করে বারা বলেছিলেন—হে গরবিনি!
মামার কথা শোন, মাধবের প্রতি পর। মুখ হয়ো না। পূর্বে তিনি
গিরিগোবর্ধন ধারণ করে তোমায় রক্ষা করেছিলেন। এখন তার
নবীন বয়স, অফুরন্থ যৌবন! মূঢ়ে, ভুল করো না, অফুরাগিনী
হয়ে অভিসারে যাও। ১২:

ভাৎপর্যঃ শ্রীকৃষ্ণের ন্যান বরুস। রতি-রসাথাদনের উপযুক্ত নায়ক তিনি। গর্বভরে তুমি দূরে সরে গেলে, মন্ত কোন নায়িকার প্রতি তার প্রণয়াসক্তি হওয়া অস্বাভাবিক নয়। তাছাড়া, গিরি-গোবর্ধন ধারণে যিনি সক্ষম হয়েছিলেন, তিনি যে অতিশয় বলশালী সে বিষয়ে কোন সন্দেহ নাই। রসশান্ত্রমতে, বলবান্ পুক্ষের সঙ্গ-লাভেই নারী অধিক পরিতৃপ্তা হয়। স্কুতরাং হুটি প্রণয় ভঙ্গ করে নির্বিতা করো না।

বীরা শ্রীকৃষ্ণের আপ্রদৃতী—প্রাগল্ভা ও প্রেমসহায়িকা। তাই তিনি কৌশলে নায়িকার মনে রতিরসাসাদনের আগ্রহ জাগিয়ে লিচ্ছেন এবং অক্স নায়িকার প্রতি নায়কের প্রেমসঞ্চারের সম্ভাবনা ইঙ্গিত করে তাঁকে অভিসারে উৎসাহী ও আগ্রহশীলা করে তুলছেন। প্রেমের দৌত্যক্রিয়ায় এই শ্রেণীর বান্ধবী নায়কের পক্ষে সহায়িকা।। ১৩।

বৃন্দার উক্তি—

হে সুন্দরি ! হে খঞ্জননয়না ! আমি বৃন্দা, তোমায় প্রণাম করি । আম¦র প্রশ্নের উত্তর দাও ।

তোমার জভুজসীর দংশনে কালীয়দমন স্বয়ং আজ তীব্রজ্বালায় সধীর হয়ে বনে বনে ঘুরে বেড়াচ্ছেন। আজ পর্যন্ত ব্রজে প্রবেশ করতে পারছেন না। হে চঞ্জ-মঞ্জুল-নয়না! বলতে পারো, এ জ-ভুজসী কে?

মহাকাল কালীয় সর্প যার নিকট পরাজিত, সেই প্রীকৃষ্ণ তোমার জ্ররূপী ভূজিদিনীর দংশনে কাতর হয়ে, তীব্র জ্বালায় আজ বনে বনে ঘুরে বেড়াচ্ছেন। হে স্থনয়না, সর্পবিষে জর্জরিত ব্যক্তি পুনরায় সর্পদংশনে নিরাময় হয়। স্থতরাং তুমি আর বিলম্ব করোনা; পুনরায় তোমার জ্রভঙ্গী ও কটাক্ষ দারা মুকুন্দকে দংশন করে তাঁকে বিষমুক্ত কর। তোমার প্রিয়তমকে পরিতৃপ্ত করে স্বস্থ কর। ১৪।

বীরা ও বৃন্দা প্রভৃতি যে সব অসাধারণী দৃতী ঐক্জের সহায় ছিলেন, তাঁদের প্রকৃতি ও কার্যকলাপ সম্পর্কে বলা হলো। পরে শিল্পকারিণী, দৈবজ্ঞা ও লিঙ্গিনী প্রভৃতি সাধারণী দৃতীদের কথা আলোচিত হবে। ১৫।



#### কুষ্ণবল্পভা

সাধারণ গুণাবলী যাতাতে আছ্য। শ্রেষ্ঠ প্রেম স্কমানুর্ব সম্পদ আশ্রয়॥ রুফ্পিয়া নবাকারে করি নমস্কার। অপূর্ব মাধুরী যাব সৌন্দর্বের সার॥

যাদের ক্ষের মত স্বন্য অঙ্গ, যারো সর্বস্বাহ্ণ বিতা এবং গুণস-পরা, যাঁরা স্বিস্থ প্রেম এবং শ্রেষ্ঠ নাধ্যসম্পদ আশ্রেষ ক্রেছেন, ভারাই কৃষ্ণবল্লভাবা ক্ষের স্বোগ্যা নায়িকা। ১।

যাঁরা যেবিনগুরুর কাছে অরকেলিকৌশল অধ্যয়ন্ করেছেন, যাঁরা প্রম মাধুর্মরা এবং পুণ্যবতী রম্ণী-শিরোমণি, যাঁদের অঙ্গ অতি অমধুর এবং রতিরসাধাদন কর্মে অধিকতর আনন্দ-দানের কৌশল যাঁদের আছত, তাঁরা প্রণমা। দেই সকল নায়িকাকে সাধারণতঃ তৃই শ্রেণীতে বিভক্ত করা যায়—স্বকীয়া ও প্রকীয়া।২।

> স্বকীয়া ও পরকীয়া তুই ভেদ হয়। পরকীয়া রসংশ্রুষ্ঠ রভিশান্তে কয়।

শাস্ত্রমতে পাণিগ্রহণের বিধি অনুসারে পত্নীরূপে প্রাপ্তা, পতির আজ্ঞানুবর্তিনী পতিব্রতা ও পতিপ্রেমে অবিচলিতা থে নারী, তাকে স্বকীয়া নায়িকা বলা হয়। ৩।

যথা---

চিরাচরিত পাতিব্রত্য ধর্মের পথে থেকে যারা গুরুজনের প্রতি শ্রাদাশীলা ও পরিজনবর্গের প্রতি স্নেহশীলা হয়ে, গৃহিণীরূপে গৃহে অবস্থান করেন, এবং নিয়ত স্বামীদেবায় রত থাকেন, তাঁরাই আননদদায়িনী স্কেটায়া রুমণী বা নায়িকা। ৪। রুক্মিণীর প্রতি শ্রীকুফের উক্তি—

হে মানিনি, ভোমার মত প্রণয়িনী ও সুগৃহিণী আমি আর কোনো গৃহে দেখিনি। বিবাহকালে যে-সব নুপতি সমাগত হয়ে-ছিলেন, তাঁদের নগণ্য মনে করে, তুমি শুধুমাত্র আমার গুণকীর্তির কথা শুনে, নির্জনে আমার কাছে দূত পাঠিয়েছিলে। তুমি আমার অনুরক্তা প্রেমময়ী পদ্মী।

> দারকাবিহার অকীয়া নারীতে কৃষ্ণের দারকা বিহার। অঠোত্তরশত স্তীয়া যোডশ হান্ধার॥

সখী ও দাসী ভাহাদের সধী দাসী অসংখ্য রূপদী। তুল্য রূপগুণ সধী ন্যন হয় দাসী॥

দারকার যত্পতির অকায়া নহিষী যোল হাজার একশো আট । এঁদের সকলের আবার অসংখ্য সখী ও দাসী আছে। যারা রূপে ও গুণে মহিষীদের তুল্য ভারা সখী; আর যারা রূপে ও গুণে ভাঁদের চেয়ে অল্লিয়সী, ভারা দাসী। মহিষীগণের মধ্যে মুখ্যা বা প্রধানা আটজন। যথা—

> রুঞ্নী, মান্রী ও সত্যা আর জাম্বতী। কালিন্দী, কৌশল্যা, ভদ্রা, শৈব্যা রূপবতী ॥

এই আটজন প্রধান মহিষীর মধ্যে ক্রিণী ও সত্যভাষা সকলের চেয়ে বর্ণীয়া। ক্রিণী ঐশ্বর্ধে শ্রেষ্ঠ, আর সত্যভাষা সকলের চেয়ে সৌভাগ্যশালিনী।

তথা হরিবংশে—

বিদর্ভরাজ ভীমকের আমজা রুক্মিণী কুট্ম্বদিগের অধীশ্বরী ছিলেন। আম্মীয় স্বন্ধন ও অতিথি অভ্যাগত যাঁরা গৃহে আসতেন, উब्बननीमम्बि २७

তাঁদের আদর্যত্ম-পরিচর্যা বিষয়ে রুক্মিণী ছিলেন খুব যত্মশীলা। সভ্যভামা ছিলেন মহিষীদের মধ্যে উত্তমা এবং প্রেম ও প্রীতিতে পরম সৌভাগ্যবতী।

রুশ্বিণীর প্রতি শ্রীকৃষ্ণের উক্তি—

হে দেবি, কোনো স্থ্যুপা আমার কাছে তোমার চেয়ে অধিক প্রিয় নয়। তুমি প্রিয়তমা! এই যোড়শ সহস্র প্রিয়ার মধ্যে আমার প্রাণসমা।

এই সব মহিষীদের সখী ও দাসী সর্বাপেকা গুণবতী। তাদের সংখ্যাত অনেক। উৎকৃষ্ট সখী ও দাসী প্রিয়ার সদ্গুণের পরিচয় নের।

যে সকল স্ত্রী শাস্ত্রসমত বিধিমতে পরিগৃহীতা হয়, তাঁরাই ফকীয়া। কিন্তু বুন্দাবনে যে সব ব্রজবালা মনে মনে শ্রীকৃষ্ণকে পতিত্বে বরণ করেছিলেন, স্বজ্ঞাতীয়া না হলেও, আপন আপন ধর্মনিষ্ঠা বা পতিপ্রেমে একনিষ্ঠতার জন্ম তাঁরাও স্বকীয়া নায়িকা পর্যায়ভুক্ত হওয়ার যোগ্য।

# ব্রজ কুমারীর উক্তি-

যশোমতী রাণী পরাণসমান করিয়া আমারে জানে স্বিধাণ যত মোর অন্তগত প্রাণেত অধিক মানে "
বৈকুণ্ঠ জিনিয়া এ নব কানন মুনীর মানস হরে।
এ রূপযৌবন দেখিতে স্থলর এ সবে কি কাজ করে॥
সকলি বিফল হইল কেবল কি হবে আমার গতি।
উমাব্রত ফলে যদি না হইল নদের নদ্দন পতি॥

আর্যা যশোমতী আমার প্রতি বাংসল্য-স্নেহপরায়ণা, সখীগণ প্রাণ অপেক্ষা আমায় ভালবাদে, বৃন্দাবন বৈকুঠের চেয়েও মনোরম, আমার এত রূপ, এমন যৌবন! কিন্তু তাতে কি লাভ ? যদি উমাব্রতের ফলরূপ প্রীকৃষ্ণ আমার সঙ্গে পতির্যোগ্য লীলা না করেন, তাহলে আমার সবই বিফল। গান্ধর্ব ও অব্যক্ত বিবাহ গান্ধর্ব বিবাহ হেতু স্বকীয়া কহিল। অব্যক্ত বিবাহে কাম প্রচন্ধ রহিল॥

গান্ধর্বরীতিতে যে ব্রজকুমারীগণের সঙ্গে শ্রীকৃষ্ণের বিবাহ স্থীকৃত, তাঁরা স্বকীয়া। তা ছাড়া, যাঁদের সঙ্গে শ্রীকৃষ্ণের শুধুমাত্র মনো-বিনিময় হয়ে অব্যক্ত সম্পর্ক স্থাপিত হলো, এবং কাম প্রচ্ছন্ন রয়ে গেল, বস্তুতঃ তাঁরাও স্বকীয়া নায়িকা। ।।

#### পরকীয়া

যে সব নায়িকা ইহকাল-পরকালের ভয় না রেখে গভীর অন্তরাগে দয়িতের নিকট আত্মসমর্পণ করেন, ধর্মতে বা সামাজিক অধিকারে পত্নীরূপে স্বীকৃতা না হলেও, প্রেমের অধিকারে ভারা স্থ্রতিন্তিতা। নায়িকা হিসাবে ভারাই পরকীয়া। ৬।

> রাগে আত্মা সমর্পন্নে হুই লোক ছাড়ি। ধর্মেতে গৃহীতা নহে পরকীয়া নারী॥

অনুরাগের উল্লাদে কোন্ ব্রজান্তনা ধর্মের মর্যাদা লজ্বন করেন নি ? অথচ অরুদ্ধতী প্রভৃতি মহাসতীরা অতিশয় প্রাদার সঙ্গে তাঁদের অভিসার লীলার প্রশংসা করেছেন। তা ছাড়া, বনচারিণী হলেও তাঁদের মাধ্রপরিমল লক্ষ্মীর সৌন্দর্যকেও মান করে। ত্রিভূবন বিচ্ছায়িনী সেই সব কৃষ্ণপ্রিয়াগণ পরম আনন্দদায়িনী। শ্রীকৃষ্ণকে তাঁরা স্থাসুথ দান করেন। ৭।

# কন্তা ও পরোঢ়া

পরকীয়া নায়িকা দিবিধ—কন্সা ও পরোঢ়া। যে সব অবিবাহিতা বা কুমারী ব্রজবালা এক্তিফের সঙ্গে প্রেমলীলায় রত হন, তাঁরা কন্সা পরকীয়া। যাঁরা লৌকিক ধর্মে অন্সের বিবাহিতা দ্রী, কিন্তু গোপনে কৃষ্ণপ্রেমে অনুরক্তা ও পরম মাধুর্যরসে আনন্দদায়িনী **উ**ब्ब्बननीनभि

তাঁরা পরোঢ়া পরকীয়া। এঁদের কামক্রীড়া প্রচ্ছন্ন। প্রচ্ছন্নকামতা দারা এঁরা গোকুলচক্রের সহিত স্থ্য সাধন করেন। ৮।

> পরকীয়া সঞ্জে রুষ্ণের অধিক আনন্দ। ইহাতে প্রচ্ছন্ন ক্রীড়া করয়ে গোবিদা॥ সকলের শ্রেষ্ঠা হয় পরকীয়া নারী। আপনি মহিমা ডার ক্রেন শ্রাহরি॥

পরকীয়া নায়িকার সঙ্গে রতিসন্তোগে যে আনন্দ ও মাধুর্যরস আফাদিত হয়, তার তৃলনা হয় না। বিধিনিষেধের সকল বাধা লজ্বন করে, আকুল আগ্রহ ও অসীন ধৈর্যের সঙ্গে অগ্রসর হয়ে পরকীয়া রতি আফাদন করতে হয়, তাই পরকীয়ার রসোংকর্ষ অহা সকল রসালুভূতির তুলনায় শ্রেষ্ঠ।

যে মুগাক্ষীদের লাভ করতে হলে অধিক নিষেধ ও **হুর্লভতার** গণ্ডা পার হতে হয়, এবং নানা অধাবিপাত্তি অতিক্রম করতে হয়, তাদের প্রতি নায়কের জনয় সব চেয়ে বেশী আকুই হয়। ৯।

তবে এই প্রেম সাধারণের জন্য নয়; শুধু মাত্র রতিরসম্বাদনের প্রেষ্ঠতা ও আনন্দ্রন নধুর রসের অনুভূতি বিশ্লেষণের জন্য উল্লিখিত হয়েছে। এই পরকায়া প্রেমে শ্রীকৃষ্ণকে নরেক রপে কল্পনা করে তার ব্রজনারীসঙ্গ প্রসঙ্গে রতিরস আলোচিত হয়েছে। উদাহরণের জন্যই এই পরকায়া প্রেমের আলোচনা; আচরণের জন্য নয়। কেন না, পরকীয়া প্রেমের আচরণ সাধারণ মান্ত্র্যের পক্ষে মারাত্মক। তাতে সমাজকল্যাণ ধ্বংসের পথে অপ্রসর হয়। পরকীয়া প্রেমের যে রসোৎকর্ম, সেই রসোৎকর্ম সঞ্চারিত হলে শ্রেষ্ঠ ভগবৎ-প্রেম চিত্তে সঞ্জাত হয়। সকল বাধা বিপত্তি অতিক্রম করে, সংসারধর্মে রত থেকেও, নায়িকার মনে যেমন উপপত্তির প্রতি গভীরতম গোপন আকর্ষণ প্রবল হয়ে ওঠে, ঠিক তেমনি আকর্ষণ যথন শ্রীকৃষ্ণের প্রতি উপঞ্জিত হয়, তথনই হয় শ্রেষ্ঠ ভগবৎ-প্রেমের সঞ্চার। পরকীয়ার রসানুভূতি সকল প্রেমের চেয়ে নিবিড়, আকর্ষণ সকল

আকর্ষণের চেয়ে প্রবল। সেই তাৎপর্যে পরকীয়া প্রেমের বিষয় উল্লিখিত হয়েছে। ১১—১৩।

শ্রীমন্তাগবত দশম স্বন্ধে শুকদেবের উক্তি—

মহারাজ পরীক্ষিং! রাসলালা শুনে আপনি চঞ্চল হবেন না। দেহপরতন্ত্র সাধারণ মান্ত্যের পক্ষে মনের দ্বারাও এ আচারণ উচিত নয়। বিষপান শঙ্করের পক্ষেই সন্তব! সাধারণ মান্ত্য যদি সেকাজ করে, তার বিনাশ অবশুন্তাবা। পরকায়া প্রেমের লীলামাধুর্য শুধু উদাহরণের বস্তু। ভগবান শ্রীকৃষ্ণ নরদেহ ধারণ করে কেবল মাত্র ভক্তের প্রতি এই অনুগ্রহ বিতরণ করেছেন প্রেমের উৎকর্ষ প্রদর্শনের হন্ত। অনাশ্বর দেহমনে মান্ত্য আম্বাদন করেছে সেই শ্রেমের মধুরত্ম রস। ১৪—১৫।

সেই সকল গোপীগণের প্রেমের মাহাষ্য্য ভগবান স্বয়ং স্বীকার করেছেন।১৬।

গোপীগণের প্রেম অনব্য ও অতুলনীয়। যে প্রেমের ছ্বার আকর্ষণে লজ্জা ভয় গৃহস্থ স্বকিছুতে ভলাঞ্জলি দিয়ে, নায়িকাগণ আত্মসমর্পন করেছেন দ্য়িতের কাছে, সে প্রেম নিক্ষিত কাঞ্নের মৃতই অনাবিল, শুদ্ধ ও স্থান্দর—নির্মাণ ওগরীয়ান।

দয়িতকে আনন্দ ঢ়ান করবার জন্ম নায়িক। যখন সকল তুঃখ ভুচ্ছ করেন, আত্মস্থের দিকে দৃক্পাতও করেন না, তখনই তাঁর প্রেম হয় সার্থক। অনাবিল প্রেমে আত্মস্থের কামনা থাকে না, দয়িতকে পরিত্প্ত করবার জন্ম নায়িক। নিজেকে নিঃশেষে সমর্পণ করেন।

> আত্মেন্দ্রিয় প্রীতি ইচ্ছা তারে বলি কাম। কুফেন্দ্রিয় প্রীতি ইচ্ছা প্রেম তার নাম॥

শ্রীমন্তাগবত দশম স্বন্ধে শ্রীকৃঞ্বের উক্তি—

হে স্থলরীবৃন্দ! আমার সঙ্গে তোমাদের এই সংযোগ, এই অচ্ছেত্য অমুরাগ ও প্রেম নিরবত্য—অনিন্দনীয়। যদি আমার জীবন উজ্জ্বনীলম্ণি ২৭

অশেষ হয়, দেবতার পরমায়ু নিয়ে পৃথিবীতে বেঁচে থাকি, তবুও কোনদিন তোমাদের প্রতি আমার কর্তব্যের শেষ হবে না। আমি পারবো না তোমাদের এই প্রেমের পূর্ব ্রতিদান দিতে। তোমরা হর্জয় গৃহশৃঙ্খল ছেদন করে, আজ্বদান করেছ আমার কাছে; করেছ আমার ভজনা। হুচ্ছ করেছ সকল বাধা ও বিল্ল। তাই প্রেম হয়েছে গরীয়ান। সেই অসামান্ত প্রেমে তোমরা হয়েছ মহীয়সী। বিনিময়ের প্রত্যাশা করেনে; আপনার প্রেমে আপনি হয়েছ ধন্ত। সার্থক হয়েছে তোমাদের ভালবাসা। কিন্তু আমি রইলাম তোমাদের কাছে চির্ঞ্বলী। ১৭।

প্রম ভাগবত উদ্ধব ব্রজ্ফেন্ট্রের সৌভাগ্যের কথা কীর্তন করে বলেছেন, আমি যদি বৃদ্দাবনের বনপথে লতাগুলা হয়ে জনাতান, কৃষ্ণপ্রিয়াদের চরণস্পর্শে আমার জীবন ধন্য হতো। কি অতুলনায় প্রেমসম্পদের অধিকারিণী ভারে।! কুল মান, স্বজন, সমাজ ও ধর্ম সব কিছু বিস্কান দিয়ে, ভারো অনুগ্যমন ক্রেছেন মাধ্বের। ১৮।

যদিও গোপীগণ পরোচা ছিলেন, তব্ও তারা সচ্ছলে করেছেন অভিদার। মায়ামুগ্ধ গোপগণ গ্রে আপন পত্নীর অলপস্থিতি অনুভব করতে পারেন নি; তাই কৃষ্ণের প্রতি তাঁদের মনে োন কোপানল প্রজ্ঞালিত হয় নি ।১৯।

মায়াতে ছায়ার নারী পেরে গোপগণ,
কৃষ্ণ প্রতি নহে তারা কোপযুক্ত মন।
ব্রহ্গদেবী সঙ্গে খেলে নন্দের নন্দন,
নিজ্পতি সঙ্গে বৃতি না করে কথন। ২০।

### কন্যক '

যে অবিবাহিতা লজ্জাশীলা বালিকারা পিতৃগৃহে থেকে সর্বদাই সখীদের সঙ্গে খেলা করবার জন্ম উৎস্ক, অথচ তাদের অন্তরে জেগেছে নায়কের প্রতি বিমুগ্ধতা, মন আফুষ্ট হয় তরুণের প্রতি, মৃগা নায়িকার গুণ তাদের প্রাণে স্কারিত হয়েছে। পরকীয়া প্রেমে তারাই ক্যা বা ক্যুকা নায়িকা। ২১।

এই কন্তাদের মধ্যে যে সব ব্রজকুমারী কৃষ্ণকে পতিভাবে কল্পনা করে কাত্যায়নীর অর্চনা করেছিলেন এবং শ্রীকৃষ্ণ থাদের অভীষ্ট পূরণ করেছিলেন, তাঁরা ধন্তা নায়িকা। উজ্জলনীলমণির নায়িকা প্রকরণে তাঁদের বল্লভা বা কৃষ্ণবল্লভা বলা হ্যেছে।

> ধন্তা আদি কন্তা ত্রভে করে তুর্গার্চন। তাহাদের কৈল হরি অভাষ্ট পুরণ॥২২॥

যে সব কুমারী এই ভাবে প্রীক্ষের অঙ্গসঙ্গ লাভ করেছেন, তাঁদের পরিহাস করে জ্যেষ্ঠভাতৃজায়া বলেছেন—

স্থীর সহিত ধৃলির উপরে পেল্ছ যম্নাকুলে।
হৃদ্ধে বসন না দিলে কংন অলপ বয়স বলে ॥
অলপ বয়স জানিয়া জনক না খুঁজে ভোমার বর।
বিষম চরিত দেখিরা এখন মনেতে লাগিল ভর॥
কাল বনমাঝে ম্রলী পুরই মধুর মধুর তানে।
তুঁত সে কাঁপিয়া চপল নয়নে চাউছ গছন পানে॥

খেলাথ্লাতেই তোমার বেশী মনোযোগ। এখনও বুকে কাপড় দাও না; তাই পিতা বরের অথেষণ করেন না। কিন্তু ভিতরে ভিতরে শিথিপিঞ্জমোলির মুবলীঝনি শুনে, তুমি উৎকম্পিত হাদয়ে, উদ্ভান্ত দৃষ্টিতে এদিক ওদিক চেয়ে বন্দাবনের বনে বনে ঘুরে বেড়াও দয়িতের সন্ধানে। বাইরে প্রকাশ না পেলেও, কুমারী মনের গোপন অন্তরালে জেগেছে সঙ্গলিঞ্চা, সঞ্চারিত হয়েছে প্রেম। দয়িতের অঙ্গসঙ্গ লাভের স্বাদ পেয়েছ কিনা, তাই!। ২৩।

### পরোঢ়া

বিবাহিতা যে-সব গোপবধ্র স্বামী আছে, তবুও তাঁরা সর্বদা সস্ভোগ লালসায় কৃষ্ণের প্রতি অনুরক্তা, তাঁরাই পরোঢ়া নায়িকা। ২৪। উজ্জ্বনীলমণি ২৯

চন্দ্রাবলীকে পদ্মা বলেছিলেন—স্থি, তুমি কাত্যায়নীর অর্চনার জন্ম পুষ্পাচয়ন করতে গহন বনের মধ্যে কেন গিয়েছিলে ? কুঞ্জবনে কত কাঁটাগাছ! সেই সব কাঁটার আঘাতে তোমার বক্ষত্বল ক্ষত বিক্ষত হয়েছে। কিন্তু ননদিনীরা তো তা বুঝবেন না। ওই দেখ, স্তন্মুগে কণ্টকের সহ্য আঘাত দেখে, ননদিনী সান্দিশ্ব দৃষ্টিতে বারবার তোমার দিকে চাইছেন।

এইসব পারাঢ়া নায়িকা সৌন্দর্য, সদ্গুণ ও বিভাবে অভিশয় শ্রেয়; সকলের চেয়ে সৌভাগ্যশালিনী। প্রেমমাধুর্যে এঁরা মাধবের বক্ষলগ্রা কমলার চেয়েও অধিক। ২৫।

রাস উৎসবে বাদের কঠে বাহু বেইন করে প্রাকৃষ্ণ আলিঙ্গন করেছিলেন, তারা কল্যাণন্থী ও সৌভাগ্যবতী। তাদের প্রতি তাঁর যে অশেষ করুণা প্রকাশ পেয়েছিল, এমন কি বক্ষস্থিতা এক। স্থ অনুরক্তা কমলার প্রতিও তাঁর তেমন প্রতি কোনদিন প্রকাশ পায় নি। যে সব নারীর অঙ্গে পদ্মের সৌরভ, যাদের কান্তি মনোহর, সেই সব হুলরারাই যখন এ-হেন সৌভাগ্য থেকে বঞ্চিতা, তখন আর অন্যান্ত স্ত্রীগণের কথা কি ্ তাদের পক্ষে এ সৌভাগ্যলাভের আশা সুদূরপরাহত। ২৬—২৭।

উ**ল্লিখিত পরে**।ঢ়া নারিক।তিন প্রফার ঃ সাধনপরা, দেবী ও নিত্যপ্রিয়া।

সাধনপর। নায়িকাদের অব্যের হটি শ্রণীতে ভাগ করা যায়। যথা—যৌথিকী আর অযৌথিকী।

যারা আপনজনের সঙ্গে সাধনরত। তারা যৌথিকা। পুরাণ ও উপনিষদের মতভেলে যৌথিকা ছ প্রকার। ২৮।

পদ্মপুরাণে কথিত আছে যে, যে সব দণ্ডকারণ্যবাসী গোপাল-দেবের উপাসনা করতেন এবং রামের সৌন্দর্যদর্শনে মুগ্ধ হয়েছিলেন, কিন্তু অভীষ্ট লাভ করতে পারেন নি, তারা রতিভাবে উদুদ্ধ হয়ে বৃন্দাবনে গোপীরূপে জন্ম লাভ করেছিলেন ও কৃষ্ণপ্রেমের রাগান্ত্রগা রতিরস আসাদন করেছিলেন। ২৯।

বৃহৎবামনপুরাণে বিশ্রুত আছে যে, রাস উৎসবের প্রারম্ভে কোনকোন গোপী শ্রীকৃষ্ণ-সভোগযোগ্য দেহ প্রাপ্ত হয়েছিলেন। কেউ বা পতিদারা গৃহে অবরুদ্ধা হয়ে সে আনন্দসম্ভোগ থেকে বঞ্চিতা হয়েছিলেন। রতিসম্ভোগে বঞ্চিতা হলেও প্রেমের রসাস্বাদন থেকে গাঁদের চিত্ত বঞ্চিত হয় নি।

উপনিষদ্মতে—

গোপীভাগ্য দেখি স্ক্ষর্দ্ধি শ্রুতিগণ তপত্থা করিল রুফপ্রাপ্তির কারণ। তপঃ করি শ্রুতিসব ব্রফে জন্ম নিল। গোপিনী হৈয়া ব্রফে রুফপ্রিয়া হল॥ ৩০॥

এঁরাই বল্লবী নামে অভিহিতা।

গোপীভাবের প্রতি অনুরাগী হয়ে যারা সাধনে প্রবৃত্ত হন এবং আগ্রহ ও উৎকণ্ঠা বশতঃ যাঁদের রাগানুগা ভলনে গোপীভাব সিদ্ধ হয়, তাঁরাই অযৌথিকী। সময় সময় এই অযৌথিকী নায়িকারা একাকিনী বা যুথবদ্ধা হয়ে ব্রজে জন্মগ্রহণ করেছিলেন।

এই অযৌথিকী নায়িকাদের আবার তৃট শ্রেণীতে ভাগ করা যায়। যথা, প্রাচীনা ও নবীনা।

প্রাচীনা অযৌথিকীরা সুদীর্ঘকাল সান্নিধ্য লাভ করে নিত্য-প্রিয়াদের পর্যায়ভুক্ত হয়ে প্রেমরসাস্থাদনের সুযোগ পেয়েছেন। নবীনাগণ দেবতা, মন্নুয়া বা গন্ধর্ব রূপে জন্মগ্রহণ করে ব্রজলীলার রসাস্থাদন করেছেন। ১১।

### দেবী

প্রীকৃষ্ণ যথন দেবযোনিতে জন্মগ্রহণ করেন তথন তাঁর সস্তোষ বিধানের জন্ম নিত্যপ্রিয়ারাও দেবী রূপে বৃন্দাবনে জন্মগ্রহণ উष्ज्ञननीनम्बि ७১

করেছিলেন। যে সব প্রিয়াগণ বুন্দাবনে গোপকভারপে জন্মেছিলেন তাঁরাই নিত্যপ্রিয়াদের প্রাণতুল্যা সথী হয়েছিলেন এবং ব্রজলীলায় অংশ গ্রহণের সৌভাগ্য লাভ করেছিলেন। ৩২।

### নিত্যপ্রিয়া

রন্দাবনের মধ্যে প্রীরাধা এবং চন্দ্রাবদী এই হু'জন ছিলেন প্রীকৃষ্ণের নিত্যপ্রিয়া। এঁদের সৌন্দর্য এবং বৈদয়্যাদি গুণ মর্থাৎ রূপ ও রসান্ত্তুতির যোগ্যতা ছিল প্রীকৃষ্ণের সমত্ল্য। ৩৩।

যিনি আপনার অসীম আনন্দ ও চিনার রস্বন শালিতে পরিপূর্ণ হয়ে গোলোকে অবস্থান করেন, সকল আনন্দের ও রসায় ভূতির আধার সেই অথিলাত্মা আদি পুরুষ গোবিদের ভজনা করি। নিথিল-বিধ্যে আপন রুণরাশি বিধিত করে কেলিকলা সম্ভোগরত সেই মহান্ পুরুষ চিনার রস্প্রাহে প্রতিভাবিত। ব্লাসংহিতা। ৩৪।

শাস্তপ্রদিজ নিত্যপ্রিয়াগণের মধ্যে হাধা, চক্রাবলী, বিশাখা, লনিতা, আমা, পলা, শৈব্যা, ভদা, তারা, বিচিত্রা, গোপালী, ধনিতা এবং পালিক। প্রভৃতি প্রধানা নায়িকা। ৩৫।

চন্দ্রবিশার অক্সনান সোমাতা। শ্রীরাধার নাম গান্ধবী এবং ললিতার অপর নাম অনুরাধা। এই নিমিত্ত সেমা গান্ধবী ও অনুরাধা সম্পর্কে পৃথকরূপে উল্লেখ করা হয় নি।

খন্তনাকা, মনোরমা, মঙ্গলা, বিন্দা, লীলা, কুঞা, শারী, বিশাবদা, তারাবদা, চকোরাকা, লঙ্কবী ও কুন্ধনা প্রভৃতিও লোকপ্রসিদ্ধা নিত্যপ্রিরাগণ মধ্যে পরিগণিতা। ৩৬।

এইসব ব্রস্কালির শত শত যুথ আছে এবং এক-একটি যুথে লক্ষ লক্ষ বরাঙ্গনা আছেন। শুধুমাত্র বিশাখা, লালভা, পদা এবং শৈব্যা—এই চার সথী ব্যতীত, রাধা াকে কুন্ধুমা পর্যন্ত সকলেই যুথেশ্বরী। কিন্তু পরন সৌভাগ্যবতী রাধা প্রভৃতি অই যুথেশ্বরী স্থী প্রধানা নায়িকা রূপে পরিগ্নিতা। ৩৭।

যদিও ললিতা প্রভৃতি স্থীগণ যুথেশ্বরীর যোগ্যা, তবুও তাঁদের অন্তরে জ্রীরাধার স্থায় অভিসার ও সঙ্গলাভের লালসা ছিল, সেই হেতু তাঁরা যুথেশ্বরী পদবাচ্যা হতে পারেন নি। তাঁদের স্থারুচিই স্থায়ী হয়েছিল। ৩৮।

এই শ্রেণীর স্থীরা স্বভাবতঃ মধুরা, এবং নায়ক ও নায়িকা উভয়েরই প্রিয়বান্ধবী। শ্রীকৃষ্ণের সঙ্গলাভের আকান্ধা অন্তরে বিভামান খাকায়, এঁদেরও হরিপ্রিয়া, কৃষ্ণপ্রণয়াভিলাষিণী বা কৃষ্ণবল্লভা প্যায়ভুক্ত করা চলে।

#### द्राधा अकत्व

উল্লিখিত অষ্ট যৃথেশ্বরীর মধ্যে রাধা ও চন্দ্রাবলীই সর্ববিষয়ে প্রধানা। এঁদের প্রত্যেকের যৃথে অনুগামিনী কুরঙ্গিনীর মত অসংখ্য গোপিনী আছেন। শ্রীকৃষ্ণ যখন যমুনাপুলিনে রাসলীলা করেন, এই সব গোপিনীরা যোগদান করেন সেই নৃত্য-উৎসবে। নৃত্যের তরঙ্গহিল্লোল বয়ে যায় আকুলিতা প্রমদা গোপাঙ্গনাদের অঙ্গে অঙ্গে। আনন্দ্রন চিন্ময় রস প্রতিভাবিত হয়। ১।

রাধা ও চন্দ্রবিলী—এই তুই প্রাধানা নায়িকার মধ্যে সর্ববিষয়ে শ্রীরাধাই শ্রেয়নী। শ্রীরাধা মহাভাব-স্বরূপিনী। তাই আনন্দ্রমর রিত্রসাসালনের আধাররপা চন্দ্রবলীর চেয়েও শ্রীরাধা বরীয়না। গুণগরিমায় রাধা অভুলনায়া। প্রেমধর্মের আধাররূপে যে সকল গুণাবলী নায়িকাকে পরিপূর্ণ করে তোলে, শ্রীবাধা তার সম্পূর্ণ অধিকারিণী। তাই রন্দাবনলালায় শ্রীরাধার সমকক্ষ নায়িকা আর নাই। কুল্পপ্রেমের বিকশিত শতদল শ্রীরাধা বিশ্বের মানসলোকে এক অলোকসামাতা নায়িকা। ২।

অথব বেদের অন্তর্গত গোপালতাপনী উপনিষ্ধদের উত্তর বিভাগে যাকে গান্ধবাঁ বলে উল্লেখ করা হয়েছে, তিনিই জ্রীরাধা। মাধ্বের সঙ্গে জ্রীরাধার সামঞ্জ ও গুণপ্রাধান্ত ঋক্ পরিশিপ্তে কীর্তিত হয়েছে। দেব্যি নার্দ্র পদ্মপুরাণে জ্রীরাধার মাহান্ত্য কীর্তন করেছেন:

শ্রীরাধা বিফুর অতিশয় প্রেয়নী। রাধাকুণ্ডও তার তেমনি প্রিয়। গোপিনীদের মধ্যে একমাত্র শ্রীরাধাই সকলেব চেয়ে প্রিয়। তিনিই বিফুর অত্যন্তবল্লভা—শ্রেষ্ঠা নায়িক।। ৩।

বৃহৎ গৌতমীয় প্রভৃতি ভস্তের মতে, যে হলাদিনী মহাশক্তি থেকে দিকেদিকে আনন্দধারা উৎসারিত, যার চেয়ে শ্রের শক্তি আর নাই, সেই মহাশক্তির সারস্বরূপা হলেন গ্রারাধা। তাই কৃষ্ণ-প্রেয়সিগণের মধ্যে শ্রীরাধাই সর্বশ্রেষ্ঠা। ৪।

এই বৃষভান্থনন্দিনী সুষ্ঠুকাস্তা ও অপরূপ রূপলাবণ্যময়ী। ইনি যোড়শ প্রকার শৃঙ্গার সজ্জা ও দাদশবিধ আভরণ অঙ্গে ধারণ করেন।

# সুষ্ঠ কাস্তার রূপ:

কুঞ্চিত কুন্তল দীঘল নরান।
ও মুথ কুন্দর চাঁদ সমান॥
ভন্যুগ কঠিন কটি অতি ক্ষীণ।
নত স্কন্দর তুঁহ বয়স নবীন 
নথবিধুরান্ধিত মূণালভুক্দপাণি।
তুয়া রূপ বিশেষত গুণই জানি॥

হে রাধিকা, ত্রিজ্ঞগতে উৎসারিত তোমার রূপের উৎস। তৃমি অনুপমা। এমন অতৃলীয় যার রূপ, তার অলঙ্কারের কি প্রয়োজন ? স্কুঞ্জিত কেশদাম, বদনকমল চঞ্চল অথচ দীর্ঘায়ত ন্য়নে শোভিত। কঠিন কুচ্যুগে বক্ষঃস্থল স্বরুমা, কটিদেশ অতিক্ষণি, স্কর্ত্টি নিয়, ক্রপল্লব ন্থরিয়ে অলঙ্কৃত। ৬।

# যোভুশ শৃঙ্গারবেশ:

সায়ংকালে প্রাকৃষ্ণ যথন ব্রজের পথে চলেছেন, উদ্যানমধ্যে প্রীরাধাকে দেখে, স্থল তাঁর দৃষ্টি আকর্ষণ করে বললেন—স্থা, ব্যভামুনন্দিনীর অঙ্গশোভা দর্শন কর—

সভঃস্নাতা, নাসাত্রে মণিখচিত রত্নালন্ধার, পরিধানে নীল বসন, কটিতটে নীবিবন্ধ, শিরে বেণী, কর্ণে উত্তংশ, সর্বাঙ্গে চন্দন-লেখা, চিকুরদামে স্তরে স্তরে শোভিত পুষ্পগুচ্ছ, কর্পে রত্নহার, পদ্মহস্তে লীলাপদ্ম, মৃথকমলে তামুল, চিবুকে কস্তরীবিন্দু, উজ্জ্বল নয়নমূগলে কাজলের রেখা, গণুস্থল মকরীপত্র রঞ্জিড, চয়ণে অলক্তকরাগ, ললাটে চন্দন-ভিলক। স্থচিত্রা রাধা যোড়শ **উच्चन**नीनम्

শৃঙ্গারবেশে সজ্জিতা হয়ে আজ অসামান্ত রূপলাবণ্যে উদ্ভাসিত। হয়ে উঠেছেন। ৭।

#### দাদশ আভরণ:

চ্ড়ায় রত্ন, কর্ণে স্থবর্ণ কুগুল, নিতত্বে কাঞ্চী, গলদেশে স্থাণিদক, কর্ণের উর্ফো —বেণীমূলে স্থাণিশলাকা, প্রকোষ্ঠে বলয়, কণ্ঠে রত্মহার, অঙ্গুলিতে অঙ্গুরীয়, বক্ষোদেশে নক্ষত্রত্বা মণিমালা, ভুজে অঙ্গদ, চরণে রত্মনুপুর, পদাঙ্গুলিতে উন্তঃ অঙ্গুরীয়।

ষোড়শবিধ শৃঙ্গার-সজ্জার সঙ্গে এই দ্বাদশ আভরণ মিলিভ হয়ে শ্রীমতীকে আজ সমুস্তাসিত করেছে। নয়নমনোমুগ্ধকর আশ্চর্য শোভা বিস্তার করে শ্রীরাধা অভিসার বেশে সজ্জিতা হয়েছেন স্থা, সেই নয়নমনোহর রূপরাশি দর্শন কর। ৮।

# वृन्मावतनत्रश्रती श्रीत्राधात्र প্রधान গুণাবলী:

মধুরা, নববয়াঃ, সচল-নয়না, উজ্জ্বল-হাস্তময়ী, স্থলক্ষণা, অঙ্গকে নায়ককে উন্মানিত করেন, সঙ্গীত-পটিয়সী, মধুরভাষিণী, নর্মক্ষলা, বিনীতা, করুণাময়ী, বিদ্যা, পটু, লঙ্জ্বাশীলা, স্থমর্যাদাসম্পয়া, বৈর্ধাদালনী, স্থবিলাসিনী, মহাভাবের উৎকর্ষসাধিকা, কৃষ্ণবিষয়ে অভিত্ঞাবতী, গোকুল-প্রেমাধার—বৃন্দাবনের সর্বজ্বনের প্রিয়া, জগদ্বাপী মশের অধিকারিণী, গুরুজনের স্নেহের পা , স্থীসণের প্রণয়বশীভূতা, কৃষ্ণপ্রিয়াগণের মধ্যে সর্বশ্রেষ্ঠা, কেশব খার মধুবাক্যের বশীভূত। এইসব অভ্লনীয় গুণরাশিতে রাধা শ্রীকৃষ্ণের সমক্ষ্ণা। ১।

শ্রীরাধার গুণাবলীকে চারটি ভাগে বিভক্ত করা হয়েছে। ধথা—

দেহ সম্বন্ধীয়—মধ্রা, নববয়া:, চলাপাঙ্গা, উজ্জ্বলম্বিতা, চাঞ্চ সৌভাগ্যরেখান্বিতা, গন্ধোন্মাদিতমাধবা।—এই ছয়টি শ্রীমতীর আঙ্গিক গুণ। বাক্য সম্বন্ধীয়—সঙ্গীতকুশলা, রম্যবাক্, নর্মপটিয়সী।—এই ভিনটি তাঁর বাচনিক গুণ।

মন: সম্বন্ধীয়—বিনীতা, করুণাপূর্ণা, বিদশ্ধা, পটিয়সী, লজ্জাণীলা, মর্থাদাসম্পন্না, ধৈর্যশালিনী, গাস্তীর্থময়ী, স্থবিলাসিনী মহাভাব-পরমোৎকর্ষতর্ষিণী বা কৃষ্ণপ্রেমে অবিচলিততৃষ্ণাবতী।—এই দশটি মানসিক গুণ।

পরসম্বন্ধায়—গোকুলজনের প্রেমপাত্রী, জগদ্যাপী যশের অধিকারিণী, গুরুজনের স্নেহের আধার, স্থীগণের
প্রণয়-বশীভূতা, কৃষ্ণপ্রিয়াগণের মধ্যে সর্বশ্রেষ্ঠা,
ব্রজেজনন্দন তার কথার বশীভূত।—এই ছয়টি
ব্যবহারিক গুণ।

এই পঞ্চবিংশতি গুণের সমন্বয়ে রাধিকার চরিত্র নায়িকাগণের মধ্যে অসামান্য ও অতুলনীয় হয়ে উঠেছে। ১০।

মাধুর্য বলতে বুঝায় চারুতা বা মনোরমত্ব; মধ্যবয়ঃ অর্থে মধ্য-কৈশোর বা সভোদ্ভির যৌবন; সোভাগ্যরেথা অর্থে হস্তপদাদিস্থিত চল্ররেথা প্রভৃতি সুলৃক্ষণ। সাধুমার্গ থেকে অবিচলিত থাকার নাম মর্যার্দা; আভিজাত্য ও শালীনভাবোধ হেতু সম্ভ্রমকে বলে লজ্জা, তুঃপ ও ক্রেশ সহিফুতার নাম ধৈর্য।

অহাস্থ গুণগুলির স্থা সুস্পাই। তাই পৃথক্ভাবে সেগুলির লক্ষণ বিশ্লেষণ করা অনাবশ্যক।

### মধুরা

শ্রীরাধার মাধুর্মবর্ণনাচ্ছলে বিদগ্ধমাধবে পৌর্ণমাসী বলেছেন—
কি অপরপ রপমাধুরী! নয়নছটির শোভা যেন সভঃপ্রস্কৃটিত
নীলোৎপুলকে নিপ্রাভ করে, বদনকমল প্রফুল্ল কমলবনকে পরাজিত
করে ও অঙ্গরুচি স্বর্ণকান্তিকে মান করে। এমন নয়নাভিরাম
রূপরাশি আর কার আছে! ১১।

#### নববয়া ঃ

নববয়া: অর্থে নবীনা বা নবযৌবনসম্পন্ন। দূতী জ্রীরাধাকে বলছিল— `

হে ক্শোদরি! তোমার শ্রোণীদেশ যেন রথ; ক্চন্ধয় চক্র, জ্লতা ধন্ত, নেত্রদ্ধয় বাণ। বিজয়গর্বে গবিত শ্রীকৃষ্ণকে জয় করবার জন্ম কামদেব যেন তাঁর রাজ্যভার তোমার হাতে তুলে দিয়ে তোমায় সেনাপতি পদে নিযুক্ত করেছেন। অস্ত্রক্ষেপণে তুমি বিলয় করো না। ১২।

#### চলাপাঙ্গা

শ্রীমতীকে সম্বোধন করে শ্রীকৃষ্ণ বলেছিলেন—

হে বিধুমুখি! আকাশের ওই চলচঞ্চল বিছাৎ কি তোমার নয়নের কাছে গতিবিছা শিক্ষা করেছে? না, তোমার নয়ন সে বিছা শিক্ষা করেছে ওই তড়িতের কাছে! তা নয়, তোমার অপাক্ষই এ বিছার প্রধান অধ্যাপক। তাই আমার এই অদম্য গতিশীল মনও তোমার নয়নের কাছে পরাজিত। ১৩।

### উড়্বলন্মিত।

কৃষ্ণ-সন্দর্শনে একদিন শ্রীমতীর মুখে হাসি ফুটে উঠেছিল।
কিন্তু কৃষ্ণের সান্নিধ্যে সখীদের দেখে, তিনি বারবার সে হাসি
সংগোপন করবার চেষ্টা করেছিলেন। তৃবুও সে হাসি নিবৃত্ত হয়
নি। শ্রিতহাস্থে শ্রীরাধার বদনচল্রিমা উদ্ভাসিত কয়ে উঠেছিল।
সে অবস্থা দেখে বিশাখা বলেছিলেন—প্রিয় সথি, ভোমার অধর
হাস্তমুধায় পরিপূর্ণ দেখে, চকোরয়।জ আর অপেক্ষা করতে
পারছেন না! ওই দেখ, সখীদের সঙ্গ ত্যাগ করে, মদিরাচঞ্চল মনে
তিনি ভোমার দিকে এগিয়ে আসছেন। অতএব এখন আমাদের
এক্থান ত্যাগ করাই ভাল। ১৪।

## চারু-সোঁভাগ্য-রেখাত্যা

শ্রীমতী কুঞ্জমধ্যে আত্মগোপন করলে মধুমঙ্গল বলেছিলেন—

হে মাধব, তুষ্ট হও। শ্রীরাধা কুঞ্জের ভিতরেই আত্মগোপন করেছেন। ওই দেখ, ইতস্ততঃ তাঁর চরণ-চিহ্ন আকা। চক্ররেখা, বলয়, পুষ্প, বল্লী ও কুণ্ডল প্রভৃতি যে সব সোভাগ্যরেখা তাঁর চরণ-তলে আছে, তিনি লুকায়িত হলেও, সেই সোভাগ্যরেখাযুক্ত চরণচিহ্ন তাঁর গোপন উপস্থিতি প্রকাশ করে দেয়। ১৫।

যেমন চরণতলে তেমনি তাঁর করপদ্মে সকল প্রকার সৌভাগ্য-রেখা অবিত আছে। তাই শ্রীরাধা সর্বস্থলক্ষণা ও সৌভাগ্যবতা। বাম চরণ-তলে যব, চক্র, ছত্র, বলয়, অর্ধচন্দ্ররেখা, কুন্সমবল্লিকা, কমল, কমলতলে পতাকাযুক্ত ধ্বজ, উর্ধ্বরেখা, পুষ্প এবং অঙ্কুশ—এই একাদশটি সৌভাগ্যরেখা আছে। দক্ষিণ চরণে আছে শঙ্খ, বেদী, কুগুল, পর্বত, মংস্থা, রথ, শক্তি ও গদা প্রভৃতি অষ্টবিধ স্থলক্ষণ চিহ্ন। বামহস্তে স্থদীর্ঘ আয়ুরেখা এবং কুঞ্লর, অশ্ব, যূপ, বাণ, তোমর, মালা প্রভৃতি অষ্টাদশ চিহ্ন; আর দক্ষিণ করতলে পঞ্চশঙ্খা, চামর, অঙ্কুশ, মঠ, ছন্দুভি, বজ্র, শকট, ধরু, খড়া, ভূঙ্গার প্রভৃতি সপ্তদশ সৌভাগ্য রেখা আছে। শ্রীমতীর উভয় হস্ত ও পদতলে মোট পঞ্চাশটি চাক্র-সৌভাগ্যরেখা আছে।

# গন্ধোন্মাদিত-মাধবা

তুঙ্গবিতা শ্রীমতীকে সম্বোধন করে বলেছিলেন—

হে মাধবি, তুমি লতামগুণে পত্রপল্লবের অন্তরালে আত্মগোপনের প্রয়াস করো না। অয়ি বৃন্দাবনচক্রবর্তিনি! তুমি যে-ভাবে যেখানেই আত্মগোপন কর, তোমার অঙ্গান্ধে উন্মাদিত হয়ে অমরাধিপ ধূর্ত প্রীকৃষ্ণ নিশ্চয়ই তোমার অঙ্গাবন করবেন। অনুসন্ধানে ইতস্ততঃ আম্যমান মাধব তোমার অঙ্গপরিমলে উন্মাদিত হয়ে উঠলে, তাঁর আর স্থান-অস্থান সময় বা অসময় বিবেচনা থাকবে না; নিশ্চয়ই তিনি বলপূর্বক তোমাকে কম্পিত করে মধু পান করবেন। ১৬।

### সঙ্গীত প্রসারাভিক্তা

বৃন্দার উক্তি—

হে রাধিকা, তোমার কোকিলতুল্য পঞ্চম স্বরের সঙ্গীতলহরী
শ্রীকৃষ্ণকে চঞ্চল করে। সেই সঙ্গীত-মাধূর্যে আকৃষ্ট হয়ে হয়তো
তিনি তোমার পশ্চাৎ-ধাবন করবেন। সে অবস্থা দেখলে, তোমার
কোপনস্বভাব পতি রোষাথিত হয়ে অনুধাবন করবেন। অতএব
এ সঙ্গীত বন্ধ কর।

### রম্যবাক্

শ্রীকুঞ্জ রাধাকে সম্বোধন করে বলেছিলেন—

হে প্রদান ! তোমার স্থলর দন্তরাজিশোভিত মূখে কি অপূর্ব শব্দমাধুরী ধ্বনিত হয় ! সে মধুর ধ্বনিতে কোকিলকুলই আকুল হয় ; অধিক আর কি বলবো ! সে অমৃতময় বাণীর মাধুর্য স্থার স্বাদকেও পরাজিত করে । ১৭।

### নম'পশ্ভিতা

অর্থাৎ লীলাকেত্বিক ও হাস্তপরিহাসপটিয়সী।

কৌতুকছেলে রাধা শ্রীকৃঞ্চকে বলেছিলেন—হে বং বারি, ওই বাশী তোমার গুরু, না তুমি ওই বাশীর গুরু ? ক্লকামিনীদের ধৈর্যহরণ করা ভিন্ন কি তোমার আর অন্তকোন কাজ নাই!

### অথবা

শ্রীমতী নর্মচ্ছলে শ্রীকৃষ্ণকে বলেছিলেন—

হে পুশ্রবান ধর্মবর্ধন! তুমি প্রসন্ন হও। তোমার কীর্তিকলাপ অতি পবিত্র! সাধ্বীগণের স্তনরূপী শিরে অর্চনা করে তুমি নিত্য-পৃত। অতএব তোমায় বিনয় করি, এখন আমায় স্পর্শ করো না। আমি সূর্যপূক্ষার জন্ম সন্মান করেছি। কাজেই তোমার ওই হস্ত এখন আমার অঙ্গে দিও না। ১৮। এই সকল গুণ ছাড়াও রাধা বহুগুণের অধিকারিণী: বিনীতা করুণাপূর্ণা, বিদ্যান, লজ্জাশীলা ও সুমর্যাদাসম্পন্না। তাই নায়িকা হিসাবে শ্রীরাধা অতুলনীয়া ও অনুপমা।

পূর্বরাগ অবস্থায় একদিন ক্ষীণকায়া তথী শ্রীরাধাকে দেখে নান্দীমুখী নর্মছলে বলেছিলেন—সখি, এত চেষ্টাতেও শ্রীকৃষ্ণের সঙ্গে তোমার মিলন ঘটাতে পারলাম না। স্বভরাং সে আশা পরিত্যাগ করে তুমি উপায়াস্তর চিন্তা কর।

একথা শুনে রাধা বলেছিলেন—প্রিয় বান্ধবী ! রাধা চাতকিনী, বরং জলপান না করে সে পিপাসায় শুন্ধকণ্ঠ হয়ে প্রাণত্যাগ করবে সেও ভাল, তবুও সে ঘনকৃষ্ণ মেঘের অমৃত বর্ষণধারা ব্যতীত অহাকোন জল পান করবে না।

নর্মপ্রসঙ্গে হলেও এ উক্তি রাধার সুমর্যাদার লক্ষণ।

# বিনীতা

গোকুলমধ্যে ঞ্রীরাধা প্রসিদ্ধা। তবুও তাঁর মত বিনীতা নারী দেখা যায় না। 'গুরুজনেরা বারস্থার জ্রভঙ্গি দ্বারা তাঁকে নিষেধ করেন। তবুও তিনি দ্র থেকে ভ্রতাকে দেখে, বিনয়ের সঙ্গে আসন পরিত্যাগ করে তাঁকে অভর্থনা করেন।

বিনয়াদি গুণে মধুররস পরিপুষ্ট হয়। — আনল চল্রিকা। বিদয়মাধ্বে বর্ণিত আছে যে.

কলহান্তরিতা অবস্থায় শ্রীরাধা স্থাকে স্থোধন করে বললেন, হে কুশোদরি! আমি লীলাকলতে মাধ্বকে প্রত্যাখ্যান করে বারবার অপরাধ করি। তবুও স্গোরবে আমি আবার অঙ্গীকৃতা হই। তার প্রধান ও একমাত্র কারণ এই যে, তোমরা আমার প্রতি করুণা বিস্তার করে আমোদ-প্রমোদে আমাকে উৎফুল্ল কর।

প্রীরাধার এই বিনয় সখীদের চিত্তে আনন্দ সঞ্চার করে। ১৯।

### করুণাগুর্ণা

বৃন্দা বললেন, পৌর্ণমাসি! শ্রীরাধার মত করুণাময়ী নারী দেখা যায় না। কাস্তের প্রিয় হ্প্পবতী ধেনুর সভোজাত বংসটির মুথে তৃণাঙ্কুর বিদ্ধ দেখে, তাঁর চোথ অশ্রুসজল হয়ে উঠেছিল। তিনি হু:থে কাতর হয়ে সেই বংসের ক্ষতন্তানগুলিতে কুন্ধুম লেপন করেছিলেন। ২০।

### বিদয়া

কুললতা গার্গীকে বললেন—দেবি! শ্রীমতীর বিদগ্ধগুণের কথা কি আর বলবো! ধাতৃচিত্রে তিনি সকলের গুরুস্থানীয়া, বিবিধ রন্ধন নার্নে অতিকুশলা, বিরচন-স্তচতুরা, চারুচিতা, বাক্পটুতার শ্রেষ্ঠবাগা শ্রীক্ষকেও মৃগ্ধ করেন, মাল্যরচনায় স্থানিপুণা, পাঠে শুকশারার ভায় পটিয়সী। দ্যুতক্রীড়ায় অজিতকেও জয় করেন, বিভায় তীক্ষবৃদ্ধির অধিকারিনী, রতিকলাশালিনী ও সুরসিকা। ২১।

# পাটবায়িতা বা চাতুরশালিনী

यथा विनक्षमाध्य ---

শ্রীকৃষ্ণ মধুমঙ্গলকে বলেছিলেন—রাধা পাটবাছি। বা বিশেষ চতুরা। একদিন গুরুজনদের সম্মুখে যখন তিনি বসে ছিলেন, আমায় দেখেও আমার প্রতি দৃষ্টি নিক্ষেপ করবার কোন সুযোগ তাঁর ছিল না। হঠাৎ তিনি চাতুর্যের সঙ্গে কণ্ঠের মণিহার ছিল্ল করে ফেলেছিলেন এবং ভূপতিত মুক্তাগুলি কুড়িয়ে নেবার ছলে, মুখখানি ফিরিয়ে প্রণয়ভরে মুগ্ধদৃষ্টিতে আমার দিকে চেয়েছিলেন। ২২।

### লাভজা শাঁ**ল** •

শ্রীমতী লজ্জাকে সম্বোধন করে বলেছিলেন—

ব্রজ্বাজনতনয় নির্জনে এসেছেন। তার দর্শন অতি চুর্লভ। তাঁকে দেখবার আকালায় আমার চিত্ত উদ্বেলিত হয়ে উঠেছে। হে লজা, তুমি ক্ষণকালের জন্ম নিবৃত্ত হও, আমি একবার আবরণ উন্মোচন করে অপাক্ষ নিক্ষেপ করি। ২৩।

### অমর্যাদা

স্থমর্যাদা তিন প্রকার। যেমন—স্বাভাবিক, শিষ্টাচারগত এবং স্বক্রিত। ২৪।

### ম্বাভাবিক স্বম্যাদা

তৃষ্ণায় প্রাণ গেলেও, যেমন চাতকী মেঘবারি ভিন্ন অহাবারি পান করতে পারে না, তেমনি শ্রীকৃষ্ণ বিহনে প্রাণ গেলেও শ্রীরাধার পক্ষে অহানাগর কল্পনা করা সন্তব নয়। উত্তমা নায়িকার এই মর্যাদাবোধ স্বাভাবিক। ২৫।

## শিষ্টাচারগত স্থমগ্রাদা

বৃন্দা শ্রীরাধাকে অভিসারের জন্ম অমুরোধ করলে, শ্রীরাধা বলেছিলেন, সথি! ব্রজেশরী আমায় আহ্বান করেছেন। গুরুজনের আজ্ঞা অবহেলা করে, অভিসারে যাওয়া আমার উচিত নয়। ভাতে মঙ্গল হবে না

### ম্বকল্পিত জুম্গাদ্

'আজ শ্রাবণী পূর্ণিয়া। এই পুণ্য তিথিতে মুকুন্দ নিথিলমাধুর্যের উৎসেক বিস্তার করে, শ্রীরাধাকেই কামনা করছেন। আজ সকল কামনা সিদ্ধ হবে। অতএব সথি, তুমি অভিসারে যাও।'

শ্রীকৃষ্ণের প্রেরিত কোন দৃতী রাধাকে এই কথা জানালে, রাধা নিজে না গিয়ে কুমারী চিত্রাকে প্রেরণ করেছিলেন। দৃতী ফিরে এসে শ্রীরাধার সেই স্থচিন্তিত মর্যানাবোধের কথা শ্রীকৃষ্ণকে জানিয়েছিল। শ্রীকৃষ্ণ মুগ্ধ হয়েছিলেন। ২৭।

# ধৈৰ্ঘশান্তিনী

পদ্মার ছলবাক্যে রুষ্ট হয়ে, বিরুদ্ধমনোভাবাপর গৃহস্বামী তর্জন গর্জন করেছিলেন; ননদিনী কুটিলা তার শিক্ষিত বানরের ঘারা

উজ্জ্বদনীলমণি ৪৩

শ্রীমতীর কৃষ্ণ-প্রদত্ত হার অপহরণ করিয়েছিল, শৈব্যা তার ছাগী দারা শ্রীকৃষ্ণের প্রিয় মল্লীলতার (বেলফুলের) পল্লবগুলি খাইয়েছিল। রাধা সে সব দেখেও, থৈর্যের সঙ্গে তৃষ্ণীভাব অবলম্বন করেছিলেন; বিচলিতা হন নি।

### গান্তীর্যশালিনী

রূপমঞ্জরী তাঁর স্থীকে বললেন—স্থি! দেখ, শ্রীরাধার কি আশ্চর্য গান্তীর্য! কলহান্তরিতা অবস্থায় যখন তাঁর মন শান্ত, তখনো বাইরের রূপ দেখে মনে হয় যে, তিনি যেন 'মান' করেই আছেন। গান্তীর্যের জন্ম শ্রীমতীর অন্তরের প্রকৃত অবস্থা তাঁর মুখ দেখে অনুসান করা যায় না। ২৮।

# জ্বিলাসা

শ্রীরাধার কোন স্থী বলেছিলেন—দেখ, শ্রীমতীর চঞ্চল দৃষ্টি কেমন তির্ঘকভাবে নিক্ষিপ্ত হয়েছে ! জলতা উল্লাসভরে নৃত্য করে, কুলপুপ্পের মত শুভ হাসিতে মুখচন্দ্রিমা অতিশয় উজ্জ্ল, গশুর্গে কুগুল দোলে ! বিধুবদনে এমন স্থমধুর বাক্য যে, কর্ম্পর্ সম্বন্ধীয় যাবতীয় সিদ্ধমন্ত্র যেন আভাসে প্রকাশ পায় । বক্ষঃস্থানে মনোরম রত্মহার ! শ্রীমতীর এই অসামান্য রূপ ও বিলাসভরঙ্গে শ্রীকৃষ্ণের জদয় নিংশেষে অপহৃত হয় । ২৯।

# মহাভাবপর্মোংকর্ষত্রিণী

শ্রীরাধার কলহস্তারিতা অবস্থা উপস্থিত দেখে, কোন স্বী শ্রীকৃষ্ণকে বলেছিলেন—

হে মাধব! তোমার অদর্শনে শ্রীমতার নয়নে নেমেছে অবিরল অশ্রুনিঝরি। সে অশ্রুপ্রবাহে যমুনার স্রোত দ্বিগুণ হয়েছে। দেহ যেন চন্দ্রকান্তমণির মত স্বেদসিক্ত হয়ে, পাণ্ড্বর্ণ ধারণ করেছে। অস্ফুটস্বরে বারবার কৃষ্ণনাম উচ্চারণ করে, তাঁর কণ্ঠস্বর অবক্ষ হয়েছে। পুলকশিহরণে কদম্বপুষ্পের মত বরতমু রোমাঞ্চিত হয়েছে। কথনো বা কৃষ্ণপ্রেম-ঝগ্গায় প্রকম্পিত কদলীবৃক্ষের মত ধরাশায়িনী হয়ে পড়েছেন। ৩০।

# গোকুল-প্রেমবস্তি

একদিন প্রাতঃকালে জ্রীরাধাকে দেখে ব্রজেশ্বরী বললেন—

স্থি, বিধাতা কি প্রেমের যাবতীয় উপকরণ একত্র করে ব্যভান্থ নন্দিনীর অঙ্গসমূহ গঠন করেছেন ? কেন না, তাকে দেখলে আমাদের সকলের এবং অক্যান্ত বৃন্দাবনবাসীর মন নিবিড স্থেহরসে আপ্লুত হয়। ৩১।

## জগৎশ্রেশীলসদহাশাং

পৌর্ণমাসী বললেন-

শ্রীমতীর যশোরাশি সারা জগৎ পরিব্যাপ্ত। সে যশংকৌ মূদী যেন ত্রিভূবনের কুবলর সমূহকে উৎফুল্ল করে, ইন্দ্রপত্নী শচীর কর্ণে শোভিত ওই শুল্ল কুন্দপুষ্পোরও বিল্রম জনায়, ত্রহ্মপত্নী সাধিতীকে হর্ধরোমাঞ্চিত করে। তে ভদ্রাঙ্গি! তোমার এই যশশ্চন্দ্রিমাদারা কর্ণভূষণের চন্দ্রকান্তমণি দ্রবীভূত হয় দেখে, বৈকুপ্রাসিনী লক্ষ্মীও যেন চকিতা হয়ে ওঠেন। ৩২।

## গুর্বপিত গুরুদ্ধেহা

শীরাধা গুরুজনের অতিশঃ স্থেহের পাত্রী। যশোদার সম্থ্ একদিন যখন শ্রীমতী লজাবনতমুখী হয়ে দাঁড়িয়েছিলেন, তিনি সম্প্রেহে বলেছিলেন—তুমি তো কীর্তিদার কক্সা নও, আমারই কক্সা। শীক্ষ্টের মুখবমল দর্শন করে আমার নয়ন যেমন তৃপ্ত হয়, তোমার মুখচন্দ্রিমা দেখেও যেন তেমনি পরিতৃপ্ত হচ্ছে। ৩০।

# সহীপ্রণয়াধীনা

শ্রীমতী বলেছিলেন, হে স্থিবৃন্দ! তোমরা গিয়ে ব্রজরাঞ্জনয়কে বল যে—আমি সকল স্থীদের অধীনা, আমায় যেন তিনি রুণা উ**ब्ब**ननी**न व**ि 8¢

বেদনা না দেন। মানিনীদের মন্দির থেকে তাঁকে সরে যেতে বল। নইলে, আশকা আছে। তিনি কি ললিতার পরাক্রম জানেন না! সে দেখলেই যে-কোন ছলে তাঁকে আক্রমণ করবে। ৩৪।

# क्रम्बद्धायायनो गुथा

কৃষ্ণপ্রিয়াগণের মধ্যে শ্রীমতা অতিশয় প্রধানা। তাই মাধব বলেছিলেন—হে থঞ্জন-নয়না, নিরস্তর ঘূর্ণায়মান নয়ন ও নানা অপাক্ষভঙ্গিযুক্তা লালাময়ী সুন্দর-ক্র-বিশিপ্তা নারী অনেকেই আছেন, কিন্তু খরতর রবিকরতাপিত জ্যৈষ্ঠ মাদের আকাশ যেমন তারা পরিরত হলেও চন্দ্রকিরণ ভিন্ন মনকে প্রিশ্ধ করতে পারে না, তেমনি তোমা ব্যতিরেকে ওই অসংখ্য সুন্দরীগন ক্ষণকালের নিমিত্তও আমার মনকে প্রসন্ন করতে পারে না। ৩৫।

#### সন্ততাপ্রবকেশনা

অর্থাৎ কেশব সর্বদা খার আজ্ঞাধান।

শ্রীমতা বলেছিলেন—হে মাধব! তোমার ওই নবপল্লবর্চিত চূড়া তেমন সুকৃষ্ঠ হয় নি। ভ্রমরের অভ্নুক্ত কুরুমদাম ও মধর-পুচ্ছ সংগ্রহ করে নিয়ে এসো, আমি স্বহন্তে তোমাব মোহন-বেশ রচনা করে দিই। শ্রীরাধার কথামত মাধব ত্রাহ্রেই সেইস্ব জিনিস আহরণ করে এনে, বলেছিলেন—বলো প্রিরত্মে, বশ্বদজনের প্রাত আর কি আজ্ঞা?

শ্রীরাধার সবোত্তম যুথমধ্যে আর যে-সব নদ্গুণমণ্ডিত। স্থলরী আছেন, তারাও ছলকলায় সর্বতোভাবে মাধবকে আকষণ করেন। এই সকল সথী পাঁচ প্রকার হয়, যথা—সথী, নিত্যস্থী, প্রাণস্থী, প্রিয়স্থী ও পরমপ্রেষ্ঠস্থী। তল্মধ্যে কুমুমিকা, বিক্ষা ও ধনিষ্ঠা প্রভৃতি স্থারূপে পরিগণিতা। ৩৬।

কন্ত্রিকা ও মণিমঞ্জরিক। প্রভৃতি কয়েকটি গোপীকে নিতাসখী বলা হয়। শশিমুখী, বাসম্ভী, লাসিকা প্রভৃতি প্রাণসখী। এঁরা প্রায়ই জীরাধাস্থরপিনী। কুরঙ্গাক্ষী, সুমধ্যা, মদনাঙ্গসা, কমঙ্গা, মাধুরী, মঞ্জুকেশী, কন্দর্পস্থানরী, মাধবী, মানতী, কামঙ্গতা ও শানিকলা প্রভৃতি প্রিয়স্থীমধ্যে গণ্যা। আর প্রমপ্রেষ্ঠস্থীগণের মধ্যে ললিতা, বিশাখা, চিত্রা, চম্পকলতা, তুঙ্গবিভা, ইন্দুলেখা, রঙ্গদেবী ও সুদেবী—এই আটজন সর্বগুণভূষিতা।

এই ললিতাদি অষ্ট্রসখী রাধাকৃষ্ণ-প্রেমের পরাকাষ্ঠা বশতঃ
কখনো কখনো শ্রীকৃষ্ণের প্রতি অভিশয় প্রীতিমতী হন, কখনো বা
শ্রীরাধার প্রতি অভিশয় প্রীতি প্রকাশ করে থাকেন। খণ্ডিতা
প্রবস্থায় শ্রীরাধা যখন ব্যথিত অন্তরে থাকেন, তখন তাঁরা শ্রীমতীর
প্রতি সমবেদনা জ্ঞাপন করে, মাধবের সম্পর্কে দোষারোপ করেন।
আবার মান অবস্থায়, শ্রীরাধা যখন কৃষ্ণকে অনাদর করেন, তখন
ভারা কৃষ্ণের প্রতি অনুরাগ প্রকাশ করে, শ্রীমতীকে দোষারোপ
করেন। ৩৭।

# नाश्चिका (छम

উল্লিখিত যুথমধ্যে যেমন সখী, নিত্যসখী ও প্রিয়সখী প্রভৃতি নানাবিধ 'সখীগণ' আছেন, তেমনি তাঁদের বিভিন্ন দলের মধ্যে আবার প্রকৃতি এবং বিবিধ গুণের পর্যায়-ইত্যাদিক্রমে নানা গণভেদ (group) আছে। ১।

নাট্য ও শৃঙ্গার রসে পরোঢ়া নায়িকা নিষিদ্ধা। কিন্তু এই নিষেধ শুধু প্রাকৃত বা বাস্তব জীবনের ক্ষেত্রে প্রযোজ্য। গোপীগণের যে প্রেম লোকাচারের অতীত, সে ক্ষেত্রে এই পরকীয়া প্রেম নিন্দনীয় নয়। সেখানে প্রেমের পরকাষ্ঠাই একমাত্র লক্ষণীয় বল্ধ। ২।

মুখ্যমত্দ কবিগণ পরকীয়া রমণী অবাঞ্জি মনে করেছেন। কিন্তু ব্রজ্ঞানের গিণের বিষয়ে তার অভ্যথা হয়েছে, কারণ এই বিশেষ রসের আস্থাদনের জন্ম ভগবান শ্রীকৃষ্ণ নিজে ওই সকল পদ্মলোচনা নারীর অবিভাব করিয়েছিলেন। ৩।

প্রীকৃষ্ণের প্রতি ব্রজদেবীগণের যে অনির্বচনীয় ভাবনিষ্ঠা, সেই ভাবের পরাকাষ্ঠারহস্ত ভক্তজনেরাও সম্যক্ ভাবে হাদয়ক্ষম করছে পারেন নি। এই হুর্গম ভাবরহস্ত একমাত্র বৈকুইলাথ ব্যতীভ অন্তের অধিগম্য নয়। ৪।

গোকুলের যে-সব নারা নন্দনন্দনের প্রতি আরুষ্ট হয়েছিলেন, তাঁদের মধ্যে শ্রীরাধার প্রেমই সর্বাধিক। একদিন পরিহাসচ্ছলে শ্রীকৃষ্ণ চত্তু জ মৃতি ধারণ করেছিলেন। কিন্তু শ্রীরাধার প্রেম আপন শক্তিতে তাঁকে দ্বিভূজ করেছিল। প্রণয়-সহচর স্বাভাবিক মানব মূর্তিতে তিনি ধরা না দিয়ে পারেন নি।৫।

গোপেন্দ্রনন্দনের নারায়ণমূতি লেখে গোপবালাগণ প্রার্থনা করেছিলেন—'ভগবান্, যাতে আমরা গোপিকারমণের দর্শন পাই সেই অমুগ্রহ কর।' তাঁদের কামনা সফল হয় নি। কিন্তু আশ্চর্য! গোপবালাগণ দূরে সরে গেলে, যখনই শ্রীরাধা এসে উপস্থিত হলেন, তাঁর প্রেমের স্থগভার আকর্ষণে শ্রীকৃষ্ণ আর পারলেন না চতুতু জ মৃতি ধারণ করে থাকতে। তাঁকে দ্বিভূজ মৃতি ধারণ করতে হলো। ৬।

### নায়িকার প্রকারতেদ

কবিগণের মতে নায়িকা তিন প্রকার—স্বকীয়া, প্রকীয়া, ও সাধারণী বা সামাস্থা।

## সামান্তা নায়িকা ও রসাভাস

সামান্তা নায়িকার স্বভাব বহুনায়কনিস্ত হয়, সেইজন্ত রস'ভাসের প্রদঙ্গ আসে। রসাভাস বলতে বুঝায় নীচ বা নিমন্তরের
রস অর্থাং যে রস শিষ্টজনের অযোগ্য। কিন্তু সৈরিক্সী বা কৃক্তা
সাধারণী নায়িকা হলেও, অন্ত নায়কের প্রতি তার প্রীতির সঞ্চার
হয় নি। প্রীকৃষ্ণের অক্তে চন্দন লেপন করতে গিয়ে, কুজাব অন্তরে
প্রীতি সঞ্চারিত হয়। সেইজন্ত কৃষ্ণের উত্তরীয় বসন আকর্ষন করে
সে রতি প্রাথনা করে। তাই সামান্তা বা সাধারণী হলেও কুক্তা
পরকায়া নায়িকা রূপে পরিগণিতা। ৭।

সামান্তা নায়িকাকে বেশ্যা বলা চলে। নিগুণ নায়কের প্রতি যেমন তার কোন অনাদর নাই, গুণবান্ নায়কের প্রতিও তেমনি কোন অনুরাগ নাই। সামান্তা নায়িকা শুধুমাত্র বিনিময়ের প্রত্যাশা করে—দ্ব্য বা অর্থ। তাই, এরূপ ক্ষেত্রে শুধু শৃঙ্গারাভাস মাত্র হয়, প্রকৃত শৃঙ্গাররসের পুষ্টি হয় না।

পূর্বে যে স্বকীয়া এবং পরকীয়া—এই ছই প্রকার নায়িকার কথা উল্লিখিত হয়েছে, তাদের প্রত্যেককে আবার তিনটি শ্রেণীতে বিভক্ত করা যায়; যেমন—মুগ্ধা, মধ্যা ও প্রগল্ভা।৮।

কোন-কোন বিদগ্ধজনের মতে, স্বকীয়া নায়িকাদের তিনটি প্রকার ভেদ হয়। কিন্তু পরকায়া নায়িকাদের এই তিনটি শ্রেণী বিভাগ সর্বজন স্বীকৃত নয়। ১। **उ**डेब्ब्रग्नीन्म**ि** 82

কোন-কোন কবি অবশ্য ওই দ্বিবিধ নায়িকারই তিনটি করে প্রকারভেদ স্বীকার করেছেন। ১০।

### মুহ্মণ

নবীন বয়স, অল্পমাত্র কাম, রতিবিষয়ে অনাগ্রহশীলা, সখীদের অলুগতা, রতিচেষ্টায় অভিশয় লজ্জা বোধ করে—অথচ গোপনে প্রেমাম্পদের প্রতি অভান্ত যত্নশীলা. প্রিয়তম অপরাধী হলে, তাঁর প্রতি সজল নয়নে চেয়ে থাকে, প্রিয় বা অপ্রিয় বচন বলতে পারে না, মান বিষয়ে সর্বদাই বিমুখী, কথায়-কথায় রাগ বা অভিমান কবে না। এই প্রকার নায়িকাকে মুগ্ধা নায়িকা বলে।

#### নবব্য়া:

দ্র থেকে অভিসারিকা বিশাখাকে দেখে শ্রীকুফ বলেছিলেন— বিশাখার মধুর যৌবন-বসস্তের আবির্ভাব হলো; তার শৈশব শিশিরের অবসান হয়েছে। তাই লোচনপদ্মে বিকশিত হয়েছে অপরপ সৌন্দর্য! অধরচন্দ্রিমায় লাবণ্যরাশি বিক্ফ্রিভ। ১১।

একদিন পরিহাসচ্চলে খ্যামলা বলেছিল-

শ্রীরাধার তন্ত্বীপ হতে বালারপী অন্ধকার অপস্ত হয়ে, এখন তারুণাতপনের বিজয় আরম্ভ হওয়ার সময় হলো। ওই দেথ, কুষ্ণবর্ণ গগনমগুলে ভাস্করের প্রকাশ! নয়নতারা চঞ্চল হলো, বক্ষেউদয়গিরির শোভা বধিত হয়েছে, বদনকমলে প্রফুল্লতা স্টিত হয়েছে, মৃথাস্কুলে শ্রিতহাসি ফুটে উঠেছে। কাজেই, হে বালা! এ-অঙ্গে এখন আর তোমার স্থান নাই। ১২।

### নবকামা

নান্দীমুখী ধতাকে বলেছিলেন—অয়ি বালা! প্রৌঢ়া আভীর-বধ্গণ ছল করে কৃষ্ণের সঙ্গে তোমার কন্দর্প-উৎসব-রসের কথা প্রস্তাব করলে, তুমি মধুর লজ্জায় অবনতমুখী হয়ে, ছই কানে হাত চাপা দাও; ছল করে, উল্লাসভরে বনমালা গাঁথতে মনোযোগিনী হও। প্রিয়তমে! বলো দেখি, তোমার হৃদয়মধ্যে এ কি নবতম রঙ্গ আবিভূতি হলো ?।১৩।

রতিবামা বা রতিবিষয়ে পরাজুখী

দানঘাটে শ্রীকৃষ্ণ যখন পথ অবরোধ করে ধন্সার গতিরোধ করেছিলেন তখন ধন্সা বলেছিল—

হে শিখিপিঞ্চ্ড়। পথ ছাড়ো, আমি নববালিকা, আমার সঙ্গে এ ধরণের কোতৃক করোনা। ওই দেখ, তোমার আচরণ দেখে, যমুনাতীরে বিচরণশীলা স্থনয়না স্থলরীরা সকলে আঁথি নত করেছেন। ১৪।

শ্রীকৃষ্ণ স্থলকে বলেছিলেন—স্থা! একদিন যমুনাপুলিনে আমায় দেখে শ্রীরাধা পলায়ন-উভতা হয়েছিলেন। আমি গিয়ে তাঁর হাত ধরলে, ঈষং হাস্তসহকারে তিনি অতিশয় চঞ্চলনেত্রা হয়ে পদ্গদকণ্ঠে বলেছিলেন—'গোকুলনাথ, আমার হাত ছাড়ো।' আমি খঞ্জনলোচনার সেই মধুর রতিবামা মৃতি সর্বদাই স্মরণ করি।

### সহীবশা

অভিসারিক। প্রীরাধাকে বাহুপাশে আবদ্ধ করবার জন্ম উৎস্ক হয়ে, প্রীকৃষ্ণ যথন, হস্ত প্রসারিত করেছিলেন, তাঁর কঠিন করদ্বর দেখে ললিতা বলেছিলেন—কোন কুশল ব্যক্তি হস্তীর করাল কবলে কোমল পদ্ময়ণাল সমর্পণ করে ? হে ব্রজরাজ, তোমার কর্কশ হস্তে সুকুমারী রাধাকে আমি অর্পণ করবো না।

### ধন্মার উক্তি---

সখি! এই যে কৃষ্ণের দেওয়া কৃন্দমালা দেখছো, এ-মালা আমি স্বীকার করে নিই নি। তুমি রোষভরে আমার প্রতি অমন বিকট ক্রকৃটি করো না। বিপক্ষ-পক্ষপাতিনী চটুলা বৃন্দা আমার বসন-পেটিকায় এ মালা ছুঁড়ে দিয়েছে। আমি কি করবো, বলো ? এতে আমার কোন অপরাধ নাই।

### সত্ৰীড়ৰ্**তি-প্ৰয**ত্না

কুঞাকি নিকটে আদি পদ তুইচারি নাগর মিলন আদে, কিল্লতি অক বল কেরি ফিরল ধৈরেয় লাজবিলাসে। স্থাগিণ দাধি সেজপের নেওল নাগর আদি কাক কোর। রাধা মাধ্য কুঞ্জতান মাৰো হুঁছ রহু আননদভোর॥

রতিবিষয়ে আগ্রহশীলা, কিন্তু লজ্জা এসে বাধা দেয়। এই ব্রীডারতপ্রয়া মধুরা নায়িকার প্রণয়ে মুগ্ধ হয়ে প্রীকৃঞ্চ সুবলকে বলেছিলেন—সথে, সেই হরিণাক্ষী শ্রামলার লজ্জাজড়িত রতিপ্রয়াস আমার চিত্ত হরণ করেছে। ১৫।

## রোষ-রুতবাপমেনা

হে কদম্বনভূজক ! তুমি অদক্ষিণ। তোমার অপরাধ সপ্রমাণ হয়েছে, তাই প্রিয়সখী রোষবশে বাস্পর্মোনা হয়ে আছেন। তিনি তোমার সঙ্গে আর কথা বলবেন না। বসনে মুখ ঢেকে তিনি কাদছেন; তাঁকে কাদতে দাও। আর বিভৃষিত করো না।

মাধব মানদ চঞ্চল তোর। তোহে নাহি বাণী কবহ স্থী মোর॥ না কর বিজ্ঞান ছাড় অভিসাবে। রোদন করু ধনী মুথঝাঁপি পাসে॥

মানে বিমুখী

মানেতে বিমুখ হয় ছুইত প্রকার। কেই নাহি সহে মান, কেই মুদ্ধী আর॥

### মূদ্রী

মৃদ্বী বা মৃহস্বভাবা নায়িকা প্রিয়তমের প্রতি অভিমানিনী হলেও নিষ্ঠুর হতে পারেন না। কঠিন বাক্য উচ্চারণ করতে গিয়ে তাঁর বিহ্বা মিষ্টবাক্যই বলে; ক্রক্টি করতে গিয়ে, নয়ন মৃধ-দৃষ্টিতেই চেম্নে থাকে। দৃরে সরে যেতে গেলে, চরণ ওঠে না। ১৬।

#### অক্ষমা

কোন এক কৃষ্ণবল্লভা আক্ষেপ করে বললেন--

উঃ! পদ্মলোচনা আভীরললনাগণ কি সাহসিকা! কেশবের প্রতি তারা ক্ষণকালের জ্বন্যুত্ত মান করতে পারে! কি আশ্চর্য! 'মান' এই অক্ষর হুটি যদি একবার আমার কর্ণে প্রবেশ করে, আমার অস্তরাত্মা কেঁপে ওঠে! মান করতে আমি অক্ষমা।

#### মধ্যা

যে নায়িকার লজ্জা ও রতিলিপ্সা ছ-ই সমান, অথচ তারুণ্য-শালিনী ও কিঞ্চিৎ প্রগল্ভবচনা; যতক্ষণ মুচ্ছিতা না হয়, ততক্ষণ পর্যন্ত হুরত-সম্ভোগে সক্ষমা এবং মানবিষয়ে কখনো খুব মূছ, কখনো বা কঠিন, তাকেই মধ্যা বলে।

### সমানলজ্জামদনা

শ্রীকৃষ্ণ যখন সতৃষ্ণ নেত্রপদ্ম নিক্ষেপ করেন, রাধ। ঈষং হাস্ত সংবরণ করে বদন অবনত করেন; আবার শ্রীকৃষ্ণ অন্তদিকে দৃষ্টি-নিক্ষেপ করলে, শ্রীরাধা প্রীতনয়নে কৃষ্ণের দিকে চেয়ে থাকেন। এইভাবে সর্নিজনয়না শ্রীমতী তাঁর নায়কের আনন্দ বর্ধন করেন। এখানে নায়িকার এই আচরণে মান, লজ্জা ও মদন-লিম্পার সমন্বয় ঘটে।

# **ध**रिताखाङ भाषानि

শ্রীমতীর প্রতি কুঞ্চের উক্তি-

তোমার ক্রভঙ্গি মীনধ্বজ্ঞ কামদেবের ধনুকেও পরাজিত করে, তোমার উরুযুগলের সৌন্দর্য কদলীবৃক্ষের শোভাকেও মলিন করে, তোমার কুচযুগ যেন রূপের চকা-চকী। হে তরুণি-মণি-চ্ডামণি, বর-উরু-বিশিষ্টা বরাঙ্গনা। সকল স্থানরীর শিরোমণি তুমি। ১৭।

# িকিঞিং প্রগল্ভবচন। বা প্রত্যুংপল্লমতি বর্তী উভানে শ্রীকৃষকে দেখে, গুরুজনসলিহিতা শ্রীমতীর

গৃহসমীপবর্তী উন্থানে শ্রীকৃষ্ণকে দেখে, গুরুজনসন্নিহিতা শ্রীমতীর সংকেতোক্তি—

ও হে কৃষ্ণভ্রমর! মুখপদ্মের মধুপানে তৃষ্ণার্ড হয়ে কেন পতি-সেবার বিল্ল ঘটাচ্ছো? যদি তৃষ্ণায় অধীর হয়ে থাকো, পাণ্ড্রর্ণ পুলাগকুঞ্জে গিয়ে অসংখ্য পুষ্পোর মধুপান করো। ১৮।

#### মোহান্ত-জ্রতক্ষমা

শ্মিদ্ল নিবিডি পুরিল সেব অংক! তৈখন বিরিম্ল নয়ন তরেক। বিগলিতে চিকুর, বাভ নহে বশ। রতি শারনে ধনি হোগাল অংলস॥

রতিশ্রমে রাধার অঙ্গপ্রত্যঙ্গ স্বেদসিক্ত, নয়নদ্বয় নিমীলিত, কেশপাশ আলুলায়িত ও বাত্লতা বিবশ হয়েছিল। তব্ও তাঁর মনে আনন্দের পূর্ণতা সঞ্চারিত হয় নি। সেই মোহাস্ত-সুরতক্ষমা নায়িকা শ্রীরাধার রতিশয়নের কথা শ্রীকৃষ্ণ বিশ্বত হতে পারেন না। সেই রতিক্রিষ্টা অথচ সঙ্গলিপ্লাত্রা রাধার মূর্তি স্ব্দাই তাঁর মনে পড়ে।১৯।

### মানে কোমলা

ভোৱে লুকাইতে কিছু নাহি মোর তুমি সে আমার প্রাণ। নাগরের সনে অনেক ষতনে রাখিতে নারিব মান॥ এস এস যাঞ কালিন্দীর কুলে কুঞ্জগতন মাঝে। কুস্কম আনিতে ছলেতে যাইঞা ভেটিগা নাগর বা**লে**॥

মানবশে নায়িকা শ্রীকৃষ্ণের প্রতি বিমুখ হয়ে থাকতে পারলেন না। তাই দয়িত-সন্দর্শনের আকান্থায় অধীর হয়ে, পুস্পচয়নের ছলে যমুনাতীরে যাবার জন্ম অধীর হয়ে উঠলেন।

### ঘানে ককশা

# হে কঠিনে!

মিছাই মান করি অংক মলিন ভেল কাশে কোপহ মঝু বচনে। নাগর কাতর পতিত অব অকুলে ফিরি চাহ চঞাল নয়নে॥ মানময়ী নায়িকা তিন প্রকার। যথা—ধীরা, অধীরা এবং ধীরাধীরা। তাদের আবার মধ্যাগৌণাদি প্রকারভেদ আছে।

যে অভিমানিনী নায়িক। অপরাধী প্রিয়কে উপহাসের সঙ্গে বজোক্তি করে, তাকে ধীরা বলা হয় ! ২০।

ধীর-মধ্যা

যথা—শ্রীকৃষ্ণের প্রতি খণ্ডিতা রাধা:

লাগল অঞ্জন যাবক রঙ্গ । অব তুঁহু নীললোহিত ভেল অঙ্গ ॥ সমুচিত চন্দক ধাবনি দেহে। ইহ এক অঞ্চিত লাগল মোহে॥

চন্দ্রাবালীর কুঞ্জে নিশিযাপন করে, প্রভাতে যখন ঞীকৃষ্ণ রাধার সম্মুখে এসে দাঁড়ালেন, শ্রীমতী সবিস্থায়ে দেখলেন যে—তাঁর অঙ্গে কজ্জলচিহ্ন, তামূলরাগ, দ্রবীভূত অলক্তরেখা ও নথক্ষত অঙ্কিত। অভিমানিনী রাধা রাঢ় আচরণ করলেন না, শুধু পরিহাসের সঙ্গে বক্রোক্তি করে বললেন—আহা। এ যে দেখছি নীললোহিত রুদ্র-মুর্তি। স্বামিন। উৎকৃষ্ট বেশ হয়েছে। কিন্তু হে পশুপতি, দেহার্থে ভোমার দ্য়িতা রুদ্রাণীকে বহন করে আনলে না কেন গ

'নিয়ানের কাজর বয়ানে লেগেছে, কালর উপরে কাল। প্রভাতে উঠিয়া ওম্থ দেখিছ দিন যাবে আজ ভাল॥' 'অধ্রের ভাস্ল অধ্রে লেগেছে ঘুমে চুল্টুলু আঁথি! আমা পানে চাও, ফিরিয়া দাঁডাও, নয়ন ভরিয়া দেখি॥' 'সিন্দুরের দাগ আছে সর্কাগায়, মোরা হলে মরি লাজে।'

—চঞ্জীদাস

## অধীরমধ্যা

যে নায়িকা রোষপরবশ হয়ে নিচুরবাক্য-প্রয়োগে দয়িতকে
প্রত্যোখ্যান করে, তাকে অধীরা বা অধীরমধ্যা নায়িকা বলে। ২১।
যথা—'ওহে কংসারি! তুমি আর মিথ্যা কথার ঝংকার তুলে
ঘণীধ্বনি করো না। ধূর্ত আভীরবধ্রা তোমায় বুদ্দিভ্রষ্ট করেছে।
াদের উচ্চকুচ্যুগের সহচর মণিহার তোমার গলায় দোহলামান।
রক্ষনী-বিলাসের আর কি প্রমাণ প্রয়োজন! যাও, এস্থান তোমার
উপযুক্ত নয়।'

### ধীরাধীরমধ্যা

যে অভিমামিনী নায়িক। অশ্রুবিমোচন করে প্রিয়ত্তমের প্রতি বক্রোক্তি করে, তাকে ধীরাধীরমধ্যা বলা হয়। ২২।

শ্রীরাধার উক্তি-

ওহে গোপেন্দ্রনন্দন! যাও যাও, এখানে থেকে আর আমায় কাদিও না। তৃমি যদি এখানে অধিকক্ষণ থাকো, তাহলে তোমার হৃদয়াধিষ্ঠাত্রী দেবী রুষ্ট হবেন। তোমার শিরোভূষণ মাল্যের দ্বারা তার চরণপদ্মের অলক্তক-রাগ অপহৃত হয়েছে, সেই মাল্যদারা আজ তাঁর চরণপদ্ম আবার বিভূষিত করো।

মধ্যা নায়িকা সকল রসেরই উৎকর্ধ-ক্ষেত্র ও উপযুক্ত। কেন না, মধ্যা নায়িকার চরিত্রে মৃগ্ধা এবং প্রগল্ভা—এই তুইটিরই সংমিশ্রণ আছে। ২৩।

মধ্যাত্ব ও ধীরাধীরাত্ব—এই তুই-ই ঞীরাধার স্বাভাবিক ধর্ম।
কেউ কেউ বলেন—তিনটিই শ্রীরাধার স্বাভাবিক ধর্ম। মানের
তারতম্য বশতঃ এক-এক সময় এক-একটি ভাব প্রকাশ পায়।
যথা—

याहि भाषत, याहि त्कनत, भा तम देक खनतामः।

—গীতগোবিন্দ।

এথানে শ্রীমতীর অধীরা ভাব অধিক প্রকাশিত : য়ছে।

### প্রগল্ভা

পূর্ণযৌবনা, মদাস্ধা, বিপরীত রতি-সম্ভোগে উৎস্ক, বিবিধ ভাবোদ্গমে অভিজ্ঞা, প্রেমাত্মক রসের দারা বল্লভকে আক্রমণ করে, প্রোঢ়া নায়িকার মত পটিয়সা, বচনকুশলা, প্রেমকোশলে অতিশয় যত্মবতী, কিন্তু মানবিষয়ে শত্যন্ত কঠিনা—এই শ্রেণীর নায়িকাকে প্রগল্ভা বলে। ২৪। তন্মধ্যে—

### (ক) পূর্ণতারুণ্যা

স্থানৰ্গ জিতল করিবর কুস্থা। গুৰুতর উক্যুগ জিতল রস্থা॥ কটিডট জিতল নদীডট শোডা। লোচন করই সফরী জয়লোডা॥ এ চন্দ্রাবলী ডাকুণিম রলে। আভ্রণ বিনহি ঝলক সব অলে॥

অতএব হে চন্দ্রাবলি! অঙ্গে অঙ্গে তোমার পূর্ণ তারুণাের অমৃত সম্পদ সমধিক উৎসারিত হয়ে উঠেছে।

### (খ) মদারু।

কুঞ্গবিশাসের কথা জিজেস করলে, চন্দ্রাবলী তাঁর স্থাকে বলেছিলেন—গৌরি! রতিকুঞ্জ হতে স্থার। সকলে চলে গেলে, অচ্যুত আমায় শ্যায় শায়িত করে, রিরংসা পরবশ হয়ে এমন দীর্ঘ দৃষ্টি নিক্ষেপ করেছিলেন যে, নিমেষে আমি আদ্মবিশ্বত হয়েছিলাম; উত্তাল প্রমোদলহরী মুহূর্তে আমাকে অভিভূত করেছিল। তারপর স্থোনে যে কি ঘটেছিল, তা আমি জানি না। ২৫।

### (গ) উরুরতোৎমুকা

যে রতিক্রীড়ায় অতিশয় উৎস্ক হয়ে, নায়িকা কথনো কথনো নায়কের ভাব ধারণ করে; কথনো বা নায়কের মনে উদ্গত হয় নায়িকাভাব; যাতে নায়িকার করদ্বয় হতে বলয় ভ্রন্ত হয়, এবং উভয়েরই গাত্রে নথক্ষত চিহ্নিত হয়; রতিরণে ময়রপুচ্ছ ও অঙ্গাভরণ স্থালিত হয়; সথি! আমার মন সেই অনঙ্গ-ক্রীড়ারই অরেষণ করছে।

### (ঘ) ভুরিভাবোদগম-অভিডঃ

প্রেমাস্পদকে নেখে নায়িকার চিত্তে যথন একসকে বিবিধ ভাবের উদ্গম হয়, তথন তাকে ভূরিভাবোদগম-মভিজ্ঞ। বলে।

শ্রামলার প্রতি বকুলমালার উক্তি।—হে নমিতাঙ্গি! তোমার অপাঙ্গের শৃঙ্গল যে শিথিল হয়েছে! ঈষং বক্র ভ্রনতা বিক্ষারিত; বদনে অভিলাষযুক্ত হাস্তকলিকা; তন্ন রোমাঞ্চিত। বীণাবিনিন্দিত **উ**ष्ण्यनभीनभि

কণ্ঠস্বর! ভ্রমরগুঞ্জিত কুঞ্জে বহুক্ষণ যাবং বিরাজ করছো। কারণ কি ? আমার আশকা হয়, সয়ি বন্ধুর-গাত্রি! তুমি ক্লফ্ছরিণকে আকর্ষণ করতে চাও।২৭।

#### (ঙ) রসাক্রান্তবল্লভা

অপরপ কুস্থম আনহ ইহ গহনে। বনফুল কর মরু অঙ্গকি ভূষণে॥
মাধব তুত্ব ধি মানসি বচনে। আনি কুস্ম কুরু ভূষণ রচনে॥
হাম তুরা প্রেয়দী গোকুল নগরে। ইহ যণ ঘোষিবে কামিনী নিকরে॥

এখানে নায়িকা নায়ককে আদেশ করছেন যে, রম্য কানন থেকে স্থানর স্থানর পূষ্প চয়ন করে এনে, তুমি আমায় সুসজ্জিতা করো। আমার প্রতি তোমার ভালবাসা দেখে, গোকুলের স্থানরীরা বিস্মিত হোক। এই উদাহরণে রমাক্রান্তবল্লভা, সন্তভাশ্রবকেশবা ও স্বাধীনভত্কা—এই ত্রিবিধ নায়িকাকেই বঝায়।

নায়ক যদি সর্বদা নায়িকার নির্দেশানুষায়ী চলতে আগ্রহাণিত হন, তাহলে সেই নায়িকাকে 'সম্ভতাশ্রবকেশবা' বলে। নায়িকা যদি সব সময়ই নায়ককে নিজের আজান্তবর্তী করে রাথতে আগ্রহাণিতা হন, তাহলে সেই নায়িকাকে 'রদাক্রান্ত-বল্লভা' বলে। আর স্থান-কাল-অবস্থাবিশেষে নায়ক যদি নিজেই কোন নায়িকার নির্দেশানুবতী হন, তাহলে সেই নায়িকাকে 'স্বাধীনভত্ কা' বলে। অর্থাৎ নায়িকাই সেথানে স্বাধীনা। ২৮।

# চ৷ অতিপ্রোটোক্তি

প্রোঢ়। অভিভাবিকার স্থায় নায়িকা যে ভীতি প্রদর্শন করেন এবং নায়কের প্রতি শাসনবাক্য প্রয়োগ করেন, তাকেই বলে অতি-প্রৌঢ়োক্তি।

শ্রীকৃষ্ণ এসে শ্রামলার গৃহকোণে লুকিয়ে অংজন দেখে, সে অত্যন্ত প্রীতমনা হয়েছে। তবুও বলে—

> ধীরে ধীরে আসি গৃহকোণে বসি অঙ্গ ঢাকিয়া তৃণে। বিনয় করিয়া কি আর কহিছ, কে তোমার কথা ভনে।

কোথা গেল আজি সে বৰ চাত্রি। সেদিন ষমুমা ভীরে ভালা ভরী পাঞা গোপীগণ লঞা যে হথ দিয়াছ মোরে॥ বৃথা আর মিনতি কেন? সেদিন তুমি ভীতচিত্তা আভীরবধ্দের জীর্ণ তরীতে তুলে, ইতস্তত চালনা করে, বিজ্ঞাস্থত করেছিলে। ভোমার সেই চাতুরি আজ কোথায় ?

# (ছ) অতিপ্রোত্-চেন্টা

চন্দ্রাবলীর সমক্ষে পদা এসে উপস্থিত হলে, শ্রীকৃষ্ণ পদাকে বলেছিলেন—

পদ্মা, আজ অনকোংসবে তোমার এই স্থার উচ্চ-কুচোপরি অবস্থিত মুক্তাহার যেন নৃত্য কর্তিল। সেই হারের মধ্যস্থিত মণিটি চঞ্চল হয়ে, আমার বক্ষস্থিত কৌপ্তভ্রমণিকে বারবার প্রহার করেছে।

এই ধরণের প্রচেষ্টাকে অতিকুশল প্রচেষ্টাও বলা চলে। এখানে এক প্রিয়তমা নায়িকার সমক্ষে অন্ত-এক প্রিয়তমা নায়িকার প্রতি এই উক্তি! অভিজ্ঞ প্রেমিক নায়কের পক্ষে অতিকুশল প্রচেষ্টা। এই উক্তির মুখ্য উদ্দেশ্য—চন্দ্রাবলীকে পদ্মার সন্মুখে লজ্জা দেওয়া, এবং পদ্মার অন্তরে সম্ভোগলিপ্সা জাগিয়ে ভোলা। এতে নায়িকার মনে প্রণয়-প্রতিদ্বন্থিতাও সঞ্চারিত হয়।

(জ) মানে অত্যন্ত-কৰ্কশা

উদ্ধবদন্দেশে শ্রামলার প্রতি বকুলমালার উক্তি—
তুরা প্রির মালতী ধরণীপর লুটই ধারহি নাগর কান।
স্থীগণ কোই, কোই নিশি বঞ্চল, তভ্ নাহি চোডলি মান।

ভোমার প্রিয় মালতীলতা অনাদরে ভূলুন্ঠিতা ও মানপুষ্পা। পদানাভ প্রীক্ষণ ভোমার দারে বিমনা হয়ে থেলোক্তি করছেন। ভোমার চোখেও রাত্রে ঘুম নাই। অকারণ নিজে ব্যর্থরাত্রি যাপন করে, সখীদের কাঁলাচ্ছো। ভোমার এই মানের নবমাধুর্য ভো কিছু দেখি না। ২৯। মান হৈতে প্রগল্ভা হয় ভিন প্রকার। পূর্বমত জানিবে ধীরাদি ভেদ তার॥ ৩০॥

মান অবস্থায় প্রগল্ভা নায়িকাও তিন প্রকার হয়—ধীর প্রগল্ভা, ধীরাধীরপ্রগল্ভা এবং অধীরপ্রগল্ভা।

## *ধীর*প্রগল্ভা

ধীরপ্রগল্ভা মানিনী নায়িক। সুরতসম্ভোগে উলাসীনা হন। আদরাথিতা হলেও, তিনি প্রেমাত্মক আকার-ইঙ্গিত সংগোপন করে চলেন, এবং নায়কের অন্ধুরোধ এড়িয়ে যাবার চেষ্টা করেন।

ভাষা মানিনী হলে, শ্রীকৃষ্ণ তাঁকে সম্বোধন করে বলেছিলেন— ভাষে! আজ তামুল আফাদন কর নি কেন ?

বিনয়ের সঙ্গে ভজ। বলেছিলেন—গোকুলনাথ, আমার এখনো দেবী-অচনা হয় নি।

শ্রীকৃষ্ণ বলেছিলেন—প্রিয়তমে ! আমি মালা গেঁথে এনেছি, তুমি পরো।

ভদ্রা বলেছিলেন—কৃষ্ণ। তোমার শিল্প-পরিচয় পেয়ে আমার গৃহপতি পরিতাপযুক্ত হন। অতএব তোমার গাঁথা এই মালা আমি অঙ্গীকার করতে পারি না।

শ্রীকৃষ্ণ পুনরায় বললেন—কিছুক্ষণ স্থির হয়ে ভূনি আমার কথা শোন।

ভদ্রা বললেন—ব্রজেশ্বরী আমায় আহ্বান করেছেন। আমায় এখনই যেতে হবে। তোমার কথা শুনবার অব্কাশ আমার এখন নাই।

এই প্রকার বিনয়ের দারা ভজা তাঁর মানকেই প্রমাণিত করেছিলেন। প্রগল্ভা হলেও, তাঁর ধৈয়চ্যুতি ঘটে নি।৩১।

শ্রীকৃষ্ণের প্রতি পালীর উক্তি।

এ বনমাল কঠে নাহি ধারও ওরত-নিয়ম হয় নাশ। দ্বিজ্ঞান কঠিন মৌন মুঝে দেওল তহিলাগি বচন নিরাশ॥ গুরুজন পুনপুন মুঝে কত ডাকই তুহু লাগি করলু পয়াণ। ঐছন চাতুরী বচন গুনি মাধ্ব ব্ঝল তাকর মান॥

এ বনমালা কণ্ঠে ধারণ করলে, আমার ব্রতের কঠিন নিয়ম
নষ্ট হবে। ব্রাহ্মণেরা আমায় কঠিন মৌনব্রত অবলম্বন করতে
বলেছেন, তাই কথা বলা নিষেধ। হে মধুভাষি! তোমার সামিধ্য
পরিত্যাগ করতে কার ইচ্ছা করে! খলম্বভাবা শাশুড়ী আমায়
এক্ষ্ণি ডেকেছেন। তাই আর আমি নির্বিদ্নে অপেক্ষা করতে
পারলাম না।৩২।

চন্দ্রাবলীর প্রতি শ্রীকৃষ্ণ-

যৰ হাম কুচতটে দেয়ত হাত। করে নাহি ঠেললি না কহলি বাত॥ পুন পুন চুম্বনে মুখ রহু ধীর। নিবিড় আলিমনে তত্ত্ব রহু থির॥ কিয়ে চল্রাবলী মানতকে। ঐচন নাহি দেখি মানকি রস॥

এখানেও নায়িকার নিক্রিয়তা এবং মৌন মান ধীর-প্রগল্ভতা ( silent arrogance ) সূচক।

# অধীর প্রগল্ভা

যে কান্তা ক্রোঞ্জরে নায়ককে নিষ্ঠুরভাবে তাড়না ও তিরস্কার করেন, তাঁকে অধীর-প্রগল্ভা বলে।

মনোবেদনায় অধীরা হয়ে গৌরী বলেছিলেন— হে কংসারি!
আমরা মুগ্ধা নারী, তাই তোমার উচিত প্রতিবিধান করতে জানি
না। প্রিয়স্থী শ্যামলার চরণ বন্দনা করি; সে প্রকৃত নীতি জানে,
তাই মধুকরগুঞ্জিত মল্লিকাদামে তোমার কণ্ঠদেশ বন্ধন করে, সে
উপযুক্ত তির্হ্বার করেছিল এবং কর্ণোৎপল্বারা বার্বার তোমায়
প্রহার করেছিল।

উত্তমা স্ত্রী অপরাধী কান্তের প্রতি অভিমানিনী হয়ে, মন ও বাক্যের দ্বারা তাঁকে আঘাত করতে পারে। কিন্তু তাঁর অঙ্গে আঘাত করতে পারে না। তবুও উদাহরণ দিয়ে দে ব্ঝিয়ে দেয় যে, দেই শাস্তি ধারা দিয়ে থাকেন, তাঁরা নমস্যা।

# ধীরাধীর-প্রগল্ভা

ধীরাধীরা নায়িকার যে সকল গুণ থাকে, ধীরাধীর-প্রগল্ভা নায়িকারও সেই সকল গুণ বিভাষান থাকে। ৩৩।

মঙ্গলা শ্রীকৃষ্ণকে বলেছিল—আমার চিত্তে ক্রোধের গন্ধও নাই। ব্রত উপলক্ষ্যে আমি মৌন অবলম্বন করেছি। তবুও প্রীতি বশতঃ তোমায় বলছি যে, নিজেকে নিরপরাধ প্রমাণ করবার চেষ্টা পরিত্যাগ করে, শীঘ্র পলায়ন করো। সখীরা তোমায় মাল্যরজ্ঞ্জ্ব দিয়ে বেধে রাখতে চায়; শেষে আপন প্রিয়তমাকে আর দেখতে পাবে না। ৩৪।

মাধ্ব যখন অপরাধী হয়ে মঙ্গলার ভাতি আরম্ভ করেছিলেন, মঙ্গলা ভালতা কুঞ্চিত করে কর্ণভূষণ পদ্মটি হাতে নিয়েছিল। সেই পদ্ম দিয়ে তাঁকে সে প্রহার করে নি, তবে 'এখানে কেন, যাও যাও' বলে মুখ ফিরিয়ে প্রত্যাখ্যনে করেছিল।

এই 'যাও যাও' বলা পর্যন্ত নায়িকার অধীর ভা প্রকাশ পায়। কিন্তু মুখ ফিরিয়ে নেওয়াটুকু তার ধীর ভাবই প্রতিপন্ন করে। ৩৫।

# কোষ্ঠা ও কণিষ্ঠা

কিশোরীদের আকৃতি ও প্রকৃতির ভিতর একটা প্রগল্ভ চঞ্চলতা থাকে, কিন্তু একটু বয়স বাড়লেই কারো কারো প্রগল্ভত। প্রকাশ পায়।

নায়িকাগণের জ্যেষ্ঠা ও কনিষ্ঠা ভেদে মধ্যা এবং প্রগল্ভা— এই ছুই প্রকারভেদ হয়। যেমন, জ্যেষ্ঠা-মধ্যা ও কনিষ্ঠা-মধ্যা এবং-জ্যেষ্ঠা-প্রগল্ভা ও কনিষ্ঠা-প্রগল্ভা। নায়কের দিক থেকে প্রণয়ের আধিক্য ও অল্পতা হেতৃ নায়িকাগণের ভিতর ওই প্রকার জ্যেষ্ঠা ও কনিষ্ঠা ভেদ হয়। যার প্রতি নায়কের প্রীতি বেশী—সে জ্যেষ্ঠা, এবং যার প্রতি তার চেয়েও কম প্রীতি, সে কনিষ্ঠা। ৩৬।

> 'মধ্যা প্রগল্ভা হয় তুইত প্রকার। কেহ কুফপ্রেমে জ্যেষ্ঠা, কনিষ্ঠা কেহ আর॥'

> > মধ্যার জ্যোষ্ঠা ও কনিষ্ঠা-ভেদ

वृन्ता (नवी नान्तीपूर्वीतक वनतन-

দেখ, বুঞ্জগৃহে লীলা ও তারা ছজনে মুখোমুখি ঘুমিয়ে আছে। ছজনেই কৃষ্ণের প্রিয় নায়িকা। তবুও ঞ্রীকৃষ্ণ লীলার নয়ন-পল্লবে পুষ্পারেণু ছড়িয়ে দিয়ে, তার ঘুম ভাঙ্গাবার চেষ্টা করছেন; আর শীতল তালবৃস্থের ব্যজনী দিয়ে বাতাস করে, তারার নিদ্রাকে গভীরতর করবার চেষ্টা করছেন।

লীলা ও তারা—হজনেই কৃষ্ণপ্রিয়া। কিন্তু লীলার প্রতি প্রণয়ের আতিশয় হেতু শ্রীকৃষ্ণ তারার নিজাকে গাঢ়তর করে, লীলার ঘুম ভাঙ্গিয়ে তার সঙ্গে অবাধ সন্তোগলীলায় রত হতে চান। হঙ্কনেই জেগে উঠলে, সেই সন্তোগের স্থযোগ বিদ্নিত হবে। তাই, যে অধিকপ্রিয়া তার নির্দ্রা ভঙ্গ করে, শ্রীকৃষ্ণ অহা নায়িকার নিজা গভীরতর করবার চেষ্টা করলেন। এখানে লীলা জ্যেষ্ঠামধ্যা ও ভারা কনিষ্ঠামধ্যা নায়িকা রূপে পরিগণিতা। ৩৭।

প্রগল্ভা জ্যেষ্ঠা ও কনিষ্ঠা

পৌর্ণমাসীর প্রতি বৃন্দার উক্তি—

দেবি ! গৌরী ও শ্রামলা হজনে কৌতুকচ্ছলে পাশা-খেলায় বসেছিল। উভয়েরই পণ এই যে, পাশা খেলায় যে পরাজিত হবে, সে তিনদিন কৃষ্ণের সঙ্গলাভে বঞ্চিত হবে। খেলা আরম্ভ হতেই কৃষ্ণ এসে মধ্যস্থ হলেন। শ্রীকৃষ্ণের ভঙ্গি দেখে, তাঁর মনোভাব নির্ণয় করা কঠিন। তিনি ইসারায় গৌরীকে অক্ষচালনার উপদেশ দিতে লাগলেন। গৌরীর জয়লাভ আসর হয়ে উঠলো। কিন্তু অক্ষচালনায় ঞীকৃষ্ণের নৈপুণ্য এত অসামাস্থ যে, শেষের কয়েকটি সংকেতে গৌরীর পরাজয় ঘটলো। গ্রামলা হলো সেই খেলায় বিভয়িনী।

হজনেই কৃষ্পপ্রিয়া। তবু একজনকে অক্ষচালনার উপদেশ দিয়ে থুসী করলেন, অন্তকে সুখী করলেন বিজয়িনী করে। বাহতঃ গৌরীকে সমর্থন করলেও, বস্তুতঃ প্রেমতাৎপর্যে এখানে শ্রামলা হলো জ্যেষ্ঠা, গৌরী হলো কনিষ্ঠা। অবশ্য এই ছুইটি প্রকার-ভেদ বিশেষ জিলেখ্যোগ্য নয়। ৩৮।

### প্রথদেশবিধ নাশ্বিকা

#### কদ্যার প্রকারভেদ

কন্তা সর্বলাই মুগ্ধা হয়, তার কোন অবস্থান্তর নাই। কিন্তু প্রেই মুগ্ধাকে স্বীয়া ও পরোঢ়া এই ছই শ্রেণীতে ভাগ করা যায়। মুগ্ধা, মধ্যা এবং প্রগল্ভা—এই তিনটি আবার স্বীয়া ও পরোঢ়া ভেদে ছয় প্রকার হয়। মধ্যা ও প্রগল্ভা ধীরাদি তিনটি শ্রেণীভেদে ছয় প্রকার হয়। তা ছাড়া, কন্তা, স্বীয়া ও পারোঢ়া ভেদে মুগ্ধা তিন প্রকার। পর্যায়ক্রমে নায়িকার মোট সংখ্যা পঞ্চদশ। কন্তা-মুগ্ধা এক, এবং স্বীয়া ও পরোঢ়া উভয়েই সাতটি বিভিন্ন পর্যায়ে বিভক্ত হয়ে মোট, চতুদশ। যথা—

### স্থীয়া

### পরেগ্রা

भूको, धीतमध्या, खधीतमध्या, भूको, धीतमध्या, खधीतमध्या, व्यवः धीताधीतमध्या, धीतळागुल्छा, धीताधीतमध्या, धीतळागल्छा, क्राम्कः खधीतळाग्ल्छा, धीताधीत व्यधीतळाग्ल्छा धीताधीत, ळाग्ल्छा

নায়িকার অর্চাবয়া

জাভিদারিকা বাসকসজ্জা আর উৎকণ্ঠিতা, খণ্ডিতা, বিপ্রালমা ও কলহাস্তরিতা, প্রোষিতভর্তৃকা আর স্বাধীনভর্তৃকা। এই অষ্ট অবস্থাতে রহয়ে নায়িকা॥

### অভিসারিকা

বে নায়িকা প্রেমাস্পদ্কে অভিসার করায়, অথবা নিজে অভিসার করে, তাকে অভিসারিকা বলে। অভিসারিকা নায়িকা জ্যোৎসা বা অন্ধকার রাত্রে শুক্ল বা কৃষ্ণ বর্ণের বসনে অঙ্গ আবৃত **উच्चन**नी**न**मि ७९

করে অভিসারে যায়। শুরুপক্ষে শুত্রবাসপরিহিতা নায়িকাকে বলে জ্যোৎস্লাভিসারিকা আর কৃষ্ণপক্ষে কৃষ্ণবসনে আবৃতা অভিসারিকাকে বলে তমোহভিসারিকা। লজ্জায় অঙ্গে অঙ্গ আবৃত করে, অবগুঠিতা নায়িকা নিঃশব্দে প্রিয়তমের নিকটে যায়; সঙ্গে থাকে স্লিগ্ধা একটি স্থী। ৩৯।

### অভিসারয়িত্রী

অর্থাৎ কাস্তকে যে অভিসার করায়।

শ্রীরাধা বিশাখাকে বললেন—স্থি! তুমি সত্তর কৃষ্ণের নিকটে যাও। তিনি যেন আমার মনের সস্তোগ-লিক্ষা জানতে না পারেন। তুমি সম্প্রেই-কৌশলে এমন ভাবে প্রার্থনা ক'রো যাতে আমার প্রতি শ্রীতিমান্ হয়ে তিনি নিজে অভিদার করেন। কৃষ্ণা চতুর্থীর অন্ধকার রাত্রি, আমার প্রাণহরণকারী চাঁদ পূর্বাকাশ চুম্বন করবার পূর্বেই যেন তিনি এসে মিলিত হন। ৪০।

### জ্যোৎস্থায় স্বয়মভিসারিকা

বিশাখা শ্রীরাধাকে বললেন—সুন্দরি! চন্দ্র আজ বৃন্দারণ্যে নিবিড় জ্যোৎসারাশি ছড়িয়েছে। তাই দেখে, ব্রজরাজনন্দন উত্থান-বীথিকা পানে চেয়ে আছেন। তুমি চন্দনচর্চিতা হয়ে, শুল্প পরিচালনা করে, কেন সেই পথে তোমার চরণারবিন্দ পরিচালনা করছোনা!

### তমো≥ভিসারিকা

স্থি! পুণ্যবভীরা তিমির-কৃষ্ণ বসনে অঙ্গ আবৃত করে কদম্ব বনে চলেছে কৃষ্ণ-অভিসারে। কিন্তু হায়! তুমি যে নিজেই নিজের বৈরী হয়েছ। তোমার অঞ্জের বিগ্রাং-বর্ণহ্যতি নীলবসনে ঢাকা পড়েনা। এই তামসী নিশার ঘন অন্ধকার ভেদ করে, সে বর্ণছেটা আত্মপ্রকাশ করছে। ৪১।

#### বাসক সজ্জা\*

কান্তের আগমন প্রতীক্ষায়, তাঁর অভিলাষ অমুসারে কুঞ্জভবনে থেকে, নিজদেহ ও বাসগৃহ স্থসজ্জিত করে রাখা, হলো বাসকসজ্জা। আর এইভাবে যে নায়িকা স্মরক্রীড়া-সংকল্প করে প্রিয়তমের পথপানে চেয়ে থাকে, এবং সখীদের সঙ্গে মধুর আলাপনে রত হয়, ও মুহুর্মূহুঃ দৃতীর পানে চায়, সেই নায়িকাকে বলে বাসকস্জ্জিকা। যথা—

শ্রীমতীকে দেখে রূপমঞ্জরীর উক্তি-

মাদন কুঞাপার বৈঠিল ফুন্দারী নাগর মিলব আশে।
নবনব কিসলার দেজ বিছাওল কুফ্মনিকর চারুপাশে॥
ফুন্দারী সাজাল বাসক সাজা।
প্রেম জালারিজিল নিগমন ভাবই আওব নাগর রাজ॥
কত কত আভিরণ নেওল আজহি বদনে ফ্ধাসম হাস।
দেখে দৃতী নাগর কতদ্ব আয়ত ঘন কহে ঐছন ভাষ॥

স্থার । ওই দেখ, জ্রীরাধা রতিক্রীড়ার যোগ্য কুঞ্জগৃহ, পুপণশব্যার উজ্জ্ব কচি, এবং অলঙ্কারভূষিত নিজদেহ সন্দর্শন করে, হাস্থ করছেন। বার বার তিনি চিন্তা করছেন, কি প্রকারে সঙ্গমবিধির সমৃদ্ধিসাধন করবেন। বাসকসজ্জিকা জ্রীমতী আজ মদনমদে উন্মত্তা হয়ে আছেন। ৪২।

### উংকাঠিতা

ে বহুক্ষণ যাবং প্রিয়তম না এলে, বিরুহে যে নায়িকার চিত্ত অত্যন্ত উংস্ক হয় এবং সেইজন্ম তার হৃদয়ের উত্তাপ বৃদ্ধি পায়, অঙ্গ বেপথুমান হয়, সে অকারণ বিতর্ক করে, চোথের জল মোছে ও আপনার অবস্থা অন্তকে বলতে চায়, সেই নায়িকাকে বলে উৎক্ষিতা। ৪৩।

উচ্চলনী লমণি ৬

যথা—চন্দ্রবলী পদ্মাকে বললেন, স্থি! ব্রক্তেন্দ্রন্দন কি আজ শ্রীরাধার কটাক্ষ বাণে বিদ্ধ হলেন! না অস্বর্গণের সঙ্গে যুদ্ধ বাধলো? আমি যে কিছুই অমুমান করতে পারছি না। আজ কৃষ্ণান্তমী, ওই দেখ. পূর্ব গগনে নিশানাথ উলিত স্যোছে। কিন্তু প্রাণনাথ যে এখনো আমায় স্মরণ করলেন না! কারণ কি ?। ৪৪।

বাসকসজ্জা অবস্থায় দয়িতের সঙ্গে মিলন না হলে, নায়িকার অন্তরে মান বা অভিমান সঞ্চারিত হয়। তারপর সেই মানের বিরতি হলেও, যদি নায়কের পারতন্ত্র্য বা পরাধীনতার জন্ম পূর্ণ মিলনের পথে বাধার সৃষ্টি হয়, তখন জাগে 'উৎকণ্ঠা'।

নাগর গমনে পড়ল বুঝি বাধা। নিজগুণে বাদ্ধি রাখল বুঝি রাধা। কি এ বক্ষমগুলে আবিল জুনারী, তা সনে সক্ষম কর্ষে মুরারি॥ দেখ শশী হোওল এ আধি রাতি। গহনক ঘেরল হিমকর ভাতি॥ বিরুদ্ধ বেদনে অব মুঝু প্রাণ ধায়। অবহি না আবিল নাগর রাষ্॥

#### হান্ত্র

সময় পার হয়ে গেলেও নায়কের দর্শন মেলে না। কিন্তু সেই নায়ক অন্ত নায়িকার সঙ্গে রাত্রিযাপন করে, সন্তোগ-চিহ্ন অঙ্গে ধারণ করে, যদি পরদিন প্রভাতে এসে উপস্থিত হন. তাহলে প্রেয়সীর থণ্ডিতা অবস্থা হয়। এই অবস্থায় নায়িক। রোষ, দীর্ঘনিশ্বাস ও তৃষ্ণীভাবাদি সঞ্চারিত হয়। ৪৫।

যথা কৃষ্ণের অবস্থা দর্শনে বকুলমালার প্রতি শ্রামলা—
যাবক রলে রলায়লি নিজ্ঞার ভূজে রহ কৃষণ চিগ।
কুচতট-কুষ্ণুম-রঞ্জিত-হৃদিতট বন্দুলমাল মলিন ॥
ঘূর্ণিত-লোচন বঙ্গণতিনন্দন আওল নিশি পরভাতে।
শ্যমলার বদনে রহল তব মুনিগুণ রওল কৃত্তুণ চিতে॥

্রত নায়িকার সঙ্গে রতিসম্ভোগের িক্ দয়িতের অঙ্গে দেখে, স্থুমুখীর মুখ নীরব হলো, কিন্তু অন্তর দগ্ধ হলো রুদ্ধায়ে। ৪৬।

<sup>\*</sup> উৎক্ষিতা অষ্টবিধ—উন্মন্তা, বিৰুলা, ন্তনা, চকিতা, অচেন্তনা, সুখোৎকণ্ঠিনা, প্ৰগল্ভা ফু শিৰ্মা ।

পীতাম্বরের রসমঞ্জরী মতে খণ্ডিত। বিবিধ রকমের। যথা—ধীরা, অধীরা, সমা, বিদক্ষিকা, নিন্দয়া, ক্রোধ-প্রগল্ভা, মধ্যা, মুঝা, রোদিতা, প্রেমমন্তা ইত্যাদি।

#### বিপ্রলক্ষা

সংকেত করা সত্ত্বেও যদি নিদিষ্টস্থানে প্রাণনাথ না আসেন, তা হলে যে নায়িকার অন্তর অত্যন্ত বেদনার্ত হয়, মনীষিগণ তাকেই বিপ্রালকা বলেন। এ অবস্থায় বৈরাগ্য (নির্বেদ), চিন্তা, খেদ, অঞ্চ, মুচ্ছা ও দীর্ঘনিশাস প্রভৃতি লক্ষণ প্রকাশ পায়।

যথা, বিশাখার প্রতি শ্রীমতী—

চান্দ উদয় ভেল অধ্ব মাঝ। অবহু না আওল নাগ্রাজ ॥
সোবর নাগর বঞ্চল মোচে। কোন যুবতী রদে বান্ধল ভাচে॥
বিরহ দহনে অব মঝু প্রাণ যায়। কি করব স্থি, কহু না উপায়॥
এই বলৈ মুগাকী রাধা তৎক্ষণাৎ মূছিতা হয়ে পড়লেন। ৪৭।

#### কলহাস্তরিতা

'যা স্থীনাং পুরঃ পাৰণভিতং বল্লভং ক্যা নিব্লা পশ্চাত্তপতি কলহাস্তরিতা হি সা॥'

স্থীদের সমক্ষে পাদপতিত বল্লভকে রোষভরে প্রত্যাখ্যান করে, পরে যে নায়িকা পরিতাপ করে, তাকে কলহাস্তরিতা বলে।

প্রলাপ, সন্থাপ, গ্লানি ও ধন ধন দীর্ঘনিশ্বাস ত্যাগ প্রভৃতি কলহান্তরিতা নায়িকার প্রয়াস বা লক্ষণ। কলহান্তরিতার বিবরণ অষ্টবিধ। যথা—আগ্রহাণ্ডিতা, ধীরা, বিকলা, অধীরা, কোপবভী, স্থ্যুক্তিকা, সমাদরা ও মুগ্ধা।

যথা, জ্রীমতী স্বাদের বললেন-

করিয়া আদর সে বর নাগর আনি দিল মোরে মালা। মানের ভরমে দ্রেতে ফেলিফু করিয়া পরম হেলা॥

<sup>\*</sup> বিশ্রক্ষা অইবিধ হর—নির্কিষা, প্রেমমন্তা, কেশা, বিদীতা, নিন্দরা, প্রধরা, দৃত্যা দরী ও চর্চিতা। —রসমঞ্জরী।

উ**জ্জ্বনীলম**ণি ৬৯

কৃষ্ণ নিচ্ছে পুষ্পমাল্য এনে আমায় উপহার দিয়েছিলেন। কিন্তু আমি অবজ্ঞাভরে সে মালা দূরে ছুঁড়ে ফেলে দিয়েছি। তিনি মধুর বচনে আমায় তুই করতে চেয়েছিলেন, কিন্তু আমি তাঁর কথায় কর্ণপাত করি নি। তিনি আমার চরণোপান্তে শিথিচূড়া বিলুটিত করেছিলেন, কিন্তু আমি একবারও দৃক্পাত করি নি। তাই আজ আমার অন্তর পুটপাকের ভিতরে গলিত ধাতুর মত ফুটছে । ৪৮।

# প্রোষিতভত্⁄কা

কান্ত দূরদেশে গেলে যে নায়িকা বিধুরা হয়ে পথ চেয়ে থাকে, তাকে প্রোষিতভর্তকা বলে।

প্রিয়তমের গুণকীর্ত্তন, আপন অন্তরের দীনতা, দেহের কৃশতা, রাত্রি-জাগরণ, শ্লানচিকে অবস্থান, জড়তা, চিন্তামগ্রতা প্রভৃতি প্রোষিতভূত কা নায়িকার অবস্থা।

প্রোষিতভত্ কা তিন পর্যায়ের হতে পারে। যেমন—ভাবী (পতি প্রবাসে যাবেন), ভবন (প্রবাসে যাচ্ছেন), আর ভূত পতি বিদেশে গিয়েছেন)। এই তিন ক্ষেত্রেই নায়িকার দশ অবস্থা হতে পারে। নিপ্রয়োজনবোধে, তার পৃথক্ পৃথক্ উদাহরণ দেওয়া হলো না। ভাবী, ভবন ও ভূত এই তিন অবস্থা সেই বিরহ সঞ্জাত হয়।

যথা (উজ্জলে ) ললিতার প্রতি শ্রীমতীর উক্তি-

সখি! মধ্রিপু স্বচ্ছন্দে বিলাসপরতন্ত্র হয়ে মথুরায় বাস করতে লাগলেন। এখন আমি কি উপায় করি, বল! আমি যে আর বসস্তের সস্তাপ সহা করতে পারছি না; আমায় সকল দিক দিয়ে পদেপদে যাতনা দিচ্ছে। জানি হুরাশা। তব্ও মনে হয়, যদি তিনি আসেন! তাই মরণের সঙ্কল্ল করেও আমি মরতে পারি না। এ অবস্থায় আমি কার আশ্রেয় গ্রহণ করি, বল ?

ভারুদত্তের রসমঞ্জরীতে 'প্রোক্তংপতিকা' নামে নবম নায়িকার ুউল্লেখ আছে। যার পতি অচিরে প্রবাসে যাবেন, তারও মিনতি- কাতর দৃষ্টি, খেদ, দার্ঘশ্বাস এবং মূর্চ্ছা ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়। ডবে এগুলি ভাবী বিরহেরই অন্তর্গত।

# দ্বাধীনততু কা

দয়িত যার অধীন হয়ে সর্বদাই আয়ত্তে থাকেন, সে নায়িকাকে বলে স্বাধীনভত্ কা। সলিলে এবং অরণ্যে, নায়ক প্রিয়তমার সঙ্গে নানা ক্রীড়া করেন ও বিবিধ পুষ্পা চয়ন করে তার অঙ্গভূষণ রচনা করেন। ৪৯।

यथा ( উজ্জল ) পৌর্ণমাসী বৃন্দাকে বললেন-

শ্রীমভীর প্রেমাধীন হয়ে, কেশিদমন তার পীন-কুচৰুগে অন্তপম প্রান্ধ্র স্থাপন করছেন, ছটি কর্ণে মধুপচিত্তলোভা নালপদ্ম পরিয়ে দিয়ে, লীলাভরে ধশ্মিল (ঝুঁটি) বা কবরীতে শুভ্র কমল সংস্থাপন করছেন এবং অবাধ রতিসম্ভোগে রত হচ্ছেন।

যথা বা-শ্রীমতী কৃষ্ণকে আদেশ করলেন:

'রচয় কুচয়োঃ পত্রং চিত্রং

…পদে কুফ নুপুরাবিভি।'

—গীতগোবিন্দ

শ্রীরাধার আজ্ঞায় শ্রীকৃষ্ণ তাঁর কুচদ্বয়ে কস্ত্রীপত্র, জঘনে কাঞ্চি, কবরীতে পুস্পমাল্য, কর্যুগে বলয় ও চরণে নৃপুর পরিয়ে দিলেন।

### মাধবী

প্রেমবশ হয়ে দয়িত যদি কোন নায়িকাকে ক্ষণকালের জন্মও পরিত্যাগ করতে না পারেন, তাহলে সেই স্বাধীনভত্ কা নায়িকাকে 'মাধবী' বলা হয়।

## হৃষ্টা ও খিলা

অষ্টবিধ নায়িকার মধ্যে স্বাধীনভত্কা, বাসকসজ্জিকা ও অভিসারিকা—এই তিন প্রকার নায়িকা সতত হাইচিতা ও ভূষণাদি

স্থানীন ভত্কি। লক্ষণানুধারী অষ্টবিধা। বধা—কোপনা, মালিনী, মধ্যা, মুগ্ধা, উল্লেকা, উল্লাসা, অনুকুলা ও অভিবেকা। রসমঞ্জী: পীভাষর

মণ্ডিতা হয়; এরা হাজী নায়িকা। আর বিপ্রলন্ধা, খণ্ডিতা, উৎকণ্ঠিতা, প্রোষিতভর্তু কা ও কলহান্তরিতা—এই পাঁচপ্রকার খিন্ধা নায়িকার অঙ্গ ভূষণশূণ্য হয়। তারা বামগণ্ডে হাত দিয়ে, ফ্লানমুখে বসে থাকে ও খেদ করে। তাদের অন্তর চিন্তা সন্তও হয়। ৫০।

## উত্তমা, মধ্যমা ও কনিষ্ঠা

ব্রজেন্দ্রনের প্রেমের তারতম্য অনুযায়ী পূর্বোক্ত নায়িকাদের তিন শ্রেণীতে বিভক্ত করা হয়। যেমন—উত্তমা, মধ্যমা ও কনিষ্ঠা। উত্তমা প্রভৃতি নায়িকাদের মধ্যে শ্রীকৃষ্ণের প্রতি যার যেমন ভাব, সেই নায়িকার প্রতি শ্রীকৃষ্ণেরও তেমনি প্রীতি।

#### উত্তমা

#### যথা---

শ্রীকৃষ্ণ স্বলকে বললেন, আমার প্রতি শ্রীরাধার কি আশ্চর্য শ্রীতি! যদি কণকালের জন্মও আমার স্থবিধান করতে নিজের সর্বস্ব বিসর্জন দিতে হয়, তাও সে করে। আমি যদি খেদের কারণ হই, তবুও তার অন্তরে দ্বেষ জন্মায় না। যদি তার সামনে কেই ছল করেও আমার কিঞ্ছিৎ-মাত্র পীড়ার কথা বলে, তার হৃদয় বিদীর্ণ হতে থাকে। এইসব গুণের জন্মই শ্রীরাধা স্থান্ট গণের মধ্যে শীর্ষ স্থানীয়া হয়ে আছে। ৫১।

#### মধ্যমা

ত্রপনেয় মান যার অন্তরে অত্যন্ত প্রবল হয়, এবং দয়িতের আর্তি সত্ত্তে যে দূরে সরে যায়, সে মধ্যমা নায়িক।। যথা—

রঙ্গ নামি যুথেশ্বরীর প্রতি তার স্থীর উক্তিঃ

রক্ষে! মান ভরে তোমার অক্ষপ্রতাক্ষ তরক্ষায়িত হচ্ছে; কৃষ্ণের হৃদয় পীড়িত জ্বেনেও, তুমি চলে যাচ্ছে ? ছুই মানকেই তুমি এত সন্মান দিচ্ছে ? কি আশ্চর্য! এই কি বরাক্ষনার অমুরাপ চিহ্ন! এ তো অমুরাগের মুলা নয়। ৫২।

## ক্ৰিষ্ঠ1

অভিসার-মন্থরা কোন গোপাঙ্গনার প্রতি বৃন্দার উক্তি—

কি গো, গোপাঙ্গনা! পূর্বে যথন অভিসারের জন্ম প্রস্তুত হতে, তথন কামনা করতে ঘনবর্ষণ; যাতে পথে লোক চলাচল বন্ধ হয়। বর্ষা দেখে তুষ্ট হতে। আর এখন আকাশে একট্থানি মেঘ দেখলেই জ্ঞা কর, কুঞ্জের পথে যেতে পরাঘুখী হও। কেন! এ-তো ভোমার প্রেমের লক্ষণ নয়।৫৩।

মিলন বিষয়ে এই মন্থরতা দারা নায়িকার কৃষ্ণ-প্রীতির অল্পড়া স্চিত হয়। তাই এই শ্রেণীর নায়িকাকে 'কনিষ্ঠা' বলে। উদাহরণ:—

ষবহি বরিষ নহে তবহি কহলি তুঁত্ বরিষে উচিত অভিদার।
ঘন বরিষণে জন বাহির ন হোয়ই অব তাহে ঘন আদ্ধিয়ার॥
অবহি জ্বলদ্ঘন আদ্ধিয়ার ধামিনী বরিষণ দরশন দেল।
ক্রুত অভিদার ছোডি ধনী কুতুকিনী কাহে তুঁত্ মন্থর ভেল॥

### নায়িকার প্রকারতেদ

পূর্বে যে পঞ্চদশ্বিধ নায়িকার কথা বর্ণিত হয়েছে, তারা আবার প্রত্যেকে অভিসারাদি আটটি অবস্থা ভেদে, মোট একশো কুড়িটি শ্রেণীতে বিভক্ত হতে পারে। এই সব নায়িকা আবার উত্তমা, মধ্যমা ও কনিষ্ঠা ভেদে, মোট তিন-শো ষাট রকম হয়। ৫৪।

### শ্রীরাধা

নিখিল নায়কের যাবতীয় অবস্থা বা গুণ যেমন মাধবে বিভামান, তেমনি শ্রীরাধাতেও কনিষ্ঠা নায়িকা ব্যতীত অভাভ সকল প্রকার নায়িকার সর্ববিধ অবস্থাই বিভামান। সেই জভাই শ্রীরাধা নিখিল নায়িকাগণের মধ্যে সর্বশ্রেষ্ঠা নায়িকারূপে পরিগণিতা এবং শ্রীকৃষ্ণের যোগ্যতমা লীলাসলিনী।

# य्राथश्वजी (डम

## যুথ সখী

সদ্গুণযুক্তা ও ফুল্বরজ্বিশিষ্টা যে-সব বরনারী রাধার দলভূক্তা ও অনুগামিনী, যারা রূপে ও গুণ-গরিমার বিজ্ঞার দারা জীক্ষকে সর্বোতোভাবে আকর্ষণ করেন, তাঁরাই জীরাধার যুথস্থী। এই যুথস্থীদের পাঁচটি জ্রেণীতে বিভক্ত করা যায়। যথা—স্থী, নিভ্যান্থী, প্রাণস্থী, প্রিয়স্থী ও প্রমপ্রেষ্ঠস্থী।

কুম্মিকা, বিদ্ধা এবং ধনিষ্ঠা প্রভৃতি স্থী মধ্যে পরিগণিতা।
উল্লিখিত যুথেশ্বরীদের বিশেষ বর্ণনা পূর্বে দেওয়া হলেও,
পুনরায় ভাদের স্ফলাদি ব্যবহার—মর্থাৎ তটক্, বিপক্ষ ও স্বপক্ষ
ভেদ স্পৃষ্টরূপে বর্ণিত হলো। >।

যুথেশ্বরীদের সোভাগ্যাদি ক্রমে, অর্থাৎ নায়কের প্রেম ও রূপগুণ ইত্যাদির আধিক্য, সাম্য এবং লঘুতা অনুযায়ী, অধিকা, সমা ও লঘ্নী—এই তিনটি প্রকার-ভেদ হয়। ২।

তা ছাড়া, প্রত্যেকের প্রশ্বরা, মধ্যা ও মৃদ্বী—এই তিনটি স্তরভেদ আছে। তার মধ্যে যে নায়িকা প্রগল্ভ বাক্য বলে, বা দস্ভোক্তি করে, এবং যার বাক্য কেউ খণ্ডন করতে পারে না, তাকে প্রথরা বলে। বাক্য ও আচরণে সমতাযুক্তা হলে মধ্যা, এবং তার চেয়ে মৃত্ব বা কম হলে মুদ্বী বলে সে নায়িকাকে অভিহিত করা হয়।

### অধিকা

অধিকা দ্বিবিধ—আত্যস্তিকী ও আপেক্ষিকী। ৩। সর্বতোভাবে যার সমান বা যার চেয়ে অধিক আর কেউ নাই, তাকে আত্যস্তিকী অধিকা বা আত্যস্তিকাধিকা বলে। ৪।

কৃষ্ণপ্রিয়াগণেয় মধ্যে একমাত্র শ্রীরাধাই আত্যন্তিকী-অধিকা এবং ভিনিই মধ্যা; কারণ, ব্রঞ্জে তাঁর সদৃশ বা সমকক্ষ অন্তকোন গোপাঙ্গনা নাই। তাই নায়িকাগণের মধ্যে শ্রীরাধাই সর্বশ্রেষ্ঠা এবং প্রধানা। ৫।

ভদ্রা চটুলা, পালী প্রফুল্লা, বিমলা শালীনতা রক্ষা করতে পারে না, শ্যামলা অহন্ধার প্রকাশ করে, চন্দ্রাবলী শির উন্নত করে চলে। কিন্তু কতক্ষণ ? যতক্ষণ কর্ণে রাধা নামের মন্ত্রটি প্রবেশ না করে। শ্রীরাধার নাম উচ্চারিত হলে, সক্লেই অধোবদন হয়। ৬।

## উদাহরণ---

ভদ্রা তদৰ্ধি হরি সনে কহতহি চঞ্চল বাত। পালী তদৰ্ধি কত রস বিতরই বিমলা দোলই হাত॥ খামা তদৰ্ধি গর্ব করি চলতহি চন্দ্রাবলী করু সাধা। বদৰ্ধি কেশব শ্রুতি নাহি পৈঠল অমৃত আখর রাধা॥

যূথেশরীগণের মধ্যে তুলনামূলকভাবে যে নায়িকা অন্ততমার চেয়ে অধিকা হয়, তাকে আপোক্ষকী অধিকা বলে। ৭।

#### অধিক প্রথরা

কোন এক যথেশরী অন্থ যথেশরীকে বলেছিলেন—সুন্দরি!
ভই দেখ, পর্বত হতে কৃষ্ণভূজ্জরাজ এগিয়ে আসছেন। তুমি মন্ত্র
জানো না, ভীক্ত স্থীদের নিয়ে পালাও। আমি বেদেনী, ভোগী
রমণীবন্দের বৃন্দাটবীতে ঘুরে বেড়াই; সাপের চিকিৎসা ভাল জানি।
ভূজ্জে বশীকরণের মন্ত্রপ্রয়োগেও আমার বিলক্ষণ পট্তা আছে।
হে কামিনি! আমি মন্ত্রনারা ওই কৃষ্ণভূজ্জেকে বশীভূত করেছি।
আমার সে কি করবে ?

এখানে যূথেশ্বরী নায়িকা তাঁর সোভাগ্যের আধিক্য প্রকাশ করতে গিয়ে, হহু ৎ বা অধিক প্রথবা হয়ে উঠেছেন। ৮।

### অধিক মধ্যা

কোন এক য্থেশ্বরী অন্য একজনকে বললেন—আমি তোমায় চিনতে পেরেছি। আত্মগোপনের চেষ্টায় অত পট্তা দেখিয়ে আর **उद्ध**ननीन्मि १९

কি হবে ? হে ধূর্তে ! পূর্ণিমার সন্ধ্যায়, আমি গোপীদের নিয়ে জোর করে, আমার গৃহে ভোমার পরিজনসহ ভোমায় অবরুদ্ধ করে রাখবো। কুঞ্জরাজ শ্রীকৃষ্ণ ভোমার পথপানে চেয়ে, প্রহর গণনা করে, রাত্রি জাগরণ অভ্যাস করুন।

এই উক্তি দ্বারা অপরা নায়িকার সোভাগ্যের আধিক্য প্রকাশ পায়। কিন্তু আকার-ইঙ্গিত গোপনের প্রচেষ্টা সংকোচের স্ফুনাকরে। সেই হেতু এখানে প্রথরতার অভাব পরিলক্ষিত হয়। পটুতার কথা উল্লিখিত হওয়ায়, মৃত্তেরও অভাব ঘটে। সেই জ্ল্যু এখানে নায়িকার 'মধ্যায়' প্রতিপ্রন্ন হচ্ছে। আর যে যথেশ্বরী রোষবশে অন্ত নায়িকাকে তাঁর গৃহে পরিজনবর্গসহ ধরে রাখবেন বলছেন, নায়কের উপর তাঁর প্রাধান্ত এবং সৌভাগ্য—এই ছটিরই অভাব ঘটছে এবং অন্ত নায়িকার প্রতি প্রণয়বিদ্বেষ ( Jealousy ) প্রকাশ পাচ্ছে। সেই হেতু ইনি 'ল্ল্মু'ও ছত্ত্বি।

## অধিক মূদ্রী

কোন এক যুথেশবী তাঁর স্থীকে বললেন—

প্রিয়সখি! দ্র থেকে আমায় দেয়ে, মুথ নালকরে সঙ্গীদের নিয়ে পালিয়ে যাচ্ছ কেন ? তুমি তো আমারও প্রেমপাত্রী; অমন গোপনে চলে যেও না। তুমি তোমার কবরীতে ওই যে ফুলের মালা জড়িয়েছ, সে তো আমারই গাঁথা। আমি কৃষ্ণের সঙ্গে পাশা থেলায় ওই মালা পণ রেখেছিলাম। তিনি আমায় জয় করে, ওই মালা পেয়েছিলেন এবং তাই তোমায় দিয়েছেন। আমার কলা-কৌশল তো ভোমার পরিচিত।

অঙ্গ সংগোপন করে যে ন'য়িকা চলে যেতে চান, তিনি সৌভাগ্যবতী এবং 'অধিক মৃদ্বী'। যিনি তাঁকে সম্বোধন করে অঙ্গ-সংগোপনের কথা বললেন, তিনি 'লঘুমধ্যা' স্কুছং।

## সমাত্রিকা বা সমা

ছই অধিকা এবং ছই লঘুর মধ্যে পারস্পরিক সমতা আছে। তাই তাদের সমাত্রিকা বা সমা বলা হয়। ৯।

#### সমপ্রথরা

কৃষ্ণের উভানে পুষ্পচয়নরতা এক গোপাঙ্গনাকে দেখে, কোন যৃথেশ্বরী বলেছিলেন—যদিও তোমার পাশে অন্ত কোন সখী নাই, তবুও ভয় কি ? হুংকম্প পরিত্যাগ কর। কৃষ্ণ তোমার কি করবেন ? প্রিয়স্থি! আমি অভি চতুরা, ভোমার পথের সামনে হুস্তর বাছ্দ্র প্রসারিত করে দাড়িয়ে আছি। এই বাহুন্দী সম্ভর্মনা করে, কৃষ্ণ ভোমার সমীপবর্তী হতে পারবেন না। ১০।

এখানে যুথেশারীর উক্তি থেকে স্পষ্টই প্রতীয়মান হয় যে, উভয় সখীর মধ্যে একটা সাম্য বা সমাত্রিক ভাব আছে। যিনি কথাগুলি বললেন, তিনি সমা এবং প্রথরা স্থন্থ।

#### সমমধ্যা

ত্ই সথীর মধ্যে উক্তি ও প্রত্যুক্তি—

প্রথমা— অয়ি লোলে! আমায় স্পর্শ করো না। তোমার ললাটে ধাত্তৈারিক রঙ লেগে আছে। অভএব তুমি অস্পৃশ্যা, কুষ্ণকে তুকি উচ্ছিটা।

দ্বিতীয়া—তুমিও তো ভূজস্বনণী, অভিসাব করেছিলে। তাই ভোমায় দূর থেকে বর্জন করলাম।

প্রথমা—হে সভুক্তা, তুমি যে স্বয়ং কুহকপ্রিয়া (কামরূপী নাগের প্রেয়সী)। নিজের দোষ না দেখে, কেন বাঁকা কথা বলছো ! ওই দেখ, তোমার অঙ্গ থেকে কাঁচুলি খুলে পড়েছে; কাম-সর্পিণীর খোলস ছেড়েছে। তোমায় ধিক্!

প্রথমার সৌভাগ্য অমুমিত ; বিতীয়ার অঙ্গে ভোগচিহ্ন স্থুস্পষ্ট হওয়ায়, তার অধিক সৌভাগ্য পরিলক্ষিত হচ্ছে। এরা কেউ প্রথরা उच्चननीनम् ११

নয়, নিতান্ত মুত্বভাবা বা মৃদ্বীও নয়। কাজেই এই ত্ই নায়িকা 'সমমধ্যা' ১১।

## সময়ন্ত্ৰী

তারা যখন মান করেছিল, তখন ঞ্জীকৃষ্ণ তার প্রিয়বান্ধবী লীলাবতীকে পাঠিয়েছিলেন মানভঞ্জনের জন্ম।

তারা বলেছিল—কল্যাণি, আমি ধর্মের নামে শপথ করে বলছি, তুমি আমার প্রাণসমা। আমি বলছি, তুমি মান পরিত্যাগ করো। আমি জানি যে, আমার কথা তুমি প্রত্যোখ্যান করতে পারবে না। তবে কৃতাঞ্জালপূর্বক আমি একটি প্রার্থনা তোমার কাছে করছি । তুমি তোমার বল্লভকে এমন শিক্ষা দাও যে, তিনি যেন জীবনে আর কোনো সরলার প্রতি ছলনা না করেন।

মানভঞ্জনের জন্ম কৃষ্ণ লীলাবতীকে তারার নিকট পাঠিছিলেন, এতে তারার সৌভাগ্যাধিকা স্চিত হচ্ছে। আর—আপন কাস্তকে শিক্ষা দাও, এই উক্তিদ্বারা লীলাবতীরও সৌভাগ্যের আতিশ্যা প্রকাশিত হলো। কিন্তু চরিত্রগত লক্ষণে তারার 'মৃত্তা', এবং কৃষ্ণকৈ শাসন করবার কথা উল্লেখ করায়, লালাবতীর কিছুটা 'প্রথরতা' প্রকাশ পায়। তবে চরিত্রগতভাবে উভয়েই 'সমন্দী'। ১২।

## সমলম্বী

কোন প্রথরা স্থীর স্থীর উক্তি—

সুন্দরি! গুরুজনের মর্যাদা রক্ষা না করে, তুমি সন্ধ্যাবেলায় প্রকাশ্যভাবে বনের পথে চলেছ। তোমার কি ভয় নাই ?

উত্তরে অভিসারিণী বললেন—কঠিনে, এত বিভীষিকার আড়স্বর করছো কেন? যদি ইচ্ছা হয়, বান্ধবীদের পাঠিয়ে যেমন করে পার আমার খাশুড়ীর মন বিগড়ে দাও। তাতে আমার কোন ক্ষতি নাই। গুরুজনেরা আমায় প্রদোষ কালে বনে গিয়ে শিবা- ভোজন করাবার আজ্ঞা করেছেন। তাই স্থীর সঙ্গে যমুনার তীরে যাচ্ছি: তুমি অস্থ কোন আশকা করো না।

এই উক্তিতে সোভাগ্যসূচক কোন বিষয়ের উল্লেখ না থাকায় উভয়েরই লঘুত্বের সমতা প্রকাশ পাচ্ছে

# সত্মত্ত্ৰিক

আপেক্ষিক ও আত্যস্তিক ভেদে লঘু ছ প্রকার। আপেক্ষিকী লঘু ও আতঃস্তিকী লঘু।

## আপেক্ষিকী সঘু

যদি যুপেশ্রীদের মধ্যে তুলনায় একজনের চেয়ে অহাজনের লঘুতা কম হয়, তা হলে তাকে আণেক্ষিকী লঘু বলে।

## লঘু প্রখরা

কোন মানিনী যুথেখরী তার বান্ধবীকে বলেছিল—

প্রিয়সখি! তুমি মিথ্যা গুণকীর্তন করে, রন্দাবনতক্ষর শ্রীকৃষ্ণের প্রতি আমার আকর্ষণ বৃদ্ধি করে সস্তোষ লাভ করেছিলে। কিন্তু এখন যে তুমি নিজেই তটন্তা হয়ে উঠেছ। হে চটুলে! সেই বনচোর জোর করে আমার লজ্জা ও ধৈর্য সম্পদ হরণ করে নিয়ে, আত্মসাৎ করেছেন। হায়! আমার মত তৃ:খিজন যাঁর দ্বারা বঞ্চিত হয়েও আবার বঞ্চিত হচ্ছে, তাঁর গুণকীর্তন করা কি তোমার উচিত ?

লজা, ধৈর্য—সবকিছু এক্সিঞ্চ হরণ করেছেন, এই উক্তি দারা প্রেমের আধিক্য বৃঝায়। আবার বঞ্চিতজন পুনরায় বঞ্চিত হচ্ছে, এই কথায় নায়িকার লঘুদের অভাব স্থৃচিত হয়। কিন্তু 'মিথ্যা গুণকীর্তন' ও 'চটুলা' শব্দের প্রয়োগদারা তার প্রথরতা ও লঘুছ তু-ই প্রকাশ পাচ্ছে।

### লঘুমধ্যা

কোন প্রিয়বান্ধবীর উক্তি---

দেবী চন্দ্রাবলি ! যদিও গোষ্ঠরাজতনয় শ্রীকৃষ্ণ নবনব প্রেয়সী-প্রিয়, তব্ও রাধার বশীকরণ মন্ত্রের শক্তি আছে। কারণ, যে পর্যন্ত উজ্জ্বনীলমণি ৭৯

<sup>4</sup> শ্রীরাধা তাঁর নয়নগোচর না হন, সেই পর্যন্তই তোমার প্রতি তাঁর দাক্ষিণ্য বজায় থাকে। আমার কথা আর কেন জিজ্ঞেদ করো ? আমার অদৃষ্ট মন্দ, তাই আমি শুধুক্লেশই ভোগ করি। ১৩।

### লঘুমুদ্বী

যদিও আমরা জীক্ষের রূপ দেখতে চাই, তব্ও চলো আমরা এখন এখান থেকে সরে যায়। ওই দেখ মাধ্বের সাহচর্য কামনায়, আপন গৌরদীপ্তিতে যমুনাভটে শোভাবিস্তার করে, চক্রাবলী একাকিনী পর্যটন করছেন।

গোপাঙ্গনার এই উক্তিতে তার লঘুহ এবং মৃত্স্বভাব ত্-ই প্রকাশ পাচ্ছে। এথানে নায়িকা লঘুমূদী।

## আত্যন্তিকী লঘু

অন্তান্ত নায়িকাগণ থার চেয়ে ন্যুন নয়, অর্থাৎ তুলনায় যে সকলের চেয়ে লঘু, সে-ই আত্যন্তিকী-লঘু। এর অধিকাদি তিনটি প্রকারভেদ হলেও, মৃত্তাই বিশেষ লক্ষণ। ১৪।

কোন এক যুথেপরী বললেন—গোষ্ঠদেবীগণ! আজ আমার জনতিথি উৎসবে আমার পিতামাতা মাধবকে নিমন্ত্রণ করেছিলেন, আমিও আমার স্থীদের অগ্রেহে, সন্ধ্যাবেলায় তাঁকে কুঞ্গুহে আমন্ত্রণ করেছি। তাই তোমাদের কাছে আমার প্রার্থনা, তোমরা করুণা-প্রবশ হয়ে, জণকলে অপেকা করে আমার কুঞ্জ গুহের শোভা সম্পাদন কর; নইলে আমি অত্যন্ত লক্ষ্যা পাবো।

এখানে, সখীদের আগ্রহে মাধবকে আমন্ত্রণ করেছি—এই উক্তিতে নায়িকার আপন অযোগ্যতা প্রকাশ গাচ্ছে। আর প্রত্যেক যুথেশ্বরীর কাছে সখীপাঠিয়ে তাদের নিমন্ত্রণ না করে, বিনয়ের সঙ্গে তাদের উপস্থিতির জন্ম অত্নয় করায়, নিজের অত্যন্ত লঘুতা প্রমাণিত হচ্ছে। অযোগ্যতার অর্থাৎ ব্যক্তিতের অভাব (want

of personality), এবং অত্যন্ত লঘুতা (light nature) বশতঃ নায়িকার মর্যাদাবোধ (sense of dignity) কুল করেছে।

পর্যায়ক্রমে আতা বা প্রথম শ্রেণীর নায়িকা হলো আত্যন্তিকী অধিকা। এরা মর্যাদা ও শালীনতাবোধ-সম্পন্না (dignified) হয়। সমাও লঘু প্রকৃতির নায়িকা যেমন আতা বা প্রথম শ্রেণীর হয় না, তেমনি 'অধিকা' পর্যায়ভুক্ত নায়িকাও কখনো অন্তিম শ্রেণীর (lowest grade-এর) হয় না। আবার আধিকা, সমাও লঘ্যী—এই ত্রিবিধ নায়িকাদেরও তিনটি শ্রেণীতে বিভক্ত করা যায়। ১৫।

'আত্যস্তিকা অধিকা' ব্যতীত সকল নায়িকার মধ্যেই লঘুছ থাকা সম্ভব। এবং 'আত্যস্তিকী লঘু' ভিন্ন অন্ত সকল প্রকার নায়িকার মধ্যেই 'অধিকার' গুণ বিত্তমান থাকা সম্ভব। ১৬।

'আত্যন্তিকী-অধিকা' নায়িকার একট মাত্র সংজ্ঞাই হয়; তার বিবিধ প্রকারভেদ হয় না। 'আত্যন্তিক লঘু'র মধ্যে 'অধিকার' কোন গুণ থাকে না। এ ছাড়া, 'সমা-লঘু' চরিত্রের নায়িকাও হয়। অধিকা, সমা ও লঘু প্রকৃতির নায়িকাদের (যুথেশ্বরী) প্রথরাদি তিনটি প্র্যায়ভেদে নয়টি শ্রেণীতে বিভক্ত করা যায়। এই ভাবে যুথেশ্বরী নায়িকাদের মোট বারোভাগে বিভক্ত করা যায়। ১৭।

যথা---

আত্যন্তিকা-অধিক। অধিক-প্রথরা অধিক-মৃদ্বা আত্যন্তিকী-লঘু সম-প্রথরা সম-মৃদ্বা সমা-লঘু লঘু-প্রথরা লঘু-মৃদ্বী অধিক-মধ্যা

লঘু-মধ্যা

# **मुठी**(**डम**

পূর্বরাগাদি অবস্থায় কৃষ্ণের সঙ্গে নায়িকাদের মিলন বিষয়ে প্রস্তাব বা বক্তব্য উপস্থাপনে যে সহায়তা করে, সে দৃতী। দৃতী দিবিধ—স্বয়ংদৃতী ও আপ্তদৃতী। ১।

## স্থাংদুতী

ঔৎস্কা বশতঃ যাদের লজ্জা-সরম থাকে না, এবং অনুরাগে অভিশয় বিমোহিতা হয়ে নিজেই দয়িতের কাছে প্রস্তাব, অভিযোগ বা বক্তব্য উপস্থাপন ( propose ) করে, তারাই স্বয়ংদৃতী।

প্রস্তাব বা অভিযোগ তিন প্রকার—বাচিক, আঙ্গিক ও চাক্ষ্ম।২।

বাচিকের সভা নাম বাঙ্গ। বাঙ্গ শব্দের গৃঢ় তাৎপথ সর্থভেলে ছ'রকম হয়। সর্থাৎ শব্দবাঙ্গ ও সর্থবাঙ্গ। শব্দবাঙ্গ বলতে বুঝায় বাঙ্গাত্মক শব্দ প্রয়োগ বা উচ্চারণ। আর সর্থবাঙ্গ বলতে বুঝায়— এমন কথা বলা, যার গৃঢ় তাৎপথে বাঙ্গ নিহিত থাকে। বাঙ্গনা বৃত্তি ও অভিধাবৃতি, এই উভয়বিধ বাঙ্গের দারাই সন্তোগভৃষ্ণা বাক্ত হয়।

এই ছুই বাঙ্গ আবার ছ'রকনের হয়। একটি সাক্ষাং, আর একটি বাপদেশ। একটি direct, আর একটি indirect বাঙ্গ। সাক্ষাং ব্যঙ্গে ক্ষ বিষয়ক কথা কৃষ্ণকেই বলা হয়, আর দ্বিতীয়টিতে কৃষ্ণের 'পুরস্থ' অর্থাং সম্মুখস্থ কোন ব্যক্তি বা বস্তুকে সংখানন করে, ব্যপদশে (in pretext) বা ছল করে, প্রকারাস্তরে কৃষ্ণকে বলা হয়।

#### সাক্ষাৎ

সাক্ষাৎ অভিযোগ বিবিধ রকমের হয়; যথা—গর্ব, আক্ষেপ, যাজ্ঞা।৩।

#### গৰ্বাত্মক শব্দব্যঙ্গ

মাধব! আমি সাধনী রমণীদের শীর্ষস্থানীয়া, ললিভ-লাবণ্যে বা ললিভার সঙ্গ হেতু গবিতা। তাই তোমায় ভাল কথা বলছি যে, পথের মাঝধানে আমার সঙ্গে ভুজঙ্গভা (কামুকতা) করো না। ৪।

#### **এবা ত্মক অর্থোখ ব্যক্ত**

তমালশ্যামাঙ্গ শ্রীকৃষ্ণকে উদ্দেশ করে শ্যামা বলেছিল—
হেদে হে কালীয় কান্ত এ ঘোর গহনে।
বারে বারে চাও কেন কুটিল নয়নে।
আমি শ্যামা নামে নারী সতীর প্রধান।
বন্যায়ে না করিছ মোর অপ্যান॥

আমায় ছঃখ দিলে বনহরিণীর। কুপিত হয়ে তোমায় তাড়ন করবে। ৫।

আক্ষেপার্থক অর্থোখ ব্যঙ্গ

যথা---

## হে কদম্বনবিহারি!

আমার আঁচলে মল্লিকা ফুল কেমনে দেখিলে তুমি।
নিকটে আসিরা কাড়িয়া লইলে কি করিতে পারি আমি॥
যে দেখি তোমার বিপরীত রীত কাছে আসি কোন ছলে।
আমার গলার ম্কুতার হার কাডিয়া লইবে বলে॥
গহন কাননে নাহি কোন জন অতিদ্রে মোর ঘর।

কালার শ্বন সাইব এখন হাবে লাগিছে ভার। —শালীনন্দা।
এখানে আক্ষেপোক্তির দ্বারা (by suggestions) নায়িকা
প্রকারাস্তরে এই কথাই ব্ঝাতে চান যে, এই নির্জন বনে আমি
একাকিনী। আঁচলের ভিতর থেকে মল্লিকা ফুল বা গলা থেকে
ম্কাহার কেড়ে নিলেও, আমার কিছু করবার নাই। আমার
বাড়ী দ্বে, স্তরাং হঠাৎ কেউ এসে পড়বার সম্ভাবনাও নাই। এ
অবস্থায় আমায় নিয়ে তুমি যা খুমী তাই করতে পারো।

#### আক্ষেপার্থক শকোখ ব্যক্ত

কোন এক যৃথেশ্বরীর উক্তি—

ওহে ব্রজধৃতি ! তুমি আমার পথরোধ করো না। ওই অম্বরের দিকে চেয়ে দেখ ! সম্মুখে উদিত নিবিড় মেঘ । আর চাঁদ দেখা যাচ্ছে না ; মেঘে তার সৌন্দর্য ঢাকা পড়েছে । এখনই বৃষ্টি নামবে । আমি লাল সূক্ষ্বস্তের কাঁচুলি পরেছি । হে কুটিল, তুমি দূরে সরে দাঁড়াও । আমার নতুন কাঁচুলি-পরা উজ্জ্ল তনুশ্রী যতক্ষণ সিক্ত হয়ে বিবর্ণ না হয়, ততক্ষণ কি তুমি পথ ছাড়বে না ! । ৬ ।

এখানে শব্দোথ ব্যক্ষ এই যে, আমার বঙ্গনাস্থে উন্নত পয়োধরের দিকে চেয়ে দেখ। তুমি কি আমার অঙ্গবাস সিক্ত না করে ছাড়বে না!

#### যাজা

়ুবাজ্ঞা তু'রকমের হয়। এক, স্বার্থে অর্থাৎ নিজের জন্য। আর এক, পরার্থে অর্থাৎ অন্যের জন্য। ৭।

### সার্থ বাজা--শকোখ ব্যক্ত

শ্রীরাধার উক্তি—

আমি পুম্পের সন্ধানে এখানে এসেছি। কিন্তু তোমার মঞ্লতা আমার পথ রোধ করছে। তুমি অনুমতি কর, আমি তোমার মঞ্লতায় বিকশিত কুমুমচয় চয়ন করি।

নিগৃ অর্থ—হে কৃষ্ণ ! তোমার মঞ্জুলতা (সৌল্দর্য) আমার পুষ্পচয়নের পথে বাধা দিচ্ছে। তুমি ওই সৌল্দর্য সম্ভোগের সুযোগ দিয়ে, আমার নিরুদ্ধ গতি অবাধ কর।

#### যান্ত্রা—অর্থোখ ব্যঙ্গ

এই বৃন্দাবনের গহন অরণ্যে ভুজক্ষেরা আমায় আক্রমণ করেছে; সেইজন্ম আমি ভীত হয়ে উঠেছি। ভূমি কালীয় নাগের উদ্বৃত ফণা অবলীলাক্রমে জয় করেছ। তাই আমি শ্রন্ধানত হৃদয়ে ভোমার শরণাপন হলাম। তুমি এই নির্জন প্রাদেশে এক'স্তে এমন একটি বিষহরী মন্ত্র আমায় দাও, যাতে আমার সর্পভয় দূর হয়। নইলে আজ কাত্যায়নীর জন্ম আমার পুষ্পাচয়ন করা হবে না।

নিগৃঢ় তাৎপর্য—এই নির্জন বনে আমি কাম-ভুজঙ্গের আক্রমণে চ্চের্জিও। হে দয়িত, তুমি বিষহরণকারী মন্ত্র দিয়ে আমায় সেই কন্দর্প সর্পের দংশন থেকে রক্ষা কর। ৮।

#### যথা বা

শ্রীমতী বললেন—

হে যত্নাথ! লোকে তোমায় শ্রেষ্ঠ কীর্তিমান বলে গণ্য করে।
সকলের সংরক্ষণের জন্ম তুমি এই নিবিড় অরণ্যে ঘুরে বেড়াও।
আমি অবলা বধ্, পথভুলে এই গভীর বনে প্রবেশ করেছি। তুমি
দয়া করে পথ দেখিয়ে দাও, যাতে এই বধ্জন নির্বিল্লে এজে
পৌছতে পারে। ১।

তাৎপর্য—নির্জন বনে এককিনা শ্রীমতী 'পথ দেখিয়ে দাও' বলে, শ্রীকৃষ্ণের সঙ্গ ও সাহচর্য যাজ্ঞা করছেন। আপন সম্রম রক্ষা করে, দয়িতের সঙ্গ-লিপ্সা প্রকাশ করছেন। এখানে যাজ্ঞা তাঁর আপন স্বার্থে সাধিত হলো। এই ধরণের প্রস্তাবকেও ছল বা অছিলা বলা চলে।

## পরার্থ যাদ্রা-শক্ষোথ ব্যঙ্গ

কোন স্থীর উক্তি---

হে কংসারি! আমার প্রিয়সখা তোমার বংশীপ্রনির নবস্থা কর্ণাঞ্জলি ভরে পান করে বিভ্রান্ত হয়ে উঠেছে। লঘুচিত লোকের উত্তেজনায় সে আরো উত্তাল হয়ে উঠেছে। অনঙ্গ-জ্ঞালায় তার রূপলাবণ্য অত্যন্ত বিবর্ণ হয়েছে। এ বিষয়ে তুমি ধরন্তরি, এ কথা নিশ্চিত, তাই তোমার কাছে এলাম। তুমি তার এই বিষম ব্যাধির মহোষধি দাও। ▲এখানে নায়িকা দৃতী হয়ে পরের জন্ম ঔষধি প্রার্থনা করছে।
কিন্ত ওই কন্দর্পদাহ রোগের ঔষধ লতাগুলা নয়। সে ঔষধ
আদিক, স্তরাং সেই অনক্ষদাহনাশক ঔষধি প্রালেপ দৃতীর অক্ষেই
দিতে হয়।

### পরার্থ বাজা- অর্থোখ ব্যঙ্গ

কোন যূথেশ্বরীর উক্তি—

হে মাধব! আমি অস্থপ্পশ্যা, কখনো ঘরের বাইরে আমি
না। প্রিয়স্থীর প্রণয়বশতং আজ দৃতীর কাজে নিযুক্ত হয়ে তোমার
কাছে এসেছি। কিন্তু এখানে আমার বেশীক্ষণ থাকা চলবে না;
কারণ, রাত্রি হলে শশিকলাভ্রমে কোন হৃষ্ট চকোর এসে আমার
মুখচন্দ্রিমার জ্যোৎস্নামুধা পান করবে। ১০।

পরের জন্ম দৃত্য কাজে এসে, আপন রূপগরিমা প্রকাশ করে
নাম্বিকা প্রকারান্তরে জানাতে চায় যে, সে সুন্দরী এবং শ্রীকৃঞ্জের
সম্ভোগ্যোগ্যা।

#### ব্যপদেশ

সহা উদ্দেশ্য নিয়ে, ছল করে কোন কথা বলার নাম বাপদেশ। অর্থাৎ নিজের উদ্দেশ্য বা অভিলাষ জানাবার জহা, অহা কোন বর্ণনা বা ঘটনার অবতারণা করা। ১১।

#### শকোদ্ৰ বাস্বাপদেশ

কোন এক যূথেশরী বিপক্ষীয়া অন্য-এক স্থার কথা বলবার ব্যপদেশে নিজের উৎকর্ষ প্রকাশ করে শ্রীকৃষ্ণকে বললেন—

হে মদমত্ত করীবর! তোমার সামনে ঘনরসপ্রিয় উল্লাসিনী স্থানতরঙ্গিণী বিরাজিত। যেখানে প্রফুল্ল কুবলয় (নীলপদ্ম) সকল শোভা পাচ্ছে ও মত্ত হংসদল মধুর কলনিনাদ করছে। হায়! ভূমি সেই স্থাতরঙ্গিণী (গঙ্গা) পরিত্যাগ করে পঞ্চিল সলিলা কর্মনাশা নদীতে ক্রীভা বা অবগাহন কর্ছো কেন গ

এখানে নায়িকা স্বয়ং দৃতী হয়ে, অগ্ন নায়িকার সঙ্গে নিজের তুলনা করে, নিজেকে স্বচ্ছতোয়া কুবলয়-শোভিতা সুরতরঙ্গিনী বলে অভিহিত করছেন, এবং বিপক্ষা নায়িকাকে বিদম্ধ রসসভ্যোগের অযোগ্যা বলে উল্লেখ করছেন। এখানে প্রসঙ্গ-ব্যপদেশে নায়িকা এই কথাই বুঝাতে চান যে, বিদম্ধ রস সভ্যোগের জন্ম তিনিই সর্বোত্তমা নায়িকা। স্তরাং দয়িত অন্থ নায়িকাকে পরিত্যাগ করে, তাঁকে নিয়েই সজ্যোগে রত হোন। অন্থ নায়িকা গুণহীনা এবং কর্মনাশা।

#### অর্থোৎপন্ন ব্যঙ্গব্যপদেশ

হে কোকিল, তুমি মধুপগণের অনাভাত মধুময় অমুমুকুল ত্যাগ করে, কেন বৃন্দাবনের চতুদিকে কাকলিমত্ত হয়ে ঘুরে বেড়াচ্ছ!

ব্যপদেশে বক্তব্য, ইতন্তত পরিভ্রমণ না করে, এই অনাঘাত চূতমঞ্জরীর মধুপানে রত হও। অর্থাৎ আমার সঙ্গে রসসন্ডোগে লিপ্ত হও। অক্য কেউ আমার অঙ্গ স্পর্শ করে নি। আমি রসপূর্ণা উত্তমা নায়িকা।

লুব্ধ মধুপ য়ার নাহি পায় গন্ধ। ফলফুলে বিক্সিও সেইত মাকন।
হেদে হে কোকিলবর ইহ রস ছাডি। কেন বা ফিরিছ তুহ এ কানন বেডি।
—শচীনন্দন।

## পুরুহ বিষয়

কৃষণ শুনছেন, তবুও তিনি যেন শোনেন নি, এমনি ভাব নিয়ে নায়িকা যখন তাঁকে শুনিয়ে সামনের কোন বস্তু বা জীবজন্তর প্রতি কোন কথা বলে, বা প্রসঙ্গতঃ ব্যাজন্ততি করে, তখন তাকে 'পুরস্থ বিষয়' বলে। ১২।

#### শকোখ ব্যঙ্গ

শ্রীকৃষ্ণ সম্পুথে আছেন দেখে, কোন স্বয়ং-দৃতী যুথেশ্বরী নায়িকা মালতীলতাকে সম্বোধন করে বললেন—হে মালতি! অলিগুঞ্জনে **উद्ध्वन**नीनभि

আমায় আহ্বান জানিয়েছ, ভোমার পুষ্প চয়ন করবার জন্য। কিন্তু আমি যে প্রমন্ত চিত্তে কমনা করছি সম্পুথের ওই আমোদপূর্ণ কুমুমিত নাগকেশর (পুরাগ)।

এই উদাহরণের তাৎপর্য এই যে, নায়িকা মালতী বা মাধবী পুষ্পের জন্ম আগ্রহাণিতা নন। তিনি সম্মুখে অবস্থিত ওই নাগ-কেশর বা কুমুমিত পুরুষশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণের অভিলাষিণী।

## অর্থোখ ব্যঙ্গ—স্বয়ংদূতী পুরস্থ বিষয়

যথা---

কোন এক যথেশ্বরী সম্মুখবর্তী শ্রীকৃষ্ণকে দেখে, ছল করে গিরি গোবর্ধনের উদ্দেশে বললেন—তোমার লতাগুলির পুষ্প চয়ন করা হয়নি, তাই সেগুলি মনোহর শোভা ধারণ করেছে। নিথিল বিহঙ্গ নিঃশঙ্কচিত্তে সেখানে বাসা বেঁধেছে। তাই আমার অভিলায হয়, কিছুক্ষণ তোমার অঙ্কে বিচরণ করি। তুমি এমন কোন উপায় কর, যাতে আমার মনোরথ পূর্ণ হয় '

এখানে অর্থাৎপন্ন ব্যঙ্গ এই যে, গিরিগোবর্থনকে উপলক্ষ্য করে নায়িকা শ্রীকৃষ্ণের গোচরে স্বয়ংদৃতী হয়ে, রতি প্রার্থনা করলেন। শ্রীকৃষ্ণেও লতাপুপ্প-সুশোভিত গিরিকন্দরে গিয়ে গোবর্ধন দেবের উপাসনা করবার জন্ম নায়িকাকে উপদেশ দিলেন। বললেন, তিনিই অভিলাষ পূর্ণ করবেন; অর্থাৎ সেই সুরুম্য নির্জন গিরিকন্দরে গেলে, শ্রীকৃষ্ণ সেথানে মিলিভ হয়ে, নায়িকার মনোবাসনা পূর্ণ করবেন।

# অথবা - পুরস্থ নিষয়ে

কোন যূপেশ্বরী তাঁর স্থীকে বললেন—

ব্রহ্পতিতনয় শ্রীকৃষ্ণ সাধ্বীগণের সতীত্ব-ব্রত হরণে প্রসিদ্ধ। তুমি অতি মৃত্লা, মূথের কথা বলেও তাঁকে বাধা দিতে পারবে না। সামনের বন অতি ভয়হ্বর, শতশত গ্রন্থিল (ছটিল গ্রন্থিকু) লতায়

সমাচ্ছন্ন, পথ অতি হুর্গম (সংসা কোন ব্যক্তির পক্ষে সে বনে প্রবেশ করা সম্ভব নয়)। হায়! আমি মৃঢ়, তাই এই লভাসঙ্কল পথের শত বাধা অতিক্রম করে এসে, গ্রাস্ত হয়ে পড়েছি। এখন আর বাড়ী ফিরতে পারবোনা। কি করি ? এখানে যে তাঁরই সম্মুখে ঘুরে বেড়াতে হবে!

অর্থোন্তব ব্যঙ্গ এই যে, নায়িকাকে তার স্থার সঙ্গে এই ধরণের কথা বলভে দেখে, এরিফ তাকে অভয় দিয়ে বলবেন— তোমার কোনো ভয় নেই। কুঞ্জের ভিতরে এসে কিছুক্ষণ পুষ্প-শয্যায় বিশ্রাম কর। আমি অঙ্গদেবা করে তোমার প্রান্তি দূর করে দিই।

শ্রীকুষ্ণের সম্মুখে স্থাকে উদ্দেশ করে, নায়িকা যে কথাগুলি বলেছেন, তাতে পুরস্থ বিষয় অবলম্বন করে নিজের সম্ভোগলিপার প্রতি নায়কের দৃষ্টি আকর্ষণ করাই মুখ্য উদ্দেশ্যরূপে প্রতীত হয়েছে।

## আঙ্গিক

নায়কের (প্রীক্ষের) সম্মৃথে নায়িকার কতকগুলি অঙ্গ সঙ্কেত, ইঙ্গিত বা ব্যবহারিক লক্ষণ প্রকাশ, যা মিলনের অভিলাষ প্রকাশ করে, তাকে আঞ্চিক বলে।

আঙুল ফোটানো, কৃত্রিম সম্থ্রমে সক্ষ্টিত হওয়া, বা ছরিত গতিতে চলে যাওয়া, শব্ধা বা লজ্জাবশতঃ বারবাব গাত্র-আবরণ বিহাস্ত করা, পায়ের আঙুল দিয়ে মাটিতে লেখা বা দাগ কাটা, কর্ণ-কভ্রম, ললাটে তিলক আকা, বেশ বা কেশরচনা বিষয়ে সজাগ দৃষ্টি রাখা, বুকের বসন যথাযথ ভাবে থাকা সত্তেও বারবার সংস্থাপন করা, বা কবরীতে হাত দিয়ে বারবর সেটি স্থবিহাস্ত রাখব'র চেষ্টা, জভঙ্গি, সখীকে আলিঙ্গন পাশে বদ্ধ করা, অধ্য দংশন, কণ্ঠহার ওপ্তের উপর তুলে গুদ্ধ রচনা করা, অলক্ষ্মীর শিঞ্জন, বাহুমূল অনাবৃত করা, দয়িতের নাম লেখা, কোন

্ববক্ষের গায়ে লভা জড়িয়ে দেওয়া, ইত্যাদি কাজ যদি দয়িভের সামনে বা ভাঁর গোচরে করা হয়, ভাহলে সেগুলিকে প্রেম নিবেদনের আঞ্চিক বলে।

# অঙ্গুলি ক্ষোটন

স্থবলের প্রতি শ্রীকুঞ্চের উক্তি:

স্থা এই সভীপ্রবরা স্থানেত্রা বিশাখার সামনে দাঁছিয়ে আমি তার অঞ্চনঙ্গলাভের লোলুপতায় ক্লান্থ হয়ে উঠেছিলাম। কিন্তু আমায় দেখে, সে হাতের আঙুলগুলি ফোটাতে লাগলো; সেই সঙ্গে আমার সভ্যোগলিপ্সার ব্যসনগুলিতেও যেন সে মোচড় দিচ্ছিল।

আত্তের কাঁকে আঙুল দিয়ে, নায়িক। যথন নায়কের দাননে তার বরাঙ্গলিগুলি ফোটান, তখন নায়কের চিত্তে অনঙ্গনিবেদন কার্যকের হয়। নায়ক মিলনপিয়াদী হয়ে ওঠেন।

## ব্যাজসম্ভ্রমাদিবশতং অঞ্জসম্বরণ

ব্রজহরিণাক্ষী আমায় সামনে দেখে, তাঁর বস্ত্রাবৃত বুকের উপর আবার বসন টেনে দিয়ে আচ্ছাদন করছেন; অবগুঠিত মুখে আবার অবগুঠন টেনে দিচ্ছেন। এই ভাব দেখে মনে হয়, অনঙ্গদরে পরাভূত হয়ে তাঁর চিত্ত বিকল হয়েছে। ১৩।

### চরণভারা ভূলেখন

সুবলের প্রতি শ্রীকৃষ্ণের উক্তি:

বন্ধু, আমার নরন যখন নতুন করে ব্রজস্থলরীর কাছে অতিথি হলো, তখন দেখলাম যে আমার দেখে তিনি নম্রম্থী হয়ে কমনীয় ভঙ্গীতে পায়ের অঙ্গুঠ দিয়ে মাটতে কি লিখছেন! সে লিখন সামান্ত নয়। মনে হলো, অনঙ্গনির্দেশে তাঁর দেহের উপর আমায় অধিকার দিয়ে, তিনি পাট্টা লিখে দিছেন। আমার চিত্তকে তাঁর কুচশৈলতটের সন্ধিস্থলে নিক্ষেপ করে, তিনি যেন কীলকের দারা অবকৃত্ব করলেন।

## কর্ণকণ্ডুয়ন

রত্নাঙ্গুলীর অগ্রভাগ কর্ণবিবরে স্থাপন করে, শ্রীমতী কর্ণকণ্ডুয়ন করছিলেন। কঙ্কনের শিঞ্জনধ্বনিতে যেন কামদেবের তূর্যনাদ উঠছিল; উচ্চলিত কনককুণ্ডলে অপরূপ সৌন্দর্য লীলায়িত হচ্ছিল। সেই কথাই বারবার আমার মনে হচ্ছে।

নায়কের সামনে নায়িকার কর্ণকণ্ড্য়ন অনঙ্গ নিবেদনের একটি অর্থপূর্ণ ইঙ্গিত।

#### তিলকক্রিয়া

# কুন্দবল্লীর উক্তি:

হে শিখণ্ডশেখর! তোমায় দেখে, গান্ধবিকা তাঁর শ্রদিন্দুনিভ স্করে মুখখানি সিন্দুরবিন্দৃতে উজ্জল করছেন। গ্রীবা ঈষৎ বক্র করে, বারবার তোমার দিকে দৃষ্টি নিক্ষেপ করছেন। দোছলামান কুণ্ডলছটি গণ্ডযুগে নিপ্তিত হচ্ছে; মনে হয়, তাঁর চিত্তে অনুরাগঅন্ধ্র নিহিত আছে। সেই অনুরাগের রেখাই যেন ফুটে উঠছে ওই
সিন্দুর তিলকে।

#### বেশক্রিয়া

দয়িতকে দেখে, ছাইচিত্ত। কমলনয়না পালী কর্ণে মধুশ্রাবী লবঙ্গপুষ্পস্তবক ধারণ করছে এবং বেশবিক্যাসে মনোযোগিনী হচ্ছে। নায়িকার এই প্রকার বেশক্রিয়া অনঙ্গ-নিবেদনের দ্যোতক। ১৫।

### <u>লাকপ</u>ৰ

নায়ককে দেখে, নায়িকা যখন তার অনঙ্গধন্থ সদৃশ ভ্রায়ুগল কম্পিত করে বা নাচায়, তখন নায়কের চিত্তে মদনবাণ নিক্ষিপ্ত হয়। নায়কের মত্ত হস্তীর মত হুর্দম চিত্ত নায়িকার মুখচন্দ্রিমায় আবদ্ধ হয়।

#### সহীআ'লিক্সন

রতিমঞ্জরীর প্রতি রূপমঞ্জরীর উক্তি—

দেখ, চিত্রার নয়নপথে মাধব নৃতন অতিথি হয়েছেন। চিত্রা অপাঙ্গ বিস্তার করে, তার কঠোরকুচযুগশালী বক্ষে সধীকে আলিঙ্গন পাশে আবদ্ধ করছে। আলিঙ্গনকালে, তার হাতের কন্ধণ রিনিঝিনি শব্দে শ্রীকৃষ্ণের চিত্তে সম্ভোগ লিঙ্গা বৃদ্ধি করছে।

## স্থীতাড়ন

সুবলের উক্তি-

সধা, বিশাখার প্রতি আর বশীকরণ প্রয়োগের উপায় খুঁজতে হবে না। উনি তোমায় আত্মমন সমর্পণ করেছেন। কারণ, েশের পাদপদের প্রাস্তে তড়িং অপেক্ষাও চঞ্চল দৃষ্টি নিক্ষেপ করে, তিনি পুম্পের আঘাতে আপন স্থীকে তাড়না করছেন।

#### অধ্রদ:শন

নায়ক যখন নায়িকার দৃষ্টিপথে পতিত হন, এবং নায়িকা নায়ককে দেখে কুত্রিম কোপে অধর দংশন করে, তখন স্থাপ্ত সম্স্তাগ-নিবেদন স্থাচিত হয়। ১৬।

#### হারগুক্ষন

যার স্থন্দর নেত্রপদ্ম শরং-পদ্মকেও হার মানায়, গ্রীবা বক্র করে সেই নায়িকা ষধন দয়িতের প্রতি বিলোল দৃষ্টি নিক্ষেপ করে এবং আপন কণ্ঠহার তুলে ওঠের উপর রাখে, নায়কের চিত্ত অনঙ্গ উত্তাপে দ্রবীভূত হয়।

### অলহার শিঞ্জন

নায়িক। যখন নায়ককে দেখে নিজের কহ্নণ প্রভৃতি শিঞ্জিত করে, তখন নায়কের মনে মনোভবের বা কামদেবের শাসন ভঙ্কা মৃত্যুত্ত বেজে ওঠে। শ্রীকৃষ্ণ সুবলকে বললেন—গ্রামলা আজ দ্র থেকে আমায় দেখে তার মণিকঙ্কণের ঝংকার তুলতে লাগলো। সেই ঘনঘন অলকার শিঞ্জনের ডমরু-নিনাদে আমি অনঙ্গরাজের শাসনে শক্কিত হয়ে উঠলাম। ১৭।

### বাহমুল প্রকাশ

বৃন্দাবনের বনে বনে যেসব ফলযুক্ত লতা মনোহর শোভা বিস্তার করে .কাকিলদের আনন্দ বর্ধন করছে, কল্যাণি গ্যামা, তুমি তার চেয়েও অধিক সৌন্দর্য বিকাশ করছো তোমার বল্যশোভিত বাহুলতাহটি উপ্পের্ত তুলে। সেই উদগ্র বাহুমূলে শোভিত ফল ছটি কৃষ্ণ কোকিলের আনন্দিত চিন্তকে ব্যাকুল করে তুলছে।

নায়কের সামনে নায়িকা যথন অকারণ বারবার খোঁপোয় হাত দেয়, বা অন্ত কোন অছিলায় বাহুমূল প্রদর্শন করে, তথন নায়কের চিত্ত নায়িকার প্রতি আকৃষ্ট হয়। নায়িকার এরপ কার্যকলাপও অন্তদনিবেদনের একটি বিশেষ আঞ্চিক। ১৮।

### নামাভিলেখন

থাক বৃদ্দে! এখানে আর তোমার দৌত্যের প্রয়োজন নেই। কারণ, তোমার ওই ইন্দুমূখী প্রিয়সখী আমায় দেখে তার গণ্ডফলকে কুঙ্কুম দিয়ে আমার নাম লিখছেন। ১৯।

নায়ক বা নায়িকার চিত্ত যখন রতিনিবেদনে উৎস্থক হয়, তখন আনমনে নায়ক দয়িতার বা দয়িতা নায়কের নাম আপন অঙ্গেলেখে। কখনো দেউল-গাত্তে, প্রস্তর ফলকে, বৃক্ষকাণ্ডে, গিরিক্দিরে বা এখানে-ওখানে প্রেমাস্পদের নাম বা উভয়ের নাম পাশাপাশি লেখে।

### তরুগাত্রে স্তান্থাপন

হে গোপসথা অজুন। ব্রদ্ধপদ্মিনীর রূপ দেখে আমি যথন আর্ত হয়ে উঠেছিলাম, তথন তিনি আমায় দেখে, তমাল তরুতে যুঁইলতা জড়িয়ে দিচ্ছিলেন। উজ্জলনীলমণি ১৩

নায়িকা যথন এইভাবে দয়িতের সামনে বৃক্ষের গায়ে কোন লতা জড়িয়ে দেয়, দয়িতের অঙ্গসংলগ্ন হয়ে সস্তোগলিঙ্গা মিটাবার পর্যাপ্ত ইঙ্গিত প্রকাশ পায়।

ঠিক এই ধরণের আঞ্চিক প্রকাশ পায়, আবার নায়িকা যখন নায়ককে দেখে, বা তার সম্মুখীন হয়ে, শাড়ীর আঁচল থেকে সূতা টেনে নিয়ে আনমনে আঙুলে জড়ায়। কখনো বা চুলের গুচ্ছ নিয়েও নায়িকা আঙুলে গ্রন্থি বাধে।

তরুগাত্রে লতাস্থাপন, আঙুলে শাড়ীর আঁচলের সূতা জড়ানো বা চুলের ফাঁস দেওয়া প্রভৃতি কাজগুলি যথন নামিকা করে, তথন তার চোখের দৃষ্টি অধিকতঃ নামকের দিকেই থাকে। এরল কাজের দারা নামিকার নিভৃত মনের অনঙ্গনিবেদন সূচিত হয়।

#### চাপ্ৰ

চোখের হাসি, চোখের অর্ধমুজা, নেত্র ঘূর্ণয়ন, নেত্রকোণ সঙ্কৃচিত করা, বক্রদৃষ্টি নিকেপ, বামচক্ষে নায়কের দিকে দৃষ্টিপাত করা, এবং কটাক্ষ ইত্যাদির নাম চাকুষ।

নাথিকার চোখের দৃষ্টি তার মনোভাবের এ টি বৃহত্তম মাধ্যম। বিবিধ দৃষ্টিভঙ্গিতে নাথিকার প্রেমনিবেদনের ইঙ্গিত ফুটে ওঠে। সজ্যোগলিক্সা প্রকাশে চোথের এই দৃত্যক্রিয়া শুধু নাথিকার পক্ষেই প্রযোজ্য নয়, নাথকের ক্ষেত্রেও একই ভাবে প্রযোজ্য। এই চাকুষ ভাব নিবেদনকেই 'কটাক্ষ' বলা হয়। ২০—২৪।

পৃথিবীর সর্বদেশে সর্বকালে চোখের নীরব ভাষা (Speechless message) প্রেমনিবেদনের শ্রেষ্ঠ দৃত্যক্রিয়া করে এসেছে।

### কটাক্ষ

চোখের ভারার যে গতি লক্ষ্যস্থল পর্যস্ত গিয়ে, আবার ফিরে আসে, এবং ক্ষিপ্র যাভায়াতের মধ্যে অলকণ লক্ষ্য সংলগ্ন হয়ে, মাধুর্য, বৈচিত্র্য বা চমৎকারিত্ব সৃষ্টি করে, সেই দৃষ্টি-বিবর্তনকে রসজ্ঞ ব্যক্তিরা কটাক্ষ বলেন। ২৫।

#### যথা

ঞ্রীরাধার প্রতি কৃষ্ণের উক্তি:

হে গৌরি! তোমার আঁথিতারকার কি বিচিত্র গতি! কালো ভ্রমরীর মত আমার কর্ণোৎপল পর্যন্ত এসে, আবার ফিরে যাছে। তার শক্তি সবকিছুকেই পরাভূত করেছে। তার অপরূপ গতি লীলার আমার চিত্ত আকুলিত হচ্ছে। হে গান্ধবিকে! তোমার ওই কটাক্ষের চমংকারিখে আমি নিজেই আত্মবিশ্বত হয়েছি। চক্রাবলীর কথা কি! তাকে তো ভূলতেই পারি।

স্বাংদৃতীর যে লক্ষণগুলির কথা বলা হলো, অসংখ্য লক্ষণের মধ্যে সেগুলি দিগ্দর্শন মাত্র। এই লক্ষণগুলি যথোচিতভাবে প্রাণিধান করলে দেখা যাবে যে, স্বাংদৃতীর মত প্রীকৃষ্ণ নিজেও কখনো কখনো অভীষ্ট প্রার্থনা করেছেন। এখানে প্রীমতীর আঁথি তারকাকে ভ্রমর বলে অভিহিত করে, মাধ্ব প্রকারান্তরে তাঁর প্রণায়বশ্যতা স্বীকার করছেন। ২৬।

উল্লিখিত বাচিক, আঙ্গিক ও চাক্ষ্য ইত্যাদি স্বয়ংদ্ত্যক্রিয়া যদি নায়িকার চেষ্টিত বা বৃদ্ধি প্রয়োগে সাধিত হয়, তাহলে সেগুলিকে 'সাভিযোগ' বলা হয়। আর উক্ত প্রণয়নিবেদনের ইক্সিত বা লক্ষণগুলি যদি স্বাভাবিক বা স্বতঃফুর্ত (spontaneous) হয়, তা হলে রসজ্ঞগণ সেগুলিকে 'অনুভাব' বলে অভিহিত করেন। ২৭।

অমুভাব বলতে সাধারণত: মনোভাব-প্রকাশক ভঙ্গীকে বুঝায়। অর্থাৎ, রতিভাবের অনুগামী ভাবক্ষৃতি, যার ভিতর দিয়ে মনের বাসনা প্রতিফলিত হয় (symbolic expression of desires).

'অরুভাব' অধ্যায়ে এ বিষয়ে বিস্তৃত আলোচনা দ্রপ্তিয়।

# वाश्वपूठी

যে দূতী প্রাণান্তেও বিশ্বাস ভঙ্গ করে না, এবং স্লিগ্ধা ও বাগ্মিনী অর্থাৎ স্নেহশীলা ও বাক্যনিপুণা, সেই দূতীকে গোপস্করীদের আপুদ্তী বলে।

নায়ক ও নায়িকার মিলন বিষয়ে নিঃস্বার্থভাবে ঘটকালি করাই আপ্রদূতীর লক্ষণ।

আপ্রদৃতী তিন প্রকার—অমিতার্থা, নিস্প্রার্থা এবং প্রহারী। অমিতার্থা

নায়ক বা নায়িকার মধ্যে যে-কোন একজনের ইঙ্গিতের দারা ভার মনোভাব জেনে, যে দূঠী ছজনকে মিগিত করবার উপায় দ্যাবন করে, তাকে অমিতার্থা বলে। ২৮।

### নিস্থতীয়গ্ৰ

নয়েক বা নায়িকার যে-কোন একজন কর্তৃক নিয়োজিতা হয়ে বা তার কাছ থেকে কার্যভার পেয়ে, যে দৃতী আপন যুক্তি-প্রয়োগের দারা উভয়ের মিলন ঘটায়, তাকে নিস্টার্থা বলে। ২১।

ষথা-

মাধব ইহ বুনাবনবাসী গুণবতী এক আছমে মণিরাশি। তুহু যে কঠিন মনি, কি বলিব তোষ। ইহু যব আওলু ৭কি বছ মোয়॥

#### পত্ৰহারী

যে দৃতী নায়ক বা নায়িকার পত্র কিংবা সংবাদ বহন করে
মিলনের যোগাযোগ ঘটায়, তাকে পত্রহারী বা পত্রহারিক। বলে।
যথা—

শুন শুন ওহে রসিক নাগর বড়ই রসিক তুমি। ভোমার নিকটে রাধার সন্দেশ কহিতে আইর আমি॥ রাই অচেডনে ঘুমাঞা সদনে হরিষ হইরা মনে। কপট করিয়া তুমি সেধা যেয়া তাবে হুধ দেও কেনে॥ হে মুকুন্দ! ব্রহ্মরোজাক্ষী শ্রীরাধা আমায় নিভূতে ভেকে এই কথা তোমার কর্ণগোচর করবার নির্দেশ দিলেন যে, তিনি গভীর নিজায় মগ্ন ছিলেন, কিন্তু তুমি হঠাৎ স্বপ্নাবেশে তাঁর অস্তরে প্রবেশ করে তাঁকে লাঞ্ছিতা করলে কেন! এ কাজ কি তোমার উপযুক্ত হয়েছে ?

উল্লিখিত আপ্তদৃতীদের আবার বিবিধ শ্রেণীতে বিভক্ত করা যায়। যথা—শিল্পকারী, দৈবজ্ঞা, লিঙ্গিনী, পরিচারিকা, ধাত্রেয়ী, বন্দেবী এবং স্থী। ৩০।

#### শিল্পকারী

কোন এক দৃতী এসে শ্রীকৃষ্ণকে বললেন—

হে গোপীনাথ, চিত্রা আমার রূপের প্রশংসা করে আমায় বলেছিল—তুমি ভো শিল্পী, এমন একটি রূপ চিত্রিত কর যা লোকোত্তর, যার তুলনা এ জগতে আর নেই।

চিত্রার আগ্রহে, আমি একটি ফলকে সেই চিত্র আঁকতে গিয়ে তোমারই রূপ অঙ্কিত করে, তাকে দেখিয়েছিলাম। তারপর তিত্রা তোমার সেই চিত্রিত রূপ দেখে, এমন বিচিত্রদশা প্রাপ্ত হলো যে, সহচরীদের চোখে সে নিজেই যেন এক চিত্র হয়ে উঠলো। ৩১।

> ভাহার বচনে পটের উপরে ভোমারে লেখিল আমি, সেরপ দৈখিয়া অথির হইল, আদি দেখদিয়া তুমি। দৈৰজঃ

শ্রীরাধার প্রেরিত কোন দৈবজ্ঞ। বা গণৎকারিণী দূভী এসে শ্রীকৃষ্ণকে বললেন—

মাধব! ব্যরাশি এবং শুভ রোহিণী নক্ষতে ভোমার জন। আমি গণনা করে দেখলাম, ভোমার আজ স্থসমূদ্ধি লাভের দিন। ভাই তোমার কাছে এলাম। তুমি আমার সঙ্গে এসো, পরম-স্বন্ধনিশিষ্টা বিধুমুখী বিহাৎলতা আজ ভোমার অঙ্গদংলগ্ন হয়ে কুঠ হবে।

## निविनी

বৃন্দাবনে তাপসী-বেশধারিণী পৌর্ণমাসীর মত আপ্তদৃতীকে । বিশাসন

পৌর্ণমাসী জীরাধাকে বললেন—

চিস্তা না করিছ মনে মিলাইব তব সনে আজি আমি ব্রক্তেরনদান। আমি হই তপস্থিনী, কোন্মন্ত নাহি জানি, দৃতী হঞা করিল গমন॥

শ্রীকৃষ্ণের সঙ্গলাভের জন্ম রাধিকা যখন উদ্প্রীবিচিতা ও অবসান্ধিনী হয়ে উঠেছিলেন, পৌর্নমাসী তাঁকে আশাস দিয়ে বললেন—'বংসে সরলা! তুমি কোনো চিন্তা করো না। আমি নিশ্চয়ই ব্রজরাজতনয়কে বশীভূত করে আনবো। আমি চতুরা ও প্রবীণা সন্ন্যাসিনী—মন্ত্রসিদ্ধা। আমি দৃতী হয়ে সে কাজের ভার নিলাম। যেমন করে হোক, মাধ্বের সঙ্গে আজু আমি ভোমার মিলন ঘটিয়ে দেবো।

## পরিচারিকা

লবঙ্গমঞ্চরী ও ভাত্মতী প্রভৃতি সধীরা শ্রীরাধার পরিচারিক।
দৃতী ক্লপে পরিগণিতা। এঁরা দেবাপরায়ণা এবং শ্রীমতীর প্রতি
অপরিসীম শ্রীভিসম্পন্না। ৩২।

বধা-জীমতীর প্রতি লবঙ্গমঞ্জরীর উক্তি-

দেবি! সহচরগণের পরিষদ্ থেকে আকর্ষণ করে, ভোমার গুণের মনিমালা গলায় পরিয়ে, এই দেখ, মধুরিপুকে এনেছি ভোমার নয়ন সম্মুখে। এখন বলো, এ কিঙ্করী আর কি করবে ?

# षाटबन्नी

যে ধাত্রীকভা নায়িকার দৃতীর কাজ করে, ডাকে ধাত্রেয়ী বলে। জ্রীকৃষ্ণের প্রতি ধাত্রেয়ী দৃতীর উক্তি:

মধুস্দন! আমি জ্রীরাধার ধাত্রীকক্ষা। তোমায় একটি অস্কৃত কথা বলবার জন্ম এসেছি। হিরণ্যগৌরী রাধা কৃষ্ণগতচিত্তা হয়ে চাঁদের কলার মত পাণ্ডুর বর্ণ ধারণ করেছে। তুমি তার চিত্তআল। দুর কর।

'রাধার ধাত্তেয়ী আমি শুন বনমালী। আমার নিকটে আইস কিছু বাক্য বলি। বছবধি রাধা মোর ক্তঞ্চে কচি কৈল। সেই হৈতে সোনার বর্ণ মলিন হৈল॥'

## वनदमवी

শ্রীমতীর প্রতি কৃষ্ণ-প্রেরিতা বহুরূপা দূতীর উক্তি-

' আমি জাভিতে বনদেবী। প্রীতিতে কখনো তোমার ভগিনী, কখনো বা হিতোপদেশ দানে তোমার মাতামহী, কখনো প্রিয়স্থী কখনো বা ননদিনী। আমার কথা শোন, একবার প্রসন্ধাবে আমার দিকে চাও, জ্রভঙ্গিতে ইঙ্গিত কর, যাতে তোমার বল্লভকুঞ্গর মাধব এসে ওই হাদয়জাত কুন্তগুটিকে নিবিড় আলিঙ্গনে নিপীড়িত করতে পারেন।

বান্ধবীকে যারা নিজের চেয়েও বেশী ভালবাসে, কথনো কোন ছল করে না; পরস্পারের বিশাসভাজন, সমান বয়সী এবং বেশভূষাদিতে সমভূল—তারাই পরস্পার স্থী।

নায়িকার প্রতি সখী অতিশয় প্রীতি ও সহামুভূতি সম্পন্ধা হয় বলে, সে তার ছঃখ সইতে পারে না; প্রণয় বিষয়ে মিলন প্রচেষ্টায় অভিশয় র্যক্রশীলা হয়ে ওঠে।

শ্রীমতীকে বিরহকাতরা দেখে, বিশাখা একদিন কৃষ্ণের নিক্ট গিয়ে বলেছিলেন—

> 'তোহারি নয়নবাণ বড়ই পাবন, তাহে যদি রাই মরি যায়। অন্থপম গতি তব পাওব স্থানরী, সো নহি শোচয়ি তায়॥ মাধ্ব, এক রহব বড় শেল। জো রূপ নাহি হেরি এ সব জগজন নয়ন অনর্থক ডেল॥'

তোমার নয়নবাণে আহত হয়ে প্রিয়সণী জ্ঞীরাধা যদি মরে মুক্তক ভাতে হুঃখ নাই। কিন্তু শ্রীমতীর ওই নয়নের দৃষ্টি না থাকলে, সকলের নয়নই যে ব্যর্থ হয়ে যাবে। ওই অমুপম নেত্র শোভার অভাবে জগৎ নেত্রহীন হয়ে পড়বে। অতএব, হে মাধব। তুমি তাড়াডাড়ি গিয়ে ডার জীবনরক্ষা কর।

É¢

নায়ক ও নায়িকা উভয়ের ক্ষেত্রেই সধী দৃতীর কাজ করে। বাক্য এবং ব্যঙ্গ ভেদে দৃত্য ছ'প্রকার হয়। ৩৪।

# ক্ষপ্রিয়ার বাচ্যদূত্য

শ্রীমতীর প্রতি তুঙ্গবিভার উক্তি:

স্থি! তোমার এই নতুন অবস্থা যে অমুভব করে নি, তার জীবনই র্থা। তুমি আমায় শাপ দাও, মার, তর্জন গর্জন কর, দ্রে ঠেলে ফেলে দাও, বা ঘর থেকে বের করে দাও—যা করবে তাই কর; আমি সত্য বলছি, আমার মন মানে না। আমি জীকুঞ্বের কাছে গিয়ে সাধ্য সাধনা করবো। ৩৫।

# কৃষ্ণপ্রিয়ার ব্যবসূত্য

শ্রীমতীর প্রতি সখীর উক্তি:

স্থলরি! তোমায় দেখে আমার মনে বিতর্কের উদ্ভব হয়েছে।
তুমি কি কৃষ্ণবর্ণ অগুরুচন্দনের সৌরভ কামনা করছে।
হয়, তাহলে উন্দেশ্য সিদ্ধির জ্বন্য আমি চন্দন ব্যবসায়ী সেই বণিকের
কাছে যাবো।

ব্যক্সার্থ, তুমি কি অগুরুসোরভশালিনী হয়ে প্রীকৃষ্ণকে কামনা করছো, অথবা কৃষ্ণের অক্সন্তরভি কামনা করছো! তা হলে উদ্দেশ্য সিদ্ধির জন্ম আমি সেই নৈগম বা নাগরের কাছে যাই। (নৈগম শব্দে নাগর ও বণিক উভয়কেই বুঝায়।

যথা বা

শ্রীমতীকে উৎকণ্ঠিতা দেখে, কোন এক স্থী বলেছিল—

হে চকোরি! তুমি কি তৃষ্ণায় অত্যন্ত কাতর হয়েছ। ভা হলে, ভাল কথা বলছি শোন। ওই দেখ, পূর্বাচলে জ্যোৎসাবিমল চক্রদেব চকোরীর প্রভীক্ষা করছেন। অবিলম্বে সেখানে যাতা কর, নিশ্চয়ই ভোমার ভৃষ্ণার নিবৃত্তি হবে।

এখানে দৃষ্টান্তচ্ছলে সখী শ্রীরাধাকে অভিসারে যাবার উপদেশ দিচ্ছে। ৩৬।

# ঞ্জিকুকের প্রতি বাচ্যদূত্য

বিশাখার উক্তি:

হে ব্রহ্মন্দর! শ্রীমতীর সৌন্দর্যের কথা তোমায় আর কি বলবো! ত্রিলোকে তাঁর মত অত্লনীয় সৌন্দর্য আর কারো নাই। এই সৌন্দর্যেই ত্রিভূবন স্থুন্দর হয়ে উঠেছে। শ্রীমতীর এই অভূতপূর্ব সৌন্দর্যের সৃষ্টি করে বিধাতা নিজেই বিশ্বয়ে অভিভূত হয়েছিলেন।

#### অথ ব্যক্ত

প্রীকৃষ্ণের প্রতি ব্যঙ্গ ছরকমের হয়। প্রেয়সীদের সামনে এক রকম, তাঁদের অমুপস্থিতিতে আর এক রকম। এই ছুই ব্যঙ্গ আবার সাক্ষাৎ এবং ব্যপদেশভেদে প্রত্যেকটি ছ'রকমের হতে পারে। অর্ধাৎ ব্যঙ্গ মোট চার রকমের হয়। ৩৭।

# কৃষ্ণপ্রিয়ার সন্মুখে কুষ্ণের প্রতি সাক্ষাৎ ব্যঙ্গ

ঞ্জীকুষ্ণের প্রতি বিশাখার উক্তি:

হে নবঘনশ্যাম! দেখ, ওই কলাপিনী কিছুতেই আমার কাছে আসছে না। আমি ওকে বশীভূত করতে পারদাম না। তুমি আমার প্রতি প্রসন্ন হও, ওই স্মিমা রাধাকে নিজের হাতে ধর। ৩৮।

এখানে ব্যঙ্গ এই যে, কলাপিনী মেঘবিলাসিনী ময়্রীর সঙ্গে তুলনা করে, সখা নরঘনশ্যাম ঞ্জিক্ষের প্রীতি-অমুরক্তা স্নিগ্ধা ঞ্জীরাধার প্রতি নায়কের দৃষ্টি আকর্ষণ করছেন। অবণীভূতা নায়িকাকে বশ্বীভূত করায়, মিলনের অধিক উৎকর্ষ সাধিত হয়।

যথা বা উদ্ধব সন্দেশে—

## বিশাখার উক্তি:

হে মাধব! বৃন্দাবনে অনেক ক্ষীতাঙ্গিনী যুবতী আছে, যারা ভোমার সম্ভোগ-অফুকুল। কাজেই আমার অগ্রবর্তিনী এই কোপন-সভাবা সহচরীকে আর ঘাঁটিও না। তুমি শঠকুলের শুরু, একথা নিশ্চয় জানেন, তাই উনি জধন্তে অর্ধচন্দ্রাকৃতি কটাক্ষশর যোজনা করছেন।

ব্যক্ষোদ্দেশে বিশাখার বক্তব্য এই যে, বৃন্দাবনে যে সব পীনোন্নভপয়োধরা ও গুরুনিভম্বিনী যুবতী আছে, তারা বিদ্ধান নয়। সেইজন্ম তারা রতিবামা হতে পারে না। স্থতরাং ইচ্ছা করলেই সেখানে নহজে বিলাস বাসনা সিদ্ধ হবে। কিন্তু শ্রীমতী বিদ্ধান ও তেজ্ঞ্মিনী, তাকে ক্ষুক্ত করলে কাম-সংগ্রাম উপস্থিত হবে এবং সহজে তাঁকে জয় করা সম্ভব হবে না। ৩৯।

### ব্যপদেশ ব্যক্ত

অর্থাৎ ছলে অশ্য বস্তুকে উপলক্ষ্য করে স্বগত ভাষ প্রকাশ করা।
বিশাখা বললেন—ওই দেখ, মাধবীলতা কদম্ব-পরিমলে আকৃষ্ট
হয়ে উৎফুল্ল ও উৎকালিকা হয়ে উঠেছে। আপন আশ্রয়বৃক্ষ
পরিত্যাগ করে, সে কদম্ববৃক্ষে আশ্রয় নেবার জন্ম উৎকৃষ্টিতা হয়ে
উঠেছে।

তাৎপর্য: হে হলধরপ্রিয়! মাধবী ( শ্রীরাধা ) তোমার প্রেমে মুশ্ধা হয়ে, আপন ( ধর ) পতিকে পরিত্যাগ করে তোমার আশ্রয় গ্রহণ করবার জন্ম উৎকষ্ঠিতা হয়ে উঠেছে। ৪০।

# কৃষ্ণপ্রিয়ার পরোকে শ্রীকৃষ্ণের প্রতি সান্ধাৎ বাস

চম্পকাবলির কোন সখী তার অসাক্ষাতে ঞ্রীকৃষ্ণের কাছে এসে বললে—মুকুন্দ! বৃন্দাবনে যে সব ব্রদ্ধাঙ্গনা আছে, তাদের ভিতর একমাত্র চম্পকাবলিই তোমার অমুরূপা। তুমি যেমন উজ্জ্বল কৌল্পভ্রমণিতে সুশোভিত, সেও তেমনি পদ্মিনীরন্দের শিরোমণি। ভূমি স্থরভীগণ পরিবৃত, নে সৌরভবতী। তোমার নবজ্ঞলধর-কান্তি, তার বিহাৎতুলা হাতি। তাই চম্পকাবলি ছাড়া অফ কোন নায়িকা ভোমার শোভা পায় না। অভএব হে মুরারি, ভোমাদের উভয়ের মিলন অতি বাঞ্নীয়। ৪১।

#### ব্যপদেশ ব্যক

ললিতার উক্তি---

হে মধুস্দন ভ্রমর ! ওই যে উত্ত্যুঙ্গ শৈলরাজি বিরাজ করছে, তার উত্তরে বিস্তৃত সরোবর আছে। সেই সরোবরের তীরে যে উন্নত বন বিরাজিত, তার মাঝখানে স্থলর একটি লতামগুপ আছে। সেই লতামগুপের দ্বারদেশে চারিদিক সৌরভে আমোদিত করে, পুশিতা মালতী লতা তোমার পথ চেয়ে আছে। তুমি সেখানে যাও!

ছলব্যক্ষ এই যে, হে মধুস্দন কৃষ্ণ! ওই তৃক্ষশৃক্ষ গিরি-গোবর্ধনের উত্তরে, সরোবরতীরে বনের মধ্যে শ্রীরাধা তোমার পথ চেয়ে আছেন। তুমি অভিসারে যাও, বিলম্ব করো না। ৪২।

# দূভী নিয়োগ

দয়িতের সঙ্গে মিলন কামনায় নায়িকার। যেভাবে দৃতী নিয়োগ করে, তার প্রথা দিবিধ—ক্রিয়াসাধ্য এবং বাচিক। ক্রিয়াসাধ্য বলতে বুঝায়, মুখে কিছু না বলে কার্যকলাপের দারা (by actions and gestures) দৃতী বা স্থীকে বুঝিয়ে দেওয়া হয় যে, দৃত্যের প্রয়োজন। আর বাক্যের দারা (by instructions and expressions) দৃত্য কার্যের জন্ম স্থীর কাছে যে মনোভাব প্রকাশ করা হয়, তা বাচিক (verbal)।

### किया जाश

অর্থাৎ হাবভাবে নায়িকার উৎকণ্ঠিত। অবস্থা লক্ষ্য করে, সধী নিজে থেকেই দৃত্য কাজে এগিয়ে যায়; নায়িকার উপদেশের অপেকা রাখে না। আকাশে নবমেঘের উদয় দেখে, তথী ছটি বাছ প্রসারিত ক'রে সেই নব জ্ঞাধরকে আলিঙ্গন করবার জ্ঞা উন্থত হয়েছেন। মুখে কিছু না বললেও, সহচরী তাই দেখে, নিজেই শ্রীকৃষ্ণের কাছে গেল ভার সেই উৎকণ্ঠার কথা জানাতে। ৪৩।

ক্রিয়াসাধ্য দূত্য হু'রকমের, অনুভব ও সান্ত্রিক। এটি অনুভব।

## সান্ত্ৰিক

ষথা---

শ্রীকৃষ্ণের মুরলীধ্বনি শুনে শ্রীমতীর অঙ্গ স্বেদসিক্ত হয়ে উঠলো।
তাঁর সেই স্বেদসিক্ত তমু রোমাঞ্চ শিহরণে কউকিত হয়ে উঠেছিল।
তিনি সন্থীকে তাই দেখালেন। মুখে কিছু বলতে হলো না।
উৎকণ্ঠিত তমুই যেন সন্থীকে দৃত্য কাজে নিয়োগ করলো। সন্থী
স্বয়ং গেল মাধ্বের কাছে শ্রীমতীর অবস্থা জানাতে।

অঙ্গের এই স্বেদোদ্গম ও রোমাঞ্চই সাত্ত্বিক নামে অভিহিত।

'মাধব বেণু শুনল যব রাধা। হাদয়ে বিথারিল মনসিজ বাধা।

কিছু নাহি বোলল দৃতীক পাশ। তহু মাঝে হোমল পুলক বিকাশ।

এছন দেখি দৃতী করি অহুমান। নাগর আনিতে করল পরান।'

### বাচিক

পূর্বের মত বাচ্য ও ব্যঙ্গভেদে বাচিকও হ্রকমের হয়।

### বাচ্য

যথা, বিশাখার প্রতি শ্রীমতী—

সহচরি ! তুমি আমার প্রাণম্বরূপা। তুমি যেমন নিপুণা তেমনি বাক্পটিয়সী। আমায় লঘুর চেয়েও লঘু ( অত্যস্ত ছোট ) প্রতিপন্ন না করে, যেমন করে পারো, আমার প্রতি মাধ্বকে অন্ধুরক্ত করো।

### ব্যঞ্

ব্যঙ্গ ত্রকমের, শব্দমূল ও অর্থমূল। ৪৪।

## শস্মূল

শ্রীরাধা বললেন—হে মৃগাক্ষী বৃন্দে! আমি অশ্য কোন প্রকার কলাকৌশল বা চাতুরি শিক্ষা করতে চাই না। তথু 'কেশবদ্ধন' অমুশীলন করতে চাই। অর্থাৎ ব্রজমুন্দরীগণের (কেশবদ্ধনং) করবী বন্ধন অভ্যাস করতে চাই। শন্ধমূলগত অর্থ, স্থন্দর ক্রবিশিষ্টা ব্রজনারীগণের 'কেশবং ধনং' (কেশবরূপী ধনকে) আয়ন্ত করতে চাই। ৪৫।

# অর্থমূল ব্যক

অর্থমূল ব্যক্ত বলতে স্বীয় পতির প্রতি আক্ষেপ, গোবিন্দের প্রশংসা এব দেশাদিবৈশিষ্ট্য প্রভৃতি বুঝায়। ৪৬।

## মায় পতির প্রতি আক্ষেপ

ষথা—বিশাখার প্রতি পূর্বরাগবতী শ্রীমতীর উক্তি:

'দেখ দেখ দখি, বিধাতা করেছে বিষম চরিত শতি।
তাহাতে বখন না হইল মন, কি মোর হইল মতি॥
এ রূপমাধুরী নিতিনিতি বাড়ে, নিকটে ষমুনা বন।
তাহা দেখি মোর অস্তর পুড়িছে, ধৈরষ না মানে মন॥

বিধিবিজ্ञ্বনা বশতঃ অ্যামার চিত্তে ঘোরপ্রকৃতি পতির প্রতি কোনো ক্লচি নাই। আমার ক্লচিশীল মন দিনদিন শ্রীকৃঞ্চের প্রতি আকৃষ্ট হচ্ছে। পোড়া দেহ শাসন মানে না। যমুনাপারের ওই বন আমার কন্দর্প অগ্নি-প্রজ্জালিত করে। ৪৭।

## গোবিন্দের প্রশংসা

'কুলৰতী হ'য়া পরপুদ্ধের স্থতি করা নহে ভালি।
তুহু প্রাণস্থী পরাণ সুমান তেঞি সে তোমারে বলি॥
কত না মাধুরী আছে তার গারে, যার এক কণা দেখি।
অমিয়া সিনান হইল আমার, ফিরিয়া না আসে আধি॥

সখি! জ্রীকৃষ্ণের কি অপরূপ রূপমাধুরিমা। ওই রূপের ছটায় আমার নয়ন মৃত্ হয়ে আসে। এমন ভূবনমনোমোহন রূপ এ জগতে বিরশ। ৪৮।

স্থি! তুমি দৃত্যকৃত্তে অতি চতুরা। নাগর ব্রন্ধর নন্দন। আমার সেই শিশুতা এখন আর নাই। দেখো, যেন প্রমাদে না পড়ি। ৪৯।

# दमभामि देविनिष्ठेर

'মনোরম বৃন্দাবনে বছলতাতরুগণে পূস্প লাগি করিল ভ্রমণ।
অঙ্গ মোর ভাঙ্গে প্রমে, আমি রহি এইস্থানে, শ্রম দূর করি কডক্ষণ ॥
একাকী রহিব আমি, ক্রভ চলি যাও তুমি, কালিন্দীর তীরে দথি যাও।
ভাহা করে বালমল বছবিধ স্কমল ভাহা মোর হাতে আনি দাও॥'

দেশাদি ও স্থল বিশেষের সৌন্দর্যের প্রতি স্থীর দৃষ্টি আকর্ষণ করার প্রচন্থর উদ্দেশ্য এই যে, দয়িতের সঙ্গে রতিবিহারের এই উৎকৃষ্ট স্থান। তাই নায়িকা বলছেন—স্থি, তুমি যাও, মিলন ঘটাবার ব্যবস্থা কর। ৫০।

যথা বা---

শ্রীরাধা বিশাখাকে বললেন, সথি! যমুনা-পুর্নিরে ওই বনভূমি যেমন বাসন্তী সুষমাও চন্দ্রালোকে মধুময় হয়ে উঠেছে, তেমনি আমার তমুলতাও নববয়স ও যৌবনমাধুর্যে ভরপুর হয়ে উঠেছে; এখন আমার কি করা উচিত, তাই বল। ৫১।

শ্রীমতী আদেশ না করলেও, প্রাসক্ষছলে যে মনোভাব প্রকাশ করলেন, ভাতে সধীর বুঝতে বাকী রইল না যে, মিলন সংঘটনের জন্ম দৃত্য প্রয়োজন। যথা—

'এই ষম্নার বন ভাহে দক্ষিণ পবন, ভাহে পুন: চাঁদ প্রকাশিত। প্রিয় স্থী আছে সঙ্গে, ভ্রমণ করিম রঙ্গে, কর এখন যা হয় উচিত ॥'

## সধী প্রকরণ

নায়ক নায়িকার প্রেমলীলা ও বিহারাদি সম্যক্ রূপে বিস্তারিত করতে যে সহায়তা করে এবং বিশ্বাসরত্বের পেটিকাস্বরূপা অর্থাৎ অত্যম্ভ বিশ্বাসের পাত্রী, সে-ই স্থী। স্থীদের প্রকৃতিগত ভেদ স্থুপ্রভাবে বিবেচনা করা প্রয়োজন।

স্থীদের মধ্যে যে-যে স্থী একই যুথের অস্তর্ভুক্তা, তাদের ভিতরেও অধিকা, মধ্যা এবং মৃদ্ধী প্রভৃতি প্রকৃতিভেদ অমুসারে পার্থক্য হয়।

স্থীদের মধ্যে যার প্রেম-সোভাগ্য ও গুণের আধিক্য স্বচেয়ে বেশী, তাকে 'অধিকা' বলা হয়। আত্যন্তিকা, আপেক্ষিকা, সমা ও লঘু ইত্যাদি পর্যায়ক্রমে স্থীদের বারোটি ভাগে বিভক্ত করা হয়েছে। এ বিষয়ে ষষ্ঠ অধ্যায়ের শেষে বিস্তৃত বিবরণ দেওয়া হলো।

खनाकृषाशी भर्षायः । ১-১२।

১ আত্যন্তিকাধিকা-প্রথরা			৭ সমপ্রধরা
২	"	<b>মধ্য</b> 1	৮ " মধ্যা
•	22	• মৃদ্বী	৯ " মৃদ্বী
৪ আপেক্ষিকাধিকা-প্রশ্বরা			১০ লঘুপ্রখরা
			( আপেক্ষিকী ও আত্যস্তিকী )
¢	"	মৰ্থ্যা	১১ " মধ্যা
•	99	মৃদ্বী	১২ " सृषी

## বামা

বৈ নায়িকা সব সময়েই মান করতে চান এবং মানের শৈথিল্য ঘটলেই কুপিতা হয়ে ওঠেন, ফলে নায়ক তাঁকে বশীভূত করতে পারেন না, সেই নায়িকাকে 'বামা' নায়িকা বলা হয়। বামা নায়িকা প্রায়েই নায়কের সঙ্গে রূঢ় ব্যবহার করে থাকেন।

বামা সখী নায়িকাকে মান বিষয়ে উত্তেজিত করে।

### प्रक्रिश

ংয়ে নায়িকা মান করে থাকতে পারেন না, যুক্তি দিয়ে নায়কের সঙ্গে কথা বলেন, এবং নায়কের স্তুতিবাক্যে প্রসন্ধা হন, তাঁকে 'দক্ষিণা' নায়িকা বলে।

দক্ষিণা স্থী যুক্তিদ্বারা নায়িকার মান প্রশমিত করে, তাঁকে মিলন বিষয়ে উৎসাহিত করে। ১৩—১৫।

### দূভ্য

যুপেশ্বরীদের দুত্যকার্যের নিমিত্ত নায়িকা ও স্থীদের প্রকৃতিগত শুণাগুণ বিশেষ ভাবে বর্ণিত হলো।

পূত্য কার্ষ বলতে বুঝায়, দূরবর্তী নায়ক ও নায়িকার মধ্যে মিলন বা অভিসারের যোগাযোগ স্থাপন করা। ১৬।

# নায়িকা দূভী ও সথী

নায়িকাগণের মধ্যে যিনি প্রথমা বা আত্যস্থিকাধিকা তাঁকেই নিভ্যনায়িকা বলা হয়। আর মধ্যস্থা তিনটা অর্থাৎ আপেক্ষিকাধিকা, সমা ও আপেক্ষিকা লঘু—এই তিন নায়িকার পক্ষে নায়িকাছ ও স্বীছ ছ-ই সম্ভব। ১৭।

তিন প্রকার নায়িকার মধ্যে যে প্রধানা, অর্থাৎ আশেক্ষিকাধিকা তাকে নায়িকাপ্রায়া বলা হয়। আর দ্বিতীয়া, অর্থাৎ সমাকে 'দ্বিসমা' বলা হয়। নিজের চেয়ে যে 'অধিকা' তার ক্ষেত্রে দ্বিসমা নায়িকা স্থীর কাজ করে। গুণপর্যায়ে নিজের চেয়ে যে লঘু, তার সম্পর্কে সে নায়িকাছ করে। আর তৃতীয়া, অর্থাৎ আপেক্ষিকী লঘু, প্রায় সকল ক্ষেত্রেই স্থীছ করে। যে পঞ্চমী, অর্থাৎ আত্যন্তিকী লঘু, তাকে নিত্যস্থী বলা যায়। কেননা, তার চেয়ে আর কেউ লঘু, নাই; স্মৃত্রাং তার পক্ষে নায়িকাছ করা সম্ভব হয় না। ১৮।

আছা অর্থাৎ আত্যন্তিকাধিকার ক্ষেত্রে আপেক্ষিকাধিকা প্রভৃতি সখারা সব সময়: দৃতীই হয়ে থাকে, কখনো নায়িকা হয় না। আর পঞ্মী অর্থাৎ আত্যম্ভিকী লঘুর ক্ষেত্রে পূর্বোক্ত সকল স্থীই নায়িকা হয়, কিন্তু তারা কখনো দূতী হতে পারে না।

### **ৰিভ্যনায়িকা**

বাঁকে বুথেশ্বরী বলে উল্লেখ করা, হয়েছে, তিনিই নিত্যনায়িকা। এই নিত্যনায়িকা অত্যন্ত আদরের পাত্রী বলে, তাঁর দ্বারা মুখ্যদ্তীর কাল সম্ভব হয় না। যুথভূকা সখীদের মধ্যে যে তাঁর অত্যন্ত অমুরক্তা, যুথেশ্বরী তাকেই দৃত্যকার্যে নিয়োগ করেন। তাছাড়া, কখনো কখনো যুথেশ্বরী অতিশয় প্রণয় বশতঃ তাঁর সখীর দৌত্য করেন। কিন্তু এই ধরণের দৌত্য গৌণ। তাকে মুখ্য বলা যায় না। দ্ববর্তী স্থানে যাতায়াত না করে যে দৃত্যসিদ্ধি হয়, তাকে গৌণদৃত্য বলে।

নোণদৃত্য হু'রকমের, যথা—সমক্ষ এবং পরোক্ষ।

### সমক্ষদূত্য

সমক্ষ গৌণদৃত্য হ'রকম—সাঙ্কেতিক ও বাচিক। ১৯।
চোখের কোণ, জ বা আঙুলের ইসারায় প্রীকৃষ্ণকে আপন স্থীর
কাছে যাবার জন্ম ইঙ্গিত করে, দৃতী নিজে আত্মগোপন করে। এর
নাম সাঙ্কেতিক সমক্ষদৃত্য। ২০
যথা—

'স্বন্ধী জানলু তোঁহার চরিত। কাস্থ সঞে করলি নয়ন ইন্ধিত। তুঁহ সে লুকাওলি কুঞ্জি মাঝ। মুঝে তুঃখ দেওল নাগর রাজ। যদি ইহ না রহত লতাতক আলি। কি করিত মঝু গতি শঠ বনবালী॥' এই উদাহরণে অধিক মৃদ্ধীর দুত্যক্রিয়া প্রকাশিত হলো। ২১।

# বাচিক দূভ্য

বাচিক দৃত্য তিন রকমের—(১) শ্রীকৃষ্ণ ও সখী উভয়ের অগ্রে (উপস্থিতিডে) বা সামনে শ্রীকৃষ্ণকে বলা, (২) শ্রীকৃষ্ণের পশ্চাতে **चेष्क्रमनीज**प्रति >->

(অমুপন্থিভিতে) বা আড়ালে সখীকে বলা, এবং (৩) সখীর পশ্চাতে বা আড়ালে ঞ্রীকৃষ্ণকে বলা। ২২।

#### যথা---

সধী ও কৃষ্ণের সামনে কৃষ্ণের প্রতি খ্যামলার উক্তি:

'আমি গোপনারী আর কি করিব উপকার, এক উপকার এবে করি। এই মোর সহচরী বনফুল করে চুরি, তারে আমি আনি দিল ধরি॥ এই ধরি দিহু চোর আর দোষ নাহি মোর। আমি গৃছে করিএ গমন। বে ইচ্ছা হয় তোমার, কর সেই প্রতিকার, তুমি ব্রজরাজের নন্দন॥'

এটি অধিকপ্রধরা-দৃত্যের উদাহরণ। ২৩। শ্রীকৃষ্ণের পশ্চাতে সখীর প্রতি উক্তি— শ্রীমন্তী চলপূর্বক চিত্রার দৌত্য করলেন।

'আমার মৃক্তা ঝুরি ভূমিতে পড়িল ছি ড়ি তুমি তাহা লহ অরেষিয়া।
মালা গাঁথে ফুল লঞা তাহে ব্যগ্রচিত হঞা হরি আছে আনমন হরা।
বিশিত হয়াছে কার, পড়েছে মোহন বেণু, গড়ি যায় ধূলির উপরে।
কপটে নিকটে যায়া বেণু রাখি লুকাইয়া বড় ছঃখ দিয়াছে আমারে।'
এই উদাহরণে 'অধিকমধ্যার' দূত্য প্রকাশিত হলো। ২৪।
সখার পশ্চাতে শ্রীকৃষ্ণের প্রতি বাচিক দূত্য। ২৫।
যথা—

'গছন কাননে কুস্থম আনিতে গেছে মোর সহচরী। নির্জন বনে একাকী পাঠাঞা ভাবি আমি মুরহরি। সেই সহচরী কিছুই না জানে যুবতী কুলেরবালা। তারে একাকিনী পথ মাঝে পাঞা তুমি না করিহ জালা।

হে অঘহর! তুমি এখন আমার গৃহ থেকে যাচছ। আমি স্থীকে গহন বনে পুষ্পাচয়ন করতে পাঠিয়েছি। ভোমার কাছে আমার এই প্রার্থনা, সেই অভিমুগ্ধাকে নির্জন বনে একাকিনী পেয়ে তুমি যেন তাকে খেদান্বিতা করে। না।

### পরোক্দৃত্য

এক সধী যখন অশুকোন স্থীকে কৃষ্ণের হাতে সমর্পণ করেন বা ছল করে কোন স্থীকে কৃষ্ণের কাছে পাঠান, তখনই হয় তাঁর পরোক্ষ দৃত্য।

'চল, আমরা বৃন্দারণ্যে গিয়ে চাঁদ দেখে আসি'-এই কথা বলে কলাবতী তাঁর সখী রঙ্গদেবীকে আগে আগে নিয়ে বৃন্দাবনের গহন কুঞ্ল মধ্যে প্রবেশ করলেন।

শক্ষিতা হয়ে রঙ্গদেবী বললেন - কিন্তু চাঁদ কৈ, সখি ? তুমি যে আমায় অন্ধকার কুঞ্জবনের পথে নিয়ে চলেছ !

কলাবতী বললেন—'তোমার দ্বিতীয় প্রতিমূর্তি শশিকলা জীধারা আৰু গুরুজনের আদেশে গৃহে অবরুদ্ধা। স্থান্দরি! জীমতীর কোন অসমতি নাই। তিনি সব সময়ই তোমার কল্যাণ কামনা করেন।—তুমি এগিয়ে যাও। ওই দেখ, কৃষ্ণের অঙ্গুসেরারভে আকৃষ্ট হয়ে ভ্রমরেরা গুঞ্জন করে' পথের সংকেত স্কুচনা করছে। তুমি আর বিলম্ব করো না।'

'মধুকর নিকর তুয়া পথ দরশে। তুয়া লাগি মাধব বনমাঝে বিলসে। না ক'ফ বিলম্বন ধঞ্জন নয়নে। তুরিতে চলত্ অব কুঞ্জকি ভবনে॥'

# ব্যপদেশ বা ছল

কৃষ্ণের নিকট লিখিত কোন পত্র বা প্রেরিত কোন উপহার নিয়ে, কিংবা নিজের প্রয়োজনে, অথবা কোন আশ্চর্য জিনিস দেখবার অছিলায় গিয়ে উপস্থিত হওয়াকে ব্যপদেশ বা ছল বলে।

এ কুষ্টের প্রতি রসালমঞ্চরীর উক্তি: (লেখ্য ব্যপদেশ)

'আমি প্রীমতীর পত্রবাহিকা দৃতী। তুমি আমার সঙ্গে লাম্পট্য করবার চেষ্টা করছো কেন? দৃতীর এ ধর্ম নয়। সে প্রাণভ্যাগ করতে পারে, কিন্তু সখীর জন্ম দৌত্য করতে এসে, নিজে দেহদান করতে পারে না।' প্রীকৃষ্ণ বললেন, তুমিই বা দ্তীর রীতি পরিত্যাগ করে বাম চক্ষের বক্রদৃষ্টিতে আমার দিকে চেয়ে আছো কেন? তোমার সধীর লেখা এনেছ, পড় শুনি। সুন্দরি! এই কুঞ্জভবনে স্থান্ধ পুষ্পে আর্ভ কোমল শয্যা রচিত আছে। অলিকৃল মৃত্তপ্রনে তোমায় আহ্বান করছে। ২৬।

### উপায়ন ব্যপদেশ

ঞীকৃষ্ণের প্রতি রতিমঞ্জরীর উক্তি:

'ছাড় ছাড় নাথ, বসন আঁচল নিছনি লইয়া মরি। গহন কাননে একেলা পাইয়া হট না করিহ হরি ॥ নিরজন বন বড়ই গহন হইল সাঁঝের বেলা। রাধার বচনে এখানে আইছ তোমা দিতে বনমালা॥ তুয়া গুণাগুণ জানি হে সকল, কারে বা করিব রোষ। এখানে আসিয়া ভাল না করিল, নাহিক তোমার দোষ॥'

## 'নিজ-প্রয়োজন' ব্যপদেশ

শশিকলার প্রতি ললিতার উক্তি:

'গত রাত্রে কদম্বনের কুঞ্জকুটীরে শ্রীমতী ভুলকরে যে মুক্তামালা কেলে গিয়েছিলেন সেই মালা তোমায় আনতে বলেছিলেন। কিন্তু তুমি তা না নিয়ে গৃহে ফিরে এলে যে!

তাৎপর্য—নিজের প্রয়োজনীয় জিনিস আনবার হলে, এীমভী তাঁর প্রিয় স্থীকে কদম্বনের কুঞ্জকুটীরে পাঠিয়েছিলেন। উদ্দেশ্য ছিল, নির্জন কদম্বনের কুঞ্জমধ্যে প্রীকৃষ্ণের সঙ্গে সেই প্রিয়স্থার মিলন ঘটানো। ২৭।

## 'আশ্বর্য-দর্শন' ব্যপদেশ

আশ্চর্যদর্শনচ্চলে সখীকে কোন নির্জনন্থানে পাঠিয়ে শ্রীকৃষ্ণের সঙ্গে তার সংযোগ ঘটাবার প্রয়োস।

সরোবরের তীরে একটি অলিগ্রাম হংসের অমুত কেলি দেখবার

জন্ম শ্রীমতী তাঁর কোন প্রিয়সখীকে পাঠিয়েছিলেন। উদ্দেশ্য ছিল, শ্রীকৃষ্ণের সঙ্গে সখীর মিলন ঘটানো। সখী ফিরে এলে, অন্থ সখীদের সামনে পরিহাস করে শ্রীমতী বললেন—

শ্বে আছে ভূজদিনী কঠেতে অধ্বমণি শিরে আছে স্থাকরগণ।
ম্থেতে মানিক থসে হেন শামবর্গ হংসে দেখিবারে করিলে গমন॥
আমার বচনে গেলে আশ্র্যা দেখিরা আইলে বিলম্ব হইল কভক্ষণ।
আশ্র্যা দেখিলে তুমি, সত্য কয়েছিলাম আমি, কোপ কর কিসের কারণ॥
অধ্বের ম্রলী—যা কামসর্পের প্রতীক, কঠে কৌস্তভমণি, মস্তকে
ময়ুরপুচ্ছের চল্রকলাশোভিত চূড়া, ওঠে অফুট মধুর বাক্যে মানিক
ঝরে; এ হেন অমরশ্রাম কৃষ্ণ সরোবরতটে কেলিরত ছিলেন।
তাঁকে দেখবার জন্ম, ছল করে জ্রীমতী তাঁর সখীকে পাঠালেন,
যাতে শ্রামের সঙ্গে সখীর মিলন হয়।—এই ধরণের দৃত্যকে 'আশ্রহ্য
দর্শন' ব্যপদেশ দৃত্য বলা হয়। ২৮।

### নায়িকাপ্রায়াত্তিক

আপেক্ষিকাধিকাদিত্রয় অর্থাৎ অধিক প্রশ্বরা, অধিক মধ্যা ও অধিক মৃদ্বী—এই তিন প্রকার নায়িকা যদি 'লঘু' নায়িকার জন্ম ম্পাষ্টরূপে দৃত্য করে, তা হলে তাকে নায়িকাপ্রায়া দৃত্য বলে। ২৯।

# অধিকপ্রথবা দূত্য

নিজের চেয়ে লঘীয়সী সখীকে ললিতা বললেন—'শস্তলি! বহুদিন পরে আজ তুমি আমার হাতে পড়েছ। অমন আকুল হয়ে মিনতি করলে আর কি হবে! তোমায় অভিসার করিয়ে করিয়ে শীর্ণ করে তবে ছাড়বো। যে কষ্ট আমায় দিয়েছ, তার শোধ নেবো।

হে সখি! লতাকুঞ্জের সীমানায় এসে, কেন থমকে দাঁড়াচছো।? তোমার ভাগ্য খুব প্রসন্ধ, দেখছি! এখনই রতিসন্তোগে সিংহের মভ পরাক্রমশালী খ্যাম তোমার কুচকুস্তব্ভি মৃক্তাহার ছিন্নবিচ্ছিন্ন করে ছড়িয়ে দিবেন।' ৩০।

# অধিকমধ্যা দৃত্য

বিশাখা তাঁর চেয়ে লঘু কোন সখীকে প্রীকৃষ্ণের সান্নিধ্যে এনে বললেন—সখি! তুমি বাক্যের দ্বারা আমার সঙ্গে বারবার ছলনা করেছ, চোখের ইসারায় প্রীকৃষ্ণকে এনে আমার অঙ্গ সস্তোগ করিয়েছ; আজ সেই কৃষ্ণকে বশীভূত করে আমি ভোমায় পাইয়ে দিলাম। হে পদ্মিনি! এখন সেই কৃষ্ণহস্তী ভোমার উপর যথেচ্ছা লাম্পটা বিস্তার করুন।' ৩১।

'নিভিনিতি কাহুসনে ইকিত করিঞা, তাকর নিকটে দেয়লি মঝু ধরিঞা। আজু পাওলু তুহে কুঞ্জকি নিলয়ে, হরি কাছে দেয়লু কি করব বিনয়ে॥'

# অধিকমুদ্বী দূত্য

কোন এক বিনীতা সখীর প্রতি চিত্রার উক্তিঃ

'সথি! যমুনাতীরের পুষ্পিত কুঞ্জবনে তুমি আমায় প্রতিদিন অভিসার করিয়েছ। কিন্তু আমি অতি অকৃতজ্ঞা, তাই তোমার জন্ম কিছু করতে পারি নি। একবার যদি তোমায় নিয়ে গিয়ে ওই কুঞ্জের ভিতরে প্রবেশ করাতে পারি, তা হলে সেই ঋণ থেকে কিছুটা নিস্কৃতি পাই।'

> 'কত কতদিন গহন কাননে কাসু মিলাইলে তুমি। অনেক যতনে তোমার সে ধার ভবিতে নারিস্থ আমি। এবে উপকার কি করিব আর, আনিল কুঞ্জবনে। মনের হরষে এ নব কাননে বিহর হরির সনে॥'

## **বিসমা**ত্রিক

সমপ্রকৃতি প্রধরা, মধ্যা ও মৃদ্বী — এই িন শ্রেণীর নায়িকা বা স্বী পরস্পারের নায়িকা ও দৃতী হু-ই হতে পারে। এদের দ্বিসমা বলা হয়। ৩২।

## সমপ্রথা দৃত্য

অন্য সধীর প্রতি এক সধীর উক্তি:

'স্থি! যদিও আজ তোমার পালা, তবুও আজ আমিই দৃত্য করবো। তুমি আর অমন করে জ্র নাচিও না। ততুলতা সৌন্দর্য মণ্ডিত করো, অর্থাৎ প্রসাধন করে অঙ্গশোভা বৃদ্ধি করো। তোমার বামচক্ষু আজ নৃত্য করে আমায় অন্থুরোধ করছে! আমি গোষ্ঠে চললাম মাধ্বের মুগ্রায়; তোমার জন্ম মাধ্বকে ধ্রে আনতে।' ৩০।

> 'তোমাতে আমাতে মনের পীরিতি স্থথে থাকি নিতিনিতি। তুমি একদিন আমি একদিন পরস্পর হই দৃতী॥ তোমার নয়ন কহে পুনপুন আনিতে নাগর বরে। ভঙ্গি ছাড় তুমি, এই যাই আমি কাফু আনিবার ভরে॥'

### সমমধ্যা দূভ্য

কমলা জাঁর সখী শশিকলাকে বললেন—'আজ তুমি মুরারির হাতে পডেছ। আমি এখন এখান থেকে যাই।'

শশিকলা বললে—'কি আশ্চর্য! আমি না তোমার দৃতী! কেন বুখা এ জল্পনা করছো?'

পরস্পরের এই আলাপন শুনে, গ্রীকৃষ্ণ প্রণয়মাধুর্যে মুগ্ধ হয়ে উভয়কে আলিঙ্গন পাশে বদ্ধ করলেন, এবং হৃদয়ে স্থাপন করে একই সঙ্গে তৃদ্ধনের সঙ্গে প্রণয় লীলায় রত হলেন। ৩৪।

'এই যুক্তি যব ছই স্থী করতহি তৈখনে নাগর গেল।
ছহক স্থান্তে ধরি মনোমথে মাতল, নিবিড় আলিখন দেল।'
যথা বা----

# ঞ্জীকুফের উক্তি:

'মাধবি! মালতী তোমায় আমার হাতে সমর্পণ করেছে। এখন ভূমি কোথায় যাবে! আর মালতীই বা আমার হাতে তোমায় ভূলে দিয়ে, কোথায় যাবে? তোমাদের ছজনের একসঙ্গে সমাগম সম্ভব নয়। অতএব এসো, আজ কৃষ্ণ ভ্রমর একসঙ্গে ছন্ধনের মধুপান করে তৃপ্ত হোক।

সমমধ্যা ছই সখীর অভিন্ন সৌহাদ্য খুব মধুর। কিন্তু প্রেম-বিশেষজ্ঞ ব্যক্তিরা মনে করেন যে, এ ধরণের প্রেম নিদর্শন বিরল।

## সমমূধী দূত্য

শ্রীমতীর কোন প্রিয়সখী শ্রীকৃষ্ণকে বললেন—

'মুকুন্দ। ওই দেখ মন্দরাক্ষী আমায় তোমার কুঞ্জকুটীরে নিয়ে এসে, নিজে গোপনে পালিয়ে যাচ্ছে। যাও, ক্রত তুমি তার অনুসরণ কর। পিছু পিছু ছুটে গিয়ে তাকে নিবৃত্ত কর।'

এই কথা শুনে এক্রিঞ্চ মন্দরাক্ষীকে আহ্বান করে বললেন—

'সুন্দরি! তোমার সথীর কথায় আমি তোমার স্থাবের জন্ম তোমায় আহ্বান করছি। এসো, পালিও না। শশধরের পাশে তারকার মত তোমরা হুজনে আমার হুপাশে শোভিত হও।'

## সখীপ্রায়ত্রিক

লঘু প্রথরা, লঘু মধ্যা ও লঘু মৃদ্ধী—এই তিন শ্রেণীর নায়িকা প্রায় সর্বদাই দৃত্য কার্য করে থাকে, তাই তাদের সখীপ্রায়া বলা হয়।

## লঘুপ্রখরা দূত্য

উদাহরণ: গীতগোবিন্দে শ্রীমতীর প্রতি তুঙ্গবিস্থা, ত্বাং চিত্তেন চিরং বহরন্নমিতি প্রাস্তোভৃশং তাপিতঃ কন্দর্পেণ চ পাতৃমিচ্ছতি স্থধাসংবাধবিম্বাধরং। ইত্যাদি

'তৃষা গুণ মনে করি কাতর নাগর জরজর মনোমথ বাবে। কত অভিলাষ করই হরি তোহারি অধর স্থারস পানে॥ বাত শুনহ মোর চল তুহু সত্ত্ব বৈঠহ নাগর কোর। তোহারি কুটিল দৃগঞ্চল শ্রাঘাতে দাস হয়াছে হরি তোর॥' যে নাগর ক্রীতদাসের মত তোমার চরণ সেবা করছেন, তাঁর প্রতি সম্ভ্রম কিসের ?

## লঘুমধ্যা দ্ভ্য

শ্রীমতীর প্রতি বিশাখার উক্তি —

'কেন কেন রাই কুটিল নয়নে চাহিছ আমার পানে। কুস্থম লাগিয়া তুমি সে এসেছ যম্না গহন বনে॥ কুটিল নাগর সে সব জানিয়া কখন আসিল বনে। আমি কুলবতী সরল অস্তর কেমনে জানিব মনে॥'

# লঘুমুম্বী দূত্য

যথা চন্দ্রাবলীর প্রতি শৈব্যা-

'নিকুঞ্জভবনে নাগর ঘুমায় চামর ঢুলাহ তুমি। কালিন্দীর তীরে কমল ফুটেছে তুলিয়া আনি গে আমি॥'

এই তিন প্রকার নায়িকার মধ্যে কেউ কেউ ঈষৎ নায়িকাত্বের জ্ব্যু উৎস্কুক হয়। কেউ বা সে বিষয়ে নিজে আগ্রহশীলা না হয়ে, স্বার স্থাবে অভিলাষিণী হয়।

নায়িকাতে ঈষৎ ঔৎস্কাযুক্তা:

শ্রীরাধা পরিহাস করে শশিকলাকে বললেন—'সখি! কুঞ্গৃহে আমি ময়ুরপুচ্ছ ফেলে এসেছি, নিয়ে এসো—এই কথা বলাতে তুমি হাসিমুখে তথনই গিয়েছিলে। কিন্তু আমি যে ময়ুরপুচ্ছ আনতে বলেছিলাম তা ত্যাগ করে, নিজে যে শতশত ময়ুরপুচ্ছ লাভ করেছ তাই আঁচলে ঢেকে নিয়ে, অধোবদনে গৃহে ফিরে আসছো। লজ্জা কি ? ৩৫।

সখীর স্থাখে অভিক্লচি:

## দ্বিভীয়া---

'তোমার চরণে বাজিবে বলিয়া নিতি বনে যাই আমি।
কুস্থম তুলিতে মোরে বারেবারে আর না পাঠাও তুমি॥
হয়া তুয়া সধী আমি মনে স্থী, কধন না জানি হধ।
তুয়া সেবা হতে নাগর সহিতে রতি নহে বড় স্থ॥'

## নিভ্যসখী

নায়িকান্থের অপেক্ষা না রেখে, সখ্য বিষয়ে যার সর্বদাই অধিক শ্রীতি, তাকেই নিত্যসখী বলে।

নিত্য স্থী তু'রকমের। এক আত্যস্তিকী লঘু; আর এক আপেক্ষিকী লঘু।

## আভ্যন্তিকী লঘু

### উদাহরণ:

মাধবের সঙ্গস্থের তুল্য পৃথিবীতে আর কোনো সুখ নাই। এই কথা বলে, মণিমঞ্জরীকে অভিসারে প্রালুক্ক করবার চেষ্টা করলে, সে বলেছিল—'স্থি! কৃষ্ণের অঙ্গসঙ্গ লাভে শ্রীরাধা যে-সুখ অফুভব করেন, আমার পক্ষে আত্মস্থ লাভের চেয়ে সেই সুখই 'ধিক।'

অনেক চাতুরি করা সত্ত্বেও মণিমঞ্জরীর মনে কখনো অভিসার স্পুহা জাগেনি। সে শ্রীমতীর নিত্যস্থী।

# আপেক্ষিকী লঘু

### যথা--

বনমালার জন্ম পুষ্পাচয়নরতা কোন সখীকে কুঞ্জারে দেখে, প্রীকৃষ্ণ বলেছিলেন—'হে শোভনাঙ্গি। তুমি কুঞ্জের ভিভরে এসে আমার অঙ্কশায়িনা হয়ে অলৌকিক সুখ সম্ভোগ কর।'

উত্তরে সধী বলেছিল—'হে গোবিন্দ! প্রীরাধাই তোমার উচ্ছল রস-সম্ভোগের যোগ্য ভূমি। তোমার অঙ্গসঙ্গ-রসাম্বাদনে আমার কোনো ঔৎস্কা নাই। তোমার যে সেবায় অশেষ বধৃজনের মনোরথ পূর্ব হয়েছে, আমায় সেই সেবায় নিযুক্ত কর।'

কোন সধী শ্রীমতীকে অভিসার করিয়ে, কুঞ্জদারে নিয়ে গিয়ে মাধবকে বললেন—'হে বৃন্দাটবীর অধিপতি! এই যে আমার প্রিয়স্থীকে এনেছি। কিন্তু ইনি কুঞ্জের ভিতর প্রবেশ করছেন না। কুঞ্জবনের দেহলী সংলগ্ন হয়ে, আমার দিকে কোপদৃষ্টি নিক্ষেপ করছেন। জ্রকুটিকারিণীকে অনুনয় কর।'

প্রথবা এবং মৃদ্বী—এই ছুই প্রকার নায়িকা আপেক্ষিক হয়। অধিক প্রথবার চেয়ে সামাশু-প্রথবা মৃদ্বী, এবং অধিক মৃদ্বীর চেয়ে সামাশু-মৃদ্বী প্রথবা হয়। প্রাথবাদি স্বভাব সম্পর্কে নিম্নে যথাযথ-ভাবে উল্লেখ করা হলো। দেশ-কালাদির বৈশিষ্ট্য অমুযায়ী ভাদেরও বিপর্যয় ঘটে। ৩৬।

### প্রাথর্যের বিপর্যয় ঃ

'ঘন আঁধিয়ার এ ঘোর রজনী, দেবতা বরিষ হয়। প্রচণ্ড অনিল ঘন গরজন দেকিয়া লাগায় ভয় ॥ এমত সময়ে নাগর আইলা, ত্য়ারে দাঁড়ায়ে রয়। আমি সে ললিতা প্রাণস্থী তোর চরণে ধরি প্রভা কয়॥ বিনয় করিয়া কত না কহিছে, ছাড়ি দেহ তুমি মান। আসিয়া নাগর করুক সত্বর তোর মূখ স্থা পান॥'

মানিনী শ্রীরাধাকে ললিতা অনুনয় করছেনঃ অন্ধকার রজনী, ধারাময়ী বৃষ্টি, প্রচশু ঝড় বইছে। তবুও তোমার প্রণয়মুগ্ধ নাগর এই ঘোর হর্যোগ উপেক্ষা ক'রে, দারদেশে এসে অপেক্ষা করছেন। আমি ভোমার পায়ে মাথা রেখে বলছি, প্রিয়স্থি! মান পরিত্যাগ ক'রে প্রিয়তমের কণ্ঠলগ্গা হও। ললিতার এই প্রার্থনা পূর্ণ কর।

**উव्य**न नी नप्तर्ग >>>

শালিতা প্রথা হলেও, এক্ষেত্রে তার বিপর্যয় ঘটেছে। অত্যস্ত মৃত্ হয়ে তিনি রাধা-কৃষ্ণ মিলনের জন্ম দৃত্য করেছেন। ৩৭।

## মুত্তার বিপর্যয়:

চন্দ্রাবলার স্থা পদ্মার সঙ্গে শ্রীমতীর কথোপকথন শুনে, চিত্রা শ্রীমতীকে বললে—

'শুন শুন স্থান্ধনী ত্রা গুণগান ছলে পদ্মা করয়ে উপহাস।
তুহু বড় মুগধিনী তব হি আদর করি তাহে আনসি নিজ পাশ ॥
কিঞ্চিত রোধনয়ন কুরু স্থান্ধনী, চিত্রা পুরাবে মনঃ সাধ।
পদ্ম 'পরি ধেন অতি মৃত্ব হিমকণ বিতরই দারুণ প্রমাদ ॥'

মৃত্সভাব। চিত্রা প্রীমতীকে তিরস্কার করে বললে—সঝি! গুণগান ছলে কুটিলবুদ্ধি পদ্মা তোমার প্রতি কটাক্ষ করেছে। তবুও তুমি অনুনয় ত্যাগ করছো না! আদর করে পাশে বসাচ্ছো! তুমি যদি ক্রুদ্ধ হও, তাহলে চিত্রা সমুচিত প্রতিবিধান ক'রে পদ্মার বিনাশ সাধন করে।

চিত্রা স্বভাবতঃ মৃত্ হলেও, এখানে তার বিপর্যয় ঘটেছে। মৃদ্বীর প্রখরতা প্রকাশ পেয়েছে। ৩৮।

## সথী-ব্যবহার

সখা চরিত্রের বৈশিষ্ট্য এই যে-যুথেশ্বরীর দৃত্য করতে এসে সখী যদি নির্দ্ধনে শ্রীকৃষ্ণের সঙ্গে মিলিত হয়, সে অবস্থায় শ্রীকৃষ্ণ ভার কাছে স্থরত প্রার্থনা করলেও, সে কখনো সম্মত হয় না।

### যথা

প্রীমতীর প্রেরিত কোন দৃতী নির্জনে প্রীকৃষ্ণের সঙ্গে সাক্ষাৎ করলে, প্রীকৃষ্ণ বারবার কন্দর্প ধনুতে শর যোজনা ক'রে তার উপর কটাক্ষ নিক্ষেপ করেছিলেন। দৃতী তাঁর অভিপ্রায় বৃষতে পেরে বলেছিল—হে গোবিন্দ। আমি আমার সধীর জ্ঞে দৃত্য করতে

এসেছি। তুমি কেন আমার প্রতি কন্দর্পবাণ নিক্ষেপ করছো! যদি দরকার হয়, প্রাণ দিতে পারি; কিন্তু দেহ দান করতে পারবো না। এই দেহ দিয়ে বান্ধবীর জভে যা আমার করণীয় তাই এখনো করতে পারিনি। ৩৯।

## সখীক্রিয়া

যে যে কাজ সখীদের কর্তব্য বা করণীয় তাকে সখীক্রিয়া বলা হয়। ৪০।

## मधीगटनंत्र कार्यावली :

- ১। নায়কের প্রতি নায়িকার এবং নায়িকার প্রতি নায়কের প্রেম ও গুণগান পরস্পরের নিকট কীর্তন করা।
  - ২। তাদের পরম্পারের মধ্যে আসক্তি বৃদ্ধি করা।
  - ৩। উভয়ের অভিসার করানো।
  - ৪। কৃষ্ণের নিকটে সখীকে সমর্পণ করা।
  - ৫। পরিহাস।
  - ७। आश्रीम श्रामा।
  - ৭। নেপথ্যে নায়িকাকে স্থসঙ্জিতা করা।
  - ৮। ত্রজনের মনের কথা উদ্ঘাটন করা।
  - ৯। একজনের কাছে অপরের দোষ ঢাকা।
- ১০। পতি প্রভৃতিকে ছল করে স্থানাস্তরে পাঠানো, ইত্যাদি পরিবঞ্চনা।
  - 23। शिका श्रामा।
  - ১২। উপযুক্ত সময়ে নায়ক নায়িকার মিলন ঘটানো।
  - ১৩। চামরাদি ব্যজন করা।
  - ১৪। উপালম্ভ অর্থাৎ প্রয়োজন মত নায়কের প্রতি তিরস্কার।
  - ১৫। " " প্রয়োজন মত নায়িকার প্রতি ভংসনা।
  - ১৬। সন্দেশ প্রেষণ বা একের নিকট অন্তের সংবাদ বছন করা।

**উच्चन नीम** प्रति ५२५

১৭। নায়িকার প্রাণরক্ষার জন্ম সতত যত্নবতী হওয়া।
পরবর্তী ৪১ হতে ৫৫ শ্লোকে পদাবলী, উদ্ধব সন্দেশ ও হংসদৃত
প্রভৃতি গ্রন্থ থেকে সখী।ক্রয়ার বিবিধ উদাহরণ উল্লিখিত হয়েছে।
উল্লিখিত সখাগণের অন্মবিধ ধর্ম পুনরায় বর্ণিত হলো।

### স্থীদ্বিবিধা

স্থীদের কার্যকলাপ ও মনোভাব অনুযায়ী 'অসমস্লেহা' ও 'সমস্লেহা' এই হুই শ্রেণীতে ভাগ করা যায়। কৃষ্ণের প্রতি এবং যুথেশ্বরীর প্রতি তারা এই দ্বিবিধ মনোভাব পোষণ করে। ৫৬।

#### অসমস্থেহা

শ্রসন্ত্রেহা দ্বিবিধ। এক, কৃষ্ণ অপেক্ষাও প্রিয়স্থীর প্রতি **অধিক** স্লেহবতী। অপর, প্রিয়স্থী অপেক্ষা **প্রীকৃ**ষ্ণের প্রতি অধিক স্লেহবতী।

# শ্রীকুষ্ণের প্রতি অধিক স্লেহবতী

যে সব সখী অন্তরে অন্তরে আপনাকে প্রীকৃষ্ণের অতি আপনজন মনে করে, এবং সেই অভিমানে অন্ত কোন যুথেশ্বরীর প্রতি আকৃষ্ট হয় না, শুধু মাত্র আপন যুথেশ্বরীকেই আশ্রয় করে, তারা হরিস্নেহাধিকা আবার যারা যুথেশ্বরীর প্রতি সম্পূর্ণ স্নেহশীলা হয়েও অন্তরে কৃষ্ণের প্রতি অধিক স্নেহ বহন ক'রে তাঁর জন্ম দৌত্য কার্য করে, তাদেরও 'হরি-স্নেহাধিকা' বলা হয়। ৫৭।

#### यथा-

# শ্রীমতীর প্রতি ধনিষ্ঠার উক্তি:

'বচনে কডই কহি মনে নাহি আন। মন্তু মনে নাহি লাগে ঐছন মান॥
ফিরি দেথ কাতর নাগর তোর। ইহ দেথি অস্তর বিদরত্বে মোর॥
তুল্পা মান হোল্পল দিনকর চণ্ড। মলিন হোল্পল দেখ নাগর চন্দ॥'
হে স্থি! তোমার হুর্জ্বয় মান আমার অস্তর পীড়িত করে,

আমি সইতে পারি না। ওই দেখ, তোমার মানের খরতর উত্তাপে মাধবের মুখেল্ফুছবি মান হয়েছে। হে মানিনি! তাই আমি অস্তরে অত্যস্ত গ্লানি বোধ করছি। অস্তাস্ত স্থাদের মত আমার মনে এক, আর মুখে অস্ত কথা নাই।

#### যথা বা---

কোন স্থী নির্জনে অশ্য স্থীকে বললে—হে বরাঙ্গি! আমি সকল দেবতার পায়ে মাথা রেখে শুধু এই বর প্রার্থনা করি যে, স্থবলস্থা শ্রীকৃষ্ণ ও রাধিকাকে যেন আমি স্বদা সেবা ছারা আনন্দ দান করতে পারি। তা হলেই আমার মনোবাসনা পূর্ণ হবে।

পূর্বে যে সব স্থীর কথা উল্লেখ করা হলো, তারা শ্রীকৃঞ্জের প্রান্তি স্লেহাধিকা। তেমনি আমার স্থী-স্লেহাধিকা বান্ধবীও আছে।

### স্থীম্মেহাধিকা

যে স্থী নিজেকে নায়িকার আপনজন মনে ক'রে সর্বদা তার প্রতি স্নেহশীলা হয়, এবং কুষ্ণের চেয়ে কুফপ্রিয়ার প্রতি অধিক স্নেহবিশিষ্টা হয়, তাকে স্থীস্নেহাধিকা বলে। ৫৮।

### যথা-

শ্রীমতীর কোন প্রথরা প্রাণস্থী বৃন্দাকে বলেছিল—হে সহচরি! তোমার দৃত্য-চাতুর্য রাখো। যাও, তুমি গোষ্ঠরাজ্বতনয় শ্রীকৃষ্ণকে গিয়ে বলো যে, এই ঘোর বর্ষা রাত্রি—চারিদিকে বিষম বিষধর সর্প, কেমন করে ভীকৃষভাবা শ্রীরাধাকে গিরিকুঞ্জে পাঠাবো। ৫৯।

'বুন্দে দ্র কর দ্তীক কাজে। নেওটি কহ তৃহ নাগর রাজে। ইহ দেব বরিষ আঁধিয়ার রাতি। পথ মাঝে কত কত ভৃজগিনী পাঁতি॥ নাহি সহই ভয় রাই আমার। আজু নিশি নাহি করাব অভিসার॥' এ ধরণের উক্তি সমস্রেহা স্থীর পক্ষেও স্কাব।

প্রীমতীর কোন এক বান্ধবী তার নবীনা স্থীকে উপদেশ দিয়ে বলেছিল—স্থি, তুনি প্রীরাধার সঙ্গে স্থ্য কর। তবে যদি একথা উজ্জ্বনীৰমণি ১২৩

মনে করে থাকো যে,. প্রীকৃষ্ণের প্রণয়-প্রমোদ লাভের জ্বন্স রাধার সঙ্গে সখ্য করবে, তাহলে ভূল করবে। প্রীরাধার সঙ্গে যদি ভোমার প্রণয় সিদ্ধ হয়, তাহলে কৃষ্ণের প্রীতিসম্পদ আপনা-আপনিই ভোমার উপর বর্ষিত হবে। কাজেই সখ্য করতে হলে, রাধার সঙ্গে সেই ভাবে সখ্য করাই ভালো, প্রীকৃষ্ণের সঙ্গে প্রণয় স্থাপনের উদ্দেশ্য নিয়ে নয়।

পূর্বে যাদের প্রাণস্থী ও নিত্যস্থী বলে বর্ণনা করা হয়েছে, মনীষিগণ তাদেরই স্থাস্থেগধিকা বলে অভিহিত করেছেন।

#### সমপ্তেহা

যে সব স্থী রুষ্ণ ও প্রিয়স্থীর প্রতি সমান স্নেহ বহন করেন, কারো প্রতি কম বা বেশী স্নেহ যাদের কখনো দেখা যায় না, তারাই 'সমস্লেহা'। ৬০।

#### যথা--

কৃষ্ণ বিনা রাধা আমার মনকে অতিশয় ব্যথিত করে। আহা!
রাধাবিহীন কৃষ্ণও আমার অন্তরকে তেমনি নিপীড়িত করে। এক
সঙ্গে রাধাকৃষ্ণের মুখচন্দ্রিমা যে জন্মে আমার নয়নযুগলকে আনন্দ
দান না করবে, তেমন জন্ম যেন আমার না হয়। ৬১।

জীরাধা মান করলে, চম্পকলতাকে বকুলমালা বলেছিল:

'নাগর না দেখি রাধিকাস্থন্দরী কাতর হইয়া রহে। রাধারে না দেখি নাগর কাতর, আমার পরাণ দহে॥ তপস্তা করিঞা জনম লইব কামনা করিব তাই। নাগর নাগরী একাসনে যেন সতত দেখিতে পাই॥'

যে সকল সধী রাধা ও কৃষ্ণের প্রতি তুল্য প্রেম অস্তরে বহন করে, নিজেদের শ্রীরাধিকার 'অতি আপনজন' ব'লে উচ্চ অভিমান গর্ব বোধ করে, তাদেরই পরমশ্রেষ্ঠসধী অথবা প্রিয়সধী বা নিত্যসধী বলা হয়। ৬১।

# হরিবম্পভা প্রকরণ

উল্লিখিত ব্ৰজস্থলরীদের চারটি প্রকারভেদ হয়। যেমন—স্বপক্ষ, সূক্রপেক্ষ, ভটস্থ ও প্রতিপক্ষ। পূর্বে প্রদঙ্গতঃ সূক্রৎপক্ষ ও ভটস্থা গোপিনীদের সম্পর্কে বলা হয়েছে।

স্বপক্ষ এবং বিপক্ষ এই ছ'রকমের গোপিনী চরিত্র অত্যস্ত রসপ্রদ। তার মধ্যে স্বপক্ষের সম্বন্ধে পূর্বে বিশেষভাবে বলা হয়েছে। এখন স্কুন্তংপক্ষ গোপাঙ্গনাদের বিভিন্ন দিক আলোচনা করা হচ্ছে। ১।

### **ত্ব**ছৎপক্ষ

স্কুংপক্ষ তু'রকমের হয়—ইষ্টসাধক ও অনিষ্টসাধক। ২।

### ইপ্নাধক

কুন্দবল্লী শ্রামলাকে বললে---

সখি! তুমি ও তোমার পরিজনবর্গ সকলে মিলে আমার কথা শোন। তোমার প্রতি শ্রীরাধার যে প্রতি দেখতে পাই, তাতে জগজ্জনের চিন্ত বিমোহিত হয়। শ্রীমতী উল্লাসভরে অঙ্গরাগ প্রস্তুত ক'রে, তোমার নাম, ক'রে তোমারই স্থীর হাত দিয়ে ঠিক সময়ে শ্রীকৃষ্ণের কাছে পাঠান। এই সব দেখে বেশ বোঝা যায় যে, তোমার প্রতি শ্রীরাধার প্রীতি অতিশয় গভীর। ৩।

### অনিষ্টসাধক

ভাণ্ডীর বটমূলে একিফের সঙ্গে এরাধাকে ক্রীড়া করতে দেখে এসে, পদ্মা জটিলাকে বললে—তোমাদের বধুর চরিত্র দেখ গিয়ে। সে ভাণ্ডীরমূলে একিফার সঙ্গে লীলাখেলা করছে। একথা শুনে জটিলা কুপিতা হয়ে ভাণ্ডীর মভিমুখে ছুটে গেল।

এখানে পদ্মা অনিষ্টসাধিকা।

শ্রামলা এসে ছল ক'রে জটিলাকে নিবৃত্ত ক'রে বললে—গ্রীরাধা নয়, কৃষ্ণের স্থা স্থল বধু বেশ ধ'রে কৃষ্ণের সঙ্গে খেলা করছে !

জটিলা প্রসন্ন হয়ে বললে—আমি অনভিজ্ঞা মূর্থের কথায় ভূল ধারণা করেছিলাম। এখন তোমার কথায় সঠিক জানলাম যে, ওই বধৃ ঞীরাধা নয় ; কৃষ্ণ বধুবেশধারী স্থ্বলের সঙ্গে হাসি-খেলা করছেন। ৪।

এখানে শ্রামলা ইইসাধিকা।

### क दिन्द्र

যে বিপক্ষের সূত্রপক্ষ তাকে তটস্থ বলা হয়। ৫।

### যথা---

পদা চন্দ্রাবলীর পক্ষ, শ্রামা শ্রীরাধার পক্ষ। চন্দ্রাবলী ও শ্রীরাধা পরস্পর বিপক্ষ। স্থতরাং শ্রামা চন্দ্রাবলীর বিপক্ষের স্বন্ধুৎ পক্ষ অর্থাৎ চন্দ্রাবলীর বিপক্ষা শ্রীরাধার বান্ধবী। এ ক্ষেত্রে চন্দ্রাবলী সম্পর্কে শ্রামা তটস্থা। চন্দ্রাবলীর দোষকে সে উদ্ঘাটিত করে, গুণের কথা কখনো বলে না।

'চক্রাবলীর ত্বংথ দেখি খামা নাহি হয় ত্বংথী। স্থথ দেখি স্থথ নাহি পায়। দোষে নাহি দোষ ধরে, গুণ শুনি মৌন করে। শ্রামার মন বুঝন না ষায়॥' ह्यावनीत (माय थाकां)। (मार्यत नयु, अर्थाए (मा**य थाकां**र তার স্বাভাবিক। গুণের কথা বলবার কিছু নাই। চন্দ্রাবলী সম্পর্কে শ্রামার মনোভাব বোঝা যায় না।

### বিপক্ষ

যারা পরস্পরের প্রতি বিদ্বেষসম্পন্ন, পরম্পরের ইষ্ট হানি করে এবং অনিষ্টকারক, তাদেরই পরম্পরের বিপক্ষ বলা হয়। ৬।

## ইপ্রবিনপ্রকারিত

বৃন্দা গ্রীকৃষ্ণকে বললেন—হে মুকুন্দ! আজ স্থবল গিয়ে **জ্রীরাধাকে বলেছিল যে, তুমি কুঞ্জগৃহে তার আগমন পথ চেয়ে** অপেক্ষা করছিলে। কুটিলবৃদ্ধি পদ্মা হঠাৎ এই কথা জানতে পেরে, সেখানে চন্দ্রাবলীকে নিয়ে গিয়েছিল। সুবলের মুখে এই কথা শুনে, শ্রীমতী স্তব্ধ হয়ে দাঁড়িয়েছিলেন। তাঁর অঙ্গে নীলপট্ট শাড়ি দেখে, প্রাতঃকালে জটিলা তাঁকে তর্জন করেছে। ৭।

## অনিষ্টকারিত্ব

জটিলা ও পদ্মার উক্তি-প্রত্যুক্তি:

'এদো এদো পদ্মা, এদ মঝু ভবনে। আওলু বাই গো প্রণাম চরণে॥
আঙলি কোন পথে কোন ঘর হৈতে। গোবর্ধন বট হতে আওলু তুরিতে॥
মোর বধু দেখলি তুহু নিজ নয়নে। তাহে দেখলু হাম দিনকর ভবনে॥(১)
চিরকাল (২) হলো কেন না আইল সদনে। তাহে হরি ঘেরল দারুণ গহনে॥
হরি বড় চঞ্চল সেহ বর যুবতী। ভুনি এই জাটিলা ধাওল ঝটিতি॥'

## বিপক্ষ পক্ষপাতিনী বা প্রতিপক্ষ

বিপক্ষ-পক্ষপাতিনী বা প্রতিপক্ষ স্থাদের কথায় ও কাজে ছল, ঈর্বা, চপলতা, অস্থা, মাৎসর্য, অমর্ষ (অধৈর্য) ও গর্ব ইত্যাদি প্রকাশ পায়।

## ছন্ম বা ছল

মণিমঞ্জরীর প্রতি ভান্থমতীর উক্তি:

'গিরিধর উপরি বাঁশ বিটপী সব ধ্বনি করু গুরুতর বায়।
সহজ্বহি বরিষ সময় নবজলধর আসি উদয় ভেল তায়॥
তাহা দেখি মৃগধ ধেছসব ধাওয়ি কাছ ভরম বিপরীত।
ধিক্ ধিক্ চাতৃরী নারি তৃহ ধাওলি জ্ঞানরহিত তৃয়া চিত॥
গ্রছন চাতৃরী বচন রচন করি পদ্মা গোপীরে শুনায়।
ললিতা সম্বর নিজ গৃহে পৈঠল তুরিত হি রায় সাজায়॥'

গিরি গোবর্ধনে শ্রীকৃষ্ণের বংশীধ্বনি হচ্ছে শুনে চন্দ্রাবলী যাতে ক্ষিপ্রগতি সেখানে গিয়ে উপস্থিত না হয়, সেজস্ত ললিতা প্রভারণা ক'রে পদ্মাকে বলেছিল যে, বাঁশবনে বাতাসের ঝাপটায় বাঁশীর মত

<sup>(</sup>১) সূর্ব মন্দির। (২) এড কাল, এড বিলম্ব।

**उद्य**ननी नप्रति ५३१

শব্দ হচ্ছে, বর্ষাকাল তাই আকাশে মেঘ উঠেছে। ধেমুগণ বংশীধ্বনি শুনে ও নবজ্বধর দেখে ছুটে যাচ্ছে। তারা পশু, কাশুজ্ঞানহীন। কিন্তু তুমি কেন বৃদ্ধিতী হয়ে ছুটে চলেছ!

ললিতা এইভাবে ছলনা ক'রে চম্রাবলীর অভিসার নিবারিত ক'রেছিল এবং তখনই গৃহে গিয়ে তাড়াতাড়ি গ্রীরাধাকে অভিসারের জন্ম সাজাতে বদেছিল। ৮।

## क्रिक्षा

পদ্মা তার কেশপাশ উদ্ঘাটিত ক'রে, বনমালা দেখিয়ে সৌভাগ্য জানাচ্ছিল। তাই দেখে, ললিতা বললে—দেবি! তুমি তোমার কেশকলাপ উদ্মোচন ক'রে আমায় বনমালা কি দেখাচ্ছো? এসে দেখ, আমার অলিন্দে নীল্যষ্টির মত স্তব্ধ হয়ে বনমালী নিজেই দাড়িয়ে আছেন। ৯।

পদার কেশপাশে বনমালা দেখে, ললিতার মনে ঈর্ষা সঞ্চারিত হয়েছিল। তার ফলে, নিজের সোভাগ্য যে পদার চেয়েও অনেক বেশী, এই কথা জানাবার জন্ম ললিতা বললেন,—তুমি কৃষ্ণের কাছে বনমালা পেয়েছ ব'লে গর্ব করছো। কিন্তু বনমালী স্বয়ং আমার দ্বারে দাঁড়িয়ে থাকেন।

# অসুয়াগৰ্ভ ঈর্ঘা

পদ্মা শ্রীরাধার পক্ষপাতিনী কোন সখীর হাতে কৃষ্ণপ্রদন্ত মণিহার দেখে বলেছিল—এ হার তুমি কোথায় পেলে? শ্রীকৃষ্ণ অত্যন্ত আগ্রহের সঙ্গে এটা আমায় দিয়েছিলেন। কিন্তু এর নায়ক-মণির (লকেটের) অনেক দোষ আছে, সেইজ্লু আমি এটা গ্রহণ করিনি। কিন্তু লুক হয়ে তুমি সেটা নিয়েছ। যদি নিজের মঙ্গল চাও, অসৌভাগ্যকর এই হার ফেলে দাও। নইলে সমূহ অমঙ্গল হবে। আঙুলে সাপে কামড়ালে, মানুষ বাঁচবার জন্ম আঙুল কেটেও ফেলে দেয়। ১০।

#### **जिला**

খন্তোতিকার প্রতি পদ্মার উক্তিঃ

'গহননিকুঞ্জ মাঝে ভেটিল নাগর রাজে, তুমি কেন আছহ বিদিয়া। সংকেত করেছে মোরে দে হেন নাগরবরে চন্দ্রাবলী মিলিবে আদিয়া॥'

হে খন্তোতিকে! তুমি কেন মিছে এই কুঞ্চবনে রাগসঞ্জিত রূপলাবণ্য দেখিয়ে নিজের আত্মাকে তৃঃখ দিচ্ছ। আজ শৈলশিখরে নবজ্বপধরের বুকে বিত্যুৎ-লেখার মত চন্দ্রাবলী কৃষ্ণের সঙ্গে মিলিত হয়েছে। স্কুতরাং আজু আর তোমার মনোর্থ সফল হবে না। ১১।

খত্যোতিক। শ্রীরাধার বান্ধবী। নিকুঞ্জ মধ্যে তাকে দেখে, চন্দ্রাবলীর সখী পদ্মার মনে অস্থার সঞ্চার হলো। তাই সে খত্যোতিকাকে আঘাত দিয়ে এ কথা বললে।

### অসূয়া

শ্রীমতীর স্থী রঙ্গদেবী পদ্মাকে বললে—তোমার স্হচরী শৈব্যা ভাণ্ডীর তরুমূলে যে তাগুব নৃত্য করছিল, তা দেখে কে না বিশ্বিত হয়েছে! তাও যদি সেই স্থানরী তন্ত্বী তোমার কাছে নাচ শিখতো! ভাহলে তার নয়নভঙ্গিমায় ত্রিভুবন বিমোহিত হতো। ১২।

শ্রীরাধার পক্ষপাতিনী রঙ্গদেবী পদ্মার স্থী শৈব্যার নৃত্য দেখে, অস্থা পরবশ হয়ে, পদ্মার নিকট তার বান্ধবী সম্বন্ধে এই টিপ্পনী কেটেছিল এবং পদ্মার নৃত্যকলা পারদর্শিতা সম্পর্কেও কটাক্ষ করেছিল।

## মৎসর বা মাৎসর্য ( Jealousy )

মংসর বা মাংমর্য বলতে বুঝায়, পরের ভালো দেখতে না পারা। অর্থাৎ অপরের যোগ্যতা বা গুণাবলী সম্পর্কে ঈর্বান্বিত হয়ে ওঠা।

পদা চক্রাবলীকে বললে—স্থন্দরি! ধৃর্ত মুরারি শ্রীরাধার হাদয় অলক্কত করেছেন মহামূল্য কণ্ঠহার দিয়ে, আর তোমার কবরীতে দিয়েছেন কপর্দক মূল্যের তুচ্ছ একটা মালা। তোমার মনযে দেখছি মূনি-ঋষিদের মত বিকারহীন! এই ধরণের বৈষম্যমূলক ব্যবহার করা সন্ত্রেও তুমি সেই মুরারির সঙ্গে বনবিহারে বিরত হ'ছে না।

# অমর্য বা অসহিষ্ণুডা

অক্ষমা বা অধৈৰ্যজনিত কোধকে (Indignation due to intolerance) অমৰ্থ বলে।

পদ্মার প্রতি চন্দ্রাবলীর উক্তি:

'অল্প শুট কুটমলে তাথে গাঁথি গুঞাফুলে কুগুল নাগরে দিলাম আমি।
সে কুগুল রাধার কানে দেখি কোধ করি মনে, বিষাদ করিলে কেন তুমি॥'
তুমি কেন রাধার কর্ণে সে কুগুল দেখে, মনোবেদনা প্রকাশ
করলে ? তাতে যে আমাদেরই লঘুতা প্রকাশ পেল। ১৩।

অমর্বে প্রেম-ঈর্বা জাগে রুফ্সমীর চিত্ত তলে। অকপটে মনের কথা অতর্কে সে আপনি বলে॥

—হংসদৃত

## গৰ্ব (Conceit)

অস্তুকে ছোট মনে ক'রে অবহেলার ভাব প্রকাশ করার নাম 'গর্ব'। গর্বকে সাধারণতঃ ছয় ভাগে ভাগ করা যায় যথা— অহঙ্কার, অভিমান, দর্প, উদ্ধসিত, মদ, ঔদ্ধত্য।

### অহঙ্কার (Pride)

স্বপক্ষের গুণ বর্ণনার জন্ম অপর পক্ষের প্রতিযে আক্ষেপ, তাকেই অহঙ্কার বলে। ১৪।

যথা---

চন্দ্রাবলীর সভায় একদিন ললিতা গেলে, পদ্মা তাকে বলেছিল
—স্থি! ইন্দ্রনীল বর্ণের আকাশে সোমাভাই (চল্কের আভা অর্থাৎ
চন্দ্রাবলী) বেশি শোভা পায়।

এই কথা খনে, অসহিফুডা প্রকাশ ক'রে ললিতা অহকারের সঙ্গে

বলেছিল—সখী পদ্মা! স্থনীল আকাশে নেত্ৰ-অন্ধকার-নাশিনী স্থপ্রভার বরেণ্য দীপ্তি যতক্ষণ প্রকাশিত না হয়, ততক্ষণই চন্দ্রের আভা শোভা পায়। অর্থাৎ শ্রীকৃষ্ণের অঙ্কে ততক্ষণই চন্দ্রাবলী শোভা পায়, যতক্ষণ শ্রীরাধার আবির্ভাব না হয়।

'কৃষ্ণে চন্দ্রাবলী ষে, তাবত শোভা করে। যাবত রাধিকা নাহি রহে তার ক্রোড়ে॥'

—শচীনন্দন

## অভিমান (Vanity)

ভঙ্গিমা সহকারে স্বপক্ষের প্রেমোৎকর্ষ বর্ণনা করাকে 'অভিমান' বলে।১৫।

ক্ষের প্রতি স্বপক্ষের প্রেমাখ্যান। ১৬। যথা-

ললিতা চন্দ্রাবলীকে বলেছিল—স্থলরি! তুমি দেখছি খুব ধীরবৃদ্ধি সম্পন্ধা। কৃষ্ণ কদম্বৃক্ষ হতে কালীয় হুদে ঝাঁপ দিয়েছিলেন, একথা তুমি কেমন নিম্পান্দ হৃদয়ে গল্ল ক'রে বলতে পারছো। কিন্তু আমার বান্ধবী তরলপ্রকৃতি শ্রীরাধা সে প্রসঙ্গে শুধুমাত্র কদম্ব বৃক্ষের নাম উচ্চারিত হলেই, বুকে করাঘাত ক'রে কাঁদতে আরম্ভ করেন। ১৭।

ললিতার এই উক্তিতে প্রমাণিত হয় যে, ক্ষেরে প্রতি চন্দ্রাবলীর যে প্রেম, তার চেয়ে শ্রীরাধার প্রেম অনেক বেশী গভীর। শ্রীকৃষ্ণের কোনো বিপজ্জনক অবস্থার কথা মনে হলেই, শ্রীমতী অধীর হয়ে ওঠেন; কিন্তু চন্দ্রাবলীর হৃদয় স্থির থাকে। স্কুতরাং চন্দ্রাবলীর তুলনায় শ্রীরাধার প্রেমের উৎকর্ষ অনেক বেশী।

স্বপক্ষে কৃষ্ণ-প্রেমাখ্যান। ১৮। যথা---

ললিতার স্থা রত্নমালা পদ্মাকে বললে—তুমি ধন্ত। তোমার ললাটে প্রীকৃষ্ণ স্বয়ং পত্রবল্লী (তিলক চিত্র) এঁকে দিয়েছেন। তাই মদনমদে তোমার অলের গতি অতিমন্থর হয়েছে। হায়। আমরা সে সৌভাগ্য থেকে বঞ্চিতা। অথিলশিল্লধ্রন্ধর প্রীকৃষ্ণও ললিতার মুখচন্দ্রের পানে চেয়ে সব ভূলে যান। তাই আমাদের অদৃষ্টে পত্রবল্লী জোটে না।

এই উদাহরণে ললিতার প্রতি শ্রীকৃষ্ণের প্রেমোৎকর্ষের কথা উল্লেখ করে রত্নমালা অভিমান (Vanity) প্রকাশ করছে।

## দর্প (Elation)

আপন সৌভাগ্য বা রতিবিহারের উৎকর্ষের জন্ম নায়িকার মনে যে গর্ব, তাকেই দর্প বলে। ১৯। যথা—

পদার প্রতি ললিতার উক্তি:

'তুমি বড় পুণ্যবতী জানি কুলবতী সতী সদা থাক প্রাসাদ উপরে। শারদ চান্দিনী রাতি তাথে দিব্য শয়া পাতি নিজা যাও বরিষ অন্তরে॥ যবে মোরা সজ্জা ক'রে শয়ন করি কন্দরে, তবে হয় দৈব বিড়ম্ম। এক শ্রাম হন্তী আসি জাগায় সকল নিশি, স্বাকারে করে উন্মাদ্ম॥'

এখানে ললিতার বক্তব্য এই যে, জ্যোৎস্না-পুলকিত শারদ নিশীপে পদ্মা প্রাসাদে শয্যা রচনা ক'রে স্থাথ নিদ্রা যায়। কিন্তু তাদের সারাটি রাত্রি বৃন্দাবনের গিরিকন্দরে কৃষ্ণের সঙ্গে রতিবিহারে অতিবাহিত হয়। পদ্মার নিকট নিজেদের রতিবিহার-সৌভাগ্যের গর্ব প্রকাশে প্রকারান্তরে ললিতার দর্পই প্রকাশ পায়।

## উদ্বসিত (Taunt)

বিপক্ষের প্রতি নায়িকা প্রকাশ্যভাবে যে উপহাস বা বিজ্ঞাপ করে, তাকে উদ্ধসিত বলে। ২০।

যথা---

পদার প্রতি বিশাখার উক্তি:

'বিষাদ না কর মনে নিশাস ছাড়হ কেনে কৃষ্ণ প্রতি ছাড়হ আগ্রহ। তোমারে মলিন দেখি আমি মনে বড় ছুখী, বিনয় বচন কেন কহ॥ ললিভার প্রেমডোরে বেঁধেছে নায়কবরে, হইয়াছে আত্মবিশ্মরণ। ভিলেক ছাড়িতে নারে কি ক'রে শুনাবে তারে ফিরি ষাহ আপন ভবন॥' স্থি! দীর্ঘাস ফেলো না, বিষাদ ত্যাগ ক'রে প্রসন্থা হও। হর্লভ বস্তু সম্বন্ধে আগ্রহ ত্যাগ কর। তোমার মানমুখ দেখে আমার মনে করুণার উদয় হচ্ছে। দেখ, ললিতার প্রণয়জালে বারবার আবদ্ধ হয়ে, কৃষণকুরঙ্গ আত্ম-বিস্মৃত হয়েছেন। অস্থের কথা মনে করবার অবকাশ তাঁর কোথায় ?

### মৃদ (Boast)

সেবার উৎকর্ষ জনিত যে গর্ব তাকে মদ বলে। ললিতার প্রতি পদ্মার উক্তিঃ

সখি ললিতা! পৃথিবীতে তোমরাই ধস্ত। কেন না, এইসব অস্তৃত স্থান্ধি পূষ্প দিয়ে তোমরা সব সময় সূর্যের উপাসনা কর। কিন্তু আমাদের এমনই অদৃষ্ঠ যে, সব ফুলই কৃষ্ণের জন্ম বনমালা গাঁথতে ফুরিয়ে যায়। এমন কি, কাত্যায়নীর পূজার জন্মও একটি পাপড়ি থাকে না।

এখানে পদ্মা তাদের কৃষ্ণ-সেবার উৎকর্ষ ও গৌরব জানিয়ে গর্ব বোধ করছে।

## ' GES (Arrogance)

স্কুম্পষ্টভাবে নিজের উৎকর্ষ জানিয়ে যে গর্ব প্রকাশ করা হয় তাকেই ঔদ্ধত্য বলে। ২১।

ললিতা গর্বের সঙ্গে স্পাষ্ট ভাষায় পদাকে বলেছিল—হায়! এই ব্রদ্ধান্তলে এমন কে আছে, যার কাছে কীর্তিধ্বজাশালিনী শ্রীরাধা স্পার্ধা দেখাবেন? সংকুলোস্ভবা দীনহীনা নারীদের প্রতি কুপায় তাঁর চিত্ত বিগলিত হয়, তাই তিনি মাঝে মাঝে কৃষ্ণকে ছেড়ে দেন; যাতে কামসিক্তচিতা রমণারা তাঁর সেবার ক্ষণিক সুযোগ পায়।

### ভোষ (Scoff)

যে সব মৌখিক বা বাহ্যিক প্রশংসার অন্তর্নিহিত গুঢ় অর্থে নিন্দার ইঙ্গিত থাকে, তাকে শ্লেষ বলে। ২২। সভামধ্যে স্থীদের রূপগুণ ও প্রেম সম্পর্কে আলোচনা প্রসক্তে একদিন চম্প্রবলীর স্থী ভব্যাকে চম্প্রকলতা বললে—তোমার সৌদামিনী স্থীর সৌভাগ্যের অন্ত নাই। তার প্রদন্ত স্থানর হার ও ভূষণাদি শ্রীকৃষ্ণ স্বই তাকে ফিরিয়ে দেন। তব্ও তার মনে হংথ হয় না। সে দক্ষা ও বিদগ্ধা নারী; বার বার নিজের যৌবন ভরা দেহকান্তি প্রদর্শন করে।

বস্তুতঃ ভব্যার শিল্পরুচি নেই। লৌহমূদ্গারের মত তার কান্তি। কিন্তু চম্পকলতা এখানে বিপরীত লক্ষণা দ্বারা প্রশংসাচ্ছলে তার নিন্দা করছে। ২৩।

নিন্দা হ'রকমের—প্রেম সম্বন্ধীয় ও গুণ সম্বন্ধীয়। পূর্বোক্ত নিন্দাট প্রেম-সম্বন্ধীয়।

গুণ সম্বন্ধীয় নিন্দাঃ যথা---

শৈব্যাকে রঙ্গদেবী বললে—সুন্দরি! এই কুঞ্জগৃহে তোমার খেলাবতী স্থা অস্থালিত রসের সঙ্গে যে নৃত্য করেছে, তা দেখে সকলেই থুব আনন্দ পেয়েছে। তার নাচের এমন কৌশল যে, অঙ্গ নৃত্যচঞ্চল হলেও, গলার হার একটুও দোলে নি। প্রাণচঞ্চল অঙ্গের কাস্তি যেন হরিতালের ছ্যাতিকেও প্রাক্ষিত করে।

এখানে বিপরীত লক্ষণা দারা গৈব্যার খেলাব<sup>ান</sup> স্থীর নিন্দা করা হয়েছে। বস্তুতঃ নৃত্যের অভীপ্সিত রসকে নিরাশ ক'রে সে তার দেহচাঞ্চল্যই প্রকাশ করেছে। ২৪।

যে সব ব্রজস্থলরী য্থেশ্রী পদবাচ্যা, তারা ধৈর্য এবং গান্তীর্য গুণ বজায় রাখবার জন্ম, নিজেরা কখনো বিপক্ষা নায়িকার ঈর্ষা বা নিন্দা করেন না।

#### যথা-

পৌর্ণমাসীর প্রতি বৃন্দা:

'বিপক্ষ রমণী যব আওল সদনে। কত ্গরব করু চঞ্চল বচনে। মললা ঐছন হেরল যব হি। তা সনে বিনয় বচনে কহে তব হি॥ সোনিজ গরব লাজে আধোবদনে। লঘু লঘু যাওল আপকি সদনে॥' স্থীগণ প্রথরা হলেও বিপক্ষা ঘূথেশ্বরীদের সামনে প্রায়ই কোনো স্বর্ধাসূচক কথা বলে না। ২৫।

পদ্মা ক্রোধভরে নিন্দাকারিণী চম্পকলতাকে বলেছিল—তোমার ভাগ্য ভালো, তাই আমার বাক্যপাশ থেকে মুক্তি পেলে। যমুনা তীরে শ্রীরাধা আছেন, কাজেই তাঁব সামনে আমার ঔদ্ধত্য প্রকাশ করা শোভা পায় না। কিন্তু এ কথা জেনে রাখ যে, আমার বাক্চাতুর্যে স্থয় বাদেবীও লক্ষা পান। তুমি কোন ছাড়! ২৬।

ব্রজস্করীরা সকলে কৃষ্ণের প্রিয়া, স্মৃতরাং তাদের সম্পর্কে কোন প্রকার বিদ্বেষ বা ঈর্ষা থাকা উচিত নয়। কিন্তু রসশাস্ত্র মতে পৃথিবীতে একথা রসিকজনোচিত নয়। ২৭।

#### কেন না-

'কোটি কাম জিনি কৃষ্ণের সৌন্দর্য অপার। মূর্ত প্রিয় নর্মসথা শৃঙ্কার ঘাহার॥ সেই ত শৃঙ্কার ত্রজে 'উজ্জ্বন' নাম ধরে। তার সঙ্কে আছে ইর্ধা আদি পরিবারে॥'

শৃঙ্গার রস ঐক্তিফের প্রিয় নর্মসথা রূপে ব্রজে মূর্ভ হয়ে বিরাজ করে। দ্বেষ ও ঈর্ষা (Jealousy) দ্বারা সেই শৃঙ্গার রসের উৎকর্ষ এবং স্মেহের বা প্রেমের নিবিভূষ সাধিত হয়। সেই জ্ব্যু মিলন বিষয়ে রাগদ্বেষ বা ঈর্ষার প্রয়োজন। বিরহে রাগদ্বেষ বা নায়িকাদের পারস্পরিক ঈর্ষা থাকে না। ২৮।

### যথা-

কৃষ্ণপ্রেমে চন্দ্রাবলী শ্রীরাধার বিপক্ষা ও প্রতিদ্বন্দী। কিন্তু মাথুর বিরহে শ্রীমতী খেদান্বিতা হয়ে বলেছেন—

'প্রিম্ন স্থী চক্রাবলী তোরে পুণ্যবতী বলি করেছিলে রুঞ্চ আলিকন। আমি ত ব্যাকুলা হৈয়া বেড়াই তারে অম্বেষিয়া বছদিন পাইনা দ্রশন॥ জনাথিনী করি মোরে হরি রৈলা মধুপুরে না দেপে পরাণ ফেটে যায়। কারে কব এই কথা কে জানে মনের ব্যথা তেই কিছু কহিব তোমায়॥ তোমার যে ভূজদ্বন্দ্ব আছে রুষ্ণ-অঙ্গ-গন্ধ সেই ভূজ মোর কঠে ধর। দেই গন্ধ অঙ্গে দিয়া মোর হিয়া জূড়াইয়া খানিক জীবনদান কর॥'

---ললিত মাধৰ

শ্রীকৃষ্ণের সঙ্গে সংযোগ কালে পরস্পর বিপক্ষা হলেও, **গ্রীকৃষ্ণ** মথুরায় চলে যাওয়ার পর, শ্রীমতী ও চন্দ্রাবলীর মধ্যে স্থেহভাব সঞ্চারিত হয়েছে। ২৯।

সব দিক দিয়ে যৃথেশ্বরীদের মনে এক-জাতীয় ভাব থাকলে, তাদের 'স্বপক্ষ' বলে। যদি ঈষৎ বৈলক্ষণ্য থাকে, অথচ পরস্পারের মনোভাবে বিরোধিতা না থাকে, তাদের 'স্ফুৎপক্ষ' বলা যায়। আর যাদ ভাবের সমতা অতি অল্লহয়. এবং পার্থক্য অধিক হয়, তা'হলে ওই ভাবকে 'তটক্থ' বলা যায়। যেখানে সর্ববিষয়ে বৈজ্ঞাত্য ঘটে, সেখানে তাদের 'বিপক্ষ' বা 'প্রতিপক্ষ' বলা হয়। ৩০।

পরস্পারের ভাব বিজাতীয় হলে, পরম্পারের পক্ষে রুচিকর হয় না। সেই অরুচিকর ভাব থেকে পারস্পরিক অসহিফুতা ও অক্ষান্তির সঞ্চার হয়। তাই থেকে ঈর্ষা জন্মায়। ৩১।

> পদ্মাবতী চন্দ্রাবলী ক্ষেত্র যোগ্যা হয়। রাধিকারগণে কেহ ইহা নাহি সয়॥ হরিতে সমান প্রেম হয় যাহাকার। স্থপক্ষ বিপক্ষ ভেদ জানিহ তাহার॥'

শুদ্ধা, বিদ্যান, পটীয়সী ও উল্লাসবতী চন্দ্রাবলীও শ্রীকৃষ্ণের আশা পূর্ণ করতে সমর্থা। সেইজন্ম এই সব নায়িকার সঙ্গে শ্রীমতীদের 'স্বপক্ষ' 'বিপক্ষ' ভেদ ঘটে। দয়িতের সঙ্গে অপর কোনো নায়িকার প্রেমের যোগ্যতা পৃথিবীতে কে সহা করতে পারে ? । ৩২।

চন্দ্রবিলীর ভাব যেমন রাধার পক্ষে প্রীতিকর নয়, তেমনি বাধার ভাবও চন্দ্রাবলীর পক্ষে রুচিকর নয়। কোন এক সখী প্রসঙ্গত: শ্রীরাধার চরিত্র বর্ণনা করছিল; তাই শুনে চন্দ্রাবলী অসহিষ্ণু হয়ে তাকে তিরস্কার ক'রে বললে—'রাধার নাম তো প্রের কথা, তুমি অন্তরাধা নক্ষত্রের নামও আমার সামনে উচ্চারণ করবে না। তার ছর্বিনীত ব্যবহারে শাস্ত মুনিজনের মনও কুপিত হয়। ধিকৃ! মুনিগণের শিরোভূষণ ও ব্রজ্বাসিগণের পূজ্য যে শ্রীকৃষ্ণ, সেই মাধব তার চরণে পতিত হয়েছিলেন, তব্ও তাঁর প্রতি রাধা দৃক্পাত করে নি। ৩৩।

যেখানে অস্থ্যের ভাব নিজ ভাবের প্রায় তুল্য হয়, সেখানে নাথিকারা পরম্পারের পক্ষ। এই পক্ষই পরস্পারের মিত্র হয়, বিদ্বেষেরও উপযুক্ত পাত্র। ৩৪।

> 'শ্রীরাধার প্রেম যেন অমৃতের সিদ্ধু। আর কোন গোপিকাতে নাহি তার বিন্দু॥ তবে যেই বিপক্ষতা করি এ গণন। রসের পুষ্টতা লাগি কহে কবিগণ॥'

শ্রীরাধার যে প্রেমানি গুণসম্পদ আছে, অশ্র কোনো নায়িকার বা ব্রজাঙ্গনার মধ্যে তার শতাংশের একাংশও নাই। কিন্তু রসের পুষ্টির জন্ম পরম্পারের গুণসম্পদে সমতা আরোপিত হয় ও বিপক্ষাদি ভেদাভেদ সৃষ্ট হয়। ৩৫।

যুথেশ্বরীদের মধ্যে পুরস্পরের ভাব সর্বপ্রকারেই একজাতীয়; তবে তুলনামূলক ভাবে তাদের সমান প্রমাণ করা কঠিন। ৩৬।

তৃত্বন যুথেশ্বরীর মধ্যে হয়তো কখনো কথঞিং সৌহার্দ্য হতে পারে। তবুও রসের বা প্রেমের স্বভাবধর্ম বশতঃ উভয়ের ভিতর বিপক্ষতা ঘটে। ৩৭।

ইতি হরিবল্পভা প্রকরণ।

## উদ্দীপন প্রকরণ

যার সন্ধিবেশে রসের উৎপত্তি হয়, বা বিদগ্ধ প্রেম সঞ্চারিত হয়, তাকে বিভাব বলে। এই বিভাবের ভিতরেই থাকে উদ্দীপনা। ১।

'উদ্দীপন' বা উদ্দীপনা ভাবকে (রতিভাব থেকে মহাভাব পর্যস্ত ) প্রকাশিত করে। 'উদ্দীপনাস্ত তে প্রোক্তা ভাবমৃদ্দীপয়স্তি যে।' যেমন—শ্রীকৃষ্ণের গুণ, চেষ্টা, প্রসাধন, স্মিত, অঙ্গদৌরভ, বংশী, শৃঙ্গ, নৃপুর, শঙ্খ, পদাঙ্ক, ক্ষেত্র, তুলসী, ভক্ত ও বাসরাদি। —ভক্তিরসামৃত সিন্ধু।

কৃষ্ণ এবং কৃষ্ণপ্রিয়াগণের গুণ, নাম, চরিত্র, ভূষণ, তটস্থ অর্থাৎ উদাসীন বা অস্থায়ী প্রভৃতি ভাবগুলিকে উদ্দীপন-বিভাব বলা হয়।

#### 130

কায়মনোবাক্যবিভেদে গুণ সাধারণঙঃ তিন প্রকার। যথা— মানসিক, বাচিক ও কায়িক।

### মানসিক

কৃতজ্ঞতা, ক্ষমা ও করুণা প্রভৃতি গুণ মানসিক।২।

### যথা-

শ্রীরাধার কোন এক সেবাপরায়ণা অসমস্লেহা স্থী তার সমপর্যায়ের অপর এক স্থাকে বলেছিল—'কৃষ্ণের আশ্চর্য গুণাবলীর
কথা আর কি বলবাে! তিনি অতি অল্ল সেবাতেই সম্ভুষ্ট হন।
গুরুতর অপরাধ করলেও তিনি রুপ্ট হন না, তাঁর মুখে হাসি ফুটে
ওঠে। পরের হুঃখ দেখলে তাঁর অন্তর কাতর হয়ে ওঠে। তাই স্থি,
তাঁকে দেখলেই আমার মন তৃষাতুর হয়ে ওঠে।

'অলপহি সেবনে হোয়ত বশ। বছতর অপরাধে বচন সরস ॥ পরতঃখ দেখি কত হোয়ত কাতর। হরিশুণে মঝু মনে স্থুখ বছতর ॥'

### বাচিক

যে সব কথা কানে শুনে আনন্দ সঞ্চারিত হয়, তাকে বাচিক শুণ বলে। ৩।

#### যথা---

বিশাখার প্রতি শ্রীরাধার উক্তি:

'কাহুর মধুর বাক্য মোর শ্রুতি হরে। রদাল বচন মোর লেগেছে অস্তরে।'

শ্রীমতী লতামগুপের অস্তরালে দাঁড়িয়ে ছিলেন, তবুও শ্রীকৃষ্ণকে দেখছিলেন না। তাই দেখে, বিশাখা জিজ্ঞেস করেছিল—স্থি, লতামগুপের আড়ালে থেকেও তুমি কাস্তকে দেখছো না কেন ?

উত্তরে শ্রীমতী বলেছিলেন—স্থি, মাধ্ব স্থ্বল স্থার সঙ্গে কথা বলছেন। আমি তাঁর সেই কথাগুলি শুনবার জন্ম আড়ালে দাঁড়িয়ে আছি। তাঁর বাক্য এত মধুর যে, সেই বাক্য শুনে যেন কিছুতেই আমার আকাজ্জা মিটছেনা। আমি এই আড়ালে থেকে তাঁর সেই মধুর বচনাবলী শুনবো।

### কায়িক

বয়স, রূপ, লাবণ্য, সৌন্দর্য, অভিরূপতা বা মনোহারিছ, মাধুর্য ও মৃত্তা ইত্যাদিকে কায়িক গুণ বলে। ৪

### বয়স

মধুর রসে বয়স চার রকমের হয়। যথা—বয়ঃসন্ধি, নব্যবয়স, ব্যক্ত বয়স ও পূর্ণ বয়স। বয়সাদি যে-সব গুণ প্রোয়সীদের মধ্যে বিভামান, সেইসব গুণ প্রীকৃষ্ণেরও আছে। তারই কিছু কিছু আলোচনা করা হ'চ্ছে। ৫।

### বয়:সদ্ধি

'বাল্য যায়, যৌবনের প্রথম সন্ধান। ক্ৰিগণ ক্তে তার 'বয়:দন্ধি' নাম॥' ৬॥

## জীকুষ্ণের বয়:সন্ধি, যথা—

'রুফের যে রোমাবলী কপিশ বরণ ছাড়ি আচম্বিতে হইল ভামল। যৌবন আরন্তে দেখ কাম পাঠাইল লেখ তার আথর করে ঝলমল॥ পাইয়া তারুণ্য জল নেত্র তৃটি কি চঞ্চল, সফরি হইয়া জলে ফিরে।'। १। শ্রীকৃষ্ণের মাধুর্য, যথা—

কোমব্যাধ তাহে আল্য অপান্ধ সন্ধান কৈল, যুবতী মৃগীর প্রাণ হরে॥'। ৮। নান্দীমুখী বলেছিল—হে ব্রজমহেন্দ্র! তোমার আঁখিতারকায় ওই যে অনঙ্গ-দেবের সংযোজিত লুক্ক পঞ্চশর চাঞ্চল্যের সৃষ্টি করেছে, তার অব্যর্থ সন্ধানে বৃন্দাবনের কুরঙ্গনয়না ব্রজস্ক্রনীদের নেত্র অঞ্চসিক্ত ও ভীতিচঞ্চল হয়ে উঠেছে। ৯।

## ক্বয়ু প্রিয়াগণের বয়ঃসন্ধি। ১০।

শ্রীমতীকে দূর থেকে দেখে শ্রীকৃষ্ণ স্থবল স্থাকে বলেছিলেন—স্থা, ওই দেখ, নবযৌবনরাজ শ্রীরাধার অঙ্গরাজ্য অধিকার করেছে। তাই তার উন্নত নিতম্ব গৌরবগর্বে কিঙ্গিনী বাস্ত করে। যৌবনরাজকে উপহার দিবার জন্ম বক্ষঃস্থল ছটি সাধু ফল ভূলে ধরেছে। ক্ষীণ কটিদেশ পাছে ভেঙ্গে পড়ে, সেই ভয়ে ত্রিবলী বন্ধনের সাহায্য নিয়েছে। ১১। কৃষ্ণপ্রাগণের মাধুর্য, যথা—

'কটাক্ষ ভ্রমরচয়ে তোর নেত্র কুবলয়ে বসতি করিতে সদা নন। তোমার চিত্ত মরাল লজ্জারপ মৃণাল কণে কণে করে অহেষণ। তুয়া ম্থপঙ্কজে পরিহাস মধু সাজে লুকাইতে নারিছ যতনে। বুঝিলাম তোর দেহ করিঞা পরম মোহ জানাইল ব্রজ্জেনকনে॥

বিশাখা শ্রীরাধাকে পরিহাস ক'রে বলেছিল, সুন্দরি! তোমার অপরূপ রূপমাধুর্য বিকশিত হয়েছে। তুমি মাধবের উৎসবপ্রাদ অবস্থার সন্ধানে আছো। কিন্তু লক্ষ্ণা ভোমায় বাধা দিচ্ছে। তাই তোমার চিত্তরূপী হংস্পাবক সেই ঈষৎ লক্ষ্ণার মৃণাল-মূলটি খুঁজে বেড়াচ্ছে।

#### নব্য বয়স

যে বয়সে স্থন ঈষৎ উদ্ভিন্ন হয়, নয়নে ঈষৎ চঞ্চলতা ও মুখে মৃত্মন্দ হাসি ফুটে ওঠে এবং মনে উড়ু-উড়ু ভাব দেখা দেয়, তাকেই নব্য বয়স বা নব-যৌবন বলে।

#### যথা---

শ্রীমতীর প্রতি বৃন্দার উক্তিঃ

'অল্প অল্প তোর শুন বক্রবক্র ও বচন নেত্র ঘটি কিঞ্চিৎ চঞ্চল। জঘন হৈল ঘন ব্যক্ত হৈল বোমাগণ মধ্য ক্ষীণ করে টলমল॥ ডোমার অপূর্ব তহু স্থন্দর নাগর কান্ত তুমি বট সেবাযোগ্য তার। গোবিন্দ নিকুঞ্জবনে কান্তর বিশ্রামন্থানে তুমি সেথা ধাহ বারবার॥'

# कुका अभागत्वत्र वरमाभाषूर्य

প্রোঢ়া কোন বধু তাঁর তরুণী ননদিনীকে বললেন—'স্থানরি! কেন তুমি বারবার শ্রীকৃষ্ণের বিশ্রামবেদীতে ঘুরে বেড়াছে? বাতাসে তাঁর অঙ্গগদ্ধ ভেসে বেড়াছে, তাই কি তুমি উদ্ভান্ত হয়ে উঠেছ? ওগো উত্তমা! কিসের জন্মই বা তুমি ইতন্ততঃ দৃষ্টি নিক্ষেপ করছো? দেখলে মনে হয়, নিশ্চয়ই তোমার মনে ভাবের আঞ্চন জ্বলে উঠেছে, তাই তোমার চিত্ত ধুমায়িত হয়ে উঠেছে।

## वाक्कवग्रः वा दर्शवन

যখন বক্ষঃস্থলে পয়োধরের স্থুস্পন্ত উদ্গাম হয়, কটিদেশ ক্ষীণ হয় এবং অঙ্গ-প্রত্যঙ্গ উজ্জ্বলতায় ঝলমল করে, তথনই জানা যায় যৌবন প্রকৃতিত হয়েছে। ১২।

#### मथा-

ইন্সাবলীর প্রতি নান্দীমুখীর বাক্য:

'চক্রবাক তৃই ন্তন সফরিণী তুনয়ন বলিত্রয় হইল তরক। ন্তন ইক্রাবলী সধী তরুনিম ব্লল দেখি ধরিয়াছ সরসের রক্ষ ॥'১৩

# ব্যক্তবয়ঃ বা যৌবন মাৰুৰ্য

শ্রীমতীর প্রতি শ্রামলার উক্তি:

হে হরিণনয়নে ! যে সিংহের নথরাঘাতে করিকুম্ভ বিদীর্ণ হওয়ার গজমুক্তার মালা ছিন্ন হয়ে কুঞ্জে কুঞ্জে ছড়িয়ে প'ড়ে কুঞ্জবনের শোভা বর্ধন করে, তুমি কি শৃঙ্গার-রসের সমুদ্রতুল্য সেই মহা-শক্তিশালী পুরুষসিংহকে তোমার নয়ন রজ্জুতে আবদ্ধ ক'রে হৃদয়তটে আকর্ষণ করেছ !

'যে হরির নথকণে বরদস্তীর মুক্তাগণে বিস্তার করেছে বনে বনে। গহন নিকুঞ্চারী হেন মহামত্ত হরি তুমি তারে বেক্ষেছ নয়নে॥'

# शूर्व (योवन

''নিতম্ব বিপুল হয় মধ্য অতি ক্ষীণ। উরুষ্গ রম্ভা তুল্য শুনষ্গ পীন॥ অক্সের অভীব কান্তি প্রিত ্যীবনে। এই ত বয়স পূর্ণা কহে কবিগণে॥'

### যথা-

বৃন্দা বললেন—লীলাবতি! তোমার আঁখিছটি নীন্যুগলের বক্র উল্লাসলহরী হরণ করেছে, মুখচন্দ্রিমার অমেয় সৌন্দর্যে পূনিমার চাঁদও পরাজিত হয়েছে, কুচছটি কুস্তের আকার ধারণ করেছে। হে স্থুন্দরি! পরিপূর্ণ যৌবনে ভোমার তমুলতা অপূর্ব শোভায় সমুজ্জল হয়ে উঠেছে।

# পূর্বক্ষঃ মাধুর্য

চন্দ্রবিলীকে আশ্বাস দিয়ে পদ্মা বললে—হে প্রিয়স্থি! ভোমার সৌন্দর্য দেখে, প্রতিপক্ষের কোন যুবতী না ভীতা হয়। তোমার প্রণয় মেঘের বর্ষণে কে না স্তম্ভিত হয়েছে। তোমার বিদগ্ধ কলা-নৈপুণ্যে ব্রজের সব তরুণীই আজ তোমার শিশ্বত গ্রহণ করছে। মাধবের নিকুঞ্চরাজ্যে তুমি একাকিনীই যেন পাটরাণী হয়ে বিরাজ করছো। ১৪।

কোন কোন বজস্থুজ্ঞবার তারুণ্য নৃত্ন, কিন্তু বিশেষ ভাবে সঞ্জিতা হয়ে পূর্ণ যৌবন প্রকাশের চেষ্টা করে।

#### রূপ

'অলঙ্কার বিনা অঙ্গ যাতে বিভূষিত। 'রূপ' নামে দেই ভাতি আপনি কথিত॥'

# যথা—দান কেলি কোমুদীতে

বৃন্দা বললেন—হে ললিতা! শ্রীমতীর নিরাভরণ দেহের সৌন্দর্য দেখেই যখন চন্দ্রাবলীর সখী পদ্মা লজ্জিতা হয়, তখন আর তাঁর মণিময় ভূষণের প্রয়োজন কি ?।১৫।

### যথা বা-

বিদগ্ধমাধবে শ্রীমতীর প্রতি কৃষ্ণের উক্তি:

হে প্রিয়তমে ! 'তুমি ললাটে যে স্থন্দর কস্তুরী তিলক রচনা করেছ, তোমার চূর্ণ কৃষ্ণলের সৌন্দর্য তাকে ব্যর্থ করেছে। তোমার শ্রুতিস্লের কুবলয় ছটি নয়নয়্গলের সৌন্দর্যে নিপ্প্রভ হয়েছে। তোমার বিধুমুখের মৃহ হাসির ছটায় মণিহারের মনোহারিছ য়ান হয়েছে। আপন অক্সন্থাতিতেই যথন তুমি এত সমুজ্জ্বল, তথন অক্সারে তোমার আর প্রয়োজন কি ? । ১৬।

### नावना

'মৃক্তা জিনি অঙ্গকান্তি করে ঝলমল। তাহারে লাবণ্য কহে রসিক সকল॥'

মুক্তা-কলাপের স্নিথ্ধ ও স্বচ্ছগুতির মত যে কমনীয় কাস্তি আপনা-আপনি অঙ্গে প্রতিভাত হয়, তাকে লাবণ্য বলে।

#### যথা -

# শ্রীমতীর প্রতি বিশাখা:

'শৃতিমূলে এক বচন কহি স্থলরি তুছ তাহে কর অবধান। কাহে অধোবদন হোই তুছ বৈঠলি অসময়ে বিরচিলি মান॥ দেথ হরিষ্কদয় উপরি ইহ বিলসই তু নহে আন কেহ নারী। নিরমল দর্পণ সদৃশ হরিবক্ষসি ও প্রতিবিদ্ধ তোহারি॥ ১ ॥

#### যথা বা-

শ্রীমতীকে সম্বোধন করে, শ্রীকৃষ্ণ বললেন—রাধে! বিধাতা নিশ্চয়ই জগতের অমল রুচিসমূহ অর্থাৎ পৃথিবীর সকল অনাবিল সৌন্দর্য চয়ন ক'রে তোমার অঙ্গপ্রত্যঙ্গ রচনা করেছেন। হে কুরঙ্গনমুন: তোমার অঙ্গের উজ্জ্বল দীপ্তি মণিময় দর্পণকেও বিভৃত্বিত করে। .৮।

# সৌন্ধর্য

অঙ্গপ্রত্যাপের যথোচিত স্থৃষ্ঠ সন্ধিবেশ ও স্থান্তি সন্ধিবদ্ধকে সৌন্দর্য বলা হয়। ১৯।

## मथ।--

শ্রীকৃষ্ণ বললেন—রাধে! তোমার সৌন্দর্যের হ । আর কি বলবো! তোমার মুখমগুল চন্দ্রের মত, উচ্চ কুচযুগ বক্ষঃস্থলকে অতীব স্থান্থ করেছে, বাছ ছটি স্কর্দেশের শোভা বর্ধন করে, মধ্যদেশ অতি ক্ষীণ, নিতম্ব বিশাল, উরুযুগ ক্রমশঃ ক্ষীণ বা লঘু হয়ে অপরূপ শোভা ধারণ করেছে। অপূর্ব কমনীয়তা বিভাত হয়েছে তোমার এই অনিন্দ্য স্থান্থ পেহে।

'মৃথ জিনি পূর্ণচক্র বিব জিনি কুচদ্ব ভূজ তুই আনও কন্ধর। মধ্য মৃষ্টিপরিমিত শ্রোণী অতি বিস্তারিক উরু তুই অতি গুরুতর ॥'

### অভিব্ৰপতা

আপন গুণের উৎকর্ষ দারা সমীপস্থ অস্থা বস্তাকে গুণাধিত করে তোলার কারকতাকে বলে অভিরূপতা।

যথা---- শ্রীরাধার প্রতি বিশাখা :

'কুফের দশনে বলি ফটিক হইল বাঁশী হাতে হয় পল্মাগ মণি। গণ্ডের নিকটে ষেক্রা ইন্দ্রনীলমণি হক্রা বাঁশী হলো রভনের থনি॥'

### ষথা বা-

শ্রীকৃষ্ণ বললেন—হে রাধে! কি আশ্চর্য। ওই শ্বেত কোকনদের কলিকাটি তোমার স্বর্ণকুন্তের মত স্তন যুগের সংস্পর্শে চাঁপার কলির মত কান্তি ধারণ করেছে। হাতের লীলাপদাটি সিন্দুরাভ করতলের স্পর্শে হিঙ্গুলবর্ণ হয়ে উঠেছে। তোমার ওই অভিস্থন্দর কেশকলাপে সংলগ্ন বিকশিত কোকনদটি নীলোৎপলের আভা ধারণ করেছে। একই ফুল তোমার অঙ্গ সঙ্গে তিনটি বিভিন্ন বর্ণান্তায় উদ্ভাসিত হয়ে উঠেছে। ২০।

# माध्य

**(मरहत्र (य-त्रुপ अ**निर्वहनीय छारकरे माधूर्य वरल। २)।

## যথা-

শ্রীরাধার প্রতি বিশাখা:

'কিরূপ দেখিলাম আমি ষম্নারি কূলে। বরণি না হয় ওর মন রৈল ভূলে ॥.
আমাখি ঠারে কুলবতীর ত্রত কৈল নাশ। এমন মাধুর্য কৃষ্ণ অক্ষে পরকাশ ॥'

বিশাখা বললেন—হে রাধে! নবনীরদশ্যাম প্রীকৃষ্ণ কুলন্ত্রীগণের হাদয় হরণ করে, আপন হাদয়ে স্থাপন করছেন। তাঁর নেত্র বলপূর্বক তাদের তমুবিভঙ্গী হরণ করে নিচ্ছে। হে সুমুখি! সেই জফ্টই কুল-কামিনাদের মানসনেত্রের অভাব ঘটেছে, তারা নিজেদের ধর্ম রক্ষা করতে পারছে না। মাধবের অভিনব মাধুর্য তাদের নারীধর্মকে চঞ্চল করে তুলেছে।

# মার্দব বা মৃত্রভা

কোমল বস্তু সইবারও যে অসহিষ্ণুতা তাকে মার্দিব বলে। অর্থাৎ যা কোমলের চেয়েও কোমল।

> 'কোমল বস্তুর স্পর্শ না পারে সহিতে। মার্দব কহি যে তারে রসশাস্ত্র মতে॥'

ওই মার্দিব বা মৃত্তা তিন প্রকারের। যথা—উত্তম, মধ্যম ও কনিষ্ঠ। ২২ ।

## উত্তম মাদ ব

অভিনব নবমালিকা-রচিত পুষ্পশয্যায় শ্রীরাধা নিশাকালে শয়ন করেছিলেন। কিন্তু আশ্চর্যের বিষয়, একটি ফুলের পাপড়িও তাঁর দেহের সংস্পর্শে মান হয়নি। উপরস্ত পুষ্পের আঘাতেই শ্রীমতীর অঙ্গে অগণিত ত্রণ চিহ্ন অঙ্কিত হয়েছে।২৩।

# মধ্যম মাদৰি

ধনিষ্ঠার প্রতি ললিতার উক্তিঃ

হে পীনস্তনি ধনিষ্ঠা ! তুমি স্ক্র চীনাংশুক পরিধান করেছিলে, তাই তোমার কোমল অঙ্গ বাধিত হয়ে, রক্ত চন্দনের রক্তিম আভা ধারণ করেছে ! স্ক্র রেশমী বস্তের সংস্পর্শেও কোমস অঙ্গ রাঙা হয়ে উঠেছে । ২৪ ।

## কলিঠ মাদৰ

পদ্মার আমোদিত মুখপদ্মে স্থান্ধি নীল চূর্ণকুম্বলগুলি অমরের মত নিবন্ধ হয়ে আছে। সে মুখপদ্ম এতই কোমল যে, প্রভাত রবির মৃত্তু কিরণেও তামবর্ণ হয়ে উঠলো।—. শসুধাকর।

এই তিনটি উদাহরণে এই কথাই প্রতিপন্ন হয় যে, নায়িকার অক্সের মৃত্তা বা কোমলতা এত বেশী যে, কোমল বস্তুর সংস্পর্শপ্ত সইডে পারে না। একেই মার্দিব বলে।

#### নাম

# শ্রীকৃষ্ণের প্রতি বুন্দার উক্তি:

'মধুর কালিন্দী তটে হরিণী রয় নিকটে বিহার করয়ে ক্রফসার। এই কৃষ্ণ নাম শুনি চমকি উঠিল ধনী ভূমিতে পড়য়ে কতবার॥'

মুরারি! আমি রাধার কাছে গিয়ে বললাম যে, হে গৌরাঙ্গি, দেখ যমুনার তীরে কুরঙ্গীদল পরিবেষ্টিত হয়ে কৃষ্ণসার রঙ্গবিহারে মন্ত। আমার মুখে 'কৃষ্ণসারের' কৃষ্ণ শব্দটি শোনামাত্রই শ্রীমতী অনঙ্গ বিপাকে ঘূর্ণিত হয়ে উঠলেন। ২৫।

## চরিত

প্রীকুফের চরিত্র অনুভাব ও লীলার সমন্বয়।

সেই চরিত্রকে ছটি পর্যায়েও ভাগ করা যায়—অমুভাব ও লীলা।
অমুভাব সম্পর্কে পরে আলোচনা করা হবে। এখন লীলা
সম্পর্কে আলোচনা করা যাক।

#### नीन।

মনোহর ক্রীড়া, তাগুব, বেণু বাদন, গো-দোহন পর্বত উত্তোলন, গো-আহ্বান এবং গমন ইত্যাদিকে লীলা বলে উল্লেখ করা হয়েছে।

# মনোহর ক্রীড়া

রাস ও কন্দুক ক্রীড়া বা ভাঁটা নিয়ে থেলা করা ইত্যাদিকে চারুক্রীড়া বা মনোহর লীলা বলা হয়।

## রাস

# জীরাধার প্রতি শ্যামলার উক্তি:

'রাস করল হরি ব্রজনারী দক্ষে। কোটী মদন জিনি নয়ন কি ভঙ্গে॥ অস্বরে তা দেখি স্থরচয় নারী। ঠোরি না পাওল ইহ রস ভারি॥ '২৬।

# কৰ্মুক ক্ৰীড়া

'পেথত হরি অব থেলত গেড়ুয়া। পিঠত দোলই বেণী ঘন চারুয়া। কত কত ভঙ্গী করত হরি নয়নে । মঝু মন জারল ফুলশর দহনে ॥'

প্রীকৃষ্ণের কন্দুক ক্রীড়া দেখে প্রীমতী সখীদের বললেন—স্বীগণ ! ওই দেখ, প্রীকৃষ্ণ অরুণ বর্ণের ক্ষেপনী দ্বারা গোলকটি উধ্বে নিক্ষেপ ক'রে, তার পিছনে পিছনে ছুটছেন। পিঠে তাঁর দীর্ঘ বেণী হলছে। কন্দুক আন্দোলনের সঙ্গে-সঙ্গে তাঁর লীলাচঞ্চল আয়ত নেত্র বিশ্রমের সৃষ্টি করছে। তাই দেখে, আমাদের অন্তর আনন্দে উদ্বেলিত হয়ে উঠছে। ২৭।

#### ভাগুৰ

তাণ্ডব বলতে বুঝায় উদ্দাম নৃত্য; যে নৃত্যে অঙ্গ-প্রত্যঙ্গ চঞ্চল .হয়ে ওঠে।

সখীর প্রতি শ্রীরাধা—

'দেখ দেখ সথি! নাগর নাচিছে কালিন্দী নদীর কুলে।

এমন নাচন দেখেছে যে জন সেই রহে এথা ভূলে।

শিখিপাখা শিরে পবনে উড়িছে স্থাগণ তাল ধরে।

এমন দেখিয়া কোন কুলবভী রহিতে পারিবে ঘরে। '২ ।

## বেণুবাদন

শ্রীরাধার প্রতি ললিতা-

'কটিতটে ধড়া বান্ধি ওছটি চরণ ছান্দি কাঁকালি পড়য়ে ষেন ছেলে। বাঁকা নেত্র কন্ধরে বাঁশী লঞা অধরে তার ছিদ্র আচ্ছাদি অঙ্গুলে॥ চঞ্চল নয়নবাণে আর মুগ্রলীর গানে হানিলেক অবলার প্রাণে। কিবা মন্ত্র জানে কান্থ অবশ করিল তন্ত্র সেই রূপ দেখিয়া নয়নে॥'

হে বরান্ধি! ওই দেখ, প্রীকৃষ্ণ তাঁর বামজজ্বার অধোভাগে দক্ষিণ চরণ রেখে, বঙ্কিম ভঙ্গিমায় দাঁড়িয়ে, তির্ঘক কৃটিল দৃষ্টিতে চেয়ে, ঈষৎ বিক্ষিত অধ্যে বংশী নিয়ে অঙ্গুলি সঞ্চালন করছেন। ভ্রমরের মত স্থান জাহটি সেই সঙ্গে নৃত্য ক'রে পরম আনন্দ সঞ্চার করে। ভাঁকে স্বীকার করে নাও।—ললিত মাধব।

#### গো-দোহন

শ্রীকৃষ্ণের গো-দোহন ভঙ্গিমা শ্রীরাধাকে দেখিয়ে, বিশাখা বললে—প্রিয়সথি। ওই দেখ; হুটি চরণ অর্ধ-উত্তোলন ক'রে, ভূমিতে বসে, শ্রীকৃষ্ণ নতাগ্র-জামুহুটিতে দোহন পাত্র ধারণ ক'রে, অঙ্গুষ্ঠ ও সংলগ্ন অঙ্গুলিহটি দ্বারা গাভীস্তনের উৎস্ বা বাঁট হ্ন্ম-প্রলেপে আর্দ্র করে নিয়ে গো-দোহনে রত হচ্ছেন। দামোদরের ওই অঙ্গুলিম্বারা স্তনাগ্র সঞ্চালন, ও গো-দোহনের মনোহর দৃশ্য দেখে, আমার চিত্ত রসসিক্ত ও মুগ্ধ হচ্ছে। ২৯।

## পৰ্বভোদ্ধার

শ্রীমতী বিশাখাকে বললেন—ওই দেখ সথি, কি আশ্চর্য! শ্রীকৃষ্ণ বামহস্ত উত্তোলন ক'রে, গিরি গোবর্ধন ধারণ করেছেন। 'দক্ষিণ হস্ত কটিদেশে রেখে, মৃত্-মৃত্ মধুর হাস্ত করছেন। তাঁর চঞ্চল নয়নছটি ভ্রমরের মত খেলা করছে। কুষ্ণের ওই মোহন মূর্তি আমার মানসপদ্মকে চঞ্চল ক'রে তুলেছে।

## গো-আহ্বান

ললিতাকে শ্রীমতী বললেন—সথি! দ্রগত ধেমুগণকে একের পর এক নাম ধরে, শ্রীকৃষ্ণ মৃত্যুত্ হী-হী রবে আহ্বান করছেন। তাঁর সেই আহ্বান আমার চিত্তকে হরণ করছে।

## গমন

শ্রীরাধা ললিভাকে বললেন—দেখ সখি! মাধবের ওই গতিভঙ্গী আমায় অপার আনন্দ দান করে।

'গজরাজ জিমি দেখ কাছ চলে। মধুপ আকুল নবমালে দোলে।
চঞ্চল বায় শিথিপুচ্ছ উড়ে। মৃত্হাস্তে তার মাণিক মোতি পড়ে।'
প্রতি পদক্ষেপে বাছ্যুগল আন্দোলিত হয়। মালাগুল্ধ

মধুপগণ আকুল হয়ে ওঠে, এবং বায়্হিল্লোলে ঈষৎ চঞ্চল শিখিচ্ড়া অপূর্ব সৌন্দর্য বিস্তার করে। ৩০।

#### मलन

বসন, ভূষণ, মাল্য, অন্থলেপন ইত্যাদি ভেদে মণ্ডন চার রকমের। নায়ক ও নায়িকার স্থক্ষচিসম্পন্ন বেশভূষা ও প্রসাধনাদি পরস্পারের আকর্ষণ, প্রেম ও সম্ভোগলিক্সা বৃদ্ধি করে।

#### বসন

শ্রীরাধা ললিতাকে বললেন—সুন্দরি! ওই যে পদ্মপলাশলোচন শ্রীকৃষ্ণ কটিতটে মণিপ্রভার স্থায় উজ্জ্বল বসন পরিধান করেছেন, তা কি তুমি স্থেতে পাচছ না ? ওই বসনের আশ্চর্য শোভা দেখে যে আমার ধৈর্যচ্যুতি ঘটলো। ৩১।

দলিত-হরিতালত্যতি-সিঞ্চিত-পীতবসনধারী।
উজ্জ্বল নব-রক্ত-জবা রঞ্জিত রাঙা চরণচারী॥
কৌতৃকলীলা-লাস্থভরে মঞ্জরে হাসি বিম্পুটে।
তমালখাম নিত্য সেরপ চিত্ত আকাশে উঠুক ফুটে॥
—হংস্দত।

শ্রীমতীর পট্টবাস দেখে শ্রীকৃষ্ণ বলেছিলেন—রাধে! অমল পদ্মরাগের মত তোমার ওই পট্টবাস জয়যুক্ত হয়েছে। আমার হৃদয়ের অনুরাগের রঙ তার সঙ্গে মিশে তোমার বসনকে দ্বিগুণ রক্তবর্ণ করে তুলেছে। ৩২।

ললিতার প্রতি শ্রীমতী—

'নীপপুষ্প কৃষ্ণকর্ণে রহে ভ কামের ভূণে সেই মোরে ছঃথ দিতে পারে। শিথিপাথা আছে শিরে কিবা দোষ দিব তারে সেও কেন ছঃথ দেয় মোরে॥'

#### যথা বা-

পথে ললিতাকে যেতে দেখে, ঐক্ষ তার রূপ বর্ণনা ক'রে সুবলকে বললেন—সখা, ওই যে দেখছো ললিতা যাছে, ওর কণ্ঠহারের ছাতি, কানের দোছল্যমান কুণ্ডল এবং কনক অঙ্গদের উজ্জ্বলতা আমাকে আকর্ষণ করছে; আমার মনে অভিলাষ সঞ্চারিত ক'রে, আমায় ব্যথিত ক'রে তুলেছে। ৩৪।

# মাল্য ও অনুলেপন

প্রীকৃষ্ণ সুবলকে বললেন—বন্ধু, শ্রীরাধা যে তাঁর কেশদামে পুষ্পমাল্য ধারণ করেছেন, বস্ত্রের দ্বারা তা আবৃত থাকলেও, মকরন্দলোপুপ মধুপর্ন্দ সেখানে গুল্পন করে ঘুরে বেড়াচ্ছে। গণ্ডদ্বরের অনির্বচনীয় কান্তি তান্থল রাগকে বর্ধিত করেছে। ওই স্কর্মার বিদগ্ধ বেশ আমার নয়নকে পরিতৃপ্ত করে। তাঁর অঙ্গের প্রসাধন স্থান্ধে আমার মন বিমোহিত হয়ে ওঠে। ৩৫।

## যথা বা-

শ্রীকৃষ্ণের নিকটে গিয়ে দৃতী বললে—হে দামোদর! তোমার চন্দনাদি অঙ্গরাপ কি অঙ্গনাদের অনঙ্গ বর্ধনের জন্ম ? তোমার গলায় যে পুষ্পমাল্য ধারণ করেছ, তাও কি কুলাঙ্গনাদের উদ্দাম মনোভাব সৃষ্টি করবার উদ্দেশ্যে ?

# সম্বন্ধী

নায়ক ও নায়িকার মধ্যে যোগাযোগের উপলক্ষ্য বা উদ্দীপন এবং সমীপবর্তিম্বকে সম্বন্ধী বলে। লগ্ন ও সন্নিহিত ভেদে সম্বন্ধী হুরকমের।

#### मध

বংশীরব, শৃঙ্গীধ্বনি, গীত, সৌরভ, ভূষণশব্দ, চরণচিহ্ন, বীণারব এবং শিল্লকৌশল ইত্যাদিকে বিদগ্ধ ব্যক্তিগণ লগ্ন-সম্বন্ধী বলেন। ৩৬।

# राभीत्रव वा मूत्रनीश्वनि

শ্রীরাধার প্রাত ললিতার উক্তি:

'ওই যে বেণুর নাদ ভকলত। উন্মাদ ভনি ভক বিকশিত হয়। কোকিলের কুহুরব সন্ধ্যামেঘ তাগুব তারা দব মৌন হয়ে রয়॥ গোপীগণের স্মরানল তাহে ঝঞ্চা হানল সে আগুনে হিয়া জলে যায়। রাধা-ধৈর্য গিরিরাজ তাহা বিদারিছে বাজ, রাধিকা চঞ্চল হৈলা তায়॥'

—দানকৈলি কৌমুদী।

মুরলী শুনে, শুধু যে জ্রীরাধার পর্বতসদৃশ ধৈর্যই বিদীর্ণ হয়, তাই নয়। স্থপটু মাধব যখন মধুর মাধবীলতামগুপের ভিতর থেকে স্তমধুর বংশীধ্বনি করেন, গোপিকাগণের মানরূপী মীন যেন বড়িশ বিদ্ধাসম।

—রসস্থাকর।

যে সব উদ্দীপনের কথা বলা হলো, তার মধ্যে শ্রীকৃষ্ণের মুখনিঃস্ত মুরলীধ্বনিই সব চেয়ে উৎবৃষ্ট।

# শুলীরব বা শুলাধ্বনি

শৃঙ্গাকে সম্বোধন ক'রে জ্রীরাধা বললেন—রে শৃঙ্গি! মুরলী অহরহ একুষ্ণের মুখচন্দ্রের সুধাপান করছে, তা চক্রক। কারণ, সে সদ্ধশজাতা, সরলা এবং পঞ্চমস্বরনিনাদে গরীয়সী। কিন্তু তুমিও তো শ্রীকৃষ্ণের অধর স্পর্শ কর। তবে তুমি কেন এমন বিষমা ? তোমার দেহ বক্র, অঙ্গারের মত কৃষ্ণবর্ণ! সে যাই হোক, তুমি অমন উচ্চরব ক'রো না। তোমার ধ্বনি শুনে, সকলেরই হৃদয় বাথিত হয়। স্থানরাং তুমি ক্ষান্ত হও।

## গীত

কলহাস্তরিতা শ্রীরাধা ললিতাকে বললেন—স্থি ! ওই দেখ আমার মনের আগুন নিবিয়ে দেবার জন্ম কুফমেঘ গীতি-অমুভ বর্ষণ করছে। রাগ করো না সখি, প্রসন্ধ হও। তুমি সাক্ষাৎ ঝড় (স্বয়ং বাড্যা), তোমার প্রভাবে ওই কৃষ্ণ জলদকে দূরে সরিয়ে দাও। ৩৭।

'নিভাইয়া মানানল বরিষয়ে গীত জল মেঘ হঞা আসিয়াছে হরি। দক্ষিণ পবন হঞা দেহ মেঘ উড়াইয়া তবে মান রাখিবারে পারি॥'

## সৌরভ

অভিসারিকা শ্রীরাধা বনের ভিতর প্রবেশ করে, ললিতাকে জিজ্ঞাসা করলেন—সহচরি! এই নিবিড় বনে কার স্থমধুর অঙ্গ-পরিমল বাশেসে ভেসে এসে, আমার অঙ্গ স্পর্শ করছে? সেই স্পর্শে আমার তত্ত্বলতা রোমাঞ্চিত হয়ে উঠলো। আমি বেশ জানতে পারছি যে, এই গভীর অরণ্যে নিশ্চয়ই শ্রীকৃষ্ণ পূর্বে এসেছেন। নইলে, এমন অঙ্গগন্ধ আর কার হবে! ত্রিভূবনে তিনি একাই এ-হেন সৌরভশালী ব'লে খ্যাতিলাভ করেছেন। ৩৮।

#### যথা-

'কার পরিমল আওল মঝু গেছে। তফুরছ নর্ত্তন করত হি দেহে। জানলু মাধ্ব আওল ধাম। যাকর ভূবনে স্থরভি বলি নাম।'

## যথা বা—

শ্রীকৃষ্ণ স্থবলকে জিজ্ঞাসা করলেন—বন্ধু, হঠাৎ এই উৎকৃষ্ট নব সৌরভ কোথা থেকে এলো ? এই পরিমল যে আমার হৃদয়ে মাদকতার সৃষ্টি করে ! আমার মনে হয়, নিশ্চয়ই শ্রীরাধা পুষ্পচয়নের জ্ঞ্যু গিরিশিখরে প্রবেশ করেছেন। ৩৯।

# ভূষণকণ

বৃন্দা প্রীকৃষ্ণকে বললে—মাধব! আজ হংসগামিনী প্রীরাধা যমুনাতটে কলহংসের নিনাদ শুনে, তোমার নূপুরধ্বনি বলে ভূল করেছিল। ফলে, তার এমন চিন্তচাঞ্চল্য উপস্থিত হলো যে, প্রীমতীর মস্তক থেকে জলপূর্ণ কলসী স্থালিত হয়ে ভূপতিত হলো। সেতা জানতেও পারেনি। ৪০।

'কালিন্দীতে কমলিনী শুনিয়া হংশীর ধ্বনি ক্লফের নৃপুর বলি জানিল। কাঁথে ছিল কলসী ভূমিতে পড়িল থসি তাহা কিছু জানিতে না পারিল॥'

## যথা ললিভ মাধ্বে-

শ্রীরাধাকে দর্শন করবার অভিলাষ নিয়ে, শ্রীকৃষ্ণ মনে মনে বিচার করছিলেন—আহা! শ্রীরাধার ওই কিন্ধিনী ঝংকারের মাধ্য আকাশে উড্যীয়মান কলকাকলিমত্ত সারস পক্ষীদের কলধ্বনিকেও হার মানায়। কিন্তু তা ভেবে তো আমার হৃদয়ের বিকার প্রশমিত হচ্ছে না। ৪১।

#### পদাত

দানকেলি কৌমুদীতে শ্রীরাধা ললিতাকে বলেছেন—

'অঙ্কুশসহ পদ্ধজ বজ্ঞের সহিত ধ্বজ এ চিহ্ন ও ক্লফের চরণ। নেই চিহ্ন ধরণীতে দেখিয়া আমার চিতে কভু প্রীতি কভু বা কম্পন॥'

স্থি: এই বনশ্রেণী শ্রীকৃষ্ণের উজ্জ্বল চরণচিক্ন দেখে আমোদিত হয়ে, পুষ্পিত অগ্রভাগ নত ক'রে আমার পায়ে লুটিয়ে পড়ছে। এই বনশ্রেণী দেখে, আমার চিত্তে অতিশয় আনন্দ সঞ্চারিত হচ্ছে। ৪২।

# বিপঞ্চীনিকণ বা বাণার ঝংকার

শ্রীকৃষ্ণ শ্রামলাকে দেখবার ইচ্ছা প্রকাশ করে বললেন—বন্ধু,
এই বৃন্দাবনে একমাত্র শ্রামলাই পূজ্যতমা। কারণ, শমলা তার
বীণায় কন্দর্পকেলি নাট্যের যে মঙ্গল-বেদ পাঠ করেছে, সেই
নান্দীপাঠ যেন বেদের শব্দব্রহ্মের মত সুহুমুহ্ আমার চিত্তকে
আমোদিত করেছে।

# শিক্সকৌশল

মাল্যবাহিকা বনদেবীর প্রতি জ্রীরাধার উক্তি—

'কি মালা গেঁথেছে হরি নানা ফুল সারিসারি পট্টস্থতে করিয়াছে গুল। দেখি মন কাঁপে শৃক্ত যেন তীক্ষ বাণপূর্ণ কলে ের অভিনব তৃণ॥'

নির্বাচিত ভালো ভালো ফুলগুলি এবং মালা গাঁথবার স্বৌষ্ঠব ও াশল্লকৌশল দেখেই আমি বুঝেছি যে, এ মালা ঞ্রীকৃষ্ণ স্বয়ং গেঁথেছেন। তাই, এ মালা দেখেই আমার হৃদয় কেঁপে উঠছে। এ যেন কন্দর্পের শাণিত শরপূর্ণ তৃণ! ৪৩।

## সশ্লিহিভ

যে সব জিনিস, ব্যক্তি ও স্থান প্রীকৃষ্ণের সহিত ঘনিষ্ঠ সম্পর্কে সংশ্লিষ্ট, বা যে সব জিনিস দেখে প্রীকৃষ্ণের কথা মনে হয়, তাকে সন্ধিহিত বলে। যেমন—নির্মাল্য, বহ, গৈরিক, উত্তমা গাভী, পাঁচনী, বেণু, শৃঙ্গা, প্রিয়জন, গোধ্লি, বৃন্দাবন, বৃন্দাবনে আপ্রিত লতা, কুঞ্জ, কদম্ব, তুলসী, ভ্রমর, ময়ুর-ময়ুরী প্রভৃতি জীব, গিরিগোবর্ধন, যমুনা ও রাসস্থলী ইত্যাদি॥ ৪৪—৫১॥ উদাহরণ:

## নিৰ্মাল্যাদি

'অকোতীৰ্ণ বিলেপন মন কৈল আকৰ্ষণ নামে পুনঃ বশ কৈল মন। এই যে নিৰ্মাল্য মালা পুন মনসম্মোহিলা তিন বস্তু পরম মোহন ॥'

বিশাখার প্রতি শ্রীমতী—বিদগ্ধমাধব।

# বহ ও গুঞা

পৌর্ণমাসীর উক্তি:

'শিথিপুক্ত দরশনে রাই কাঁপে ঘনে ঘনে গুঞ্জা দেখি করএ রোদন। রাধার হৃদয়ে আসি কোন গ্রহ রৈল পশি বিরচিয়া অপুর্ব নটন॥'

# নৈচিকী বা উত্তমা গাভী

'সন্ধ্যাকালে ধেহ সব পথে করে হামারব তোমা বিনা হৈয়া কাতরে। তাহা শুনি চক্রাবলী ছংথের অনলে জলি ছটফট কররে অস্তরে॥'

মাথুর-পদ্মার উক্তি।

নিষ্প্রয়োজনবোধে অস্থান্ত সন্নিহিতের বিস্তৃত বিবরণ দেওয়া হলোনা।

# ভটন্থ বা ভটন্থ উদ্দীপন

যে সব উদ্দীপন উৎকণ্ঠা, প্রেমামূভ্তি, বা মিলনের ওৎস্কার সৃষ্টি করে, তাদের তটস্থ উদ্দীপন বলা হয়।

> 'ভটক্ট চন্দ্রের জ্যোৎক্ষা, মেঘ ও বিহ্যুৎ। বসস্ত, শরৎ-চন্দ্র, স্থান্ধি মারুত॥

পক্ষী আদিগণ হয় তটস্থ উদ্দীপন। পূৰ্বে জানো উদাক্বতি যত বিবরণ॥'

চন্দ্রিকা বা জ্যোৎস্নালোক, আকাশে মেঘ ও বিহ্যাৎ, বসস্তকাল, শরৎকালের পূর্ণিমা রাত্রি, স্থান্ধি বায়ু, ময়ুর-ময়ুরী-শুকশারী-পাপিয়া-কোকিল ইত্যাদি পক্ষীগণ প্রেমিক-প্রেমিকার বিরহ বা মিলনের অমুভূতিকে উদ্দীপিত করে ও উৎকণ্ঠা সঞ্চার করে। তাই এগুলিকে তটস্থ উদ্দীপন বলা হয়। ৫২—৫৬।

প্রতিটী তটস্থ উদ্দীপনের স্বতন্ত্র উদাহরণ দেওয়া হলো না।
উল্লিখিত উদ্দীপনগুলির কারকতা স্বস্পষ্ট। চাঁদের আলো,
মেঘ, বিছ্যুৎ, বসস্তকাল ও দক্ষিণা বাতাস এবং পুষ্পিত কানন,
শরংকালের জ্যোৎস্না-পুলকিত রজনী, পুষ্পাগন্ধবাহী মৃত্ন বাতাস,
ময়ুর ময়ুরীর রত্যা, কোকিলের কুহুতান ইত্যাদি যে প্রেমিক
প্রেমিকার হৃদয়াবেগ বৃদ্ধি করে, তা সর্বজনবিদিত। স্বৃতরাং
উদাহরণের দ্বারা পুনরায় সেই সব উদ্দীপনের বিশ্লেষণ
নিপ্রায়েজন।

## . অतुভाব প্রকরণ

নায়ক-নায়িকার ভাবোদ্দীপক বা মনোভাব প্রকাশক জ্রভঙ্গি প্রভৃতি রতিস্কৃচক গুণ-ক্রিয়াদি, ব্যঞ্জনা, চোখের চাতুর্য ইত্যাদিকে অমুভাব বলে।

অহভাব তিন রকমের: অলঙ্কার, উদ্ভাস্থর (নীবী ও উত্তরীয় অংশনাদি সপ্তবিধ) এবং বাচিক (আলাপাদি ছাদশবিধ )।

#### অলম্ভার

যৌবনকালে কামিনীগণের সম্বগুণজনিত অলঙ্কার বিংশতি প্রকার হয়। নায়কের প্রতি সর্বপ্রকার অভিনিবেশ হেতু ওই অলঙ্কার সময় সময় প্রকাশ পায়।

বিকারের কারণ থাকা সত্ত্বে চিত্তে যে অবিকৃত ভাব থাকে তাকেই সত্ত্বেণ বলে। প্রণায় সঞ্চারে নায়িকার মনে বিকার উপস্থিত হয়। কিন্তু নায়ক বা কান্তের প্রতি সকল বিষয়ে তার অভিনিবেশ থাকে বলে, সে বিষয়ে চিত্ত অবিকৃত থাকে। এরূপ অবস্থায় সময় সময় ধ্রু ওই সত্ত্বেজনিত অলঙ্কারত্তলি প্রকাশিত হয়। এই অলঙ্কারের মধ্যে হাব, ভাব ও হেলা—এই তিনটীকে অক্সক্ত অলঙ্কার বলা হয়।

শোভা, কান্তি, দীপ্তি, মাধুর্য, প্রাগ্ভতা, উদার্য ও ধৈর্য—এই সাতটিকে অযত্মজ বলা হয়। শোভার জন্ম বেশাদি বিষয়ে প্রযত্মের অভাবেও শোভা স্বতঃ প্রকাশিত হয়। অযত্মজ শোভা বলতে সাধারণতঃ বুঝায়, যত্ম না করলেও যে শোভা বিকশিত হয়, অর্থাৎ স্বয়ম্প্রকাশিত (Spontaneous)। কিন্তু চেষ্টিত অযত্মের দ্বারা যা ঘটানো হয়, তাকেও অযত্মজ শোভা (Beauty created by careful carelessness) বলা যায়।

অপর—লীলা, বিলাস, বিচ্ছিন্তি, বিভ্রম, কিলকিঞ্চিত, মোট্টায়িত, কুট্মমিত, বিক্রোক, ললিত এবং বিকৃত—এই দশটি অমুভাব স্বভাবজন নায়িকাদের এই অমুভাবগুলি স্বভাবতই ঘটে থাকে, তার জন্ম তাদের চেষ্টা করতে হয় না। ৫৭।

## অঙ্গুল অলক্ষার ডিন রক্ষ

#### ভাব

বীজের আদি বিকৃতি যেমন অঙ্কুর, তেমনি শৃঙ্গার রসে নায়িকার নির্বিকার চিত্তে রতিবিষয়ক প্রথম বিকারের নাম ভাব।

'নির্বিকারে মনসি উদুদ্ধমাত্র বিকারো ভাবঃ।'

নির্বিকারাত্মকে চিত্তে ভাবঃ প্রথম বিক্রিয়া ॥ ৫৮ ॥ চিত্তস্থাবিকৃতি সন্থং বিকৃতে কারণে সতি । তত্রান্তা বিক্রিয়া ভাবো বীজস্তাদিবিকারবং ॥ ৫৯ ॥

শৃঙ্গার রসে নির্বিকার চিত্তে রতিনামক স্থায়িভাবের **প্রাত্তাব** হলে, প্রথম যে বিক্রিয়া হয়, তাকে ভাব বলে।

বিকারের কারণ থাকা সত্ত্বেও চিত্তের যে অবি**কৃ**ও **অবস্থা, ভার** নাম সন্ত।

এই সম্বের যে প্রথম বিক্রিয়া (disturbance of equillibrium) বা রভিবিষয়ক আবেগ বা চাঞ্চল্য, তাকেও ভাব বলা হয়।

#### যথা -

কোন স্থী হৃদয় উদ্ঘাটনের পট্তা দেখিয়ে, য়ৄথেশ্বরীকে বললে—
সথি! তোমার পিত্রালয়ের কাননে কত ফুল ফুটে শোভা বর্থন
করতো। সেখানে পরম স্থলর দেবরাজ ইন্দ্রকে দেখেও, তোমার
মন আগে কোনদিন স্পালিত হয় নি। কিন্তু আজ সম্মুখের ওই
বৃন্দারণ্যে মুকুন্দকে ভ্রমণ করতে দেখে, তোমার চোখছটি অমন

আন্দোলিত হচ্ছে কেন ? কানের শাদা কুমুদ ফুল-ছটিই বা অমন পল্লের মত আভা ধারণ করলো কেন ? । ৬০।

> 'কথন তোমার নয়ন কমল চঞ্চল নাহি দেখি। কাহু বনমাঝে বিহার করিছে, দেখিছ পশারি আঁখি॥ আজি ত নয়ান চঞ্চল হইঞা শ্রবণ নিকটে গেল। যাহার শোভাতে শ্রতির কুমুদ ইন্দীবরসম হল॥'

#### হাব

ক্রীবা বক্র করে, জ্র ও নয়নের যে ভঙ্গিমা দ্বারা ভাবের ঈষৎ প্রকাশ হয়, তাকে হাব (Gesture) বলা হয়। ৬১।

#### যথা-

# শ্রীরাধাকে খ্যামা বললে---

হে গৌরাঙ্গি! তোমার গ্রীবা বামদিকে বক্র হয়ে আছে, নয়ন
ভ্রমরচঞ্চল গতিতে অর্ধনিমীলিত হয়ে কর্ণমূলের দিকে ধাবিত হচ্ছে,
ভ্রেলতা নৃত্য করছে! মনে হয়, যমুনাতীরে কুস্থমচয়ের উল্লাসকারী
বনপ্রিয়বধ্বন্ধু মাধব নিশ্চয়ই তোমার চোখের সামনে আবিভূতি
হয়েছেন। তাই তোমার এই ভাবোদ্গম—চোখেমুখে মনোগত
চাঞ্চল্যের উন্মেষ!

## হেলা

হাব এব ভবেৎ হেলা ব্যক্ত: শৃঙ্কার স্কুচক:। ৬২।

হাব যদি শৃঙ্গার সূচক রূপে স্পাষ্ট ব্যক্ত হয়, তা হলে তাকে হেলা বলে।

## যথা---

বিশাখা শ্রীরাধাকে বললে—প্রিয়সখি! বংশীধানি শুনে যে ভোমার ৰক্ষয়ল ক্ষরিত ও স্পন্দিত হয়ে উঠছে। কপোল ও বদন পুলকিত হয়ে উঠলো। নয়ন তির্যক্ হলো। নীবিবন্ধ খালিত হলেও জ্বনদেশ স্বেদসিক্ত হয়ে উঠলো; আর্ক্র বসন অঙ্গে জ্বভিয়ে যায়। দেখো, যেন প্রমাদ ঘটিয়ো না। সথি। ওই দেখ, গুরুজনেরা বাম দিকে ঘুরে বেড়াচ্ছেন। ৬৩।

## অর্থত্বজ্ঞ অলঙার

অযত্নজ অলঙার সাত রকমের হয়। যেমন-

#### শোভা

রূপসম্ভোগে অঙ্গের বিভূষণকে শোভা বলে।

শ্রীকৃষ্ণ সুবলকে বললেন—সথা, প্রভাত বেলায় বিশাখা চঞ্চল-নেত্রা হয়ে, রক্তাঙ্গুলিযুক্ত করপল্লবে কদম্বের শাখা ধরে, লতামগুপ থেকে বেরিয়ে আসছিল। অধমুক্ত বেণী লুটিয়ে পড়েছিল তার স্কন্ধে। বিশাখার সেই রূপ আচ্চো আমার হৃদয়ে লগ্ন হয়ে আছে। সে মূর্তি কোনমতেই মন থেকে অপসারিত হ'চ্ছে না। ৬৪।

## কান্তি

শোভা বখন মন্মথ-প্রাবল্যে উজ্জ্বলতর হয়, তখন তাকে কাস্তি বলে। নায়িকার যে শোভা নায়কের মন্মথ বৃদ্ধি করে, তাকেও কাস্তি বলা হয়। শোভাকে বলা চলে রূপ, আর কান্দি সেই রূপের মাদকতা।

## যথা-

প্রীকৃষ্ণ স্থবলকে বললেন—সখা, শ্রীরাধা স্বভাবতই মধুর-মূর্তি, তাতে আবার নব তারুণ্য তার দেহকে আলিঙ্গন করেছে। তার উপর, মদনবিহারে তার বিশেষ উদারতা দেখেছি। তাই আমার হৃদয়কে মদির ক'রে, রাধিকা প্রণয় পাশে অবরুদ্ধ করেছে।

# मोखि

বয়স, ভোগ, দেশকাল ও গুণাদি দ্বারা যে কান্তি অতিশয় বিস্তৃত বা বিকশিত হয়, তাকে দীপ্তি বলে। দীপ্তি দ্বারা প্রভাদ্বিতা ও উদ্দীপতা হয়ে নায়িকা দয়িতের মনোহরণ করে।

#### चथा —

রূপমঞ্জরী তার সখীকে বললে— সুন্দরি! ওই দেখ, জীমতীর আঁথিছটি নিমীলিত হয়ে আসছে। মলয় বাতাসে তার অঙ্গের স্বেদবিন্দৃশুলি সম্পূর্ণ শুদ্ধ হয়েছে। অমল হারে কুচ্যুগ উজ্জ্বল হয়ে আছে। চক্রকিরণ-উদ্ভাসিত তটনিকুঞ্জে অঙ্গ ছড়িয়ে, তিনি শুয়ে আছেন। কিশোরীর এই মূর্তি মাধবের চিত্তে মনসিজ জ্বালা স্প্রিকরছে।

# **মাধু**র্য

সর্ব অবস্থায় নায়িকার যে চেষ্টা নায়কের মনোহরণ করে, তাকে মাধুর্য ( charm ). বলে

#### যথা-

বিধুমুখী কংসারির স্করদেশে পুলকিত দক্ষিণ বাছ স্থাপন ক'রে, বামহস্ত নিজের শ্রোণীতটে রেখে, মাথাটি ঈষং হেলিয়ে, ছন্দিত পদে দাঁড়িয়ে আছেন। দেখে মনে হয়, রাসলীলার পর শ্রীমতী যেন অলসাঙ্গিনী হয়েছেন।

# প্রগদৃভভা

সম্ভোগ বিষয়ে নি:শঙ্কচিত্তা হয়ে, নায়িকা যে প্রয়াসে উল্লভা হয়, তাকে প্রগল্ভতা বলে।

নায়িকার অকৃষ্টিত আচরণ, এবং অসংকোচে কথাবার্তা বলাকেও প্রাসাভতা বলা হয়।

## यथा-विषक्ष माध्रत

বৃন্দা বললেন—স্থি! কামকলায় প্রবীণতা দেখিয়ে, শ্রীমতী যে ভাবে প্রতিকৃলতার সঙ্গে কৃষ্ণের অঙ্গে নথরাঘাত ও অধর দংশন করেছিলেন, তাতে মাধ্ব পর্ম পরিতৃষ্টি লাভ করেছেন।

#### **अमार्य**

সর্ব অবস্থায় বিনয় প্রদর্শন করাকে উদার্য বলে। ৬৫। উদার্যগুণান্বিতা নায়িকার ব্যবহারে সর্বদাই বিনয় ও উদারতা প্রকাশ পায়।

## यथा-विषधमाध्य

'সরল নয়নগতি বদনে করয়ে স্থতি, দেখি করে সম্রম অপার। তাথে করি অন্মান হৃদয়ে রাধার মান, বিদক্ষের এই ব্যবহার॥'

শ্রীকৃষ্ণ মধুমঙ্গলকে বললেন—দেখ, ছদয়ের অভিমান চাপা রেখে, চন্দ্রবলী কেমন স্বষ্ঠু দাক্ষিণ্যের সঙ্গে ব্যবহার করেন। চোখে সারল্যের পরাকাষ্ঠা, মুখে বিনয়স্তভি, এবং ব্যবহার অভীব সম্ভ্রমপূর্ণ ও বিদয়।

#### যথা বা--

প্রোষিতভর্ত্কা শ্রীরাধা বললেন—সথি! শ্রীকৃষ্ণ কৃতজ্ঞ। তা ছাড়া, তাঁর বৃদ্ধিও প্রেমোজ্জল। তিনি অত্যন্ত বিনয়ী এবং অভিজ্ঞ-চূড়ামণি। কিন্তু অমন কুপাসমূদ্র এবং নির্মলহাদয় হয়েও, যখন এই বৃন্দাবনের কথা তিনি আর স্মরণ করছেন না, তখন এ আমার জন্মান্তরের পাপের ফল ভিন্ন আর কিছুই নয়।

# ধৈৰ্য

উন্নত অবস্থায় নায়কের ওদাসীম্ম প্রকাশ পেলেও, বিরহিণী নায়িকার চিত্তে যে স্থিরভাব বজায় থাকে, তাকে ধৈর্য বলে।

## যথা-ললিভমাধবে

শ্রীরাধা নবর্বলাকে বললেন—সখি! শ্রীকৃষ্ণের হাদয় যদি উদাসীনতায় পরিপ্লৃত হয়, এবং তার ভন্ম যদি তিনি আমার প্রতি সহস্র বংসরকাল স্বৈরী হয়ে কাঠিন্য অবলম্বন করতে চান, তা করুন। কিন্তু আমি ভূলেও সেই প্রিয়ের-চেয়ে-প্রিয় শ্রামস্থলরের প্রতি প্রবায়মুগত্য জন্মজন্মান্তরে ত্যাগ করতে পারবো না।

#### মভাবজ অলম্ভার

স্বভাবন্ধ অলঙ্কার দশ রকমের। যথা---

# नीना

রমণীয় বেশ ও কার্যকলাপের দারা প্রিয়জনের অমুকরণ করাকে লীলা বলে। ৬৬।

# যথা-বিষ্ণুপুরাণে

পরাশর মৈত্রেয়কে বললেন—

কৃষ্ণবিরহে উন্মত্তা কোন এক গোপাঙ্গনা বাস্ত্যুলে করাঘাত করে, বীরম্বব্যঞ্জক শব্দের সঙ্গে বলেছিল—ওরে হুষ্ট কালীয়। থাক, আমিই কৃষ্ণ, আৰু আমিই কালীয়দমন করবো।

## যথা বা—গঙ্গাদাসকুত ছম্পোমঞ্চরীতে

রতিমঞ্জরী তার স্থাকে বললে—সুন্দরি ! ওই দেখ, কৃষ্ণবিরহে উন্মত্তা রাধা গায়ে মৃগমদ লেপন ক'রে, পীতবাস পরিধান করেছেন। কেশপাশে স্থন্দর ময়ুরপুচ্ছ বেঁধে, গলায় বনমালা নিয়ে, আনত ক্ষেদ্ধে সরল বাঁশীটি রেখে, মধুর বাভা করছেন। মাধব-বেশধারিণী সেই রাধা আমাদের রক্ষ্য করুন।

## বিঙ্গাস

বিশ্বসঙ্গমের জন্ম গতি, স্থান, আসন, মুখ ও নেত্রাদির যে ভাংকালিক বৈশিষ্ট্য, তাঁকে বিলাস বলে। ৬৭।

## যথা--

ঞ্জীরাধার প্রতি বীরার উক্তি :

'নাগরে দেখিয়া নাসার মৃকুতা মাজিছ করিয়া ছল।
মৃথে মৃত্হাসি ছাপায়ে রেথেছ ইহাতে কি আছে ফল॥
সথি দ্রেতে চাতৃরি রাধ।
তোর হাসি লবে ত্রিভূবন সবে ঝলমল করে দেখ॥'

হে মধুরদক্তি। সম্মুখে উল্পসিত মাধবকে দেখে, তোমার মুখে হাসি ফুটে উঠেছে। তুমি নাসাগ্রের মুক্তা-বেসর অবনমিত করবার জন্য মুখে হাত চাপা দিয়ে, কেন ছল ক'রে তোমার সেই মধুর হাসি গোপন করবার চেষ্টা করছো? চম্রুকিরণের মত তোমার দম্ভগ্নতি যে উদ্ভাসিত হয়ে উঠছে। সেই সুধাকিরণ-কৌমুদী মাধুরী সঙ্গোপন ক'রো না। ৬৮।

#### যথা বা-

বৃন্দা শ্রীরাধাকে অভিসারে নিয়ে গিয়ে বললেন—হে ভন্নী, ওই কদম্ববৃক্ষের সন্নিকটবর্তী কুঞ্জকুটীরে শ্রীকৃষ্ণ আগেই এসেছেন। তুমি কৌতুকবশতঃ তাঁকে দেখতে গিয়ে, তোমার নয়নতরক্ষে যে ক্ষীরোদসাগরের লাবণ্য উদ্বেলিত করে তুলছো, সেই ক্ষীর প্রবাহে যমুনাব নীল জলরাশি গঙ্গাজলের মত ধ্বলবর্ণ হয়ে উঠলো।

# বিচ্ছিন্তি

যে বেশরচনা বা প্রসাধন অসম্পূর্ণ বা অতি অল্প হয়েও দেহকান্তিকে উজ্জ্বলতর ক'রে তোলে, তাকে বিচ্ছিত্তি বলে।

এক হিসাবে বিচ্ছিত্তিকেও চেষ্টিত অযত্নজ-শোভা (careful carelessness) বলা যায়।

## यथ।--

নান্দীমুখীর প্রতি বৃন্দা—

'একটি মাকন্দ পত্র পরিয়াছে কানে। তাহাতে পরম শোভা রাধার বদনে। রক্তবর্ণ সেই পত্র হৈল আভরণ। তাহাতেই বশ কৈল গোবিন্দের মন॥'

শ্রীরাধা মুকুন্দের চিত্তপ্রমোদকারী একটী মাত্র রঞ্চবর্ণ কচি আদ্র পল্লব দিয়ে কর্ণভূষণ রচনা করেছেন। মৃছ বায়ুহিল্লোলে সেই পল্লবটি স্পন্দিত হওয়ায়, তাঁর মুখকমল অপূর্ব শোভা ধারণ করেছে। আশ্চর্য। এই সামাস্থ এবং অসম্পূর্ণ প্রসাধনেও শ্রীমতীর রূপ অপরূপ হয়ে উঠেছে।

# যথা বা ছবিবংশে

বৈশপায়ন ঋষি কৃষ্ণের রূপ বর্ণনা করে বললেন—কি আশ্চর্য! লভা দিয়ে গাঁথা কয়েকটি আমলকী পত্রের মালার সঙ্গে একটি মঙ্কুর পুচ্ছ মৃত্যুমন সমীরণে কম্পিত হয়ে, শ্রীকৃষ্ণের রূপ কি অফুপম করে তুলেছে। ৬৯।

কোন কোন রসজ্ঞ ব্যক্তির মতে, প্রিয়জনের প্রতি অভিমান বশে বরস্ত্রীরা যখন অবজ্ঞা ভরে অঙ্গ থেকে আভরণ খুলে ফেলে দেয়, এবং সখীদের সযত্ন চেষ্টাতেও অঙ্গে ধারণ করতে চায় না, তখন তাকেও বিচ্ছিত্তি বলে।

#### ষথা-

# বিশাখার প্রতি গ্রীরাধা—

কেন হাই টাড় লয়া তাথে দৃঢ় মুদ্রা দিয়া পুন পরাইলে মোর হাতে।
দৃঢ় গ্রন্থি দিয়া পুন: হার পরাইলে কেন দ্র করি ফেলহ তুরিতে॥
কৃষ্ণ ভূজকের বিষে সব অলক্ষার দোষে আমি তাহা কেমনে ধরিব।
আভরণ সক্ষে আসি বিষ মোর অক্তে পশি অচিরাতে পরাণে মরিব॥

স্থি! তুমি অতিমুগ্ধা, তোমার কিছুমাত্র জ্ঞান নাই যে, এই সব অলঙার কৃষ্ণভূজকের হুর্বার বিষ-দৃষ্টিতে দৃষিত হয়েছে। এ রত্নালঙ্কারে আমার মন বিন্দুমাত্র তুষ্ট হচ্ছে না। আমি সইতে পারছি না। অঙ্গদহুটি দৃঢ় হয়ে হাতে বসেছে; মণিময় হার কঠোর হয়ে উঠেছে। গ্রন্থি মোচন ক'রে, আমার কণ্ঠ থেকে এই মণিহার তুমি শীঘ্র খুলে দাও।

## বিজ্ঞম

বল্লভের নিকট অভিসারে যাবার সময়, নায়িকা প্রবল মদনাবেগে উন্মনা হয়ে, ভূলক্রমে মাল্য ও হার প্রভৃতি আভরণ অযথাস্থানে স্থাপন করে। অঙ্গভূষণের এই স্থানবিপর্যয়কে বিভ্রম বলে।

## यथा-विषयमाधरव

ললিতা শ্রীরাধাকে বললেন—স্থি ! আজ যে তোমার করবীতে
নীল রতুহার অর্পণ করেছ, কুচ্যুগে কেশ-শোভাকর কুবলয় ঝুমকা
ধারণ করেছ, অঙ্গে কাজল চর্চা করে, নয়নে কল্পরিকা ধারণ করেছ !
কৃষ্ণ অভিসারের আবেগ-আতিশয্যে তুমি কি আজ জ্গৎ বিশ্বত
হয়েছ ?

## যথা বা-এীমন্তাগবভ দশমক্ষতে

কোন কোন গোপাঙ্গনা অঙ্গে অঙ্গরাগ লেপন করছিল, কেউ বা অঙ্গমার্জনা করছিল, কেউ নয়নে অঞ্জন-রেখা অঙ্কিত করছিল; এমন সময় হঠাৎ কুষ্ণের বাঁশী শুনে, তারা সব কাজ পরিত্যাগ করে ছুটলো সেই পথে। অতিমাত্র ব্যস্ততায় তাদের বসন-ভূষণের স্থান বিপর্যয় ঘটলো। ৭০।

প্রিয়তমের প্রতি অতিশয় বামা বা পরাত্ম্বী হয়ে, **তাঁর সমাদর** প্রত্যাখ্যান করাকেও বিভ্রম বলা হয়।

শ্রীকৃষ্ণ আদরের সঙ্গে শ্রীরাধার বেশ-বিন্যাসে যত্নশীল হলে, শ্রীরাধা অভিমান ভরে বামা হয়ে বললেন—

> 'আমার কবরী বান্ধিতে তোমারে কে সেধেছে বা বার। গলিত চিকুরে মোর বড় স্থ, তুমি কেন বান্ধ আর॥ কেন বা আমার বদন মাজিয়া দূর কর শ্রম জল। ঘরম হইলে মোর বড় স্থ তহুতে বাড়ায় বল॥ কেশের উপরে মালতী না দেহ আমারে লাগয়ে ভাব। অঙ্গ আভরণ না পরাহ পুনঃ মানা করি বারবার॥'

## কিলকিঞ্চিড

হর্ষের আধিক্য হেতু গর্ব, অভিলাষ, রোদন, হাস্ত, অস্থা, ভয় ও ক্রোধ—এই সাভটি মানসিক অবস্থার এককালীন উদ্ভবের নাম 'কিলকিঞ্চিত' ভাব। ৭১।

#### मथा--

শ্রীকৃষ্ণ স্থবলকে বললেন—বন্ধু! আমি উল্লাসভরে, প্রিয় সহচরী-দের সামনে, শ্রীরাধার পূষ্পকলিকাসম কুচযুগে বলপূর্বক হস্তক্ষেপণ করেছিলাম। তার জন্ম তিনি সপুলকে, ভ্রাভঙ্গির সঙ্গে, ক্রোধভরে স্তব্ধ হয়ে গর্বের সঙ্গে তির্যক্তাবে ফিরে দাঁড়িয়েছিলেন। রোদনও করেছিলেন, আবার সেই সঙ্গে তাঁর মুখে হাসিও ফুটে উঠেছিল। ফলে শ্রীমতীর মুখপদ্ম এক অপূর্ব শোভা ধারণ করেছিল। শ্রীরাধার সেই কান্ধাহাসি,মিশ্রিত সৌন্দর্যমণ্ডিত মুখ আমার স্মৃতিপথে বারবার উদিত হচ্ছে।

এখানে শ্রীরাধার এই ভাবকে 'কিলকিঞ্চিত' বলা যায়। কেন না, এখানে একসঙ্গে ওই সাতটি ভাব তাঁর মধ্যে প্রকটিত হয়ে উঠেছে। ৭২।

# यथा वा-नामरकिमारकोमुमीटङ

কেবল অঙ্গম্পর্শ প্রভৃতি কার্যের দ্বারাই যে নায়িকার কিলকিঞ্চিত ভাবের উদয় হয়, তা নয়। পথরোধ প্রভৃতি কার্যের দ্বারাও কিলকিঞ্চিত ভাব সঞ্চারিত হয়।

## यथा-

একদিন প্রীকৃষ্ণ দানঘাটে বসে ছিলেন। এমন সময় প্রীরাধা দধি বিক্রয়ের জন্ম সেই পথ দিয়ে বাচ্ছিলেন। তাঁকে দেখে, প্রীকৃষ্ণ শুল্ক আদায়ের ছলে, তাঁর পথরোধ করে দাঁড়ালেন। তৎক্ষণাৎ প্রীরাধার চোখছটি চাপা হাসিতে উজ্জ্জল হয়ে উঠলো। নেত্রপল্লব সজল হলোও প্রান্তভাগ রোষে রক্তিমাভ হয়ে উঠলো। আঁখিতারা উন্নত হলো, কিন্তু সেই সঙ্গে রসিকতায় উৎসিক্ত নয়নাত্র কৃঞ্চিত ও কৃটিল এবং দৃষ্টি উদগ্র হয়ে উঠলো। প্রীরাধার সেই নয়ন তোমাদের মঙ্গল বিধান কঙ্গন। এখানে হাস্থা, রোদন, ক্রোধ, রসিকতা-উৎসিক্ত অভিলাষ, ভয়, গর্ব, এবং অস্থা—এই সাতটি ভাব প্রীমতীর মধ্যে প্রকাশিত হলো।

# মোটায়িত

কান্তের কথা স্মরণ করে, এবং তাঁর বার্তাদি শুনে, নায়িকার হাদয়ে তাঁর জন্য রতিভাবের যে অভিলাষ সঞ্চারিত হয়, তাকে মোট্টায়িত বলে।

#### যথ|--

বৃন্দা শ্রীকৃষ্ণকে বললেন--

'দ্ধিগণ বাবে বাবে জিজ্ঞাদা করিল তারে কেন এত তুংখ তোর মনে। পালী উত্তর নাহি দিল, দ্থিগণ যুক্তি কৈল তুয়া বার্তা কহে দেই স্থানে॥ শুনিয়া পাইল স্থ্য প্রফুল্ল হইল ম্থ পুলকে প্রিল দব অফ। দ্থীরা চতুরা বড় অঞ্মানে কৈল দৃঢ় জানিতে তোমার এই রক॥'

হে পীতাম্বর! সখীরা বারংবার পালীকে তার ছঃখের কারণ জিজ্ঞাসা করলে, সে কোনো কথাই বলেনি। কিন্তু তোমার প্রাসক্ষ উত্থাপন ক'রে সখীরা যখন চাতুর্যের সঙ্গে শুধু তোমার কথাই বলতে আরম্ভ করেছিল, তখন আনন্দে সে এমন উৎফুল্ল হয়ে উঠেছিল যে, ফুল্ল কদম্বপুষ্পত বিভৃম্বিত হয়েছিল।

# কুট্মমিড

দয়িত যদি নায়িকার স্তন বা অধর গ্রহণ (স্পর্শ ও চুম্বন) করে, তা হলে নায়িকার হৃদয়ে প্রীতি সঞ্চারিত হলেও, সম্ভ্রমবশতঃ সে বাহ্যিক ক্রোধ প্রকাশ করে। নায়িকার এই ভাবকে পণ্ডিভেরা কুট্মমিত বলে অভিহিত করেছেন।

## যথা-

নায়িকার উাক্ত—

'কি কর কি কর দূরে নেহ কর কৰরী গলিত হল। কিবা উপহাস ছাড় মোর বাস নীবির বাঁধন গেল॥ চঞ্চল না হয়া ছাড়ি দেহ মোরে তোমার চরণে পড়ি। যাহ নিরদয় নিবার হয়া, থানিক শয়ন করি॥' পুনরায় সম্ভোগ-উন্নত মাধবকে জ্ঞীরাধা বললেন—কি আশ্চর্য ! এ কি আরম্ভ করলে তুমি ? হাত সরিয়ে নাও। আর হেসো না; আমার চুল এলিয়ে পড়লো, কাপড় খুলে গেল। তোমার পায়ে পড়ি, আমায় একটু ঘুমোতে দাও। ৭৩।

#### যথা বা---

ভূজবন্ধনে শ্রীরাধার কণ্ঠ বেষ্টন ক'রে মাধব বললেন—প্রিয়ে!
অমন করে জ্রলতা কৃটিল ক'রো না, আমার হাত ঠেলে দ্রে সরিয়ে
দিও না। পুলক-শিহরিত মুখকমল অবরুদ্ধ ক'রো না। হে স্থলরি!
পরিতৃপ্ত কর। তোমার ওই বান্ধ্লি ফুলের মত মধুর অধরের মধুপান
করে এই মধুস্দন শ্রীত হোক। ৭৪।

## বিবেবাক

গর্ব ও মান ভরে ইষ্টবস্তকে অনাদরে প্রত্যাখান করাকে বিকোক বলে।

নায়িকা অনেক সময় অত্যস্ত কাম্য ও বাঞ্ছিত বস্তুকেও গর্বে বা অভিমানে অনাদর করে থাকে।

পুষ্পাচয়নরতা রূপামঞ্জরী বকুলমালাকে লক্ষ্য ক'রে বললে—
'অনেক বিনয় করি বনমালা দিল হরি নৈল শ্রামা হন্ত প্রদারিয়া।
মনের প্রিয়তম মালা তথাপি করিঞা হেলা ফেলি দিল বিপক্ষ দেখাঞা॥'

এখানে নায়িকার বিকোক গর্ব হেতু। কিন্তু মানের জন্মও ঠিক এমনি বিকোক সম্ভব।

'বিনয় করিল হরি তারে তুমি মান করি আসিতে না দিলে এই স্থানে। যে শুক পড়িতে পারে গোবিন্দের নাম করে, তারে তুমি পড়াইছ কেনে॥'

কলহাস্তরিতা গৌরীকে তার স্থী বলেছিল—হরি তোমায় তুষ্ট করবার জ্ঞা অনেক চাটুবাক্য বলেছিলেন। তখন তুমি মান ভরে তাঁর সেই প্রিয়বাক্যে কর্ণপাত করোনি, অনাদর করেছিলে। কিন্তু এখন সুশিক্ষিতা শারীকে নিজে আবার পড়াতে বসলে **उक्क**ममौनम्

কেন ? দয়িতের যে-নাম সে জানে, সেই নাম তাকে আবার কেন শিক্ষা দিচ্ছ।

দয়িতকে অভিমানে প্রত্যাখ্যান করে, পরে নায়িক। আবার পাথীকে শিক্ষা দিবার ছলে সেই দয়িতের নাম নিজে বারবার উচ্চারণ ক'রে প্রণয়ের অমুভূতি ব্যক্ত করছে।

> 'যারে তুমি মান ভরে করেছিলে হেলা। ভারি লাগি কান্দ কেনে বসি সারা বেলা॥'

#### ममिड

অঙ্গদির বিভাসভঙ্গি, সৌকুমার্য ও জবিক্ষেপের মাধুর্য প্রকাশকে ললিত বলে। ৭৫।

কুঞ্জকাননে ভ্রমণরতা শ্রীরাধাকে দেখে কৃষ্ণ বলেছিলেন—
'বৃন্দাবনে লতা যত ফুলে ফলে বিকশিত ভ্রভঙ্গিতে তার পানে চায়।
ও পদপঙ্করাজে চলি যায় বনমাঝে অঙ্গ গদ্ধে মধুকর ধায়॥
মুখপদ্মে অলি ধায় করপদ্মে বারে তায় এইমত বনে চলি যায়।
বেন বৃন্দাবনত্যতি হয়া স্বয়ং মূর্তিমতী তক্ষলতা দেখিয়া বেড়ায়॥

কন্দর্পকে পুষ্পধন্ব। এবং তাঁর বাণকে পুষ্পবাণ বল, হয়। তাই লতাগুলিকে কবি 'অনঙ্গবাণ-জননী' বিশেষণে ভূষিত করেছেন। চলমতী নায়িকার চরণদ্বয়কে 'সোল্লাস-পদপঙ্কজ' বলে অভিহিত করেছেন। চিত্তহারিণী নায়িকার চরণের গতিচ্ছন্দে নায়কের চিত্তে উল্লাস সঞ্চারিত হয়। নয়নভঙ্গিতে মাধুর্য প্রকাশিত হয়। এগুলি নায়িকার 'ললিত' গুণ। এই ললিত গুণও চমংকারিছ নায়ককে মুগ্ধ করে। ৭৬।

## বিক্লভ

লজ্জা, মান ও ঈর্ষাদি ছারা যেখানে মনের কথা বা বিবক্ষিত বিষয় প্রকাশিত হয় না, কিন্তু চেষ্টা বা উক্ত মানসিক ভাবের দৈছিক লক্ষণ প্রকাশে মনোগত ভাব পরিলক্ষিত হয়, তাকে বিকৃতি বা বিকৃত ভাব বলা হয়।

# লজ্জাজনিত বিক্বতি

যথা---

সুবল প্রীকৃষ্ণকে বললেন—মাধব! আমি তোমার প্রার্থনা প্রীমতীকে জানিয়েছিলাম। তাঁকে বলেছিলাম যে, মধুসুদনের অমুরোধ, তুমি গোবর্ধন গিরিকন্দরে তাঁর নির্মিত আশ্চর্য চিত্র দর্শনের জন্ম যেও। স্থন্দরী সে কথা শুনে কোনও আগ্রহ প্রকাশ করলেন না। কিন্তু তাঁর কপোলে আনন্দের উজ্জ্বল আভা ফুটে উঠলো। ৭৭।

'তোমার বচন বাণী মোর মুথে শুনি ধনি বাক্য অভিনন্দন না কৈল। অক্তেতে পুলক সারি দেখা দিল থরি থরি, অহুমতি তাহাতে জানিল॥'

### যথা বা-

শ্রীরাধার কথা প্রসঙ্গে বিশাখা ললিতাকে বললে—সথি! আজ আমি শ্রীমতীকে বললাম, 'হে বরাক্ষি! তুমি সাধনী কুলবালা, পরপুক্ষধের দিকে দৃষ্টি নিক্ষেপ করা তোমার উচিত নয়। আমার প্রতি প্রসন্ধ হয়ে, তুমি মুখ ফিরিয়ে নাও।' পথিমধ্যে নর্মচ্ছলে তাঁকে এই কথা বলেছিলাম। শুনে, রাধিকা নতুন ক'রে কৃষ্ণের মুখদর্শনের জন্ম কাতর হয়ে, আমার মুখপানে চেয়ে রইলেন।

# মানছেতু বিক্বতি

# **প্রীকৃ**ফ উদ্ধবকে বললেন—

'কি কর কুটিল প্রেমা মান কৈল সত্যভামা হেনকালে চান্দের গ্রহণ।
আমি ত আস্ত চিতে পেলাম তারে প্রসাদিতে চন্দ্রগ্রহণ হৈয়া বিশ্বরণ॥
আমার বিনয় শুনি এক ইন্দ্রনীলমণি নিজ মুখচন্দ্রেতে ধরিল।
চন্দ্রগ্রহ নিরথিয়া স্থানদান কর গিয়া, ইহা ছলে মনে পড়াইল॥'

উপরাগ বা গ্রহণের কথা আমায় ম্মরণ করিয়ে দেবার জন্ত সপ্ত্যভামা কথা বলেনি, বা 'মান' পরিত্যাগ করেনি; নিজের মুখ চন্দ্রের উপর হাতের ইন্দ্রনীলমণি স্থাপন ক'রে জানিয়ে দিয়েছিল যে, চল্দ্রে কৃষ্ণছায়া পড়েছে অর্থাৎ চন্দ্রগ্রহণ আরম্ভ হয়েছে। সে অবস্থায় স্নানদান ইত্যাদি সংকার্যে মন দেওয়াই ভালো। ৭৮।

এখানে নিজের মান ভঙ্গ ক'রে কথা না বললেও, নায়িকা তার বিবক্ষা বা বক্তব্য বিষয় লক্ষণা দ্বারা নায়ককে জানিয়ে দিল।

# ই্বর্যাহেভু বিক্বভি

শ্রীকৃষ্ণ সুবলকে বললেন—সখা, যমুনাতীরে শ্রীরাধা বিহার করছিলেন। আমি তাঁকে বললাম, 'তুমি আমার বাঁশী চুরি করেছ, কল্যাণি! দয়া ক'রে আমার বাঁশীটি আমায় দাও।'

শুনে, শ্রীরাধা ঈর্ষান্বিতা হয়ে, ক্রকুটিকুটিল দৃষ্টিতে আমার দিকে চাইতে লাগলেন।

এখানে বিবক্ষা, 'আচ্ছা দেখে নেবঃ এই অপবাদের প্রতিশোধ নেব।' তিনি মুখে কিছু বললেন না। কিন্তু তাঁর বক্তব্য বিষয় দৃষ্টি-ভঙ্গিমায় প্রকাশিত হলো।

এই যে বিংশতি প্রকার আঙ্গিক এবং চিত বা মানসিক অলঙ্কারের কথা বলা হলো, সেগুলি নায়িকাদের সম্পর্কে যেমন প্রযোজ্য তেমনি মাধব সম্পর্কেও প্রযোজ্য। অস্থাস্থ মনীধিরা আরো অনেক রকম অলঙ্কারের কথা বলেছেন। কিন্তু সেগুলি ভরতমুনিস্বাকৃত নয় ব'লে, তন্মধ্যে শুধু 'মৌগ্ধা' ও 'চকিত' সম্পর্কে আলোচনা করা হলো। কেন-না, এই ছটি অলঙ্কারের কারকতা মাধুর্যের পুষ্টিসাধনে সহায়তা করে।

# মোধ্য বা মুগ্ৰভা

প্রিয়ন্ধনের নিকট জানা জিনিস সম্পর্কেও অজ্ঞের মত জিজ্ঞাস। করাকে মৌগ্ম্য বলে ( Pretension of ignorance )।

# যথা—মুক্তাচরিতে

সত্যভামা শ্রীকৃঞ্কে জিজ্ঞাসা করলেন—প্রিয়তম! আমার কঙ্কণে যে মুক্তাফলগুলি আছে, সেগুলি কোন্ লভার ফল? সেলতা কোথায় আছে? কে রোপন করেছে?

মুক্তা যে কোন বৃক্ষের বা লতার ফল নয়, তা সত্যভামা জানেন। তবুও দয়িতের কাছে এই ধরণের প্রশ্ন করায় সত্যভামার মাধুর্ঘ যেন নায়কের চোখে কিছুটা বর্ধিত হলো। এইভাবে পৃথিবীর অস্থান্থ বস্তু বা ব্যক্তি সম্পর্কে নিজের অজ্ঞতা জানালে স্বতঃই নায়কের মনে হয় যে, নায়িকা একমাত্র দয়িত ভিন্ন আর কোনকিছুই জানেন না। এই কৃত্রিম অজ্ঞতায় নায়িকার সরলতা ও দয়িতের প্রতি প্রণয়মুগ্ধতা প্রকাশ পায়। দয়িতও মুগ্ধ হন নায়িকার এই সারল্য ও অনস্থমানসিক্তা দেখে।

### চকিত্ত

যে জিনিস দেখে ভয় করবার কোনো কারণ নাই, সেই জিনিস দেখে বা তার কথা শুনে, প্রিয়তমের সামনে গুরুতর ভয় প্রকাশকে চকিত বলে। ৭৯।

#### যথা—

দয়িত সন্নিকটে থাকা কালে, নায়িকা একটি উড়ন্ত মধুমক্ষিকা দেখে চকিতা হরিণীর মত ভীতিচঞ্চলা হয়ে বলে উঠলো—'আমায় রক্ষা কর, রক্ষা কর। ওই দেখ, আমার কানে চাঁপার ছল দেখে মৌমাছিটা মধুপান করবার লোভে ছুটে আসছে।'

এইভাবে অকারণ অত্যস্ত ভীতিচঞ্চলা হয়ে হরিণনয়না হরিকে স্কড়িয়ে ধরলো।

নায়িকার এই প্রকার আচরণে প্রণয়ের পুষ্টি সাধিত হয়।
'গুছে কৃষ্ণ রক্ষা কর ওই হুষ্ট মধুকর উড়ি বৈসে আমার বদনে।
এই বাক্য কহি রাধা যেন ঘূচাইল বাধা, আলিক্সয়ে ব্রক্তেনন্দনে॥'
ইতি অলক্ষার বিবৃতি

# **উद्या**ष्ट्रत श्रकत्व

স্বস্থানে অবস্থানকালেও নায়িকার মনের যে ভাব দেহে প্রকাশ পায়,তাকে উদ্ভাস্থর বলে।

নীবিবন্ধন খসে পড়া, উত্তরীয় অঙ্গচ্যুত হওয়া, কবরী এলিয়ে যাওয়া, গা ভাঙ্গা ( আঙ্গুল মটকানো ইত্যাদি ), জ্পুণ বা হাই তোলা, আডাণের উল্লাস বা প্রফুল্লতা এবং গভীর নিঃশাস ইত্যাদি উদ্ভাস্বর । ৮০ ।

# নীবি অংসন যথা—বিদগ্ধমাধ্যবৈ

# **এ**রাধাকে বুন্দা বললেন—

'তোমার যে ত্নয়ন অশ্রুজনে নিরঞ্জন কুচ্যুগ নহে আর রাগী।

"ফুরে তোমার বক্ষস্থল হবে তার মঙ্গল অচিরে হইবে রুষ্ণ ভোগী॥

সবাকার ধর্মে মন তাহা করি দরশন নীবি বলে আমি মোক্ষ লব।

সাক্ষাত রুষ্ণের কাছে মোক্ষ হবে অনায়াদে তাহা আজি কেবা নিবারিব॥'

রাধে! তোমার নীবিবন্ধন যে শ্লেথ হলো। আশক্ষা হয় যে,

অচিরাৎ তার মুক্তি হবে অর্থাৎ বন্ধন খুলে পড়বে।৮১।

# উত্তরীয় স্রংসন

কৃষ্ণকে দেখে শ্রীরাধার উত্তরীয় শ্বলিত হয়ে পড়ছিল। তাই দেখে শ্রীকৃষ্ণ পরিহাস করে বললেন—

'তুরা হৃদি যত রাগ বস্ত্রে তার একভাগ ইছা মোরে স্পষ্ট দেখাইতে। তোমার হৃদয় বস্ত্র ভূমিতে পড়িল এন্ড, যতন না কর আচ্ছাদিতে॥'

আমার অমুরাগের চেয়েও গরীয়ান্ কোন গভীর রাগ তোমার হাদয়ে প্রাকৃটিত; তাই দেখছি অপস্তত বস্ত্রাঞ্জার অস্তরালে। মঞ্জিতা লভার রক্তিমরাগে রঞ্জিত তোমার উত্তরীয় স্থানচ্যুত হয়ে আমার সম্মুখে তোমার বক্ষস্থলকে আজ প্রকাশিত করেছে। উত্তরীয়ের রক্তিমরাগের চেয়েও তোমার হৃদিতট অধিক রক্তিম।

## ধশ্মিল ভ্রংসন

দয়িতকে দেখে নায়িকার ক্বরী শিথিল হয়ে পড়ে। এই আলুথালু বেশ ও তহুভাব নায়কের চিত্তে সস্তোগ-ম্পৃহা জাগিয়ে তোলে।

প্রীকৃষ্ণকে দেখে, প্রীমতীর কেশপাশ হঠাৎ কবরী ভ্রষ্ট হয়ে এলিয়ে পড়লো। তাই দেখে বৃন্দা বললেন—গৌরি! তোমার সম্মুখে দাঁড়িয়ে ব্রজেপ্রনন্দন। যাঁকে দেখে ছরাত্মারও ভববন্ধন থেকে মুক্তি হয়, তাঁর দরশনে যে তোমার সংযত কেশপাশ বন্ধনমুক্ত হবে, তাতে আর আশ্চর্য কি ?।৮২।

# গাত্রমোটন বা অঙ্গভন্ত

ব্রজভূমিতে ব্রজেব্দ্রনন্দন শ্রীকৃষ্ণকে দেখে কুরঙ্গীনয়ন। ব্রজাঙ্গনার। যে অঙ্গভঙ্গ বা গা আড়া-মোড়া দিয়েছেন, তার অনঙ্গভঙ্গি কন্দর্প তরঙ্গ স্পৃষ্টি করেছে।

নায়িকার অঙ্গভঙ্গ অর্থাৎ গা আড়া-মোড়া দেওয়া বা আঙ্গুল কোটানো ইত্যাদি নায়কের মনে অনঙ্গ-উদ্দীপনার সৃষ্টি করে। ৮৩।

## ज छ।

নায়িকার ছ্মণ নায়কের মনে তার নিজাবেশ অর্থাৎ শয্যা গ্রহণের সংকেত স্টিত করে। নায়িকা যদি নায়কের সামনে বারবার জ্মণ করে বা হাই তোলে, নায়কের চিম্বে সম্ভোগ লিন্দা সঞ্চারিত হয়। জ্মণের দারা নায়িকারও মদনাবেগ প্রকাশ পায়।

প্রীকৃষ্ণ চন্দ্রবিলীকে বলেছিলেন—প্রিয়ে! তুমি অতি সাধবী।
মদন তোমায় পুস্পবাণের দারা বশীভূত করতে পারেননি! তাই তিনি
ভূত্তণান্ত্র নিক্ষেপ করেছেন তোমায় বশীভূত করবার জন্ম। নইলে
এই গোষ্ঠসীমায় এসে বারবার তোমার জ্ঞা হবে কেন १।৮৪।

# ছাপের প্রকুল্লভা

জাণের প্রফুল্লভায় যখন নাসাপুট আন্দোলিত হয়, তখন নায়িকার মূর্তি নায়কের চোখে মাদকতার স্থান্ট করে। জ্ঞাণের প্রফুল্লভায় নিঃখাস ঘন ও নাসাপুট কম্পিত হয়।

শ্রীকৃষ্ণ স্থবলকে বলেছিলেন—সখা, ওই পদ্মলোচনা শ্রীরাধার নাসাপুটে যে গজমুক্তার বেশর আছে, সে বেশর আণ প্রফুল্লিড ঘন নিঃশ্বাসে স্পন্দিত হওয়ায়, এক অত্যাশ্চর্য সৌন্দর্যের সৃষ্টি হয়েছে। এই রূপ দেখা অবধি শ্রীমতী যেন আমার মনে বিলগ্না হয়ে আছেন, মৃহুর্তের জন্মও মন থেকে সরাতে পারছি না।

> 'নাসার নিঃশ্বাদে বেশর ছলিল ছই পুট বিকশিত। এমন নাসার বিলাস করিঞা রাই হরি নিল চিড ॥'

যে সব উদাহরণ দেওয়া হলো, সেগুলি যদিও মোট্টায়িত ও বিলাসের অন্তর্গত, তবুও শোভার বিশেষ বির্তির জন্ম পৃথক্ভাবে আলোচনা করা হলো।

## বাচিক

আলাপ, বিলাপ, সংলাপ, প্রলাপ, অপলাপ, সন্দেশ, অভিদেশ, অপদেশ, উপদেশ, নির্দেশ, ব্যপদেশ ও বাক্যের পরিপাটী বা নৈপুণ্য ইত্যাদির জন্ম মনীষিগণ বাচিক শোভাকে দ্বাদশ ভাগে বিভক্ত করেছেন।

#### ১—আলাপ

চাটু ও প্রিয়-উক্তির নাম আলাপ। ৮৫।

### ষথা-

ব্রজ্বদেবীগণ শ্রীকৃষ্ণকে বললেন :

'ছেন কে রমণীমণি তোমার ম্রলী শুনি নাহি ছাড়ে কুলধর্ম ভয় ।
তুয়া রূপ মনোরম ত্রিজগতে অহপম ইহা দেখি কেবা ঘরে রয় ॥
গুহে নাথ, তুমি না করিহ উপেক্ষণ।
তোমার এরপ দেখি বুঝে সবে পশুপাথী পুলকিত হয় তঞ্গণ ॥'

হে গোবিন্দ! তোমার এই ত্রিলোক-মনোমুগ্ধকর রূপ দেখে কে না সম্মোহিত হয়! কোন স্ত্রী তার আর্য চরিত্র থেকে বিচলিতা না হয়! বনের হরিণ, পশুপক্ষী এবং বৃক্ষলতাও তোমার এই রূপ দর্শনে পুলকিত হয়ে ওঠে।

নায়িকার প্রতি নায়কের চাটু ও প্রিয়োক্তি:

## यथा वा-विषक्षमाध्य

শ্রীকৃষ্ণ বললেন—রাধে! তুমি কঠোরাই হও বা মৃদ্বীই হও, তুমই আমার প্রাণ। চাঁদ ভিন্ন যেমন চকোরের কোনো গতি নাই, তেমনি রাধা ভিন্ন কৃষ্ণেরও কোনো গতি নাই।

# ২--বিলাপ

ত্ব:খজনিত বাক্যের নাম বিলাপ।

# যথা—শ্রীমন্তাগবত দশম ক্ষত্তে

উদ্ধাৰকে গোপাঙ্গনারা বলেছিল— প্রীকৃষ্ণের সঙ্গে মিলিত হওয়ার আর কোনো সম্ভাবনা নাই, তাই আমরা এত আকুল হয়েছি। আমাদের পক্ষে নৈরাশ্যই ভালো। স্বৈরিণী পিঙ্গলা বলেছে, নৈরাশ্যই পরম স্থা আমরা যদিও সে কথা জানি, তব্ও কৃষ্ণের জন্ম আমাদের আশা ছ্রতিক্রম্য; কোনমতেই সে আশা দমন করতে পারছি না।

'প্রত্যাশা পরম তুঃথ নৈরাশ্য পরম স্থথ এই বাক্য কয়াছে পিক্লা। তথাপি ক্বফের আশ কভু নাহি হয় নাশ এই মোর মনে বড় জালা॥'

# ৩—সংলাপ

উক্তি ও প্রত্যুক্তিবিশিষ্ট যে সব বাক্য, তাকে সংলাপ বলে (Dialogue)। ৮৬।

# यथा-প्रधावनीट

মানস গঙ্গায় নৌকাকেলি-বিশারদ ঞ্রীক্বফের সঙ্গে ঞ্রীরাধার উত্তর প্রত্যুত্তর। উच्छननोनम्बर्ग >११

শ্রীকৃষ্ণ বললেন—হে তরুণি! এসো, আমার তরণীতে আরোহণ করো।

উত্তরে শ্রীরাধা বললেন—হে বিনোদ! রবিতে আমার প্রীতি নাই। সুর্যের উত্তাপ আমি সহা করতে পারি না।

তরণী দ্বার্থবোধক শব্দ। শ্রীকৃষ্ণ বললেন নৌকায় উঠবার কথা। শ্রীরাধা উত্তর দিলেন সম্ভ অর্থে। তরণি বা তরণী শব্দের ভিন্ন অর্থ সূর্য বা সূর্যকিরণ। শ্রীমতী কৌতুকচ্ছলে বললেন যে, রবি বা রৌজের প্রতি তাঁর শ্রীতি নাই।

শ্রীকৃষ্ণ হেসে বললেন—নানা, আমি তা বলছি না। আমি বলছি নৌ।

শ্রীমতী আবার সহাস্তবদনে বললেন—ও, নৌ!—'মম মে, আবায়ো নৌ।' আমাদের ত্জনের ? কই! ত্জনের আরোহণ অবরোহণের প্রস্তাব তো কিছু ছিল না।

অজেয় শ্রীকৃষ্ণ রাধার বাক্যচাতুরীতে পরাজিত হয়ে, মৃত্ হাস্থ করলেন। তিনি 'নৌ' শব্দ ব্যবহার করেছিলেন নৌকা মর্থে।

নায়ক ও নায়িকার মধ্যে এই ধরণের সংলাপে রসস্ষ্টি হয় এবং প্রাণয়ের ঘনত্ব বাড়ে।

### 8--- 송ল1위

বার্থ বা মর্থহীন মালাপের নাম প্রলাপ।

## যথা-

মধুপানে উন্মত্তা শ্রীরাধা বললেন—মাধব। তথ্যার মুরলীর মনোহর ধ্বনিতে গোপাঞ্চনাদের হৃদয় মথিত হচ্ছে। তাই ললিতা ব্যথিত চিত্তে তোমার ভঙ্কনা করতে আরম্ভ করেছে। তোমার মুরলী যে 'রলী রলী…লিতা লিতা' ধ্বনি বারবার উচ্চারণ করছে।

মুরলীর 'রলী-রলী—লিতা-লিতা' শব্দ নিতান্ত অর্থহীন। তবুও

আবেগভরে ঞ্রীরাধা মাধবের কাছে সেই কথা বলে মুগ্ধ অমুভূতি প্রকাশ করছেন।

#### ৫-অমুলাপ

একই উদ্দেশ্যে বারবার কোন কথা বলার নাম অমুলাপ।৮৭।

#### যথা--

একটি তমালশিশুর পাশে বান্ধ্লী ও স্থলপদ্মের ফুল দেখে, জ্ঞীরাধা ললিতাকে বললেন—স্থি! ও ছটি কি নেত্র ! নেত্র! না—না, পদ্ম! ও কি গুঞ্জা! গুঞ্জা, না বান্ধ্লী ফুল ! ও কি বেণু—বেণু ! না ভ্রমরের গুঞ্জন! ওকি কৃষ্ণ ! না তমাল!

#### ৬—অপলাপ

পূর্বে কথিত বাক্যের অশুরূপ যোজনার নাম অপলাপ।

#### যথা—

কলহাস্তরিতা জ্রীরাধা বিশাখাকে বললেন—স্থি! প্রযুদ্ধ উজ্জ্বল বনপুষ্প-শোভিত মাধ্বকে কোন্প্রমদা অঙ্গনা কামনা নাকরে?

শ্রীমতীর কথা শুনে, বিশাখা বললে—প্রিয় স্থি! তুমি কি তবে কৃষ্ণের জন্ম উৎস্কুক হয়েছ? স্পুহা জেগেছে তোমার মনে?

শ্রীরাধা বললেন—না না, সথি! আমি তা বলছি না। আমি বলছি, প্রফুল্ল বনপুষ্প-শোভিত মধুমাসের বা বসন্ত ঋতুর কথা।

#### 9-**স**েশ

প্রবাসস্থিত কান্তের নিকট যে বার্ডা প্রেরণ করা হয়, ভাকে সন্দেশ বলে। ৮৮।

শ্রীকৃষ্ণ যখন মথুরায় ছিলেন, পদ্মা কোন পথিককে সম্বোধন করে বলেছিল—হে পান্থ! মথুরানাথ শ্রীকৃষ্ণকে ব'লো, কোকিলের কুছরবে বিকলিতা চম্রাবলী এখন কোথায় লীনা হবে ? কার হৃদ্য়ে আলিঙ্গনবদ্ধ হয়ে নিজেকে বিলীন করবে ?

### **৮—অভিদেশ**

যখন অন্তের কথা হিসাবেই নিজের কথা জানানো হয় (অর্থাৎ তার কথাই আমার কথা) তখন তাকে অতিদেশ বলা হয়।৮৯।

#### यथ!-

শ্রীরাধা মানিনী হলে, শ্রীকৃষ্ণ যখন তাঁর মান ভাঙাবার জ্ঞানাভাবে চেষ্টা করছিলেন, এবং প্রাণিশাতাদি দারা তাঁর প্রানাদ ভিক্ষায় উন্থত হয়েছিলেন, তখন ললিতা বলেছিল—হে কৃষ্ণ! তুমি কেন রাধাকে প্রণাম করছো? শীঘ্র এখান থেকে দূর হয়ে যাও। একথা গান্ধ বিকারই অন্তরের কথা। ললিতা শুধু বীণা যদ্ভের মত সেই এটার কথাই ঝংকুত করেছে। ৯০।

'যে কথা কহিলাম আমি সন্দেহ না কর তুমি এই বাক্য রাধিকার হয়। আমি যন্ত্র নিতন্ত্রী রাধা তাথে হয় যন্ত্রী ইহাতে নাহিক বিপর্যয়।'

### ১-- অপদেশ

বক্তব্য বিষয়ের অন্য অর্থ কল্পনাকে অপদেশ বলে। ৯১।

#### যথা--

নান্দীমুৰী পৌর্ণমাসীকে বললে—

'দাড়িম তরু উজ্জ্বল ধরিয়াছে তুই ফল তাথে রেখা আছে বছতর।
তুই পূস্প বিকশিত তাহাতে করেছে ক্ষত বড়ই নিষ্ঠুর মধুকর॥
সন্মুথেতে গুরুজন হঞা তাই অক্সমন শ্রামা গুনি স্থীর বচন।
চমকিত হয়া ধনী অধ্রে ধ্রিল পাণি বসনে আচ্ছাদে তুই শুন॥'

উজ্জ্বল হটি নব দাড়িম্বফলকে শুকপক্ষী চঞ্ছার। বিক্ষত করেছে বা ভূঙ্গ হটি রক্তবর্ণ পুষ্পের মধুপান বার্তিল ব'লে, পুষ্পাহটি ত্রণ্ চিহ্নিত হয়েছে—এই কথা গুরুজনদের সম্মুখে নান্দীমুখী পৌর্ণমাসীকে বলেছিল। সেই কথা শুনে, শ্যামলা বস্ত্রাঞ্চল দিয়ে বক্ষোদেশ আবৃত করেছিল এবং ওষ্ঠহটি হাত দিয়ে চেকেছিল। ৯২।

যে সহজ উল্লেখে কথা গুলি বলা হলো, ঠিক সেই অর্থে গৃহীত না হয়ে, অস্থা অর্থে গৃহীত হলো। রক্তবর্ণ পুষ্পা বলতে, ওঠছটি আবৃত হলো; এবং দাড়িম্বফলের কথা উল্লেখ করতেই, বক্ষোদেশ বস্তাবৃত হলো।

### ১০—উপদেশ

শिका निवात জग्र (य कथा वना रुप्त, ভাকে উপদেশ বলে।

#### যথা-

মানিনী শ্রীরাধাকে তুঙ্গবিভা বলেছিল—

'বৌবন সে চঞ্চল সদা করে টলমল বড়ই তৃত্থাপ্য বনমালি।'

তুরিতে চলহ বনে দেখা হবে হরি সনে মনের আনন্দে কর কেলি॥'

যৌবন অতি চঞ্চল। তার সম্পদ লোলবিহ্যতের মত ক্ষণস্থায়ী। ত্রিলোকের মধ্যে অন্তুত রূপবান্ পুরুষ প্রীকৃষ্ণ। তাঁর মত নায়ক অতি হলভি। অতএব হে মুখে। তুমি স্থযোগ ত্যাগ ক'রো না। বৃন্দাবনের ভ্রমরগুঞ্জিত কুঞ্জে তাঁর সঙ্গে মিলিত হয়ে সচ্ছন্দে কেলি করো।

### ১১-- निर्पान

যথন নির্দিষ্টভাবে কোন বস্তু বা ব্যক্তি সম্পর্কে উল্লেখ ক'রে কিছু বলা হয়, তখন তাকে নির্দেশ বলে।

বিশাখা শ্রীকৃষ্ণকে বললে—

'সেই রাধা বিধুম্থী সেই এ ললিতা সথী সেই আমি বিশাথা স্থলরী। মোরা ভিন স্থী মিলি গহনে কুস্কম তুলি এথা কেন এলে তুমি ছরি॥'

### **১২—वाभटम**ण

অস্থা প্রসঙ্গে বা ছলে যখন নিজের অভিলাষ বা মনোগত ভাব প্রকাশ করা হয়, তখন তাকে ব্যপদেশ বলা হয়।

#### यश ---

গ্রীকৃষ্ণ বিপক্ষ কোন গোপাঙ্গনার সঙ্গে প্রমোদ আলাপে রভ ছিলেন। তাই দেখে, মালতীর সখী ভ্রমরকে সম্বোধন ক'রে বললে—

> 'ন্তন পল্লৰে হলো বিকশিত মালতী গছন বনে। তৃষীর চুম্বনে ভ্রমর রসিক ইহার কি দব জানে॥'

হে মধুপ! দেখ, কাম্যবনে মালতী পুষ্পের স্তবক প্রাকৃতিত হয়েছে। কিন্তু তুমি কেন সেই মালতী-স্তবক ত্যাগ ক'রে লাউবনে মধুর সন্ধান করে বেড়াচ্ছ ? তুমি ভ্রমর, তোমায় আর কি বলবো!

উদ্ধিশিক বাচিক অমুভাব সকল রসেই সম্ভব। কিন্তু সেগুলি মাধুর্যরসের পক্ষেই অধিক প্রযোজ্য ও পরিপোষক। সেই জ্ব্যু সেগুলি শুধু মাধুর্যরস প্রসঙ্গেই আলোচিত হলো।

ইতি অমুভাব প্রকরণ

# সাত্ত্বিক প্রকরণ

### সান্ত্ৰিক ভাৰ

সাক্ষাৎ বা পরষ্পরায় শ্রীকৃষ্ণ সম্বন্ধীয় ভাবের দ্বারা আক্রান্ত বা অভিভূত চিত্তকে সম্ব বলে। চিত্তের এই অবস্থা থেকে উৎপন্ন ভাবকে সান্বিক ভাব বলা হয়।— ভক্তিরসামৃত সিন্ধু।

হর্ষাদিহেতু স্তম্ভিত ভাবকে সান্বিক ভাব বলা হয়।

# হৰ্ষহেতু শুশু-যথা দানকেলি কৌমুদীতে। ১।

শ্রীকৃষ্ণকে দেখে, রাধিকার অক্সে স্বেদবিন্দু ক্ষরিত হয়ে তাঁর বিক্ষা স্বর্ণপদক সিক্ত হয়ে উঠলো। দেহ নিস্পন্দ হলো। নয়ন নিমীলিত হয়ে এলো। আশ্চর্যের বিষয়, আরও পাঁচজন স্থী থাকা সম্বেও, শ্রীমতী পুত্তলিকার মত নিশ্চল হয়ে গেলেন।২।

এখানে, শ্রীকৃষ্ণকে দেখে হর্ষহেতু স্তম্ভিতা হয়ে, শ্রীমতী পুত্তলিকার ধর্ম প্রাপ্ত হলেন।

## ভয়হেতু গুম্ভ

শ্রীরাধাকে দ্র থেকে দেখে, নান্দীমুখী পৌর্ণমাসীকে বললে— 'দেবি! ওই দেখ, মেদের গর্জন শুনে চকিতা হয়ে, ঘনস্তনী ব্রজাঙ্গনা নিশ্চলাঙ্গিনী হয়ে শ্রীকৃষ্ণকে জড়িয়ে ধরেছেন।

দ্বৈধ ভাবের উৎপত্তি হেতু এই অবস্থা প্রাপ্তির নাম দিগ্ধ। ৩।

# আশ্চর্যহেতু গুম্ভ

শ্রীকৃষ্ণের অনুপম সৌন্দর্য দেখে, শ্রীরাধা অত্যস্ত চমংকৃতা হয়ে স্বান্তিতা হন। এ অবস্থায় তাঁর চোখে পলক পড়ে না, অঙ্গ-প্রত্যঙ্গ নিশ্চল হয়ে আসে। শ্রীমতীর এই অবস্থা দেখে, মধুমঙ্গল শ্রীকৃষ্ণকৈ বললে—

'তোমার মাধুরী ধাম ত্রিজগতে অসুণম তাহা আজি রাধিকা দেথিয়া। মনে হইল চমংকার নিমেব নাহিক আর শুরু হয়া আছে দাঁড়াইয়া॥'

# বিষাদহেতু শুম্ভ

পদ্মপলাশলোচনের বিলম্ব দেখে, চিত্রার মনে শক্কা হলো যে নিশ্চয়ই বিপ্রালম্ভ—প্রতারণা। কই, সংকেত স্থানে তো তিনি এলেন না! মনে বিষাদের সঞ্চার হলো। সংকেত গৃহের দ্বার দেশে চিত্রার্পিতার মত নিশ্চল হয়ে চিত্রা দাঁড়িয়ে রইল। ৪।

# অমর্য বা ক্রোধহেতু শুস্ত

নিশীথে শ্রীকৃষ্ণের সঙ্গলাভকালে শ্রামলা হঠাং তাঁর মুখে অশ্র নায়িকার নাম উচ্চারিত হ'তে শুনে, ক্রোধ ও অভিমানে শুদ্বিতা হয়েছিল। তার চোখে আর পলক ছিল না। দেহকান্তি লুপ্ত হয়েগেল। ৫।

#### (श्रम

# হৰ্ষহেতু স্বেদ

বিফু পুরাণে: পরাশর মৈত্রেয়কে বলেছিলেন, শ্রীকৃষ্ণের বাছ ছটি গোপাঙ্গনার কঠে বেষ্টিত হওয়ায় পুলকে রোমাঞ্চিত হয়ে উঠেছিল। হর্ষহেতু স্বেদাক্ত সেই ভূজান্ম দেখে মান হচ্ছিল, যেন স্বেদাস্বর্ষণকারী মেঘ। ৬।

### ষথা--বা

শ্ৰীকৃষ্ণকে ললিতা বললেন—

'রাধিকার দেহলতা চন্দ্রকাস্ত বিরচিতা, ব্ঝিলাম তাহার অস্তর। চন্দ্রের উদয় হোর তারা রহে নৃত্য করি, স্বেদ ছলে শলে কলেবর ॥'

## ভয়**হে**তু স্বদ

## গ্রীকৃষ্ণ বললেন---

'ভন্ন ছাড় কলাবতী দ্রেতে তোমার পতি এই বন নিবিড় গহন। অনেক যতন করি দিলাম অলকা সারি ঘর্মজলে ২য় বিনাশন ॥'

## কোধহেতু স্বেদ

নান্দীমুখী পৌর্ণমাসীকে বললে—

'ক্ষের খালিত ভানি মনে ক্রোধ কৈল ধনি লজ্জা করি কিছু না কহিল।
খেদ জল পড়ে গায় বসন ভিজিল তায় মনের ক্রোধ তাহাতে জানিল॥'

### রোমাঞ

## আশ্চর্যদর্শনে রোমাঞ্চ

রাসলীলা প্রাসঙ্গে গার্গীকে পৌর্ণমাসী বললে—স্থি! আশ্চর্যের কথা আর কি বলবো। রাসলীলা করতে করতে শ্রীকৃষ্ণ যখন একসঙ্গে (যুগপং) মৃগনয়না গোপাঙ্গনাদের সকলকেই চুত্বন করলেন, আকাশে স্থরবালাগণ রোমাঞ্চিতা হয়ে, বিশায়বিক্ষারিভ নেত্রে চেয়ে ছিলেন।৮।

## হৰ্ষেতু কোমাঞ্চ

শুকদেব বললেন—হে রাজন্! কোন অঙ্গনা প্রিয়তম শ্রীকৃষ্ণকে দেখে, স্বীয় নেত্রপথে তার মোহন মূর্তি হৃদয়ে গ্রহণ করে, নয়নজ্টি নিমীলিত করলেন। যোগার ন্যায় হৃদয়ে সেই মূর্তি আলিঙ্গন করে, পুলকে তাঁর স্বাঙ্গ রোমাঞ্চিত হয়ে উঠলো। ৯।

শ্রীমন্তাগবত। দ্বাত্রিংশৎ অধ্যায়, সপ্তম শ্লোক।

# यथा वा - ऋक्रिनी चत्रचदत

রুক্মণী যখন স্থনন্দ ব্রাহ্মণের মুখে সংবাদ পেলেন যে, প্রীকৃষ্ণ বিদর্ভ রাজ্যে এদে উপস্থিত হয়েছেন, তখন প্রীকৃষ্ণকে দেখবার জন্ম তিনি অত্যস্ত উৎস্থক হয়ে উঠলেন। তাঁর মুকুলিত অঙ্গয়ন্তি পুলকে রোমাঞ্চিত হয়ে উঠলো, যেন প্রতিটী লোমকুপ প্রীকৃষ্ণের অঙ্গশোভা দর্শনের জন্য উদ্গ্রীব হয়ে উঠেছিল।

### ভয়হেতু রোমাঞ্চ

#### যথা-

· 'পাইয়া অকের গন্ধ আইলা ভ্রমরবুল দেখি পালী কম্পিত হইন। অক হইল পুলকিত মন হৈল চমকিত ব্যস্ত হয়া ক্ষেত্রে ধরিল॥'

পালীর অঙ্গ পরিমলে আকৃষ্ট হয়ে ভ্রমরেরা তার মুখপদ্মের দিকে ধাবিত হলো। ভয়ে সে শিউরে উঠলো। অঙ্গমষ্টি কম্পিত হলো। বিপুল পুলকে রোমাঞ্চিতা হয়ে সে শ্রীকৃষ্ণকে আলিঙ্গন করলে। ভার লঙ্জা সরম আর কিছু রইল না। ১০।

#### স্বরভেদ

# বিধাদহেতু রোমাঞ্চ ও স্বরভেদ—গীভগোবিন্দে

শ্রীরাধার স্থা মাধ্বকে বললে—হে শঠ। তুমি কেন শ্রীমতীকে দর্শন দিলে না १ সেই মৃগনয়না ভোমার প্রেমসাগরে নিমজ্জিতা হয়ে, কেবল তোমার চিন্তাতেই জীবন ধারণ করে আছে। বাসকসজ্জায় কখনো বা সে তোমার সালিধ্য কল্পনা করে বিপুল পুলকে পবিপ্রত হচ্ছে, কখনো বা রাঢ় বিষাদে তার অঙ্গ শিউরে উঠছে; মনোবেদনায় ব্যাকুল সরে অকুট কঠে বিলাপ করছে

## বিশ্বয়হেতু স্বরভেদ

শ্রীবাধা ললিতাকে বললেন—স্থি! সভিসারের জন্ম সম্ভ্রমে আমার কণ্ঠ রুদ্ধ হয়ে এলো, মুখে কথা ফুটলো না। তাই হাত ইসারায় অনেকবার তোমায় জানিয়েছিলাম। কিন্তু আশ্চর্যের বিষয়, শ্রীকৃষ্ণের বংশীপ্রনি শুনে লতাগুলা এমন পুলকচঞ্চল হয়ে উঠেছিল যে, আমার কর-সংকেত তুমি দেখতে পাওনি। ১১।

## অমর্ঘ বা কোপহেতু স্বরভঙ্গ

গ্রীকৃষ্ণ বিশাখাকে বললেন—এই বৃন্দাবনে আমার কত না ক্রোয়সী লীলা করছে! কিন্তু তাদের উচ্ছল নর্মভঙ্গীতে আমি তেমন পরিতৃপ্ত হই না, বেমন পরিতৃষ্ট হয়েছি শ্রীমতীর রোষ তরঙ্গায়িত অধরোঠের ত্'তিনটি আক্ষেপ বাক্য ও তিরস্কারে। রোষে তাঁর কণ্ঠস্বর গদগদ হয়ে উঠেছিল। ১২।

# হর্ষহেতু স্বরভঙ্গ—রুক্মিণী স্বয়ন্ধরে

ক কি কি তার স্থীরা বলেছিল—স্থি! কেন এত উতলা হচ্ছ ? এসো, কোন ছলে আমরা আবার গিয়ে একুফুকে দেখে আসি।

এই কথা শুনে রুক্সিণী স্থীদের তর্জনগর্জন করতে লাগলেন। হর্ষহেতু উচ্ছাসে তাঁর কণ্ঠস্বর অস্বাভাবিক হয়ে উঠলো। অন্তরের ভাব গোপন রইল না।

### ভয়ংহতু স্বরভেদ

প্রীকৃষ্ণ বিশাখাকে বললেন—প্রথম মিলনের দিন আমি প্রীরাধাকে বলেছিলাম, দয়া ক'রে এই তৃষ্ণার্ড মধুকরকে মধুপানের অনুমতি দাও। শুনে মদিরাক্ষী ভীতিচঞ্চলা হয়ে উঠেছিলেন, এবং গদগদ কঠে আমার শ্রুতিভটে এক আশ্চর্য নবস্থার তরঙ্গ প্রবাহিত করেছিলেন। ১৩।

### বেপথ

বেপথু অর্থে কম্পন বা শিহরণ বুঝায়। ত্রাদে, হংক ও অমর্থে বা অধৈর্থে (ক্রোধে) নায়িকা বেপথুমতী হয়।

## ত্রাসে বেপথু

একদিন জটিলা জ্ঞীমতীকে গৃহে আবদ্ধ করে রেখেছিল: অভিসারে যেতে দেয়নি। এ অবস্থায় জ্ঞীকৃষ্ণ যুবতীর বেশ ধ'রে এসে জ্ঞীরাধার পাশে উপবিষ্ট হয়েছিলেন। সেই সময় হঠাৎ মৃঢ় অভিমন্থ্য এসে সামনে উপস্থিত হলো। অকস্মাৎ অভিমন্থ্যকে দেখে, জ্রীরাধা ত্রাদে বাত্যাহত কদলী পত্রের মত বেপথুমতী হয়ে উঠলেন। তাই দেখে, বিশাখা বললে—

'নাগর হোয়ল যুবতী আকার। মৃত্মতি তুয়া পতি কি করু আর ॥ কাহে তুহু কম্পদি কদলী সমান। দ্র কর আস ধৈর্য ধরু প্রাণ ॥'১৪।

## হৰ্ষহেতু বেপথু

শ্রীমতী পুষ্পাচয়ন করছিলেন। ললিতা বললে—স্থি! ব্রজ-রাজতনয় তোমার সামনে এসে মিলিত হলেন দেখে, কম্পিতা হচ্ছ কেন ? আমি চতুরা ললিতা, তোমার পাশে আছি। আভঙ্ক পরিত্যাগ কর।১৫।

# অমর্যহেতু বেপথু

মানিনী পদাকে শ্রীকৃষ্ণ বললেন—স্থি! তুমি যদি কুপিতা না হয়ে থাক, তাহলে তোমার তমু কম্পিত হচ্ছে কেন? ঝড়না উঠলে কি কথনো নির্বিশ্রিফা দীপশিখা কম্পিত হয়! । ১৬।

# বৈৰৰ্ণ্য বা পাণ্ডুর হা বিষাদহেতু বিবৰ্ণত।

বিপ্রালনা শ্রীরাধার বিষাদমান মুখচ্ছবি দেখে এসে, স্থী শ্রীকৃষ্ণকে বললে—

'ম্থের মাধুরি দেথি কুন্ধুম হইত ত্থী সেই মৃথ শুকুবর্ণ হলো।
চান্দের উপমা তাথে দিতে ভয় করি চিতে বিধিবর জারে বিভৃষিল। ১৭।
এইভাবে রোষ এবং ভীতির জন্মগু নায়িকার মুখকান্তি বিবর্ণ ও
শুকু কালিমাময় হয়।

# রোষহেতু ্রবর্ণ্য যথা—

বৃন্দারণো বিহারকালে মাধবের হৃদয়ে শ্রীমতীর প্রতিবিশ্বই প্রতিফলিত হয়েছিল। কিন্তু শ্রীমতীর ভ্রম হলো যে, মাধবের হৃদয়ে অশ্ব কাস্তার মুখচ্ছবি প্রতিফলিত হয়েছে। শ্রীমতী অভিমানিনী হয়ে উঠলেন; রোধে তাঁর মুখমণ্ডল তাম্রবর্ণ হয়ে উঠলো। তাই দেখে মাধব বললেন—'স্থি! এই জ্যোৎস্থাপুলকিত শর্ৎকালীন অর্ধরাত্রে কি কখনো অশ্ব চল্লের উদয় সম্ভব ? হে প্রিয়ে! আশক্ষা করো না। আমার হৃদয়ে তুমিই প্রতিবিশ্বিতা হয়েছ।' ১৮।

# ভয়হেতু বৈবৰ্ণ্য ৰথা—

বৃদ্ধা পৌর্ণমাসীকে বললেন—দেবি! আজ যমুনাতটে এীমতী মাধবের সঙ্গে বিহার করছিলেন, এমন সময় হঠাৎ পতিকে দেখে ওাঁর বৈক্লব্য উপস্থিত হলো। কিন্তু আয়াণ তাঁকে চিনতে পারেনি। ১৯।

#### ভাইছ

হর্ষকেরু আমনদার্জ্র যথা – গীতগোবিশে

'রাধার নয়ান শ্রবণ নিকটে যাইতে প্রয়াস করে বহু দ্র পথ চলিয়া যাইতে শ্রম হলো কলেবরে॥ সেই শ্রমে বারি অশ্র ছল করি পড়িছে ধরণী তলে। নিকুঞ্জবনে নাগরের সনে দেখা হলো সেই কালে॥'

প্রিয়তমকে দেখে শ্রীরাধা আনন্দ-সাগরে নিমগ্না হলেন। তাঁর নয়নতারা আনন্দে বিহবল হয়ে অপাঙ্গসীমা অতিক্রম করে কর্ণমূল পর্যস্ত ধাবমান হলো। সেই শ্রমেই যেন স্বেদাস্থ ক্ষরণের মত ছটি আঁথি হতে আনন্দাশ্রু ঝরে পড়তে লাগলো। ২০।

নায়ক সন্দর্শনে গণ্ডদেশ প্রফুল্ল ও তহু রোমাঞ্চিত হয়ে নয়নে যে বাষ্পা উদগত হয়, তাকেও আনন্দাশ্রু বলে। ২১।

## রোষহেতু অশ্রু

খণ্ডিতা ইন্দুম্খী প্রাতঃকালে শ্রীকৃষ্ণের বুকে অশু নারীর তিলকের দাগ দেখে, মুখে কিছু বললেন না। কিন্তু রোমে তাঁর দৃষ্টি কুঞ্চিত হলো। বারবার চোখের জল মুছতে লাগলেন। ঈর্ষা হেতুও নারীর চোখে অশ্রু ঝরে। তাতে শিরংকম্পান, দীর্ঘমাস, কপোলের ফুর্তি এবং কটাক্ষ ও ক্রকুটি থাকে। খণ্ডিতা নায়িকার অশ্রুধারায় কণ্ঠহার সিক্ত হয় এবং নায়কের প্রতি সেনিষ্ঠুর বাক্য প্রয়োগ করে।

## বিষাদহেতু অশ্র

প্রোষিতভর্তৃকা শ্রীরাধাকে বিশাখা বললে—

নয়নের ভল মৃছে ফেল সখি, বিষাদ রেখো না মনে।

আবার আদিবে সে নিঠুর কালা এ মধু বৃন্দাবনে॥

—হংসদৃত

হে করভোরু ! অশ্রুধারায় মূখচন্দ্র মলিন করো না। শ্রীকৃষ্ণ করুণার সাগর। আবার তিনি তোমার প্রতি পর্যাপ্ত করুণা বিধান করবেন।

প্রীকৃষ্ণ যখন বৃন্দাবন ছেড়ে মথুরায় চলে গিয়েছিলেন, প্রীরাধা বিষাদ-সাগরে নিমঙ্জিতা হয়েছিলেন। রাত্রিদিন তাঁর নয়নে শুধু অঞ্চবক্যা প্রবাহিত হতো।

> খ্যামল স্থা বিহনে আজ কুঞ্জত্বন অন্ধকার, কোমল হিয়া কৃষ্ণপ্রিয়া সইতে নারে তৃঃখভার সেই বিরহ সাগরতলে ডুবলো সারা পরাণমন। ঘূলীঘন ব্যথার চাপে অঞ্চক্ষবে অঞ্জণ।

> > —হংসদত

### প্রলয়

স্বাভাবিক অৰস্থার বিপর্যয়কে প্রলয় বলে। মুখ বা ছঃখের আধিক্যহেতু প্রলয়ের উৎপত্তি হয়।

### মুখে প্রাক্তর

স্থা বা আনন্দের আতিশ্যে যেমন বিহললতা দেখা যায়, তেমনি আবার নিশ্চেষ্টতাও ঘটে। শ্রীকৃষ্ণ সন্দর্শনে শ্রীমতীর দেহমনে যে প্রালয় বা অস্বাভাবিক অবস্থায় ও নিশ্চেষ্টতার উদ্ভব হয়েছিল, সেই অবস্থা বিশাখাকে দেখিয়ে ললিতা বলেছিল—সখি! ওই দেখ, শ্রীরাধার জজ্বাত্তি স্থবির হয়েছে, চলংশক্তি নাই। নেত্র যুগল নিষ্পান্দ, কণ্ঠের ভাষা কৃষ্ঠিত, নাকে শ্বাস-প্রশাস বইছে না। মুনিরা যেমন সমাধিস্থ হন, শ্রীমতী তেমনি নিশ্চেষ্ট ও অনড় হয়েছেন। শ্রীকৃষ্ণ সন্দর্শনের পরম প্রমোদ স্থধা, অপরিসীম সুখ ও আনন্দ শ্রীরাধাকে সমাচ্ছন্ন করেছে। ২২।

# জঃখহেতু প্রালয় যথা—ললিভমাধবে

সহসা তড়াগ জলশৃত্য হলে শফরীদের যে অবস্থা হয়, কৃষ্ণবিহীন বৃন্দাবনে আভীর-শফরীরাও তেমনি নিদারুণ মনোবেদনায় শাসরহিতা হয়ে মাটিতে লুটিয়ে পড়ছে। হায়! এখন তারা কার শরণ নেবে ? দুরাত্মা কংসের বুকে কৃষ্ণসর্প সরোষে দংশন করুক।। ২৩।

## ধূমায়িতা

পূর্বে যে ভাৰগুলির কথা বলা হলো, সেই ভাব যদি অগ্র ছ'-একটি ভাবের সঙ্গে মিশ্রিত হয়, এবং যদি তা গোপন করবার সম্ভাবনা থাকে, তা হলে তাকে ধুমায়িত ভাব বলা হয়। যে নায়িকার অস্তরে প্রভেষ কামনা ধুমায়িত, তাকে ধুমায়িতা বলে। ২৪।

কোন সিদ্ধবনিতা বিমানচারিণী দেবীকে বললেন—

'শুন ওগো স্বাকনে মথ্রার অঙ্গনে দেথিয়াছ পুরাণ পুরুষ। তোমার নেত্রে অঞ্জল পুলকিত গগুস্থল হইয়াছ মদনের বশ॥'

প্রীকৃষ্ণকৈ সন্দর্শন করে দেববালার মনে যে মিশ্রভাবের উদয় হয়েছিল, তা তিনি সংগোপন করলেন। কিন্তু চিত্ত ধ্মায়িত হলো এবং তার লক্ষণ তাঁর অঞ্জলেও পুলকিত গণ্ডস্থলে প্রতিভাত হলো। ২৫

### জলিতা

ছুই বা তিনটি ভাব একসঙ্গে উদিত হলে যে অবস্থা প্রকট হয়, সেটা কষ্টের সঙ্গে গোপন করলে, নায়িকার জ্বলিতা অবস্থার উদ্ভব হয়। অস্তর জ্বলে যায়, কিন্তু মুখে ফুটে নায়িকা তার মনের ভাব প্রকাশ করতে পারে না।

#### যথা--

ধ্যাকে তার স্থী বললে—

'জামু তৃই অচঞ্চল নেত্রে বহে অক্ষজন রোমাবলী করিছে নর্তন। ব্ঝিলাম নীলবর্ণ অপূর্ব পুরুষ রত্ন পাইয়াছ তুমি দরশন॥'

তোমার শুক্ক উরুষ্ণ, হর্ষে রোমাঞ্চিত তহু ও সজল আঁথিছটি দেখে স্পষ্টই বুঝলাম যে, নীলনিধি তোমার করতলগত হয়েছেন। হে কমলমুথি! তোমার অদৃষ্ট স্কুপ্রাসন্ন। ২৬।

## मौरा

তিন, চার বা পাঁচটি প্রোচ্ভাব যদি একসঙ্গে চিত্তে উদিত হয় এবং নায়িকা সেভাব সংররণ করতে অসমর্থা হয়, তা হলে তাকে দীপ্তা বলে। ২৭।

### यथा-विषयभाषत्व

ত্রীরাধার প্রতি বিশাখা:

'তোমার যে অশুজন ভিজাইন ক্ষিতিতন নিশ্বাদে নাচিত্তে অঙ্গবাস। পুনকে দম্ভর অঙ্গ বুঝি রুফনীলারঙ্গ ভোমার শ্রুতিপুটে কৈন বাস॥'

তোমার পদ্মনয়নের জলবিন্দুতে ক্ষিতিতল সিক্ত হচ্ছে, ঘন-নিঃশ্বাসে কুচাংশুক (কাঁচুলি) নৃত্য করছে, রোমাঞ্চিত তমু দন্তর হয়েছে; বক্ষস্থল নত ও উন্নত হচ্ছে (heaving), এবং দেহ কণ্টকিত হচ্ছে। হে স্থি! তাই আমার স্থির বিশ্বাস হচ্ছে যে, মাধ্বের লীলা হয়তো তোমার কর্ণনুল পর্যন্ত এসে পৌচেছে। ২৮।

### उद्गीखा

পাঁচ, ছয় অথবা সমস্তভাব যদি একসঙ্গে উদ্ভূত হয়ে প্রেমের

পরমোৎকর্ষ-পর্যায়ে উপনীত হয়, তা হলে তাকে উদ্দীপ্ত অবস্থা বলে। এই অবস্থাপ্রা নায়িকাকে উদ্দীপ্তা নায়িকা বলা হয়।

শ্রীকৃষ্ণের নিকট বিরহিণী ললিতার দশা বর্ণনা করে, উদ্ধব বলেছিলেন—স্থা, তোমার বিরহে ললিতা এমন কাতর হয়েছেন যে, অবিরল অশুধারায় তিনি স্নান করছেন। মুক্তাকলাপের মত স্বেদ্বিন্দু তাঁর স্বাচ্ছের শোভা বর্ধন করছে। রোমাঞ্চকর কাঁচুলিতে স্থান্থত আবৃত করে বেখেছেন; চন্দনতুল্য পাণ্ডুর অঙ্গকান্তি প্রকাশ ক'রে, মুখে গদগদ বাক্য উচ্চারণ করছেন। তোমার সঙ্গে নবসঙ্গমের জন্মই যেন স্জ্জিতা হয়ে ললিতা স্তম্ভিতভাবে অবস্থান করছেন।

উদ্দীপ্ত ভাবগুলির ভেদ কোথাও কোথাও সুম্পন্টরূপে প্রকাশ পায়। কিন্তু সান্ধিকভাব সকল এই উদ্দীপ্ত ভাবেরই পরম উৎকর্ষ ও পরাকাষ্ঠা সাধন করে।

> 'উদ্দীপ্তির বিশেষ 'স্ক্লীপ্তা' নাম হয়। সান্তিকের উৎকৃষ্টতা বড় তাথে রয়॥ ২০॥

#### যথা-

পূর্বাহে গৃহনিজ্ঞান্তা শ্রীরাধা বনপথে যাচ্ছিলেন, এমন সময় হঠাৎ
শ্রীকৃষ্ণের বাঁশী শুনে, তাঁর অঙ্গে স্দািপ্ত সাত্ত্বিকভাব সকল প্রকাশিত
হতে লাগলো। কোন সখা দ্র থেকে শ্রীমতীর সেই অবস্থা দেখে,
দ্বরায় শ্রীকৃষ্ণের নিকটে গেল। বললে—মাধব! তোমার বংশীপানি
শুনে, শ্রীরাধা স্বেদসিক্তা হয়ে উঠেছেন। অশ্রুক্তলে তিনি বংসগণের
তৃষ্ণা নিবারণ করছেন। আপদমস্তক রোমাঞ্চিত হয়ে উঠেছে, এবং
তন্ম এমন মুকুলিত হয়ে উঠেছে যে, মুগ্ধ বিছার্থীরা ভারতীর
প্রতিকৃতি ভ্রমে তাঁর আরাধনায় রত হয়েছে। নিরন্তর স্বেদবারি
ও অশ্রুপাতে শ্রীমতীর চম্পক বর্ণ পাণ্ডুর হয়েছে। হে গোবিন্দ!
সেই সান্ধিক ভাবের পরাকান্ঠান্তোতক মূর্তি কৃষ্ণসঙ্গভ্যায় সহসা
স্বেদসিক্ত শুভ্রবর্ণ ধারণ করায়, বিছার্থীদের মনে ভারতীর প্রতিকৃতি
বলে ভ্রম উপস্থিত হয়েছে। ৩০।

## ইভি সাত্মিক বিবৃতি

## वाडिंगां वाता । ।।

শম্ত সমুদ্রে তরঙ্গের মত স্থায়িভাব থেকে ব্যভিচারিভাবের উৎপত্তি হয়। এই ভাব স্থায়িভাবের পুষ্টিগাধন ক'রে আবার ভাতেই মিলিয়ে যায়।

'বিশেষেণাভিমুখ্যেন চরস্থি স্থায়িনং প্রতি। বাগক্ষসন্ত্যা যে জ্ঞেয়াস্থে ব্যভিচারিণঃ ' অর্থাৎ ব্যভিচারিভাব বিশেষরূপে স্থায়িভাবের অভিমুখী হয়, এবং স্থায়িভাবের মধ্যেই বিচরণ করে; কদাচ তার সীমা লজ্মন করে না। হাবভাব, বাক্য, অঙ্গ অর্থাৎ জ্র ও নেএ প্রভৃতি এবং সন্থ বা সান্ত্রিকভাব থেকে উৎপন্ন অনুভাবের দ্বারা ব্যভিচারিভাব প্রকাশিত হয়। ব্যভিচারিভাব অস্থায়ী।

স্থায়িভাব বলতে সাধাণতঃ বুঝায়, নায়ক নায়িকার যে ভাব স্থায়ী ভাবে মনে রেখাপাত করে। ব্যভিচারী ভাব সেই ভাবের তরঙ্গায়িত সাময়িক উচ্ছাস। এই উচ্ছাস প্রেমকে আরও ঘনীভূত করে, এবং প্রেমের মাধুর্য বৃদ্ধি করে।

নির্বেদাদি তেত্রিশটি ভাবের মধ্যে উগ্রতা ও আলস্য ভিন্ন সবশুলি ভাবকেই ব্যভিচারিভাব বলা হয়। ২।

এই ব্যভিচারিভাবে সখী প্রভৃতির সঙ্গেও নায়িকার প্রেম সঞ্চারিভ হয়। ৩।

উক্ত ব্যভিচারিভাবে মরণাদিকে সাক্ষাৎ অঙ্গ বলে স্বীকার করা যায় না। তবে মরণাদি ভাব (নিজের মরণ কামনা বা উদ্ধম) অনেক ক্ষেত্রে প্রণয়ের বৃদ্ধি সাধন করে। কিন্তু এই মরণ বলতে প্রকৃত মৃত্যু বা প্রাণত্যাগ বৃঝায় না। তার অভিলাষ বা উল্লেখ মাত্র বৃঝায়। প্রকৃত মৃত্যু বা প্রাণত্যাগ প্রণয়ের অপকর্ষ। ৪।

প্রণয় বিষয়ে নায়ক-নায়িকার মুখে, বিশেষতঃ নায়িকার মুখে

মরণের ইচ্ছা প্রকাশ, প্রাচীন ও আধুনিক কাব্যে বা সাহিত্যে ব্যাপকভাবে চোখে পড়ে।

'স্থরতক্ষ তল যব ছায়া ছোড়ল হিমকর বরিখায় আগি।

দিনকর দিন ফলে শীত না বারল

हम जीयात कथि नाशि॥'

—বিছাপতি

'কিয়ে স্থে লাগি ভসম নহ দেহ। অব মঝু জীবন উপেথন কোয়॥'

-- (गांविक मान

'বন্ধুরে কহিও মোর কথা। অনলে পশিব যদি না আইদে এথা। মরণ অধিক ভেল এ ছার জীবন। পিয়া বিহু দগধয়ে যেন দাবে বন।'

—জানদাস

'এ বিরহ হায় সহিতে পারি না, অনলে পশিব আমি।' 'মরিব মরিব সধি, নিশ্চয় মরিব।

কান্ধ হেন গুণনিধি কারে দিয়ে যাব ।' 'না পোড়াইও রাধা অঙ্গ, না ফেলিও জলে। মরিলে তুলিয়া রেথো, তমালেরি ডালে॥'

—কীৰ্তন পদ

### নিবেদ

'নির্বেদঃ আত্মধিকারঃ' নির্বেদ বলতে আত্মধিকার, খেদ, অমৃতাপ ও নৈরাশ্য বুঝায়।

মহার্ভি, বিয়োগ ও ঈর্ষা থেকে নির্বেদের উৎপত্তি হয়।

# অভিশন্ন আর্তিহেন্ডু নির্বেদ যথা—বিদয় মাধবে

নির্বেদবতী শ্রীরাধার উক্তি— যাঁর উৎসঙ্গ-সুখ কামনায় গুরুজনদের নিকটেও লঙ্জা শিথিল উव्यननीनम्बि >३८

করেছি, প্রাণ অপেক্ষা প্রিয় স্থীদের ক্লেশ ভোগ করালাম, মহান্ স্তীধর্মে জলাঞ্জলি দিলাম, সেই কৃষ্ণ অবহেলা করলেন! আমার জীবনে ধিকৃ! উপেক্ষিতা হয়েও পাপীয়সী এখনো জীবিত আছে!

# বিপ্রয়োগ বা বিপ্রিঃহেতু নির্বেদ—যথা উদ্ধব সম্পেশে

প্রোষিতভর্তৃকা জীরাধা ললিতাকে বললেন—

স্থি! মুকুন্দের প্রতি আমার প্রেমগন্ধ কিছু মাত্র নাই। তবে যে আমি তাঁর জন্ম রোদন করি, সে শুধু লোককে জানাবার জন্ম যে আমি তাঁর প্রণয়-পাত্রী। কেন না, সেই বংশীবদন শ্রীকৃষ্ণের মুখবিম্ব দর্শন করতে না পেয়েও আমি এই প্রাণকীট ধারণ করে আছি। ৫।

# ঈর্ষাহেতু নির্বেদ

#### যথা-

প্রীরাধার সৌভাগ্য সর্বজনবিদিত দেখে, ঈর্ষায় (in jealousy)
অসহিষ্ণু হয়ে চন্দ্রাবলী আক্ষেপ করেছিল। পদ্মা তাই দেখে তাকে
সাস্ত্রনা দিয়ে বললে—সথি! তোমার গভীর গরিমার কথা ভূলে
গিয়ে, অমন মলিন বদনে নিজেকে ধিকার দিও না। চল্রের সঙ্গে
তারকার ( অর্থাৎ চন্দ্রাবলীর সঙ্গে শ্রীরাধান ) পার্থক্য গৃপিবীতে কে
না জানে! । ৬।

# विषाषट्यु निर्दक

ইষ্টবস্থ না পেয়ে যে বিষাদ বা সমুতাপ হয়, তাকে বিষাদহৈতু নির্বেদ বলে।

পূর্বরাগবতী প্রীরাধা বিশাখাকে বললেন—সখি! আজ আর
নিঃশঙ্ক হয়ে শ্রীকৃষ্ণের বাক্যস্থা পান করতে পারলাম না। তাঁর
মুখকমলে চঞ্চল দৃষ্টিনিক্ষেপও করতে পার্লাম না। অনেকদিনের
পর এমন স্থান্দর অবসর পেয়েছিলাম, কিন্তু হায় আমার ছ্র্ভাগ্য।
হতভাগী জরতী (জটিলা) ছল ক'রে আমায় রোধ করেছে। ৭।

শ্রীমস্তাগবত দশমস্বন্ধ—একবিংশ অধ্যায়, সপ্তম শ্লোকে এবং গীতগোবিন্দে পৌর্বাহ্নিক বিষাদ এবং প্রারন্ধকার্য অসিদ্ধির জন্ম বিষাদের উদাহরণ আছে।

## পৌবাহ্নিক বিষাদ—গ্রীমন্তাগবত দশমে।

শ্রীমতীর বিষাদের কথা উল্লেখ ক'রে, ব্রজস্থন্দরীরা বলাবলি করতে লাগলেন—স্থীগণ, প্রিয়দর্শনেই চক্ষুম্মান ব্যক্তিদের চোখের সার্থকতা; তাছাড়া আর কি ফল আছে, তা আমাদের বৃদ্ধির অগম্য। ব্রজরাজতনয় বয়য়্তগণসহ গাভীদল নিয়ে বনে প্রবেশ করছিলেন; তাঁর অধরে অয়ুক্ষণ বেণু শোভা পাচ্ছিল, মাঝে মাঝে স্মিশ্ধ কটাক্ষ নিক্ষেপ করছিলেন। সেই ভুবনমোহন রূপ যারা দর্শন করেছে, তাদেরই নয়ন সার্থক! তা ছাড়া, অয়্য কেউ সে মাধুর্যের আস্থাদ পায়নি।

## প্রারন্ধকার্যের অসিন্ধিছেতু বিষাদ—গীভগোবিন্দে

কলহান্তরিত। শ্রীরাধা ললিতাকে বললেন—সথি! আমার মন নিরস্তর শ্রীকৃষ্ণের গুণের কথাই ভাবে; ভূলেও তাঁর প্রতি কোপ প্রকাশ করতে চার্য় না। তাঁর দোষের কথা ছেড়ে দিয়ে, কেবল পরিতোষই বহন করে। আমায় পরিত্যাগ করে, তিনি অতিশয় তৃষ্ণাকুল হয়ে যুবতীদের সঙ্গে বিহার করছেন। তা জেনেও মন আমার নিরস্তর তাঁর প্রতিই অভিলাষী। আমায় আর কামশাস্ত্র পড়িয়ে কি করবে বলো?

# বিপত্তিহেতু বিষাদ—ললিত মাধ্বে।

প্রোষিতভর্কা শ্রীরাধা বিলাপ করতে করতে বললেন—আমি শ্রীকৃষ্ণের নর্মবাক্য শ্রুভিপুটে পান করতে পারিনি, নিঃশঙ্কচিত্তে তাঁর মুখকমলের প্রতি দৃষ্টি নিক্ষেপ করতে পারিনি, তাঁর বিশাল বক্ষে গাঢ়রূপে আলিঙ্গনবদ্ধ হতে পারিনি, তাই ভেবে আমার মন বিকল হয়ে পড়েছে। ৮।

## অপরাধহেতু বিযাদ

কলহাস্তরিতা শ্রীরাধা বিলাপ করে বললেন—স্থি! আমি কুটিলবৃদ্ধি হয়ে মাধবের স্থমধুর বচনে কর্ণপাত করিনি। তিনি আমার পায়ে ধ'রে সাধলেও আমি তাঁর দিকে দৃক্পাত করিনি। হিতবাক্য অবহেলা করেছি। তাই আমার অন্তর আজ তুষানলে দগ্ধ হচ্ছে। ১।

## देवजा। ३०।

তুঃথ, ত্রাস এবং অপরাধ থেকে দৈন্তের উৎপত্তি হয়।

### যথা--বিঅমক্সলে

তুঃখের জগ্য দেয্য—

'শুন ক্লফের ম্রলী তোরে ভাগ্যবতী বলি সদা থাক ক্লফ্য্থচন্দে। তোমার চরণ ধরি কহিছি বিনয় করি মোর দশ। কহিও গোবিন্দে॥'

### বা--যথা

রাস-আরম্ভে ব্রজাঙ্গনাগণ শ্রীকৃষ্ণের উদাসীনতাব্যঞ্জক আচরণে ও বাক্যে ব্যথিতা হয়ে, চাটুবাক্য প্রয়োগ করে বললে—হে ছঃখনাশন! আমাদের প্রতি প্রসন্ন হও। তোমার উপাসক করবো বলে গৃহত্যাগ ক'রে, যোগিদের মত তোমার পদপ্রাস্তে এসেছি। হে পুরুষভূষণ, তোমার মুখের স্থুন্দর হাসি দেখে, চিত্তে তীব্র কাম বহু জ্বলে উঠেছে। স্থীনাদের দাস্তের অধিকার দাও।

# ত্রাসহে হু দৈগ্য

বনবিহারকালে একটা উড়স্ত ভ্রমর মুখ পদ্মের দিকে ধাবমান হচ্ছে দেখে, শ্রীমতী হাত নেড়ে তাকে তালোবার চেষ্টা করলেন। কিন্তু নিজে তাকে নিবারণ করতেনা পেরে, আসে বিহ্বলা হয়ে শ্রীকৃষ্ণের শরণাপন্ন হয়ে বললেন—হে অঘদমন! আমার প্রতি প্রসন্ন হও; তোমার পায়ে পড়ি, এই ছুষ্ট ভ্রমরকে তাড়াও। ১১।

# অপরাধহেতু দৈগ্য

শীরাধা বিশাখাকে বললেন—সখি! মাধবকে প্রত্যাখ্যান ক'রে আমি সত্যই অপরাধ করেছি। কিন্তু আমার কোন দোষ নাই। মানরূপী ছুষ্ট ফণী আমায় দংশন করেছিল, সেই বিষে আমি হিতাহিত জ্ঞান হারিয়েছিলাম। হে স্থন্দরি! আমার অপরাধের দিকে দৃষ্টিপাত না ক'রে, তুমি শিখিপিঞ্মৌলিকে অনুনয় কর যে, তিনি যেন আমার প্রতি বিমুখ না হন। ১২।

### গ্লানি বা নির্বলভা। ১৩।

শ্রম, মনঃপীড়া ও রতি—এই তিনটী থেকে গ্লানির উৎপত্তি হয়।

## শ্রমহেতু গ্লানি যথা—

বৃন্দা পৌর্ণমাসীকে বললেন—যমুনায় প্রীকৃষ্ণের সঙ্গে জলকেলি করতে গিয়ে পক্ষজাক্ষী শ্রীমতী প্রান্ত হয়ে পড়েছিলেন। তাঁর শিথিল প্রকোষ্ঠ থেকে মণিবলয় স্থালিত হয়ে পড়েছিল যমুনার জলে। কিন্তু প্রমক্ষনিত গ্লানি বা অবসাদে তিনি তা রোধ করতে পারেন নি।

'কৃষ্ণ সঙ্গে জলকেলি কৈল রাধা সথী মিলি মণিবলয় পড়িছে খসিয়া। স্থীগণ ভাগে তারে তুলিয়া লইতে নারে অঙ্গ স্ব পড়িছে ভাঙ্গিয়া॥'

# আধি বা মনঃপীড়াহেডু গ্লানি—হংসদূভে

প্রীকৃষ্ণ যথন মথুরায় ছিলেন, বিরহিণা শ্রীরাধার মানসিক অবস্থা দেখে, ললিতা একটা হংসকে দৃত কল্পনা ক'রে বলেছিল—হে বিহঙ্গ! তুমি মথুরায় গিয়ে শ্রীকৃষ্ণকে বলো যে, মনঃপীড়ায় শ্রীমতীর দশম দশা উপস্থিত হয়েছে। তিনি আর জীবিত থাকবেন না। স্থীরা প্রতিকারের চেষ্টা ক'রে বিফল মনোরথ হয়েছে। কিন্তু সেই কুবলয়সদৃশা রাধা তোমার আশা ত্যাগ করতে পারেন নি। তাই জোর ক'রে তিনি প্রাণ ধারণ ক'রে আছেন।

# রতিহেতু গ্রানি যথা—গীভগোবিদ্ধে

কন্দর্পচিহ্নিত রতিকেলি-সঙ্কুল সমরের প্রারম্ভে শ্রীরাধা দয়িতকে জয় করবার জন্ম সাহসে ভর ক'রে, সন্ত্রম বজায় রেখে যে সব কাজ করতে আরম্ভ করলেন, তাতে তাঁর জঘনস্থল শ্রান্তিতে নিম্পান্দ হলো; বাহুছটি শিথিল হয়ে এলো, এবং ক্লান্ত বক্ষস্থল উৎকম্পিত হতে লাগলো। অবসাদে চোখছটি মুদিত হয়ে এলো। পৌরুষ রস কি কখনো নারীর পক্ষে সহজ্ঞসাধ্য হয় ?।১৫।

#### ख्या । ५७।

শ্রম সাধারণতঃ তিন রকমের—পথশ্রম, নৃত্যশ্রম, ও রতিশ্রম।

#### পথপ্রম

দৃতী শ্রীকৃষ্ণের নিকট শ্রীমতীর অভিসার যাত্রার শ্রম বর্ণনা করে বললে—

'হুই তিন পদ যেঞা কেলিপদ্ম ফেলাইয়া কেশমালা ফেলে কন্ত দূরে। কণ্ঠের মুক্তার মালা তারপর ফেলি দিলা শ্রমে অঙ্গ হৈল জরজরে॥ কুষ্ণপ্রেম অন্তরে দূরে অভিসার করে শ্রোণী ভরে চলিতে না পারে। বহু চিন্তা কৈল তায় তার উপায় নাহি পায় তুঃগী হৈয়া নিন্দে নিভ্রের ॥'

### নৃত্যহেতু প্রম

বৃন্দা পৌর্ণমাসীকে বললেন—আজ রাসলীলায় নুভ্যের আতিশ্য্য হেতু অনিন্দিতা ক্ষীণাঙ্গিনীদের গতিবিলাস শিথিল হয়েছে। ক্লাস্ত হয়ে তারা শ্রীকৃষ্ণের ক্ষন্ধে পদাহস্ত রেখে দাড়িয়ে আছে। শ্রম বশতঃ প্রতি পদক্ষেপে স্বেদ-উদ্গম হচ্ছে। তাই তাদের চূর্ণ অলকের অগ্রভাগ ললাট দেশে সংশ্লিষ্ট হয়ে আছে। ১৭।

### রতিশ্রম

রতিশ্রাস্তা বিশাখাকে শ্রীকৃষ্ণ বললেন—বিশাখিকে! রতিশ্রমে তোমার বাছত্তি শিশিল হয়েছে। গণ্ডযুগে ঘন স্বেদবিন্দু উদ্গত হয়ে তোমার মূর্তি অমুপম মাধুর্যমণ্ডিত হয়ে উঠেছে। সেই মাধুর্য আমার প্রমদাক্রাস্ত চিত্তকে অতিশয় প্রীত করে। ৮।

### মদ বা বিবেকহারী উল্লাস । ১৯।

মধুপানজনিত মন্ততায় বিবেকশৃত্যতা ঘটে, তাকে মদ বলে।

## যথা-

কুন্দবল্লী নান্দীমুখীকে বললে—দেবি! দেখ, কি আশ্চর্য! যে রাধা লজ্জায় কখনো শ্রীকুঞ্চের সামনে মুখতুলে কথা বলতে পারতেন না, সেই কিশোরী আজ অনক্ষমধুপানে আত্মহারা হয়ে শারীর মত অনর্গল পাঠ আবৃত্তি করে চলেছেন।২০।

#### গৰ্ব

সৌভাগ্য, রূপ, গুণ ও নিজের শ্রেষ্ঠত-বোধ বা সর্বোত্তম-আশ্র থেকে গর্বের উৎপত্তি হয়। গর্বিতা নায়িকা অন্তকে অবহেলা করে।

## সোভাগ্যহেত্ব গর্ব

'স্থীগণ সঙ্গ ছাড়ি, ছাড়ি সব ব্রজনারী ক্লম্ম তোমার ত্রারে দাঁড়াঞা। কুণ্ডল রচিছ তুমি বারবার বলি আমি ক্ষপানে চাহ গো ফিরিঞা।'

কুঞ্জগৃহে অবস্থিত। পর্বিতা শ্রীরাধাকে বিশাখা বললে—স্থি! বাদ্ধবীদের সঙ্গ পরিত্যাগ ক'রে. এবং উৎস্ক প্রেয়সীদের ভজনা না ক'রে, শ্রীকৃষ্ণ তোমারই দ্বারে এসে তোমার মুখপানে চেয়ে আছেন। কিন্তু কি আশ্চর্য! তুমি একবারও তাঁর দিকে চেয়ে দেখছো নাঃ হাসিমুখে বসে বসে যুঁইফুলের মকরকুগুল তৈরি করছো!

## রূপহেতু গর্ব

চন্দ্রাবলীর রূপগরিমায় গর্বিতা হয়ে, তার সখী পদ্মা ললিতাকে বলেছিল—এ পৃথিবীতে এমন কে আছে, যে চন্দ্রাবলীর মুখচন্দ্রিমার অমুপম সৌন্দর্য-পুঞ্জের স্তব করতে পারে! তার মুখের ওই লাবণ্য-প্রভায় মুগ্ধ হয়ে, শিথিপুছ্ছকিরীটী শ্রীকৃষ্ণও তার গৃহসমীপবর্তী কাননের কুঞ্জে কুঞ্জে ঘুরে বেড়াচ্ছেন।

## यथा वा-विषक्ष माध्रव

ললিতা পদাকে বলেছেলেন—চন্দাবলীর রূপের গর্ব তভক্ষণই থাকে, যতক্ষণ শ্রীরাধার আবিভাবি না হয়। প্রদীপা স্থেরি আবিভাবে চন্দ্রের কান্তি যেমন স্লান হয়ে যায় শ্রীমতীর আবিভাবে চিন্দাবলীর রূপেও ভেমনি নিপ্পাভ হয়। ১১।

## গুণহেতু গৰ্ব

এই ব্রজে গোশিকা কপোতীরা ততক্ষণই বক্ম্বক্ম্ ক'রে আনন্দ দান করে, যতক্ষণ ললিভার কোকিলকপ্তে সুমধুর কলধ্বনি ধ্বনিত নাহয়।২২।

## সবোত্তম-আশ্রয় হেতু গর্ব

অহা ন'ংশ্কিশদের তুলনায় কোন নায়িকা যদি সর্বোত্তম ব্যক্তির আশ্রয় লাভে সক্ষম হয়, বা ইই বস্তু লাভ করে, তাহলে নিজের শ্রেষ্ঠাৰবোধ হেতু গবিতা হয়।

সৌভাগ্য, রূপ, গুণ বা সর্বোত্তম-আশ্রয়হেতু যে শ্রেষ্ঠছবোধ নায়িকার মনে সঞ্চারিত হয়, তাকে Superiority Complex বা Pride of Supremacy বলা চলে।

## যথা —বিষ্ণুপুরাণে

সত্যভামা দৃত্মুখে ই ক্রপত্নী শ্চীকে জানিয়েছিলেন—তোমার পতি ইক্র, তা আমি জানি। তিনি যে স্বর্গের রাজা, তাও আমি জানি। কিন্তু গামি মানধী হয়েও তোমার উল্লানের ওই পারিজাত হরণ করাতে পারি।২০।

এখানে সত্যভামা সর্বোত্তম-আশ্রয় গৌরবে গরীয়সী ও গর্বিতা।

# ইষ্টলাভহেতু গৰ্ব

আধিক্য বর্জনের জন্ম বিস্তৃত উদাহরণ দেওয়া হলো না।
শ্রীমতী একদিন স্থাদের সামনে পাচনির সঙ্গে বাঁশীর তুলনা ক'রে,
শ্রীকৃষ্ণের মুখচুম্বনের গর্ব প্রকাশ করেছিলেন। এখানে ইষ্টলাভহেতু
নায়িকার মনে গর্ব সঞ্চারিত হয়েছে। ২৪।

শ্রীমন্তাগবত দশমক্ষমে উল্লিখিত আছে যে, কুরুক্ষেত্রে মিলিত যুবতী-সভায় দ্রোপদীকে নিজের স্বয়ম্বর বৃত্তান্ত জানিয়ে লক্ষ্মণা বলেছিলেন—রাজ্ঞি! আমি বিষদ হাস্থাও উরুকুন্তল এবং কুণ্ডল-কান্তিযুক্ত বক্তা উন্নত ক'রে, চারিদিকে উপবিষ্ট রাজাদের নিরীক্ষণ করতে লাগলাম। তারপর সেইসব রাজাদের সামনে স্বল্প পদ-বিক্ষেপে এগিয়ে গিয়ে, অমুরক্ত হৃদয়ে শ্রীকৃষ্ণের গলায় মালা দিলাম। ২৫।

ইষ্টলাভ এবং নিজের রূপগুণের শ্রেয়ভাবোধ হেতু লক্ষ্ণার মনে যে গর্বের সঞ্চার হয়েছিল, সেই গর্বে উন্নতন্সীবা হয়ে অভাভা রাজভাবর্গের প্রতি উপাক্ষা প্রকাশ করে, তিনি গর্বিত মন্থ্রপদে শ্রীকৃষ্ণের দিকে অগ্রসর হয়ে ভাঁর গলায় মাল্যদান করেছিলেন।

### मद्या । २७।

চৌর্য, অপরাধ ও পরের ক্রুরত।—এই তিনটি কারণে শঙ্কার উৎপত্তি হয়।

# চৌৰ্যহেতু শঙ্কা

'কৃষ্ণ নিজা গেল দেথি বাঁশী লঞা বিধুম্খী লুকাইল পভার ভিতরে। অংকর যে ছটাগণ তমঃ করে বিনাশন তাথে রাধা শক্ষিত। অন্তরে॥ রাধা করে বিধির নিন্দন।

হেন অঙ্গ মোর কৈল অন্ধকার দ্রে গেল। বিধি নাহি বুনে প্রিয়জন॥

# অপরাধহেতু শঙ্কা—ললিভমাধবে

নিশীথ অভিসারে কুঞ্জকুটীরে যাবার সময় রছনীর গাঢ় অন্ধকার সম্পদস্বরূপ হয়েছিল। কিন্তু রাত্রিশেষে যখন চারিদিকে প্রভাতের আলো ছড়িয়ে পড়লো, নায়িকা শঙ্কিতা হয়ে উঠলো—'হায়, এখন কেমন করে কুঞ্জ থেকে বেরিয়ে গোঠে প্রবেশ করবো? সবাই যে দেখতে পাবে!' এই আশঙ্কায় পালী বিহ্বলা হয়ে পড়লো। সে যে গোপন-অভিসারে এসে সমাজনিন্দিত কাক্স করেছে, এই অপরাধ- বোধ তাকে শক্কিত করে তুললো। পাছে দুর থেকে কেউ দেখতে পায়, এই ভয়ে সে মুখ নীচু ক'রে, শক্কিত দৃষ্টিতে এদিক ওদিকে চিয়ে ক্রেতপদে কুঞ্জভবন থেকে বেরিয়ে গোঠে গিয়ে প্রবেশ করলো। বেনী মুক্ত ক'রে, এলায়িত কেশরাশি মুখমগুলে ও ক্ষমদেশে ছড়িয়ে দিল, যাতে সামনে এসে পড়লে কেউ তাকে চিনতে না পারে। রাত্রি জাগরণে পালীর অঙ্গ অলস ও অবসন্ধ হয়েছিল। ২৮।

উত্তমা স্ত্রীগণ প্রকৃতিগতভাবেই ভীরু। তাই তাঁরা সমাজ, ধর্ম ও লোকলঙ্জার ভয়ে স্বভাবতই শক্ষিতা হন। আত্মর্যাদা বিষয়ে সচেতনতার জম্ম বিদক্ষ নারীর চিত্তে সর্বদাই শক্ষা থাকে।

## অন্যের ক্রুরভাহেতু শঙ্কা—বিদগ্ধমাধবে

শ্রীকৃষ্ণ জটিলার কার্যকলাপে শক্কিত হয়ে বললেন—আমার বিনোদবৃত্তান্তের রহস্ত যদি প্রকাশ পায়, তা হলে লযুহদয় অভিমন্ত্য অবিলম্বে শ্রীমতীকে গৃহে অবক্রদ্ধ করবে। না হয়, নির্দ্ধন কোন স্থানে লুকিয়ে রাখবে, অথবা মথুরায় নিয়ে চলে যাবে। তখন উপায় কি হবে! ।২৯।

### ত্রাস

আকাশে ঘনঘটা ও বিহাৎ দেখে, ভয়ানক কোন জন্ত দেখে, বা কোন উপ্রাশক শুনে, নারীর অন্তরে ত্রাসের সঞ্চার হয়।

### বিহ্যাৎ-দর্শনে ত্রাস

क्रिश्रक्षती कुन्मवन्नीरक दलाल-

'দ্বলদের ত্যুতি দেখি ত্রাস পাঞা বিধুম্থী রুষ্ণের কোলেভে লুকাইল। দ্বিতীয় বিত্যুৎ যেন ,মঘে প্রবেশিল পুনঃ সেই শোভ। স্বীরা দেখিল॥'।৩•।

### ভয়ানক জন্ধ-দৰ্শনে ত্ৰাস

হিংস্র জন্তু দর্শনে নারীর মনে ত্রাসের সঞ্চার তো হতেই পারে; এমন কি, ভ্রমর বা মধুমক্ষিকা দেখেও তাঁরা সন্ত্রন্ত। হয়ে ওঠেন। শ্রীকৃষ্ণ রাধাকে বললেন—প্রিয়ে! তোমার কানে যে রক্তপদ্ম হলছে, তার মধুপান করবার জন্ম ভ্রমরেরা ঝঙ্কার করে বেড়াচ্ছে। সেই ত্রাসে তুমি ব্যাকুলা হয়ে উঠেছ; তোমার ভ্রমরকৃষ্ণ আঁখি ইতস্তত দৃষ্টিনিক্ষেপ করছে। কিন্তু হে রাধে! তোমার ওই ভ্রমরসদৃশ শক্ষিত আঁখির চঞ্চল দৃষ্টি আমার চিত্তে আনন্দ বিস্তার করছে। ৩১।

## উগ্রামিম্বন বা ভয়জনক শব্দহেতু তাস

মেঘের গুরুগম্ভীর শব্দে, বা অস্থা কোন ভয়াবহ শব্দ শুনে, নায়িকা সম্বস্তা হয়ে নায়কের হৃদয়লগ্না হয়। মেঘের গর্জনে ভীতা হয়ে শ্রীরাধা মান পরিত্যাগ ক'রে বক্ষোলগ্না হয়েছিলেন বলে, শ্রীকৃষ্ণ মেঘের বন্ধুকৃত্য স্বীকার করেছিলেন। ৩২।

### আবেগ। ৩৩।

প্রিয়দৃষ্টি, প্রিয়শ্রুতি, অপ্রিয় দর্শন ও অপ্রিয় শ্রুবণ থেকে আবেগের সঞ্চার হয়। চিত্তের সম্ভ্রম হেতু কিংকর্তব্যবিমৃত্ হওয়াকে আবেগ বলে।

# প্রিয়দৃষ্টি বা প্রিয়দর্শনহেতু আবেগ বা চিত্তবিভ্রম

অনুরাগিণী শ্রীরাধা সৃথীকে বললেন—

জিলধর স্থানর কোন নাগর আমার নিকটে দেখা দিল। চঞ্চল নয়ন কোনে চাহিয়া আমার পানে ধৈর্য হরিয়া মোর নিল॥ । ৩৪।

### যথা ললিভমাধ্বে

—দারকায় গিয়ে ঐক্তিঞ্চ মধুমঙ্গলকে বলেছিলেন—সংগা, তরু সমীপবর্তিনী ললিতাকে চিনতে পেবে এবং সেখানে প্রকৃতিমধুরা রাধার প্রতিকৃতি দেখে ও শঙ্খচূড়মণির পরিচয় পেয়ে, আমার মৃত্যুক্তঃ ঘূর্ণা হতে লাগলো। ৩৫।

## প্রিয়প্তাবণজনিত আবেগ—ললিতমাধবে

দ্রাগত মুরলীধননি শুনে নায়িকারা আবেগ-চঞ্চলা হয়ে ছুটে চললেন। কারো এক পায়ে নূপুর, কারো বা কটিদেশ থেকে মেখলা শ্বলিত হয়ে পড়ে।

## অপ্রিয়দর্শনে আবেগ

রথে আরোহণ করে শ্রীকৃষ্ণ মথুরার পথে যাত্রা করলেন। তাই দেখে, শ্রীমতী আবেগচঞ্চলা হয়ে রথাত্রে ভূলুষ্ঠিতা হলেন। চোখের জলে তাঁর দৃষ্টি ঝাপসা হয়েছে। এই দৃশ্য দেখে শ্রীরাধার দেহমন রোদনের ভারে ভেঙ্গে পড়েছে বাস্পাকুল নেত্রে শ্রীকৃষ্ণের দিকে চেয়ে আছেন।

## অপ্রিয় প্রবণজনিত আবেগ

কুন্দবল্লী নান্দীমুখীকে বললে— দেবি! মধুপুরী গমন সম্পর্কে ব্রজরাজের আদেশে দ্বারপাল যে ঘোষণা প্রচার করছেন, তা তো সামান্ত নয়! এ ঘোষণা বজের চেয়েও কঠিন ও নির্মম। এই ঘোষণা মনে, আভীর-অঙ্গনাদের চিত্ত গভীর আবেগে আকুল ও কিংক্তব্যবিমূঢ় হয়ে উঠেছে। ৩৬।

### উন্মাদ বা চিত্তবিভ্রম

অত্যন্ত আনন্দে বা বিরহে চিত্তে উন্মাদ ভাব উদ্ভত হয়।

# প্রোঢ়ানন্দ বা অভ্যন্ত আনন্দে বিভ্রম

বৃন্দা বললেন — সখি ! ওই দেখ, জীকৃষ্ণকে দৈখে ীমতী উন্মাদ হয়ে প্রমদবিহ্বলা হয়ে উঠেছেন। ভ্রম বশতঃ ভ্রমারিকা দেখে, জ্রীমতী প্রিয়সখীজ্ঞানে তাকে বলছেন, 'তুমি আমার প্রতি প্রসন্মা হও। আমায় আলিপ্তন করবার জন্ম যে নব্যুবা আসছে, তাকে রোধ করো। ৩৭।

# বিরহহেতু উন্মাদ—যথা

মথুরায় এসে উদ্ধব শ্রীকৃষ্ণের নিকটে শ্রীমতীর বিরহের অবস্থা বর্ণনা ক'রে বললেন—যত্পতি! তোমার বিরহে অভিশয় উত্তশ্তা হয়ে, রাধা লুলিতকেশে বিলুঞ্জিতা হচ্ছেন। কখনো বা ভাকুটি ক'রে আঙ্গুল ফুটিয়ে, নিজের অধর দংশন করে, কংসকে অভিশাপ দিচ্ছেন। কোপাও বা তমাল গাছ দেখে, উতরোল হয়ে সেই দিকে ছুটে চলেছেন। বিরহে তিনি উন্মাদিনী হয়েছেন। ৩৮।

#### অপস্থার

অতিশয় তৃঃখে নায়িকার চিতের যে বৈক্লব্য এবং দেহের বৈগুণ্য ঘটে, ভাকে অপশার (Epilepsy or Hysteria) বলে। ৩৯।

গভীর হু:খ বা অবদমিত আকাজ্জা থেকে তরুণী নায়িকার মূর্চ্ছা ( Hysteria ) বা মৃগী ( Epilepsy ) রোগের উৎপত্তি হয়।

#### যথা-

মথুরায় ঐ ক্রেন্সের কাছে কোন ব্যক্তিকে দূতরূপে পাঠাবেন মনস্থ ক'রে ললিতা বললেন—তাঁকে ব'লো, কৃষ্ণ! তোমার বিরহে আমার প্রিয়স্থীর কখনো অঙ্গবিক্ষেপ, কখনো উচ্চ প্রলাপ, কখনো বা চক্ষ্-তারকা উন্ধৃতিত হচ্ছে। কখনো কখনো তিনি ফেনরাশি উদ্গীরণ করছেন। শুরুজনেরা তাঁকে এই রকম বিকারগ্রস্ত দেখে, জল্লনা-কল্পনা করছেন যে, তিনি অপসার রোগে আক্রাস্ত হয়েছেন। ৪০।

# ব্যাধি। ৪১। ষথা—রসম্বধাকরে

শ্রীকৃষ্ণের নিকট শ্রীমতীর বিরহের কথা জানিয়ে সথী বললে—
হে মাধব! তোমার বিরহে শ্রীমতীর এমন সন্তাপজর উপস্থিত
হয়েছে যে, পুষ্পশয্যায় শয়ন করলেও তাঁর উত্তপ্ত অঙ্গের ম্পর্শে
পুষ্পদল শুষ্ক হয়ে চূর্ণিত পরাগরাশিতে পরিণত হচ্ছে। ব্যজনের
পদ্মপত্র তাঁর দেহের উত্তাপে মান হয়ে যাচ্ছে। স্তনমণ্ডলে বিলেপিত
চন্দন ক্ষণকালের মধ্যেই শুষ্ক হয়ে বিদীর্ণ হচ্ছে। স্থ্নীতল পদ্মমুণালের আভরণ অঙ্গে ধারণ করলে, দেহের উত্তাপে সেগুলি
ঝলসে গিয়ে, অগ্রভাগ ফেনময় হয়ে উঠছে। ৪২।

#### মোহ

হর্ষ, বিরহ বা বিষাদ থেকে মোহের উৎপত্তি হয়।

# হৰ্ষহেতু মোহ— যথা—বিদগ্ধমাধবে

ললিতা ও বিশাখাকে শ্রীমতী বললেন—সখি। অর্ধপ্রকৃটিভ নীলোৎপলকান্তি শ্রীকৃষ্ণের নিবিড় করকমলম্পর্শে যখন কৌতৃকে আমার দেহমন আলোড়িত হয়েছিল, আনন্দে মোহগ্রস্ত হয়ে আমি ভূলে গিয়েছিলাম যে—কোথায় আমি, কে আমি, কি করছি! কিছুই বুঝতে পারিনি।

'নীলোৎপল জিনি বর্ণ দেই দে পুরুষরত্ব যবে মোরে পরশ করিল। কিবা করি কোথা যাই কেবা আমি কোথা ঠাই দেই হতে সব পাশরিল॥'

### যথা বা-মন্তাগবভদশমে

সমর্থার রভিবিষয়ে মোহ উপস্থিত হলেও এই রক্ষ অবস্থার উদ্ভব হয়। দেবাঙ্গনারা বিমানযোগে আকাশ পথে বিচরণকালে, বনিতাচিত্তবিমোহন পরম রূপবান্ শ্রীকৃষ্ণকে দেখে এবং তাঁর মৃত্ বংশীধ্বনি শুনে, মুগ্ধা ও কামোনতা হয়ে উঠেছিলেন। দেবতাদের অঙ্কে থেকেও তাঁদের ধৈর্যচ্তি ঘটেছিল। তাঁদের কৃষ্ম-কবরী শিথিল হয়েছিল এবং নীবিবন্ধন স্থালিত হয়ে পড়েছিল।

# বিশ্লেষ বা বিচ্ছেদছেতু মোছ যথা—উদ্ধবসক্ষেশে

উদ্ধব প্রীকৃষ্ণকে জিজ্ঞাসা করলেন, ব্রজস্থন্দরীদের মধ্যে শ্রীরাধাকে কেমন করে চিনবো ?

উত্তরে শ্রীকৃষ্ণ বললেন—দেখবে সুন্দরীদের মধ্যে যিনি সুনীতল কিসলয় শয্যায় শয়ন করে আছেন, সজল চোখে সখার। যাঁর সেবা যত্ন করছে, বিচ্ছেদ-বেদনায় অঞ্চ অভিশয় কৃশ হয়েছে, শুধুমাত্র কণ্ঠের স্পন্দন হেতু অনুমিত হচ্ছে যে, প্রাণবায়ু এখনো আছে, তিনিই বরাঙ্গিনী শ্রীরাধা। ৪৩।

## বিঘাদে মোহ—গ্রীমন্তাগবত দশমক্ষদে

অপরাক্তে শ্রীকৃষ্ণ যখন বেণু বাজিয়ে ধেমুপাল নিয়ে স্থবল ও অস্থাস্থ স্থাদের সঙ্গে আনন্দবিভার চিত্তে গোষ্ঠ হতে কিরে আসেন, ব্রজের পথে গজেন্দ্রগমনে তাঁর চরণচিহ্ন অক্কিত হয়, তখন গোপাঙ্গনারা তাই দেখে নিশ্চল হয়ে দাড়িয়ে ভাবে—হায়! আমরা স্থবল ও অস্থাস্থ স্থাদের মত ভাগ্য যদি পেতাম! সত্ষ্ণ নয়নে চেয়ে থাকতে থাকতে তাদের চিত্ত উদ্বেলিত হয়ে ওঠে। তারা সোহগ্রস্তা হয়। ভাদের কেশবন্ধন এলিয়ে পড়ে এবং অঙ্গের বসন শ্রালিত হয়। ৪৪।

## মৃতি বা প্রাণভ্যাগ

মৃতি বলতে প্রাকৃত মৃত্যুর কথা উল্লিখিত হলো না। মরণের উল্লেখিত হয়েছে। সমর্থা, সমজ্ঞ পাও স্থায়িভাবসম্পন্ন কৃষ্ণপ্রিয়াগণ নিত্যসিদ্ধা। তাদের মৃত্যু সম্ভব নয়। শুধু বিরহে, বিচ্ছেদে ও বিষাদে তারা মরণ কামনা করে ও মৃত্যুর আশায় গ্রহণ ছাড়া গত্যন্তর নাই, ইত্যাদি মনোভাব প্রকাশ করে।

> 'মরিব মরিব সই নিচয়ে মরিব। পিয়ার বিচ্ছেদ আর সহিতে নারিব॥ হিয়ার মাঝারে মোর রহি গেল ত্থ। মরণ সময়ে পিয়ার না দেখিলুঁ মুখ॥

-(গাৰিন্দ দাস।

### যথা—উদ্ধবসন্দেশে

শ্রীরাধা ললিতাকে বললেন—সুমূখি! যতদিন গান্ধিনীতনয় অকুরের সংকল্প সুম্পষ্টভাবে না জানা যায়, ততদিন তোমার কাছে আমার এই প্রার্থনা যে, আমি যে-পুষ্পে শ্রীকৃঞ্বের কুণ্ডল তৈরি করতাম, অঙ্গনের সেই ফুল্লমালতীকে তুমি সযত্নে বাঁচিয়ে রেখো। আমি আর বাঁচবো না। ৪৬।

'এই যে মালতীলতা যার পূস্প নবপাতা গোবিন্দ পরিত নিজ কাণে। তুমি তাথে করি প্রীতি জল দিও নিতিনিতি, আমি না বাঁচিব স্মার প্রাণে॥'

#### আলসা

কৃষ্ণপ্রিয়াগণের কৃষ্ণ সম্পর্কে কোন আলস্ত সম্ভব নয়। কিন্তু অন্তরে কৃষ্ণপ্রেম অটুট থাকলেও, জটিলা প্রভৃতির ভয়ে নায়িকার ভঙ্গিমায় আলস্ত স্চিত হতে পারে। জরতী বা জটিলা প্রভৃতির পক্ষে অবশ্য আলস্ত সম্ভব।

#### যথা-

জটিলার আগমন বার্তা শুনে শ্রীরাধা ভয়ে আড়াই হয়েছিলেন।
কিন্তু গোষ্ঠ থেকে রূপমঞ্জরী এসে বললে—কোনো ভয় নাই।
তোমার শাশুড়ী নিরন্তর দধিমন্থন ক'রে, শ্রান্তি ভরে গা আড়ামোড়া
দিয়ে, হাই তুলতে তুলতে মাটিতে শুয়ে পড়েছেন। স্থতরাং
আশঙ্কার কোন কারণ নাই। তুমি নিশ্চিন্ত মনে শ্রীকৃষ্ণের মাথায়
চূড়া বাঁধতো পারো। ৪৭।

#### জাড্য

ইষ্ট এবং অনিষ্ট শ্রাবণ বা দর্শন, অথবা বিরহ ইত্যাদি থেকে জাড্য বা জড়তার উৎপত্তি হয়।

## ষথা-ইপ্টপ্রবণ-ছেত্

কুন্দবল্লী নান্দীমুখীকে বললে,—দেবি ! পুরদ্ধারে **প্রাকৃ**ষ্ণের নুপুরধ্বনি শুনে, মনোরমা শ্রীরাধা সম্ভ্রমবভী হয়ে বেরিয়ে যেতে গিয়েও যেতে পারলেন না। নিমীলিত নেত্রে জড় পদার্থের মত নিশ্চল হয়ে রইলেন। ৪৮।

'হরির নৃপুর ত্য়ারে বাজিছে তাহা শুনি শশিম্থী। চলে যেতে চাহে চলিতে না পারে মনে হলো বড় ড্বী॥'

# অনিষ্টশ্রবণ-ছেতু—ললিভম।ধবে

পৌর্ণমাসী খেদের সঙ্গে বললেন—চক্রাবলি! প্রীকৃষ্ণ আরু
মথুরায় চলে যাচ্ছেন। এখন তুমি মালা গাঁথবার জন্ম ব্যস্ত হয়েছ।

এই কথা শুনে, চন্দ্রাবলীর পদ্মহস্ত থেকে অর্ধ-গ্রেথিত মালা শ্বলিত হয়ে পড়লো: 'হায় আমার অদৃষ্ট!' চন্দ্রাবলীর সংজ্ঞা যেন মুহূর্তে কেমন আচ্ছন্ন হয়ে এলো। সত্যই তার দশাস্তর ঘটলো; আসন্ন বিচ্ছেদের কথা শুনে সে নিদারুণ জড়তা প্রাপ্ত হলো। ৪৯।

ইষ্ট দর্শন বা অনিষ্ট দর্শনেও নায়িকার একরম জড়তা উপস্থিত হয়ে থাকে। গোপবালারা শ্রীকৃষ্ণের সঙ্গে মিলিত হ'লে, কত অভিনব নর্মবাক্যে আনন্দ বিস্তার করে। তারা ধ্যা। কিন্তু হায়! রাধা শ্রীকৃষ্ণকৈ সামনে দেখে, কেমন যেন জড়ও নিষ্পানাকী হয়ে যান।

বৃন্দা পৌর্ণমাসীকে বললেন—দেবি ! আজ বনের মধ্যে শ্রীরাধা যথন বিহার করছিলেন, হঠাৎ দূরে ক্রুদ্ধ অভিমন্থাকে দেখে তিনি স্তম্ভিতা ও জডপদার্থের মত নিশ্চল হয়েছিলেন। ৫০—৫১।

## বিরহহেতু জাড্য

বিশেলকা জ্রীরাধার বিরহের কথা জ্রীকৃষ্ণকে জানিয়ে, বৃন্দা বলেছিলেন—হে মুরারি, যদিও আত্মায়স্থজনের অনুরোধে জ্রীমতী তাসুল হাতে নিয়েছিলেন, তবুও বিরহে তাঁর অন্তর এমন জড় ও মুহামান হয়েছিল যে, সে তাসুল তিনি মুখে দিতেও ভূলে গিয়েছিলেন। নাগবল্লী কিশলয় যেমনকার তেমনি তাঁর হাতে ছিল। মুখের গুবাক মুখেই ছিল, চিবানো হয় নি। ৫২।

## ত্ৰীড়া বা লক্ষা

নবসঙ্গম দশা, অকার্য ও স্তুতি—এই তিনটি কারণে নায়িকার লক্ষার উদ্ভব হয়।

### নবসঙ্গম-হেতু লজ্জা

প্রীকৃষ্ণ সুবলকে বললেন—প্রথম মিলনের দিন শ্রীমতীকে যথন বললাম যে, এলো, পুষ্পশয্যায় শয়ন করো। শ্রীমতী লঙ্জায় অধোমুখী হয়ে দাঁড়িয়ে রইলেন। বললাম যে, এই অমুগত জন

**উष्मन**नी नप्रि

বারবার প্রার্থনা করছে, প্রসন্ধা হও। কিন্তু এই স্তুতিবাক্যের সঙ্গে অভ্যর্থনা করা সত্ত্বেও শ্রীমতী নিকুঞ্জলক্ষীর মত লঙ্জাবনতমুখী হয়ে দ্বারদেশে দাঁড়িয়ে রইলেন। ৫৩।

> 'কুস্থম শয়নে বদসিয়া আসি ছ্য়ারে দাঁড়ায়ে কেন। বিনয় করিয়া রাধিকারে আমি ডাকিলাম পুন:পুন: ॥ আধোম্থ হঞা তবহি রহিলা কিছুই না কহে লাজে। নিকুঞ্গদেবতা আপনি ষেমন দাঁড়ায়ে ছ্য়ার মাঝে॥'

# অকাৰ্য-হেভু লজ্জা

মালতী নাম্মী কোন গোপিনী জোর ক'রে প্রীকৃষ্ণের কণ্ঠহার কেড়ে নিয়ে গলায় পরেছিল। মালতীর মাতামহী তার কণ্ঠে সেই হার দেখে বলেছিলেন—বা বেশ! বিশ্বার্জনে বেশ পটীয়সী হয়েছ দেখছি।

এই তিরস্কার শুনে, মালতী তার কণ্ঠস্থিত মণিহারের দিকে চেয়ে লক্ষায় অধোমুখী হয়েছিল। ৫৪।

নিশীথ অঘটনে বা অপ্রত্যাশিত ও অবাঞ্চিত ক্ষেত্রে নবসঙ্গম বা ভজ্জনিত অকার্য হেতু, নিশাবসানে নায়ক ও নায়িকা লজ্জায় কেউ কারো মুখপানে চাইতে পারে না।

## প্রশংসা বা গুব-হেতু লজ্জা

পৌর্ণমাসী গার্গীর নিকট শ্রীরাধার মাহাত্ম্য বর্ণনা করছিলেন, এমন সময় হঠাৎ শ্রীমতী সেখানে গিয়ে উপস্থিত হলেন। নিজের প্রশংসা শুনে, শ্রীরাধা লজ্জায় নতমুখী হলেন।

শ্রীরাধার এই অবস্থা দেখে, বৃন্দা বললেন—লজ্জার কি আছে!
যা বলছে, তা তো মিথ্যা নয়। সতিঃ কথা শুনে সঙ্কুচিতা হচ্ছ
কেন? তোমার কীর্তি-কৌমুদীতে জগৎ সমুজ্জল। তাই শ্রীকৃষ্ণের
বুকে তুমি অক্ষয় জ্যোৎস্নারাশির মত উদ্ভাসিতা হয়ে আছো। ৫৫।

# অবজ্ঞা-হেডু লজ্জা--গীভগোবিলে

অস্থা কোন প্রিয়ার সঙ্গে নিশা যাপন কালে তার পায়ের আলতার দাগ প্রীকৃষ্ণের বুকে লেগেছিল। তাই দেখে প্রীরাধার মনে প্রণয়ভঙ্গের জন্ম প্রীকৃষ্ণের প্রতি অবজ্ঞা সঞ্চারিত হলেও তিনি বলেছিলেন—হাদয়ে যে তোমার প্রিয়তমার পায়ের আলতা লেগে অহুরাগের রঙ ফুটে উঠেছে! আশ্চর্য! দেখে আমার শোকের চেয়ে লক্জাই বেশী হচ্ছে। নায়কের অঙ্গে অন্থা নারীর পায়ের আলতার দাগ দেখে, নায়িকার মনে বিতৃষ্ণা, বেদনা ও অবজ্ঞার সঞ্চার হওয়াই স্বাভাবিক। কিন্তু এক্ষেত্রে তা না হয়ে, নায়িকার মনে লক্জার সঞ্চার হচ্ছে। ৫৬।

## অবহিথা বা আকার গোপন। ৫৭।

নায়ক বা নায়িকা ক্ষেত্রবিশেষে মনোগত ভাবের বহিঃপ্রকাশ গোপন করে থাকেন। এই আত্মগোপন করাকে অবহিখা বলে। অবহিখা নানা কারণে ঘটে থাকে। কুটিলতা (Shrewdness), লঙ্জা, দাক্ষিণ্য, (Courtesy), ভয় ও গৌরব-দাক্ষিণ্য (Sense of prestige or dignity) ইত্যাদি নানাকারণে নারক-নায়িকার। অনেক সময় মনোগত ভাব গোপন করে থাকেন।

## জৈল্য বা কাপট্ট্যে যথা—জগন্নাথবল্লভ নাটকে

শশিমুখীর মুখপদানি:স্ত মধুর বাক্য শুনে, ঞ্রীকৃষ্ণ মত্তপ্রায় হয়ে মস্তক আন্দোলিত করতে লাগলেন এবং মদনাবেশে অভিভূত হলেন। কিন্তু হৃদয়ের সেই বিকার গোপন ক'রে, হাসিমুখে বললেন—এ কি রকম কথা হলো ? । ৫৮।

# জৈকায় বা কাপট্য ও লজ্জায় অবহিথ। যথা—উদ্ববসক্ষেশে

গ্রীকৃষ্ণের বর্ণনা শুনে, শ্রামলার দেহ রোমাঞ্চিত হয়ে উঠলো।

উল্পলনীলমণি ২১৩

স্থীর সামনে লঙ্জা পেয়ে, সে পুলকের কথা গোপন ক'রে, শীতের কথা বললে।

'পেই ব্রহ্মাঙ্গপুত্র কালিন্দীতীরের ধৃত তার বার্ত্ত। না কহ আমারে। এ যে নাচে রোমচয়, এ মোর পুলক নয়, হিমের প্রনে শীত করে॥'

## माकिट्गु यथा-निज्ञांश्ट्य

শ্রীকৃষ্ণ মধুমঙ্গলকে বললেন—চন্দ্রাবলী ক্রুদ্ধাহলেও তার মুখচন্দ্র থেকে স্লিগ্ধ ক্ষ্যোতি লুপ্ত হয় না। দাক্ষিণ্য (courtesy) হেতু সে কখনো মধুর বাক্য পরিত্যাগ করে না। কিন্তু তার ছর্নিবার মনোব্যথা ও রোষ প্রাকাশ পায় উষ্ণ নিঃখাসে এবং কাঁচুলির মৃত্ কম্পানে।

গৌরব-দাক্ষিণ্য বা মর্যাদাবোধ-হেতু উত্তমা নায়িকা অনেক সময় মনোগত উষ্ণা, রাগ, দ্বেষ প্রভৃতি প্রকাশ না ক'রে, মনেই আহুতি দেন।

## द्वी বা লজ্জা-তেতু অবহিখা যথা—বিদধ্যাণবে

অধীরা রাধা সর্বদাই নবনব আনন্দোচ্ছাদে অভ ন্ত মধ্রা। কালিন্দীতীরে প্রীকৃষ্ণের তর্জনগর্জন সকল তিনি অতিকৃষ্টে গোপন করবার চেষ্টা করেন, বান্ধবীদের নিকট লঙ্জায় তিনি কখনই সেমনোবেদনা প্রকাশ করেন না। যদিও তাঁর তমুবনের হৃদয়কুষ্টে কৃষ্ণের সেই বিজয়ক্রিয়া সুস্পষ্টরূপে প্রকাশ পায়। ৫৯।

এখানে আকার গোপনের কারণ লঙ্জা ব'লে উল্লিখিত হলেও, শ্রীরাধার মর্যাদাসম্পন্ন প্রকৃতি এবং শালীনতা-বোধই তাঁকে আঁত্মপ্রকাশে অধিকতঃ নিরস্ত করে। শ্রীরাধার মত উত্তমা ও সর্বগুণ সম্পন্না নায়িকা কখনো অস্তের কাছে নিজের মর্যাদা বা গৌরব ক্ষুন্ন করতে পারেন না। তাই শ্রীকৃষ্ণের তিরস্কারে তাঁর অস্তররাজ্যে বিপ্লব ঘটে গেলেও, বাহাতঃ তার প্রকাশ কোনদিন হয় না। শ্রীমতীর স্বাভাবিক প্রফুল্লতা অপরাপর গোপাঙ্গনার নিকট সমানভাবে বজায় থাকে।

# লক্ষা ও ভয়হেতু অবহিথা যথা—

প্রীকৃষ্ণের নিকট এসে প্রীমতীর দৃতী বললে—মাধব! প্রীরাধা হৃদয়ে ডোমার প্রতি অমুরাগ বহন করেন; তাই শমীরুক্ষের অন্তরে দাহ থাকা সন্থেও বাহিরে যেমন সবুজ পত্রপল্লব শোভিত হয়, তিনিও তেমনি সিশ্ব স্বমামণ্ডিতা হয়ে থাকেন; লজ্জায় ও প্রণয়বিদ্বভয়ে কদাচ অন্তরের জালা তিনি বাহাতঃ প্রকাশ করেন না। ক্ষমাগুণে শ্রীমতী সর্বদাই সরসা ও ক্ষুর্তিযুক্তা হয়ে থাকেন। ৬০।

#### ষথা---

ললিতার কোন সথী চন্দ্রাবলীর চরিত্রের কথা শুনে, স্থীদের সামনে বললে যে, চন্দ্রাবলী তার স্বামীর সম্মুখে গৃহসজ্জায় রভ ছিল। হঠাৎ কৃষ্ণের মুরলীধ্বনি শুনে, তার সারাদেহ কেঁপে উঠেছিল। পাছে সে-অবস্থা স্বামীর চোখে পড়ে এই ভয়ে, তাড়াতাড়ি অবহিখাপুর্বক আকাশে গর্জিত মেঘের প্রতি দোষারোপ ক'রে ধৃতিতার সঙ্গে সে দেহক্স্পনের কারণ গোপন করেছিল।

# গৌরব এবং দাক্ষিণ্য-হেতু অবছিথা বা আকার-গোপন। যথা—

চন্দ্রম্থীর কোন এক স্থীকে বৃন্দা বলেছিলেন—সুন্দরি!
তোমার প্রিয়স্থী তাঁর স্বহস্তগ্রথিত পুষ্পমাল্য প্রতিপক্ষীয় রম্পীর
কেশপাশে দোছল্যমান দেখে, যদিও অত্যন্ত ব্যথিতা ও বিষণ্ণা
হয়েছিলেন, তব্ও তিনি শ্রীকৃষ্ণের প্রতি প্রণয়াদরের জন্ম মনের
ক্ষোভ সংবরণ করে, তৃষ্ণীভাব অবলম্বন করেছিলেন। গৌরব

(dignity) এবং দাক্ষিণ্য (courtesy) বন্ধায় রাখবার জ্বন্থ তিনি মনের ক্ষোভ প্রকাশ করেন নি। ৬১।

উত্তমা নায়িকা অনেক সময় নিজের ও দয়িতের শালীনতা এবং গৌরব রক্ষার জন্ম মনোগত বেদনা ও ক্ষোভ নীরবে বহন করেন, বাহাতঃ প্রকাশ করেন না।

### শ্বতি

পূর্ব জমুভূত ও জ্ঞাত বস্তুর বা বিষয়ের পুনরায় মানসিক ফুর্তির নাম স্মৃতি ( Memory )।

> 'সাদৃশ্যের দরশন আর দৃঢ়াভ্যাদ। ইহাতেই হয় চিত্তে স্মৃতির প্রকাশ॥

সাদৃশ্য দর্শন (Law of Association or Similarity) এবং দৃঢ় অভ্যাস (Repetition of Perception)-হেতু স্মৃতির ফুতি হয়।

## সাদৃশ্য-দর্শনে স্মৃতি যথা—হংসদূতে

মথুরা-গমনোতত হংসরপী দূতকে সম্বোধন করে ললিতা বললেন—
হে বিহঙ্গ! তমালবৃক্ষ দেখে, গোপাঙ্গনাদের স্মৃতিপটে ঞ্রীকৃষ্ণের
কথা জেগে উঠেছে। সেই স্মৃতিতে চিত্ত আলোড়ি 5 হওয়ায়, সে
চপলারা উত্তপ্ত দেহে গিরিপরিসরে অবস্থান করছে। যাবার পথে,
তুমি যমুনার জলকণাসিক্ত তোমার ওই স্থীতল পক্ষের ধীর ব্যক্তনে
তাদের স্বেদকণা অপনোদিত করো। ৬২।

# দৃঢ় অভ্যাসহেতু শ্বৃতি

একই বস্তু বা বিষয় পুনঃপুনঃ দর্শন, শ্রবণ ও স্পর্শ হেতু স্মৃতিপটে গভীর রেখাপাত করে। এইভাবে লাত স্মৃতিকে দৃঢ়-অভ্যাসজাত স্মৃতি বলা হয়। দৃঢ়-অভ্যাসজাত স্মৃতি যথন-তথন কারণ ব্যতীতপ্ত মানসলোকে উদিত হতে পারে। এই প্রকার দৃঢ় অভ্যাস থেকে

সংশ্লিষ্ট বস্তু বা উপলক্ষ্য সম্পর্কেও মনের স্মৃতি-সংসর্গ ঘটে (Condition Reflex)।

#### যথা---

প্রোষিতভর্ত্কা শ্রীরাধা বিলাপের সঙ্গে উদ্ধবকে বললেন— শ্রীকৃষ্ণের সেই অমৃতপ্রাবী বাক্য, অঙ্গ পরিমল, সেই ময়ুরপুচ্ছের উজ্জ্বল চূড়া, সেই তমালসদৃশ তমুরুচি, সেই কেলিকৌশল সকল এবং শরদিন্দ্নিন্দী শ্বেতপদ্মসদৃশ নয়নছটি ক্ষণকালের নিমিত্তও আমার চিত্ত বিস্মৃত হতে পারে না। সেগুলি আমার মানসলোকে অবরহ জ্বেগে ওঠে। ৬৩।

উল্লিখিত বস্তুগুলির মধ্যে যে-কোন একটা দেখলেই এক্সিফের কথা মনে হয়। কোথাও কোন বংশীধ্বনি শুনলেই এক্সিফের উপস্থিতি অমুস্তৃত হয়। এগুলিকে সংস্পর্শ-স্মৃতি বলা চলে।

## বিভৰ্ক। ৬৪। বিভৰ্ক ছিবিধ

প্রথম, 'বিমর্শ' বা কারণ অন্তেষণের নিমিত্ত বিতর্ক এবং দ্বিতীয়, 'সংশয়'হেতু বিতর্ক অর্থাৎ কেন এমন হলো, সেটা জানবার জন্ম; অথবা কোন বিষয়ে সংশয় হলে, তার সমাধানের জন্ম মনে যে বিতর্ক সমুপস্থিত হয়।

# বিষশহেতু বিভৰ্ক

#### यथा--

আমুষঙ্গিক কতকগুলি কারণের উপস্থিতিতে শ্রীরাধার মনে বিতর্কের সৃষ্টি হলো—

'ভৃক সব বুরেন্ধিরে মধুণান নাহি করে জাড্যে শুক দাড়িত্ব না থায়। বিবর্ণা হরিণীগণ চমকিত তুনয়ন তৃণপানে ক্ষিরিয়া না চায়॥ বিতর্ক জাগিছে মনে হয়ত বা এইবনে রহিয়াছে ইহার কারণ। গজেক্ত জিনিয়া গতি বুঝি সেই ব্রজপতি এই পথে করেছে গমন॥' 'ব্যাপ্তিগ্রহণরপো বিচারঃ পূর্বপূর্ব।রুভবাং'। পূর্বপূর্ব জর্মুকৃতি থেকে শ্রীমতীর মনে যে বিতর্কের উদ্ভব হয়েছে, তাই থেকে ভিনি বিচার করছেন যে, শ্রীকৃষ্ণ এই বনেই আছেন এবং এই পথে বন-মধ্য প্রবেশ করেছেন। ৬৫।

# সংশয়হেতু বিভৰ্ক

সংশয়হেতু পক্ষদ্যের রহস্ত উদ্যাটন করতে না পারলে, মনে বিতর্কের সৃষ্টি হয়।

### यथा-निज्याध्य । ७७।

প্রোষিতভর্তৃকা শ্রীরাধা ভ্রমণ করতে করতে শৈলশিখরে মেঘ
পুঞ্জীভূত দেখে, মনে মনে বিত্তর্ক ক'রে বললেন—অহা। শিথিপুচ্ছধারা শ্রীকৃষ্ণ নিশ্চয়ই গৌরাঙ্গিনীদের আলিঙ্গনবদ্ধ হয়ে ওই দ্রে
বিলাস করছেন। অথবা, হয়তো শ্রীকৃষ্ণ নন, বিত্যাদাম-শোভিত
মেঘমালা গিরিশিথর আশ্রয় করে আছে।

এখানে একই গুণধর্মবিশিষ্ট ছটি বস্তুর মধ্যে কোনটি সভ্য, সে বিষয়ে মনে সংশয়ের উৎপত্তি হওয়ায়, বিভর্কের উদ্ভব হচ্ছে। বিছাৎ শোভিত জলধর ও সুন্দরী-মালিঙ্গিত শ্রীকৃষ্ণ উপমাগতভাবে একই রূপে প্রতিবিশ্বিত হওয়ায়, বিছাৎশোভিত মেঘ দেখে, গৌরাঙ্গী-আলিঙ্গিত শ্রীকৃষ্ণ বলে ভ্রম হচ্ছে এবং সেইহেতু সংশয়ের উৎপত্তি হচ্ছে (Error due to Similarity of objects)। এমত অবস্থাতেই ভ্রান্থি বা বিবর্তভেদ (Error or Illusion) ঘটে। মনে যতক্ষণ এই মনুভূতি সংশয়ের পর্যায়ে থাকে, ততক্ষণ দ্রষ্টার কারণ-অন্থেষণের সচেতনতা বিল্পমান থাকে; সেই জ্বল্থ মনে বিতর্কের সৃষ্টি হয়।

### চিন্তা

ইষ্ট বা আকান্ধিত বস্তুর অপ্রাপ্তি এবং অনিষ্টের আশক। থেকে মনে চিন্তা বা ভাবনার উদয় হয়। ৬৭।

# ইপ্টের অলাভ-ছেতু চিন্তা যথা—পঞ্চাবলীতে

কেমন করে প্রীকৃষ্ণের সঙ্গলাভ হবে, এই কথা পূর্বরাগবতী শ্রীরাধা ভাবছিলেন। তাই দেখে, বিশাখা তাঁকে জিজ্ঞেদ করলেন —সথি! আহারে তোমার বিরতি, কোন কাজেই মন নাই, নাসাথ্রে দৃষ্টি নিবদ্ধ, একাগ্র মন মৌন হয়ে আছে, বিশ্ব যেন তোমার কাছে শৃশু। কি হলো তোমার ? তুমি কি যোগিনী, না বিয়োগিনী? কি, তাই সত্যি করে বলো।

### यथा वा-विमक्षमाधदव

পূর্বরাগান্তি শ্রীকৃষ্ণ যেন ধ্যানমগ্ন হয়ে চিন্তা করছিলেন, কেমন করে শ্রীরাধার সঙ্গলাভ হবে! তাঁর সেই অবস্থা দেখে পৌর্ণমাসা বললেন—

'গোবিনের ছুই আঁথি অধিক চঞ্চল দেথি নিঃশাস বহিছে থরতরি। কেমন বা সে রম্বী বশ কৈল ব্রজমণি, তাহাকেই চিন্তা করে হরি॥'

মুরারির নেতাদ্বয় ঘূর্ণিত হচ্ছে। দীর্ঘধাসে মল্লিকা-নালা মান হচ্ছে। এই গোকুলে কে সে এমন ধতা রমণী, যার জতা স্বয়ং মুরারি ধ্যাননিষ্ঠ হলেন ?। ৬৮।

# অনিষ্ট প্ৰান্তি-হেডু চিন্তা যথা—

নান্দীমুখী পৌর্ণমাসীকে বললেন—দেবি ! বাল্য চলে গেলে যেমন শ্রীরাধার অঙ্গে মধুর সৌন্দর্যরাশি দীপ্ত হতে লাগলো, তেমনি পদ্মার মুখপদ্ম মধুকরের অস্তরে খেদ সৃষ্টি ক'রে, বিশীর্ণ হতে লাগলো। শ্রীর ধার সৌন্দর্য-বিকাশ পদ্মার মনে অনিষ্টের ছায়াপাত করলো। তার ইউলাভের পথে নিদারুণ অন্তরায় হলো শ্রীমতীর যৌবন সমাগম। তাই অনিষ্ট আশঙ্কায় পদ্মার মনে চিন্তারেশ উপস্থিত হলো। ৬৯।

#### যথা বা--

চন্দ্রাবলীকে চিন্তা ক্লিষ্টা দেখে, সারী বললে— অয়ি চন্দ্রাবলি!
শ্রীরাধার সৌভাগ্য দেখে বিষধা হয়ে। না। চিন্তা কি! জ্যোতিবিদেরা জানেন যে, কৃষ্ণপক্ষে তারাই বলবতী হয়। অতএব এত
তঃখিত হওয়ার কারণ নাই। পক্ষান্তর হলে, আবার ইষ্টপ্রাপ্তির
সম্ভাবনা আছে। ৭০।

### মতি

বিচারজনিত অর্থনিধারণ বা মননকে মতি বলে। ৭১।

## যথা-পঞ্চাবলীতে

মাথুর বিরহে বিশীর্ণাঞ্চী শ্রীরাধাকে দেখে, পৌর্ণমাসী সক্ষেহে বিশোছলেন —বংসে! কুঞ্জের অদর্শনে তুমি মর্মাহত হয়ে আছো। আমি উপদেশ দিচ্ছি, যতদিন শ্রীকৃষ্ণ না আসেন, ততদিন তুমি নারায়ণে মনোনিবেশ ক'রে তুস্তর সময় অতিবাহন কর।

শ্রীরাধা বললেন—( শ্রীমন্মহাপ্রভুর মুখপদ্মনি:স্ত)

'আলিঙ্গন করি মোরে চরণে ঠেলুন দ্রে, কিখা মারুন মর্মাহত করি।
যা করু তা করু সেই মোর মনে আর নেই, কেবল প্রাণনাথ মোর হরি॥'
ভালোমন্দ বিচার ক'রে প্রীরাধাব মতি এই যাত্ত প্রীকৃষ্ণেই
অপিত হয়েছে তাই তিনি পৌর্ণমাসীকে বললেন—প্রিয়তমের যা
অভিরুচি, তাই বিধান করুন। তিনি যে আমার প্রাণনাথ।
অপর কেউ নন। ৭২।

### সমঞ্জসার উদাহরণ

#### যথা বা--

প্রীকৃষ্ণের নিকট স্থনন্দনামক বিপ্রকে পাঠিরে ক্রিনী জানালেন-হে প্রমপুক্ষ! দেববন্দিত শিব-ব্রহ্মাদি যখন তোমার চরনপদ্মের উপাসনা করেন, তথন আর অল্পুণ্য নূপতিদের কথা কি বলবো! হে জগৎপতে! তুমি মাধুর্যের সাগর, আমার মত কোন্ কন্যাজন তোমার চরণে দাসী হতে না চায়!। ৭৩।

### শ্বতি

মনের স্থৈষ্ সম্পাদনের নাম ধৃতি। ৭৪।
হংখের অভাব এবং উত্তম-প্রাপ্তি থেকে মনের পূর্ণতা ২য়। এ
অবস্থায় মন অচঞ্চল হয়। মনের এই অচঞ্চল অবস্থার নাম ধৃতি।

# তুঃখাভাব-হেতু ধ্বতি যথা—শ্রীমন্তাগবত দশমে

'শুনিয়া ক্লফের নাম উল্লাস করায় প্রাণ থলবল করয়ে অন্তর। তথাপি না তুঃথ করে অচঞ্চল ধৈর্যধেরে স্বগন্তীর রাই কলেবর ॥'

# উত্তমপ্রাপ্তি-ছেতু শ্বৃতি

যথা-

পদ্মার প্রতি বিশাখার উক্তি:

'মৃগীদশা গুণশ্রেণী নবীন ধৌবন ধনি সৌদামিনী জিনিয়া কিরণ। গম্য ষেন স্থগান্তীর্ঘ্য অচঞল স্থির ধৈর্য্য সদা কৃষ্ণগত রাধামন॥'

কি কামনায় শ্রীরাধা প্রত্যহ দেবপূজায় যত্নবতী হন, একথা পদ্মা জিজেস করলে, বিশাখা বলেছিল – পৃথিবীতে শ্রীরাধার আর কি কাম্য আছে! তাঁর নবযৌবনমঞ্জরী নিত্য স্থিরভাবে বিরাজ করছে: রূপ এত অপরপ যে, মৃগনয়না গোপাঙ্গনারা সে রূপ দেখে বিশ্বিতা হয়েছে; গুণরাশি এমন অত্যাশ্চর্য যে, ত্রিলোকে তৎতুল্য গুণ আর কারো নাই। অধিক কি, পুরুষোত্তম শ্রীকৃষ্ণ স্বয়ং শ্রীরাধার প্রতি আসক্ত-চিত্ত হয়ে অহ্য কোন কাস্তার স্পৃহা একেবারেই পরিত্যাগ করেছেন। অতএব শ্রীরাধা কৃষ্ণ ব্যতীত আর কি কামনা করবেন!। ৭৬।

### **≅**₹ | 99 |

অভীষ্ট দর্শন ও অভীষ্টলাভ থেকে *হর্ষে*র উৎপত্তি হয়।

# অভীষ্ট দর্শন-নিমিত্ত হর্ষ যথা—গ্রীমস্কাগবত দশমে

শুকদেব বললেন—হে রাজন্! সেই প্রিয়তম **ঐকৃষ্ণকে আসতে** দেখে, অবলাগণের নয়ন আনন্দে উৎফুল্ল হয়ে উঠলো। দেহে প্রাণস্কারিত হলে যেমন হাত-পা ও অঙ্গ-প্রত্যঙ্গাদি হর্ষে উদ্বেলিত হয়, তেমনি আনন্দ-উদ্বেলিত চিত্তে তাঁরা সকলে উঠে বসলেন। ৭৮।

### যথা বা-ললিভমাধ্বে

শ্রীরাধা ললিতাকে বললেন—স্থি! ইনি কি সেই গোপিকা কুমুদিনীদের বিকাশকারী চন্দ্র, না গোকুল-যৌবনরাজ্যের মূর্তিমান উৎসব! অথবা আমার মানস কোকিলের আনন্দবিধায়ক বসন্ত শুহু কেন না, হে কুশোদরি! ইনি আমার ছ'নয়নে অমৃত-তরক্ষ সঞ্চারিত করছেন। ৭৯।

# অভীষ্টলাভ-হেতু ২ৰ্ষ যথা—ললিভমাধবে

শ্রীরাধার আনন্দবিভোর অবস্থা বর্ণনা ক'রে নববুননা বললোন—
'রাই যব খ্যামর ও মৃথ হেরই স্থাসায়র আসি অঞ্ছ ভিন্ত নি
আঁথি উপেথি কতহি কত কহই নাগর পেথনে নিমেষ কি সহই ॥
সহজে ছটি আঁথি সো বিহি করই খ্যাম ত্রিভঙ্গ রূপহি নাহি ধরই।
এতই বহুই ধনি স্থাথে তমু ভরুই হুরুষ সরুস রুস মাধ্ব রুচই ॥'

শ্রীমতীর নয়ন সশ্রুপূর্ণ হলো. ভূজবল্পরী স্তম্ভিত হলো, আলিঙ্গন করতে পারলেন না; বাক্য গদগদ হলো, মুখে উত্তর যোগাল না। মহামিলনের ক্ষণ উপস্থিত হলে, কুরঙ্গনয়নার প্রণয়বৃত্তিই তাঁর প্রেমের বিশ্বকারক হলো। ৮০।

### ঔৎস্বক্য

ইষ্টদর্শন ও ইষ্টপ্রাপ্তির স্পৃহায় উৎসাহের সঙ্গে কাল যাপন করাকে ঔৎস্কর্য বলে।

# **ইপ্টদর্শনের স্পৃহাহেতু ওৎত্ম**ক্য যথা—হংসদূতে

শ্রীকৃষ্ণ মথুরায় প্রবেশ করছেন শুনে, পুরাঙ্গনা তাঁর পরি-চারিকাকে বললেন—মুগ্ধে! ক্ষ্যাস্ত হও, আর বেশরচনার দরকার নাই। আমি যাই। সথি, ওই শোন, জলিন্দে পুরবালাদের কলরব উঠছে! বৃন্দাবন-পুষ্পধন্বা এসেছেন। আমি আর অপেক্ষা করতে পারি না। দক্ষিণপদে অলক্তক নাদেওয়া হয়, না হোক।

# ইপ্টপ্রান্তির স্পৃহাহেতু ঔৎস্থক্য খধা—গীতগোবিন্দে। ৮১।

হে মাধব! তোমার আগমন প্রতীক্ষায় বাসকসজ্জা শ্রীরাধা আক্ষেনানা আভরণ ধারণ করেছেন। গাছের পাতা নড়লে, মনে করছেন—তুমি বুঝি এলে! উৎস্কুক হয়ে, কখনো শ্যা রচনা করছেন, কখনো বা চিন্তায় কাল যাপন করছেন। সেই লীলাময়ী কোনক্রমেই তোমা বিহনে রাত্রিয়াপন করতে পার্বেন না।

### যথা বা-

'আছু আওব ধব নাগর রিসিয়া। মান করি হাম রব মুখ ফিরিয়া॥ সোধব আদরে হেরব নয়নে। তাহে নাহি হেরব, হেরব গহনে॥ ধবছ কোরে মঝুলেওব খ্যাম। হোই সম্থ মুখ চুম্ব হাম॥ যোবোল বোলব বদনহি বদনে। মাধবে সাধব সাধব নিজনে॥

### ঔন্ত্র্য বা উন্তত্ত্ব

নায়ক-নায়িকাদের পরষ্পারের প্রতি উগ্রতা প্রণয়াস্থদনের সাক্ষাৎ আক্ষ বলে পরিগণিত নয়। তবে জটিলা প্রভৃতি বর্ষীয়সীদের ক্ষেত্রে উগ্রতা প্রযোজিত হয়েছে। কেন না, সে ক্ষেত্রে উগ্রতা নায়ক-নায়িকার প্রণয়-পরিপন্থী হয়, এবং মিলনে হুর্লভন্থ সৃষ্টি করে। মিলনের পথে বাধা এবং লাঞ্ছনাভীতি থাকলে, প্রণয়-রসাস্থাদনের মাধুর্য বৃদ্ধি হয় ও স্থায়িভাবের পৃষ্টি সাধিত হয়।৮২।

### यथा-विषक्षभाषात्व

একদিন শ্রীকৃষ্ণ মানভঞ্জনের জন্ম শ্রীরাধার নিকট গিয়ে সাধ্য-সাধনা করছিলেন; সেই সময় এক মুখরা বর্ষীয়সী এসে সেখানে উপস্থিত হয়ে বললেন—কানাই, এরা সব মেয়েছেলে। এদের মারখানে তোমার থাকা উচিত নয়। তুমি এখান থেকে যাও।

তব্ও প্রীকৃষ্ণ সেখানে থেকে যাচ্ছেন না দেখে, বৃদ্ধা উপ্রতার সঙ্গে বললেন—ওরে চঞ্চল ! তোর ধর্মভয় নাই ? আমার নাতনীরা অতি নবীনা। আমার বয়স হয়েছে, এই দ্বিপ্রহর বেলাতেও ভালো ক'রে চোখে দেখি না। তুমি যদি আমার প্রাঙ্গন থেকে না যাও, তা হলে এখনই আমি মহারাজ কংসের নিকট থেকে অশ্বারোহী আনিয়ে, তোমার সমুচিত শাস্তি বিধান করবো।৮০।

### অহার্য

অধিক্ষেপ বা অপমান-হেতু অসহিফুতাকে অমর্থ বলে। ৮৪।

# অধিক্ষেপ-হেতু অমর্য যথা—গ্রীমন্তাগবত দশমে

শ্রীকৃষ্ণের পরিহাস বাক্যে অসহিষ্ণু হয়ে, রুক্মিণী আক্ষেপের সঙ্গে বলেছিলেন—হে অচ্যুত! মহাদেব এবং ইন্দ্রের সভায় তোমার যে গুণগান হয়, সে গুণগান যে সব রমণীর কানে প্রবেশ করে নি, গো- অশ্বাদিতুল্য হীনপদবাচ্য রাজারাই তাদের পতি হওয়ার যোগ্য গোবিন্দ নন। ৮৫।

'যে বলিলে রাজ্ঞগণ তাথে মোর নাহি মন, ভাহাদের পাত হোক তারা। যাহাদের কর্ণনূলে না প্রবেশে কোনকালে শোমার গুণের মধুধারা॥'

শ্রীকৃষ্ণের বিদ্রেপ উক্তি শুনে, রুক্মিণীর ধৈর্যচ্যতি ঘটলো; এবং অমর্ষ হেতু অক্সান্থ নায়িকা ও রাজন্যগণ সম্পর্কে তিনি এই তাচ্ছিল্য স্থুচক উক্তি করলেন।

# অপমান-ছেতু অমৰ্থ

শ্রীকৃষ্ণের আচরণে অপমানিতা বোধ ক'রে, ললিতা শ্রীরাধাকে বললেন—সথি! কৃষ্ণের উপর থেকে তুমি তোমার মন ফিরিয়ে নাও। যুবতীদের স্তনতটে সর্বদাই তাঁর অর্ধদৃষ্টি। সেই ধৃতি কামিন দৈর সঙ্গে কেলি ক'রে বলপূর্বক তাদের চিত্ত আকর্ষণ করেন এবং তাদের চরিত্রে কলঙ্ক লেপন ক'রে, নিঃশঙ্ক চিত্তে তাদের পরিত্যাগ করেন।৮৬।

এখানে অপমান-হেতু ললিতার অমর্ষ বা অসহিফুতা সঞ্চারিত হয়েছে। তাই ঞ্রীকৃষ্ণ সম্পর্কেও তিনি ক্রোধ পরবশ হয়ে, এরূপ উক্তি করেছেন।

### অসুয়া

পরের সৌভাগ্যে বিদ্বেষ বা পরশ্রীকাতরতাকে অস্থা বলে। পরের সৌভাগ্য বা গুণপনার প্রতি অসহিফৃতা থেকেই অস্থার উৎপত্তি হয়।

# সোভাগ্যে অসূয়া

রাসলীলার শেষে হঠাৎ শ্রীরাধাকে দেখতে না পেয়ে, চন্দ্রাবলীর স্থী পদ্মা বলে উঠলো—

'এই পথে গেছে হরি এক নারী কান্ধে করি ইহা মোরা কৈছ অন্মান।
অতি ভার বৈয়া গেছে পদচিহ্ন ডুবি আছে দেখি কাঁপে আমাদের প্রাণ॥'
নৃত্য শেষে শ্রীকৃষ্ণ রাধিকাকে নিয়ে রাসমশুপ থেকে অন্তর্হিত
হয়েছেন দেখে, শ্রীরাধার সৌভাগ্য কল্পনায় চন্দ্রাবলী প্রভৃতির অন্তরে
অনুয়া বা বিদ্বেষ সঞ্চারিত হলো। ৮৭।

### যথা বা-

গোচারণরত প্রীক্ষের মুরলীধ্বনি শুনে, ব্রজাঙ্গনারা পরস্পর বলাবলি করলেন—আহা। ওই বাঁশীর কি অনির্বচণীয় সৌভাগ্য। छैक्कननी नप्रि

বাঁশী যে কি পুণ্য করেছিল, তা বলতে পারি না। যে কুঞ্রের অধর স্থা পানের জন্ম গোপিনীরা আকুল, বাঁশী সেই অমেয় অধরস্থা একাই আকণ্ঠপানে পরিতৃপ্ত হয়। ৮৮।

### গুণহৈতু অসৃয়া

পদ্মা তার নিজের গাঁথা বনমালার প্রশংসা করছিল। তার বনমালা সত্যই স্থল্বর হয়েছিল, এবং নিপুণতার পরিচয় দিছিল। কিন্তু তার এই গুণপনায় বিদ্বেষ পরবশ হয়ে, বিশাখার কোন স্বী তাকে বললে—মুগ্ধে! তোমার চেয়ে আমার প্রিয়স্থী অনেক তালো বনমালা গাঁথেন। তিনি অনেক বেশী নিপুণা। কিন্তু প্রণয়াক্রতে তাঁর চোখের দৃষ্টি ঝাপ্সা হয়েছিল, এবং হাতত্তি সিক্ত হয়েছিল; তাই তিনি মনোযোগ সহকারে মালা গাঁথতে পারেন নি। নইলে তাঁর মত স্থল্বর বনমালা আর কেউ গাঁথতে পারেন না। ৮৯।

এখানে পদ্মার নিপুণতা বা গুণপনা দেখে, বিশাখার স্থী অস্য়া পরবশ হয়ে উঠেছে।

#### চাপল্য

চিত্তের লঘুতা হেতু যে গাস্ভীর্ষের অভাব ঘটে, তাকে চাপল্য বলে॥ ৯০।

অমুরাগ ও দ্বেষ থেকে এই চাপল্যের উদ্ভব হয়।

## রাগ তথা অমুরাগ-হেতু চাপল্য যথা—

কন্দর্প-বিলাসোংস্ক ঐক্ষিকে বাধা দিয়ে ললিতা বললেন—
হে কৃষ্ণ! এই গোকুল-সরোবরে প্রকৃতিত ফুল্ল-কমলিনীসকল নিয়ে
নি:শঙ্কতিতে চিরকাল কেলি করো। কিন্তু এই অলক্ষুস্মা অর্থাৎ
অঞ্চমতী মৃদ্বী নলিনীকে হাত দিয়ে ুঁয়ো না, তার অক্ষম্পর্শ
ক'রো না। ১১।

'আর ব্রন্ধের রমণী প্রফুল্লিত কমলিনী তাহে ক্রীড়া কর আশা পুরে। আমি কিছু নাহি জানি অপুশিত কমলিনী রুফ হল্তে না ছুইহ সোরে॥'

## यथा वा--गीजरगावित्य ।

রাস-উল্লাসে বিভ্রাস্ত হয়ে প্রীমতী চাপল্যভরে আভীরস্থন্দরীদের সামনে প্রীকৃষ্ণকে গাঢ় আলিঙ্গনে আবদ্ধ ক'রে বললেন—'মাধব, ভোমার বদন স্থাময়!' এইভাবে স্থাভিচ্ছলে তিনি প্রীকৃষ্ণের মুখচুম্বন করলেন। মাধবের মুখে মুগু হাসি ফুটে উঠলো। ৯২।

### বেষহেতু চাপল্য

#### যথা--

মহাভাববতী শ্রীরাধা বনমালার প্রতি দ্বেষান্বিতা হয়ে ললিতাকে বললেন—স্থি! গুণসঙ্গরহিত ওই বনমালা ক্ষেত্রের বুকে লয় প্রাপ্ত হোক। কারণ, শ্রীকৃষ্ণের ওই কণ্ঠদেশ আমাদের নিখিল-সৌভাগ্যের আম্পদ। কিন্তু ওই কুটিল বনমালা ক্ষণকালের জন্মও শ্রীকৃষ্ণের কণ্ঠ পরিত্যাগ করে না, আমাদের নিবিড় আগ্রেষে বাধা দেয়— অন্তরাল স্থি করে। স্কুরাং অচিরাৎ ওই বনমালার নাশ হওয়াই ভালো। ১০।

### নিজা

চিত্তের নিমীলনকে নিজা বলে। ক্লান্তি বা অবসাদ থেকে নিজার উৎপত্তি হয়।

ক্লম বা ক্লান্তি হেতু নিদ্রা।

#### যথা--

নান্দীমূখীর প্রতি বৃন্দার উক্তি: ক্লাস্তিভরে গোবিন্দ শ্রীরাধার বুকে মাথা রেখে পর্বত-কন্দরে ঘূমিয়ে পড়েছেন। ঘন নিঃখাসের স্পন্দনে তাঁর উদরতল নতোয়ত হচ্ছে। মুক্তামালা পুষ্পশয্যায় লুটিয়ে পড়েছে। শিথিল নীবীবন্ধ একহাতে ধরে আছেন; অলস অঙ্গ নিজায় এলিয়ে পড়েছে।

'শাস বহে নাসিকায় উদর বন্ধুর তায় অভিনব পুল্পের আন্তরে। রাধিকার অনগিরি তারে উপাধান করি নিদ্রা যান পর্বত কন্দরে॥' নায়িকার কুচকুম্ভে উপাধান করা প্রেমিকের অতিকাম্য সম্ভোগ। ('Pillowed on her ripening breast'—Keats.)।

দিতীয় উদাহরণে শ্রীকৃষ্ণের ক্রোড়ে মাথা রেখে শ্রীমতীর নিজা বর্ণিত হয়েছে।

## যথা—হংসদূত্তে

মথুরাস্থ প্রীকৃষ্ণের নিকট নিজের অভিলাষ জ্ঞাপন ক'রে ললিতা বললেন—'হে কৃষ্ণ! অলিন্দে কালিন্দীকমল-সুরভিত এই কুল্লগৃহে প্রীমতী সভ্য-প্রেকৃটিত মাধবীপৃষ্পে চিকুর-সঙ্জা রচনা ক'রে, কবে ভোমার ক্রোড়ে মাথা রেখে মুকুলিত নেত্রে নিজা যাবেন; আর আমি নব কিশলয়গুচ্ছে ব্যক্ষন ক'রে তাঁর সেবা করবো!' ৯৪।

### স্থপ্তি ও স্বপ্প

যে নিজায় চিত্তে বিবিধ চিন্তা বা নানাবস্তুর অনুভব বর্তমান থাকে, তাকে স্থপ্তি বলে। ইন্দ্রিয়গণের উপরতি, খাস এবং চক্ষ্ মুজাণ প্রভৃতি তার অনুভাব। এ অবস্থায় স্বপ্লাবেশ হয়।

#### যথা-

## স্বপ্নাবেশে গ্রীরাধা---

পথ ছাড় চঞ্চল ধাব যবুনার জল এই বাক্য কহিয়া স্বপনে। গোবিন্দের ভুজ লঞা তাহে নিজশির দিয়া রাধা নিজা ধায় কুঞ্ধবনে॥'

প্রীকৃষ্ণের বাম বাহুতে মাথা রেখে, শ্রীমতী নিজামগ্গা হয়েছেন। তাঁর অলস অঙ্গ নিজায় এলিয়ে পড়েছে। শ্রীকৃষ্ণেব বক্ষস্থ কৌস্কুভ মণি তাঁর স্থনাগ্রে শোভা পাছে। ক্লাস্ত দেহে যখন শ্রীরাধা এই ভাবে দরীকৃষ্ণে ঘুমিয়ে ছিলেন, স্থপাবেশে তিনি বলে উঠলেন—'হে চঞ্চল কৃষ্ণ! আমার পথ ছাড়ো। আমি যমুনার তীরে জল আনতে যাবো।'

শ্রীমতীর এই স্বপ্নাবেশ দেখে এসে, রূপমঞ্জরী পুস্পচয়নকারিণী রতিমঞ্জরীকে এই বৃত্তান্ত বলেছিল।

#### যথা বা-

নিজিত ঐক্ষের হস্তম্বলিত মুরলী শয্যায় পড়ে ছিল। শ্রীরাধা সেটি অপহরণ ক'রে নিয়ে গিয়ে, লুকিয়ে রাখবেন ভেবেছিলেন। কিছ নিজাতুর শ্রীকৃষ্ণের উজ্জ্বল গণ্ডে পুলক দেখে, শ্রীমতী চকিতা হয়ে উঠলেন। মুরলী হরণ করা হলো না। ১৫।

## বোধ বা নিজানিবৃত্তি

নিজাভঙ্গের পর প্রবৃদ্ধতা বা জ্ঞানের পুনরাবির্ভাবকে বোধ বলে।

#### যথা-

পৌর্ণমাসীর প্রতি বৃন্দার উক্তি:

'সিংছ মহা শব্দ করে নিজার প্রমোদ হরে সেই শব্দে হরি করে স্কৃতি। বাধার পীন পয়োধর লাগিয়াছে অঙ্গ পর তাথে মনে বাড়ে বড় প্রীতি॥'

সিংহের গর্জন শুনে, শ্রীরাধার নিজ্রাভঙ্গ হয়েছিল। ভয়ে তিনি চঞ্চলনেত্রা হয়ে গিরিসদৃশ পয়োধর যুগলের গাঢ়নিপীড়নে শ্রীকৃষ্ণকে আলিজনপাশে বদ্ধ করেছিলেন। সিংহের গর্জন শুনে শ্রীমতী ভয় পেয়েছিলেন, কিন্তু পীন পয়োধর-ম্পর্শে শ্রীকৃষ্ণের শ্রীতি বর্ধিত হয়েছিল।

# সখীর প্রতি স্লেছ যথা—

ললিতার কোন স্থীকে রূপমঞ্জরী বললে—
'শৈল 'পরি হরিসলে রাধিকা বিহরে রঙ্গে রোমগণ করিছে নর্গ্তন।
ললিতার মুখশশী অলকা পড়িছে খদি তাহা রাধা করয়ে মার্জন।
ব্রীকৃষ্ণের সঙ্গে বিহারকালে, নিজে পুলকে আকুলিতা হয়েও,

**उच्चन**नीनवि

শ্রীরাধা তাঁর প্রিয়বান্ধবী ললিতার চ্র্ণ-অলকগুলি সম্নেহে কপোল-প্রাক্ত থেকে সরিয়ে দিচ্ছিলেন। ৯৬।

## দশা চতুষ্টয়

দশা চার রকম—উৎপত্তি, সন্ধি, শাবল্য ও শাস্তি।

### উৎপত্তি বা ভাবসম্ভব

ভাবের সম্ভাবকে উৎপত্তি বলে। যথা-

শীরাধার মুখনাধ্র্য একবার আসাদন ক'রে, আবার আসাদনের পর শীকৃষ্ণ রাধার সখীকে বললেন—শশিম্থি। তুমি আর বলো না যে, শীরাধা অতিশয় মৃত্সভাবা। কুঞ্চে তাঁর পুরুষভাব দেখে, আমি দেকথা তোমায় বলেছিলাম ব'লে, শীমতীর নয়নের দৃষ্টি কুটিল হয়ে উঠেছিল। তিনি কুকা হয়েছিলেন। তাই আমি তাঁরই আশ্রম নিলাম। ১৭।

### সন্ধি

সমান রূপ বা ভিন্ন ভাবের সংমিশ্রণ বা সমন্বয়কে সন্ধি বলে।
সমান রূপদ্বয়ের সন্ধি। ১৮।

#### যথা-

পৌর্ণমাসীর প্রতি বৃন্দা:

'চিরকাল পরে রাধার ভবনে বিনোদ নাগর ধায়। তা দেখি রায়ান মনেতে ক্ষিয়া অঙ্কণ নয়নে চায়॥ তাহারে দেখিয়া রাধার নয়ান নিমেষ ছাড়িয়া দিল। চিত্রের পুতলি ধেমন রহয়ে তেমনি রাধিকা হল॥'

এখানে একটা ভাব ইষ্টরূপ ও আর একটা অনিষ্টরূপ—কোনটিই অপরটির চেয়ে কম নয়। এই ছটি সমান ভাব একই সঙ্গে আবিভূতি হওয়ায় যে সদ্ধি হলো, তাতে শ্রীমতী নিম্পন্দাঙ্গী হলেন। স্বর্ণপ্রতিমার মত নিশ্চল দাঁড়িয়ে রইলেন। এখানে ছিবিধ জাডোর সমন্বয় হলো। ১৯।

# ভিন্ন ভাবন্ধয়ের সন্ধি যথা—ললিভমাধবে

পৌর্ণমাসীর উক্তি:

'পর্বতের ভার জানি মনেতে বিষাদ মানি তু:খিত দে সব গোপীগণ। সদা কৃষ্ণমুখ দেখি তাথে বড় হয় স্থাী সদাই দ্বিধি গোপী মন॥

শ্রীকৃষ্ণের গিরিগোবর্ধন ধারণ দেখে, এবং ওই পর্বতের গুর-ভারের কথা ভেবে, গোপাঙ্গনাদের মনে নিদারণ উদ্বেগ সঞ্চারিত হশো। কিন্তু কৃষ্ণ-দর্শনের জন্ম উৎফুল্লতা বশতঃ মনে একসঙ্গে ভিন্ন ভাবধ্যের সমন্বয় বা সন্ধি হলো। প্রথম, প্রিয়তম দর্শনের আনন্দ। দ্বিতীয়, পর্বতের গুরুভারের কথা ভেবে চিত্তের উদ্বেগ ও সন্থাপ। ব্রজবল্পছাদের হৃদয় দ্বিধা হতে লাগলো।

এই উদাহরণে উদ্বেগজনিত বিষাদ এবং প্রিয়তম-দর্শন জনিত হর্ষ—এই উভয় ভাবের সমন্বয় বা সন্ধি হয়েছে। ১০০।

# ভিন্ন হেতু-নিমিত্ত সন্ধি যথা—

कुम्मा कुन्मनाजारकं वनरान :

'রাধার সহিত নব অস্ত্রাগ যবে বাঢ়াইল হরি পদ্মারে ললিতা ইক্লিত করয়ে কত অবহেলা করি ॥ পদ্মা তাহা শুনি চরণে ধরণী লিখয়ে মৌন করি । বদন বহিয়া ঝর ঝর হঞা কত পড়ে স্বেদবারি ॥'

এখানে কৃষ্ণের জন্ম চিম্তা, এবং হায়, কৃষ্ণ এ কি করলেন! এই মনোভাব, এবং ললিভার প্রতি অমর্থ বা অসহিষ্ণুভাঞ্চনিত কোপ (Intolerance) সঞ্চারিত হওয়ায়, পদ্মা পায়ের আঙুল দিয়ে মাটিতে লিখতে বা দাগ কাটতে লাগলো। ভার মুখপদ্ম থেকে অবিরত ঘাম ঝরে পড়ছিল।

এই উদাহরণে চিম্ভা এবং অমর্ষের সন্ধি হয়েছে। ১০১।

#### শাবল্য

বেখানে ভাবনিচয় মনে উদিত হয়ে, এক ভাব অস্থ ভাবকে উত্তরোত্তর মর্দিত করে, তাকে শাবল্য বলে।

#### यथा-

কলহাস্তরিতা শ্রীরাধা বললেন—অহো! যাদের সঙ্গে নবযুবা শ্রীকৃষ্ণ আনন্দে বিহার করছেন, সেই মৃগনয়না স্থান্দরীরাই ধন্য। আমার যদৃচ্ছাচার ও চপলতা দেখে, ললিতা আমার নিন্দা করবে। কিন্তু কি করবো! মন যে আমার সেই ইন্দুবদন গোবিন্দকে আলিঙ্গন করবার জন্ম উৎকণ্ঠিত হয়ে উঠেছে। হায়, যে নির্মম বিধাতা মান-গরলের সৃষ্টি করেছে, তাকে ধিক্।

েখ¦ে চপলতা, শহা, ঔংসুক্য এবং অমর্ষ ইত্যাদি ভাব পরস্পরকে সম্মাদিত করছে।

#### শান্তি বা ভাবের লয়

চিত্তে যখন ভাবের নিরুত্তি ঘটে, তখনই শান্তির সঞ্চার হয়।

#### যথা--

নান্দীমুখী বললে—সখি! যে মানরূপী মহীরুহ কমলার চিত্ততীকে বেষ্টন করেছিল, সখীদের অতিকুশল যুক্তি-গুঠারের দ্বারা তাকে ছেদন করা যায়নি। দৃতীদের নিপুণ বাক্য-নিঝরের দ্বারাও তা বিচলিত হয়নি। কিন্তু আজ বংশীনাদ আন্দোলিত মৃষ্থ প্রনহিল্লোলে সেই বিরাট তরু অচিরাৎ উন্মূলিত হলো।

শ্রীমতীর চিত্তে ভাবের প্রাবল্য-হেতু মান এবং অস্থিরতার উদ্ভব হয়েছিল। শ্রীকৃষ্ণে বংশীধ্বনি মৃহ পবনহিল্লোলে ভেসে আসায় মৃহুর্তে চিত্তের সেই ভাবোশ্মত্তা নিবৃত্ত হলো। শ্রীমতীর মান-অভিমান-গ্লানি সব নিমেষে মুছে গিয়ে, মনে শাস্তি সঞ্চারিত হলো। ১০২।

### ইতি ব্যভিচারিভাববিরতি

# ञ्चाञ्चिछाव

শৃঙ্গাররসে মধুরা রতিকে স্থায়িভাব বলে। অতি সহজ কথায় বলতে হ'লে বলা যায়, নায়ক,ও নায়িকার যে ভাব মনে স্থায়ী ভাবে রেখাপাত করে, তাকেই স্থায়িভাব বলা হয়। অর্থাং হাস্ত প্রভৃতি অমুকৃল ভাব এবং ক্রোধাদি প্রতিকৃল ভাবকে আয়ত্তে রেখে, যে ভাব আপন প্রভাব অস্কৃপ্ণ রাখে, তাকেই স্থায়িভাব বলে। মধুর রসে কৃষ্ণবিষয়ক রতিকেই স্থায়িভাব বলা হয়েছে। এই রতি দ্বিধি—মুখ্য ও গৌণ।

মুখ্য রতিকে আবার ত্রভাগে বিভক্ত করা হয়েছে। যেমন, স্বার্থ ও পরার্থ। এদের প্রত্যেকটিকে আবার পাঁচভাগে বিভক্ত করা হয়েছে। যেমন—শুদ্ধ, প্রীতি, সখ্য, বাংসল্য ও প্রিয়তা।

গৌণ রতিকে সাতভাগে বিশ্লেষণ করা হয়েছে। যথা—হাস্ত, বিশ্লয়, উৎসাহ, শোক, ফ্রোধ, ভয় ও জুগুঙ্গা।

এই সকল রতির আলম্বন শ্রীকৃষ্ণ। কিন্তু কেবলমাত্র শেষোক্ত কয়েকটি অর্থাৎ হাস্থা বিশ্বয় ইত্যাদি ভাব দেহকে আশ্রয় করে বিবর্তিত হয়। স্থাতরাং এগুলির আলম্বন দেহাদি। এই সকল রতির ভিন্ন ভিন্ন চেষ্টা (action) আছে।

উল্লিখিত মুখ্য এবং গৌণ রতি যতক্ষণ রসাবস্থা প্রাপ্ত না হয় (do not merge into absolute pleasure), ততক্ষণ এদের স্থায়িভাব বলা হয়।

# মধুরা রতি যথা—গোবিন্দবিলাসে

কালসর্পের জিহ্বার অগ্রভাগের মত গোপীগণের চমৎকার তীক্ষ দৃষ্টির মাধুর্যে যাঁর অস্তর বিদ্ধ হয়েছে, এবং যিনি আপন অরুণাভ নয়ন ছয়ের ঘূর্ণিত প্রান্তদৃষ্টিতে সতীদের হৃদয় চৃণিত করেছেন, সেই মুকুন্দ ফুদয়ে মধুরা রতি সঞ্চার ক'রে সকলের চিত্তে অপরিমেয় আনন্দ বিস্তার করুন।

## यथा वा-नामदकनिदकीमृतीदङ

শ্রীকৃষ্ণ মধুমঙ্গলকে জিজেন করলেন—সথা! গিরিগোবর্ধনশিখরে অরোহন ক'রে, আপনকর্ণে শোভিত মণিকুগুলের দীপ্তিতে
উজ্জল কটাক্ষবাণ নিক্ষেপ ক'রে, শাণিত জ্রধমুকম্পানে মন চুরি
করেন, উনি কে ? অতিসম্ভ্রমের সঙ্গে উনি যে আমার চিত্তকে
ব্যথা ক'রে তুলেছেন।

# রতি আবির্ভাবের হেতু

অভিযোগ, বিষয়, সম্বন্ধ, অভিমান ও তার বিশেষত্ব এবং উপমা ও স্বভাব ইত্যাদি কারণে রতি (amor) উদ্ভূত হয়। এই কারণগুলি উন্তরোত্তর বৃদ্ধি পায় এবং ক্রমে উৎকর্ষ লাভ করে।

## অভিযোগ

নিজেনিজে বা অন্তের মাধ্যমে নিজের মনোভাব প্রকাশ করাকে অভিযোগ বলে। স্থতরাং অভিযোগকে হু'ভাবে বিশ্লদণ করা যায়। যেমন, স্বাভিযোগ এবং পরকর্তৃক বা অন্তের মাধ্যমে অভিযোগ।

### স্বাভিযোগ

নিজের মনের কথা বিশাখার কাছে প্রকাশ ক'রে প্রীমতী বললেন—সখি! আমি যমুনাতীরের বনে মাধবকে দেখেছিলাম। আমায় দেখে, তিনি আমার অধরে দৃষ্টি নিক্ষেপ ক'রে, একটা কচি লতার নবপল্লব দংশন করতে লাগলেন। তাই দেখে, আমার অস্তর প্রকৃতিত হয়ে উঠেছে।

এখানে নিজে এই অভিযোগ উত্থাপিত ক'রে গ্রীমতী বিশাখাকে বলতে চান, আমি আর ধৈর্য রাখতে পারছি না। সঝি, অবিলয়ে

**এরিক্রের সঙ্গে তুমি আমার মিলনের ব্যবস্থা করো, আমায়** অভিসারে নিয়ে চলো।

### যথা বা-

শ্রীকৃষ্ণ স্থবলকে বললেন—স্থা! যার চঞ্চল দৃষ্টি চারিদিকে ঘুরে বেড়াচ্ছে, যিনি যমুনাতটে পদাবন স্থাটি ক'রে অর্থাৎ স্থীজনসহ পালের মত প্রাকৃটিতা হয়ে, আমার চিত্তভ্রমরকে বলপূর্বক হরণ করে নিচ্ছেন, সেই চঞ্চল-চপলনয়না কে ?

কুবলয়-সদৃশা জ্রীরাধা তাঁর চঞ্চল লোচনের আকর্ষণে বলপূর্বক জ্রীকৃষ্ণের চিত্তহরণ করছেন, এই অভিযোগের দ্বারা জ্রীকৃষ্ণ নিজেই তাঁর প্রবল মিলনেচ্ছা প্রকাশ করছেন। ১।

## পরকর্তৃক অভিযোগ

অত্যে যখন নায়ক বা নায়িকার মিলন-আকাঙ্খা-নিপীড়িত মনের কথা উভয়ের যে-কোন একজনের পক্ষ থেকে অপরকে জানায়, তখন পরকর্তৃক অভিযোগ স্কৃতিত হয়।

#### যথা—

কোন এক পত্রহারী দূতী শ্রীকৃষ্ণের নিকট শ্রীরাধার গভীর অমুরাগের কথা জানিয়ে বললে—

'তোমার সম্বাদ শুনি চঞ্চল হইলা ধনী তার মন হইল ঘূর্ণামান। ভাবের তরকে ভাসে অকের বসন গসে তথাপি নাহিক তার জ্ঞান॥'

### বিষয়

শব্দ, স্পর্শ, রূপ, রঙ্গ ও গন্ধ—এই পাঁচটিকে বিষয় বলে।২।
চক্ষ্ক, কর্ণ, জিহ্বা, নাসিকা ও ত্বক্—এই পাঁচটি ইন্দ্রিয়গ্রাহ্য
বিষয়ের যে-কোন একটি বা তভোধিক বিষয়কে অবলম্বন ক'রে
চিত্তে রভিলিক্সা সঞ্চারিত হতে পারে। সেইজন্ম ওই পাঁচটিকে রভি
আবির্ভাবের হেতু বলে উল্লেখ করা হয়েছে।

### শঙ্গ-নিমিন্ত

### यथा - विषयमाभ्रत

ললিতা শ্রীরাধাকে জিজেস করলেন স্থি! তুমি কেন এমন বিবশা হচ্ছ ?

উত্তরে শ্রীমতী বললেন—ওই কদম্বনের অন্তরাল থেকে কোন্
এক অপূর্ব স্থমধ্র ধ্বনি উত্থিত হয়ে আমার কর্ণকুহরে প্রবেশ
করলো, তা আমি বৃষতে পারলাম না। হায়, ওই ধ্বনি বৃষি আজ
সামাকে কুলবধ্র ধ্রমাহিত কোন এক অনিব্চনীয় দশায় উপনীত
করবে। আমি যে আর কুল-মান রাখতে পারছি না। ৩।

#### যথা বা-

শ্রীরাধা কোন স্থীকে বললেন—একে ওই কৃষ্ণ নামের একটা অক্ষর শুনেই আমার বৃদ্ধি লোপ হচ্ছে। তার ওপর আবার সেই পুরুষের বংশীনাদ কর্ণে প্রবেশ ক'রে আমার উন্মাদ ক'রে তুলেছে। সেই স্থিম নবজলধরকান্তি পুরুষকে ক্ষণেক দেখে, তাঁর মূর্তি আমার চিন্তে লগু হয়ে আছে। হায়, কেমন ক'রে এই তিন্টী পুরুষরত্বের রতি আমি বহন করবো । তার চেয়ে শামার মৃত্যুই শ্রেষ। ৪।

## স্পর্গ-হেতু

### যথা—

বাগ্রতার কারণ জিজ্ঞেদ করলে, শ্রীরাধা স্থীকে বললেন—
স্থি! নিবিড় অন্ধকারাচ্চন্ন ব্রজপুরের ভিতর দিয়ে সামি পথ
ধরে যাচ্ছিলাম। হঠাৎ কোন পুরুষের এক্সে আমার অঙ্গ ঠেকলো।
আমি শিউরে উঠলাম। আমার দেহ রোমাঞ্চিত হলো। চেয়ে দেখ, আজো সেই রোমাঞ্চ ক্ষণকালের জ্ব্য উপরত হলো না। ৫।

### রূপ-হেছু যথা—

দৃতরূপী হংসকে সুম্বোধন ক'রে ললিতা বললেন—মথুরায় গিয়ে শীকৃষ্ণকৈ বলো যে, তাঁর রূপ-দর্শনে উন্মতা রাধা বিরহানলে দথ্দ হচ্ছে। পুড়ে মরছে, তব্ও প্রীকৃষ্ণের প্রতি প্রেম সে ত্যাগ করতে পারছে না। আগুনের রূপ দেখে পতক্লের যে অবস্থা হয়, কৃষ্ণের রূপে আকৃষ্টা প্রীরাধার ঠিক সেই দশা হয়েছে। তাঁর হিতাহিত জ্ঞান লোপ পেয়েছে। হতাশ হয়ে প্রীমতী সেই প্রেমানলেই বারবার ঝাঁপিয়ে পড়ে অগ্নিদাহ সহা করছেন। ৬।—হংসদৃত।

### উদাহরণ যথা—পদাবলীতে

'জনম অবধি হাম ওরপ নেহারিছ নয়ন না তিরপিত ভেল। লাথ লাথ যুগ হিয়ে হিয়া রাথফ তবু হিয়া জুড়ন না গেল॥'

—বিদ্যাপতি

'রপ লাগি আঁথি ঝুরে গুণেমন ভোর। প্রতি আরু লাগি কাঁদে প্রতি আরু মোর॥ হিয়ার পরশ লাগি হিয়া মোর কাঁদে। পরাণ পুতলি হায় থির নাহি বাঁধে॥'

—লোচন দাস।

'তুয়া রূপ আকর্ষণ রাধা কৈল দরশন হিতাহিত কিছুই না জানে। প্রেমানলে প্রবেশিল তাপে আত্ম। থোয়াইল কীট যেন পুড়য়ে দহনে॥' —শচীনন্দন

### রস-হেতু

#### যথা---

'আন্দ হৈল পুলকিত তন্ত্ৰ যেন বিগলিত তরন্ধিত হাদয় হইল। রাধার এমন দেখি মনে অহমানি সথি ললিতারে কহিতে লাগিল। আমি ইহার বুঝিলাম কারণে। ক্লেয়ের অধ্যামৃত তাম্বের চর্বিত তুমি দিলে রাধার বদনে।' **उँच्य**ननीनम्

হে সৰি! আজ হঠাৎ যখন তোমার এই মুখা সৰীর অঙ্গে পুলকোদগম হয়েছে, গাত্রভঙ্গ হছে অর্থাৎ গা আড়ামোড়া দিছে এবং অস্তরে অমুরাগ সমুদ্র তরঙ্গায়িত হয়ে উঠেছে, তখন নিশ্চয়ই দয়িতের সঙ্গে কোন রস-সংযোগ ঘটেছে। নিশ্চয়ই শ্রীকৃঞ্জের চর্বিত তামুল এনে তুমি শ্রীমতীর মুখে দিয়েছ। নইলে হঠাৎ তাঁর এমন বিকার উপস্থিত হলো কেন ? । ৭।

### গন্ধ-হেতু

#### યથા --

প্রিক্তের পরিত্যক্ত বৈজয়ন্তী নালা আদ্রাণ ক'রে কোন গোপাঙ্গনা নোহপ্রাপ্ত হলো। কিছুক্ষণ পরে পুনরায় সংবিৎ ফিরে পেয়ে, বিস্মারবিমুগ্ধ হয়ে বললে—সখি, যে গাছের ফুলে এই অমুপম বৈজয়ন্তী নালা গাঁথা হয়েছে, সে সুখনয় তরু কোথায় আছে ? কি আশ্চর্য! চেয়ে দেখ, এই মালা গলায় দিয়ে কেউ রাত্রিযাপন করেছেন। কিন্তু পরিভুক্ত হলেও এ মালার গন্ধে ভ্রমরেরা আকৃষ্ট হচ্ছে, আমার চিত্তে বারবার স্তম্ভ (Stupor) উপস্থিত হচ্ছে। ৮।

লোকোন্তর বস্তুর এমন কোন অনিবার্য প্রভাব মাছে, যাতে অবিলম্বে রতি ও রতিবিষয়ক আলম্বন প্রকটিত হয়। প্রীকৃষ্ণের প্রতি গোপিনীদের বা শ্রীরাধার প্রেম যে সব সময় রূপ, রস, গন্ধ, ম্পর্শ ইত্যাদির উপর নির্ভর ক'রে সঞ্চারিত হয়েছে, তা নয়। শ্রীকৃষ্ণের লোকোত্তর অনিবার্য প্রভাব তাঁদের প্রভাবান্থিত করেছে, যার জন্ম তিনি শ্রীমতী ও গোপাঙ্গনাদের নিকট রতিবিষয়ক আলম্বন রূপে প্রকৃতিত হয়েছেন। ১।

#### সম্বন্ধ

কুল, রূপ, শৌর্য ও শীল ইত্যাদির সামগ্রিক গৌরবকে অর্থাৎ আধিক্যকে সম্বন্ধ বলে। ১•।

# কুলাদির গোরব-ছেতু যথা —

কোন ব্রজস্পরী বললেন—যাঁর বীরত্বের কাছে পর্বত কন্দুক সদৃশ (ভাঁটার মত) হয়েছে, যাঁর রূপ নিথিল বিশ্বের ভূষণ স্বরূপ, যিনি আভীরশ্রেষ্ঠ নন্দের গৃহে জন্ম গ্রহণ করেছেন, যাঁর গুণ অপরিমেয়, এবং অনির্বচনীয় লীলায় বিশ্বজগৎ-কে যিনি বিশ্বিত করেছেন, সেই লোকাতীতচরিত্র ম্রলীধর কার ধৈর্যচ্যুতি না ঘটিয়েছেন! তাঁর বেণুরব সেই সব কুল-রূপ-শৌর্য ও শীলাদি সম্বন্ধে সকল কথা মনে করিয়ে দিয়ে, কার চিত্তে রতি উৎপন্ন না করে ? ।১১।

'স্থি, হেন কৃষ্ণ অজ্ঞেলন্দন।
ভাহার মূরলী ভানি হেন কে রমণীমণি যে কর্য়ে ধৈর্য সম্বরণ॥'
—শচীনন্দন।

### অভিযান

পৃথিবীতে অগণিত রমণীয় বস্তু আছে, তা থাক। কিন্তু আমি এইটিই চাই—এইটিই আমার প্রার্থনীয়, এই ধরণের নির্ণয়কে বা আত্মনির্বাচনের নিশ্চয়তাকে সুধীগণ অভিমান ব'লে অভিহিত করেছেন। ১২।

ভাৎপর্য: মমতার আধার বা প্রেমাস্পদ বিষয়ে অনম্পসকল্পের নাম অভিমান। এই অভিমান রূপাদির অপেক্ষা না রেখেও, নায়ক-নায়িকার চিত্তে রতি উৎপাদন করে।

#### যথা-

नान्गी भूषी रक अविश्वारा विषया

'এই তো ধরণী মাঝে অনেক নাগর আছে তাহারা অনেক রদ জানে। তাহাদিকে কুলবতী স্বয়ম্বরে কৈল পতি তাহা মোর নাহি লাগে মনে॥ চূড়া নাহি যার মাথে বেণু নাহি যার হাতে গিরিধাতু নাহি যার দেহে। হউক না দে স্কুলর বিদগ্ধ নাগরবর তুণসম নাহি গণি তাহে॥' পৃথিবীতে বিদগ্ধচ্ডামণি মাধুর্যগুণালক্কত যত পুরুষই থাক না কেন, প্রীরাধা শিথিপুচ্ছমৌলি মুরলীধর প্রীকৃষ্ণ ছাড়া আর কোন নায়ককে তৃণতুল্যও মনে করেন না। এখানে প্রীমতীর এই অনস্থামানসিকতা অভিমানের পরিচায়ক। ১৩।

### তদীয় বিশেষ

পদ, গোষ্ঠ ও প্রিয় প্রভৃতিকে কৃষ্ণ সম্বন্ধীয় বিষয়সমূহের বিশেষ বলা হয়।

#### পদ—যথা

এক্ষেত্রে পদ বলতে পদচিচ্ছের কথা উল্লেখ করা হয়েছে। ১৪।

### পদচিক্ত বা পদান্ধ

কোন নবাগতা গোপবধ্ বৃন্দাবনে প্রবেশ করেই আশ্চর্যান্বিতা হয়ে বললে—সথি! কালিন্দীতটভূমিতে এ কার চরণচিহ্ন অন্ধিত দেখছি? সুম্পন্ত বজ্ত-চক্র-পদ্মচিহ্নের পঙ্ক্তি! এ পদচিহ্ন দেখেই যে আমার হৃদয় ব্যাকুল হয়ে উঠেছে। হৃদয়কোরক প্রস্কৃতিত হয়ে উঠলো। তমুলতিকা রোমাঞ্চিত হচ্ছে।

### গোষ্ঠ

বৃন্দাবন-সংলগ্ন প্রান্তর বা গোচারণ-ভূমিকে গোষ্ঠ বলে।

### ষথা—

দেশান্তর হতে সমাগতা কোন নববিবাহিতা গোপাঙ্কনা ব্রহ্ণভূমে এসেই বললে—সথি! এই ব্রহ্ণভূমি অপূর্ব মাধুর্যে আমার হৃদয় উৎফুল্ল করে তুলেছে। এত মধুরিমা আমি পূর্বে কোথাও কখনো দেখিনি। নিশ্চয়ই এখানে ত্রিভ্বনমোহন মধুরমূর্তি কোন শ্রেষ্ঠ নাগর বিহার করেন।

পূর্বেই বলা হয়েছে যে, কৃষ্ণসম্বনীয় বস্তু নায়িকার অস্তরে রুডি এবং রতিবিষয়ক আলম্বনকে একই সঙ্গে অবিলম্বে প্রকটিত করে তোলে। গোষ্ঠে প্রবেশ করেই নববধৃ কৃষ্ণসম্বন্ধীয় বস্তুগুলি দেখতে পেল এবং সেগুলি দেখামাত্রই তার অস্তুরে রতি এবং রতিবিষয়ক আলম্বনের অর্থাৎ ঞ্জীকুষ্ণের কথা উদিত হলো।

### প্রিয়ঙ্গন

যে ব্যক্তি প্রগাঢ়ভাবে হৃদয়ে অনুবিদ্ধ হয়, এবং যার দ্বারা হৃদয় আক্রান্ত ও অধিকৃত হয়, তাকেই প্রিয়ন্ধন বলে। ১৫।

#### যথা-

জীরাধাকে দেখে কোন নববধু বললে—

'রাধারে দেখিতে মোর গুরুজন নিবারিল বারেবার। তথাপি রাধারে দেখিলাম আমি সকল মাধুরী সার॥ সেইদিন হতে তৃষিত নয়নে চারিদিক পানে চাই। শ্রামলবরণ একটি পুতলি তাহাতে দেখিতে পাই॥' ১৬।

### উপমা

কোন বস্তুর সঙ্গে অগুকোন বস্তুর কথঞ্চিৎ সাদৃশ্য থাকলে ভাকে সেই বস্তুর উপমা বলা হয়।

#### যথা--

কোন গোপকুমারী রাজসভায় একজন নটের নৃত্য দেখে বললে—সঝি! এই নট যার অফুকরণ ক'রে নৃত্য করছে, তার মত নবজলধরকান্তি কোনো যুবা কি তোমার দৃষ্টিগোচর হয়েছে? তাহলে আমায় তার কাছে নিয়ে চলো। ১৭।

এখানে সাদৃশ্য দর্শনে নায়িকার মনে উপমান বা কৃষ্ণবিষয়ক রভি সঞ্চারিত হচ্ছে।

### যথা বা-

কোন ব্রহ্মবালার রতি-উৎপাদনের হেতৃ বর্ণনা ক'রে, বৃন্দা ব্রীকৃষ্ণকে বললেন—

 সেই ব্রজবালা নবজ্বলধর দেখে, হে গোকুলেক্স!—এই কথা ব'লে, তোমার প্রতি অপিতচিন্তা হয়ে অবস্থান করছে।১৮।

#### স্বভাব

ষা ৰাহ্য কোন হেতুর অপেক্ষা না রেখে, স্বতই বা আপনা-আপনি প্রকটিত হয়, তার নাম স্বভাব। এই স্বভাব নিসর্গ এবং স্বরূপ ভেদে ছ'রকম। ১৯।

#### নিসগ

স্থৃদ্ অভ্যাসের জন্ম মনে যে সংস্কার গড়ে ওঠে, তার নাম নিসর্গ। গুণ, রূপ ও শ্রুতি থেকে এই সংস্কার উদ্ধৃদ্ধ হয়। জন্মান্তরের সংস্কার আপনা-আপনি প্রকাশ পায়। ২০।

### গুণ-শ্রবণ নিমিত্ত স্বভাব

শ্রীকৃষ্ণের গুণাবলী শুনে আকৃষ্টা হয়ে, রুশ্নিণী বলেছিলেন—
সথি! অগ্রন্ধ আমায় তিরস্কার করেন, করুন। সুহাদ্বর্গ যদি
পরিত্যাগ করে, করুক। পিতা যদি লজ্জিত হন, হোন। মায়ের
চোখে যদি জল পড়ে, পড়ুক। কিন্তু যাঁর সর্ববিধ রূপ ও গুণের
কথা শুনেছি, সভাবতঃ সেই যদ্তুমের প্রতিই আমার মন
সর্বতোভাবে অমুরক্ত হয়েছে। চেদিরাজ্যের কোনো নরপতির
প্রতি আমার চিত্তে কোন আকর্ষণ নাই।২১।

'শুনি ক্লফের গুণগান ভূলিয়াছে মোর মন শিশুপালে করে দ্বণাকার। বে বল সে বল মোরে মোর মন বছবরে কিছু না বলিহু মোরে জার॥'

#### सका वा-

ক্লেন্থিন নিত্যপ্রেয়সী। সেই জন্ম শ্রীকৃষ্ণে তাঁর স্বভাবসিদ্ধ রতি।
কিন্তু অন্ম নায়িকার পক্ষেও রূপ ও গুণাদির কথা গুনে, শ্রীকৃষ্ণ
বিষয়ে নৈসর্গিকী রতির উদাহরণ দেওয়া হয়েছে। যেমন—

কোন ব্রজমুন্দরী তার স্থীকে বললে—তিনি অমুন্দর হোন বা সুন্দরশ্রেষ্ঠই হোন, গুণহীন হোন বা গুণিশ্রেষ্ঠই হোন, আমার প্রতি তিনি বিদ্বেষ প্রকাশ করুন বা করুণার সাগরই হোন, তবুও আজু সেই শ্রামই আমার গতি। ২২।

#### স্বরূপ

কারণ না থাকলেও যা স্বতঃসিদ্ধভাবে চিত্তে রভিভাব সঞ্চার করে, সেই বস্তুবিশেষকে স্বরূপ বলে। এই স্বরূপ নিষ্ঠাভেদে তিন প্রকার। বেমন—কৃষ্ণনিষ্ঠ, ললনানিষ্ঠ ও উভয়নিষ্ঠ। ২৩।

# ক্বক্ডনিষ্ঠ যথা—

দৈত্যপ্রকৃতি ব্যতীত অম্ভানের পক্ষে কৃঞ্নিষ্ঠ স্বরূপ অনায়াস-সভ্য। ২৪।

#### মথা--

কৌতৃক বশত: প্রীকৃষ্ণ একদিন নারীবেশ ধারণ ক'রে ব্রজ্ঞবীাধকার পথে যাচ্ছিলেন। বিমানচারিণী দেবীগণ তাঁকে দেখে
পরস্পর বললেন—প্রিয় সখি! ওই সম্মুখে, যাঁকে দেখছো, উনি
গোশী নন। নিশ্চয়ই প্রীকৃষ্ণ নারীবেশ ধারণ করেছেন। নইলে,
আমরা সুরন্ত্রী, ওই অপরূপ রূপ দেখে আমাদের মনও এমন চঞ্চল
হয়ে উঠবে কেন! একমাত্র সূর্য ভিন্ন নিখিল বিশ্বে সর্বজ্ঞনের
নয়নের অন্ধকার কে দ্র করতে পারে ? সে যোগ্যতা আর কার
আছে বলো!

বাদের অস্থর বা দৈত্যপ্রকৃতি নয়, অর্থাৎ যারা দিব্য প্রাকৃতি-বিশিষ্ট তাদের অন্তর কৃষ্ণনিষ্ঠ হওয়ায় স্বতঃফুর্তভাবে সেখানে কৃষ্ণপ্রীতি সঞ্চারিত বা উৎপন্ন হয়। তাই দেববালাদের মনে স্বতই শ্রীকৃষ্ণের স্বরূপ-অনুভব-জনিত সুখ উৎপন্ন হলো। ২৫।

## ननना निर्श चत्रश

ললনানিষ্ঠ স্বরূপ আপনা-আপনি উদ্দীপিত হয়, এবং এই স্বরূপ জন্মগত (Innate) ব'লে নায়কের বা শ্রীকৃঞ্জের রূপদর্শন বা গুণ শ্রবণ ছাড়াও তাঁর প্রতি অতিক্রত রতি উৎপাদন করে। ২৬।

#### যথা-

শ্রীকৃষ্ণকে না দেখেই এবং তাঁর গুণাগুণের কথা সম্যক্ না শুনেই অতিদ্রবর্তিনী কোন নায়িকার অথবা শ্রীরাধার মনে কৃষ্ণের প্রতি রতি সঞ্চাত হলো। তাঁর অহামনস্থতার কারণ জিজ্ঞেস করলে, তিনি স্থাকে বললেন—

নিটিং দেখি নাহি শুনি হেন যে পুরুষমণি মোর মন করে সম্ভাবন। মনশ্রাম পীতাম্বরে সঙ্কল্প করিয়া তারে রুথাই ঘুরয়ে মোর মন॥'

# উভয়নিষ্ঠ স্বরূপ

নায়কের প্রতি নায়িকার এবং নায়িকার প্রতি নায়কের এই প্রকার স্বভাবনিষ্ঠা যদি উভয়তঃ হয়, তাহ'লে তাকে উভয়নিষ্ঠ বা কৃষ্ণ-ললনানিষ্ঠ স্বরূপ বলে।

### यथा-निन्डमाध्दव

ললিতার প্রতি শ্রীরাধার উক্তি:

'বিজ বেশ ধরি রবি প্জিবারে বৃঝি সে নাগর এল।
নহে কেন মোর তহু পুলকিত অন্তর দ্বিয়া গেল।
গগন মাঝারে শশধর যদি উদয় নাহিক করে।
চক্তকাস্তমণি কেন বা গলিবে বঞ্চন না কর মোরে॥' ২৭॥

বিলাসের আধিক্য বর্ণনা প্রসঙ্গে এখানে আভযোগ অর্থাৎ রূপ, গুণ ও অমুভব প্রভৃতি উদ্দীপনের কথা বলা হলো। কিন্তু শ্রীকৃষ্ণের প্রতি ব্রদ্ধস্থলারীদের রতি প্রায়ই স্বভাবসিদ্ধ। ২৮।

### রভির ভারতম্য

ভারতম্য-ভেদে রতি তিন শ্রেণীর হতে পারে। যেমন— সাধারণী, সমঞ্চসা ও সমর্থা। রত্নের সঙ্গে তুলনা করলে, পর্যায়ক্রমে মণি, চিস্তামণি ও কৌস্তুভমণির সঙ্গে এই ত্রিবিধ রতির তুলনা করা যায়।

সাধারণী রতিও অতিস্থলভ নয়, তাই মণির সঙ্গে তার তুলনা করা হয়েছে। কুজা প্রভৃতির কৃষ্ণপ্রেম সাধারণী রতির পর্যায়ভূক। সমঞ্চসা রতি চন্দ্রকান্তমণি, অর্থাৎ আরো হর্লভ। তাই কৃষ্ণ-মহিবীগণ ভিন্ন অস্থা কারো পক্ষে সমঞ্চসা রতি সম্ভব নয়।

আর সমর্থা রতির তুলনা করা হয়েছে কৌস্তুভমণির সঙ্গে।
কৌস্তুভমণি যেমন ত্রিভ্বনে স্মূর্জভ, একমাত্র শ্রীকৃষ্ণের হাদয়েই
শোভিত, ভেমনি সমর্থা রতি একমাত্র ব্রজগোপাঙ্গনা ভিন্ন অশ্র কোন নায়িকার পক্ষে সম্ভব নয়। ২৯।

## সাধারণী রভি

এই রতি কখনো অতিনিবিড় হয় না; প্রায় প্রীকৃষ্ণকে অর্থাৎ নায়ককে দেখেই সঞ্জাত হয়। নায়ককে দেখে বা তাঁর সংস্পর্শে এসে, যে ভালবাসা সম্ভোগ-ইচ্ছা জাগ্রত করে, তাকেই সাধারণী রতি বলে। ৩০।

# ষ্ণা-গ্রীমন্তাগবভ দশমে

সম্ভূকা হয়েও ঐকুষ্ণের প্রতি রতিবিশিষ্টা হয়ে কুজা বললে— হে বাঞ্চিত! এখানে আরো কিছুদিন আমার সঙ্গে বাস করো এবং রতিক্রীড়া করো। হে পদ্মলোচন! তোমায় ছাড়তে আমার প্রাণ চায় না । ৩১।

প্রণয়ের গাঢ়তার অভাব হেতু, কুজার অস্তরে যে রতি তা স্পষ্টতঃ সম্ভোগ ইচ্ছা ছাড়া আর কিছুই নয়। এই শ্রেণীর রতিতে সম্ভোগ উष्मननीनम्बि २३६

বাসনা হ্রাস পেলেই আকর্ষণ হ্রাস পায়। স্থতরাং এ ক্ষেত্রে সম্ভোগেচ্ছাই রতি উৎপত্তির হেতু। তাই এই রতিকে সাধারণী রতি আখ্যা দেওয়া হয়েছে (Voluptuous attraction)। ৩২।

#### সমঞ্চসা রভি

যেখানে পত্নীত্বের অভিমান থাকে, গুণাদি শুনে রতি উৎপন্ন হয়, প্রাণয় নিবিড় অথচ কখনো কখনো সস্তোগেচ্ছা বা সস্তোগের ভূষণা থাকে, সেখানে রতি সমঞ্জসা। ৩৩।

### যথা—শ্রীমন্তাগবত দশমে

শ্রীকৃষ্ণের নিকট রুক্মিণী লিখে পাঠালেন—হে মুকুন্দ! তুমি কুল-শীল-রূপ-বিভা-বয়স-সম্পদ ইত্যাদি সর্ববিষয়ে অতুলণীয়। তুমি বিশ্বজ্ঞানের মনোভিরাম। কোন্ বুদ্ধিমতী কুলবতী কন্থা তোমায় পতিক্ষে বরণ করবার অভিলাষ না করে!। ৩৪।

সমঞ্চসা রতিতে যখন সম্ভোগেচ্ছা প্রবল হয় এবং পৃথক্রপে প্রতীয়মান হয়, তখন হাবভাবের দারা শ্রীকৃষ্ণকে বশীভূত করা কঠিন হয়। সমঞ্জসা নায়িকা যদি শুধুমাত্র রমণেচ্ছাজ্ঞাপক হাবভাবের সাহায্যে নায়ককে আকর্ষণ করবার চেষ্টা করে, তা হ'ল নায়কের চিন্ত আকৃষ্ট না হয়ে প্রায়ই বিমুখ হয়। ৩৫।

পত্নীপ্রেমের নিবিড়ত্ব ও সেই সঙ্গে সমগ্লেচিত সভোগেচ্ছার সমগ্লস সংমিশ্রণকে সমগ্লসা রতি বলা হয়।

### যথা-

শ্রীমন্তাগবত দশম স্বন্ধে শুকদেব পরীক্ষিংকে বলেছেন—রাজন্ বোড়শসহস্র পত্নীও তাঁদের গৃঢ় হাসি, কটাক্ষ এবং জ্রভঙ্গিমা প্রভৃতি কামশান্ত্র-প্রসিদ্ধ হাবভাবের দ্বারা শ্রীকৃষ্ণের মনে কাম সঞ্চারিভ করতে সমর্থা হন নি। তাঁদের স্থ্রতবিষয়ক কুশলী অনঙ্গবাণ ব্যর্থ হয়েছিল। ৩৬।

### সমর্থা রভি

সাধারণী এবং সমগ্রসা রতির চেয়ে কিছুটা অশুরকম সম্ভোগেচ্ছা বাতে নায়ক এবং নায়িকা একীভূত ভাব প্রাপ্ত হয়, তাকে সমর্থা রতি বলে। ৩৭।

স্ব স্ব রূপের সমস্বয়ে অথবা ললনানিষ্ঠ স্বভাবের জ্বন্থ সম্পর্কিত বিষয়ের সঙ্গে নায়িকার মুংযোগ ঘটলে, সমর্থা রতি উৎপন্ন হয়। এই রতি উৎপন্ন হলে, নায়িকা তার কুল-মান-ধর্ম-ধৈর্য-লজ্জাদি স্বকিছু বিশ্বত হয়। এই রতি এত নিবিড় হয় যে, তাতে আর কোনো ভাবাস্তরভেদ থাকে না। ৩৮।

এখানে নায়িকা কৃষ্ণপ্রেমে উন্মন্তা হয়ে, কুল-মান-লজ্জা প্রভৃতি সবকিছু বিসর্জন দিয়ে, নিজেকে নিবেদন করে দয়িতের নিকট। সমর্থা রতিতে নায়িকার স্বতম্ত্র সত্তা থাকে না। আপন প্রেমে সে আপনাকে পূর্ণান্থতি দেয়। এই সমর্থা রতিই (Selfless love) শ্রেষ্ঠ রতি এবং এই রতি একমাত্র ব্রজদেবীগণের ভিতরেই মূর্ত হয়েছে।

#### मथा--

# वृम्मा औक्षरक वनलन-

'ত্রিভূবনে যত নারী রাধা হয় সর্বোপরি দেখি সেই রূপের তরজ।
তোমার কথা মনোহারী গুরুজন শহা করি তার কাছে না করে প্রসল।
পথে চলে যাও তুমি হয় নূপুরের ধ্বনি সেই ধ্বনি শুনিয়া কিশোরী।
কথনো যা না শুনিল তার কর্ণে না কহিল উঠে রাধা 'কৃষ্ণ কৃষ্ণ' করি ॥'

ভোমায় না দেখেও, ভোমার কথা না শুনেও, শুধুমাত্র ভোমার নৃপুরের ধ্বনি শুনে ভোমার সঙ্গে যেটুকু যোগাযোগ ঘটলো, ভাভে শ্রীমতী গুরুজনের গৌরব ভূলে গিয়ে, আপন প্রণয়নিষ্ঠ স্বরূপ হেতৃ 'কৃষ্ণ কৃষ্ণ!' ব'লে নিবিড়-রতিবিশিষ্টা হয়ে উঠলেন। ৩১।

> 'ব্দন্ত বিলাস ইহা অতি চমৎকার। সম্ভোগেচ্ছা বিশেষের ভেদ নাহি তার॥'

সবচেয়ে অন্তৃত এই যে, এই রতি কখনো সন্তোগেচ্ছা-বিশেষ ভেদে হয় না। শুধুমাত্র কৃষ্ণের স্থার জন্মই সমর্থা রতির এই উল্লম প্রকাশ পায়। ৪০।

পূর্বোক্ত সমধ্বসা রভিতে কখনো কখনো আত্মস্থবের উল্লম সম্ভব হয়। ৪১।

যেমন—ক্লিক্সিণী দেবীর পত্র পেয়েই শ্রীকৃষ্ণ বিদর্ভনগরে গিয়েছিলেন।

সত্যভামার আনন্দবিধানের জন্ম তিনি পারিজাত আহরণ করে এনেছিলেন।

#### মহাভাব

সমর্থা রতি প্রোঢ় (mature) হলে মহাভাবদশাপ্রাপ্তি ঘটে। এইজন্ম মুক্ত এবং প্রধান ভক্তগণ সমর্থা রতির সাধন করতে চান। কিন্তু সহজ্লভা হয় না। ৪২।

#### যথা-

### গ্রীমন্তাগবত দশমস্বন্ধে:

উদ্ধব বললেন—পৃথিবীতে এই সব গোপাঙ্গনাদের জন্মই সার্থক।
কেন না, তাঁরা অথিলাত্মা গোবিন্দের প্রতি এই প্রক 'প্রেমবিশিষ্টা
হয়েছেন। এই প্রেম সামান্ত নয়। মুনিগণ মুক্ত হয়েও এই প্রেম
বাঞ্ছা করেন। আমরা সকলেই করি। এই অনস্ত ভগবানের কথায়
যিনি রসাস্থাদন করেন, তাঁর ব্রহ্মজন্মে প্রয়োজন কি ?। ৪৩।

# প্রেম, স্নেহ ইত্যাদি

সমর্থা রতিকে যদি প্রতিকৃল ভাব বিচলিত করতে না পারে, তাহলে তাকে প্রেম বলে। প্রেম যথাক্রমে স্নেহ, মান, প্রণয়, রাগ, অমুরাগ ও ভাবরূপে পরিণত হয়। ৪৪

মৃত্তিকায় রোপিত ইক্ষুগ্রন্থি থেকে যেমন ইক্ষুদণ্ড জন্মায়, তারপর সেই ইক্ষু থেকে রস, রস থেকে গুড়, খণ্ড, শর্করা ইত্যাদি যথাক্রমে উৎপন্ন হয়, তেমনি রতি থেকে প্রেম, প্রেম্ থেকে রাগ, রাগ থেকে অহুরাগ এবং অহুরাগ থেকে মহাভাব ইত্যাদি যথাক্রমে ধীরে ধীরে উৎপন্ন হয়।

পণ্ডিতগণ স্নেহাদি ছয়টি ভাবকেই প্রায় প্রেম অর্থে ব্যবহার করে থাকেন। ৪৫।

সমর্থা-রতিবিশিষ্টা প্রেয়সীর বে জাতীয় প্রেম শ্রীকৃষ্ণের প্রতি সঞ্চাত হয়, শ্রীকৃষ্ণেরও সেই জাতীয় প্রেম সেই নায়িকার প্রতি সঞ্চারিত হয়।

#### প্ৰেম

ধ্বংসের কারণ থাকা সত্ত্বেও যার ধ্বংস হয় না, নায়ক-নায়িকার পরস্পারের প্রতি সেই ভাববন্ধনকে প্রেম বলে।

যুবক-যুবতী, নর ও নারী, নায়ক এবং নায়িকা—উভয়ের অন্থরে পরস্পারের প্রতি যে-ভাব ধ্বংসের কারণ থাকা সত্ত্বেও কখনো ধ্বংস হয় না, অর্থাৎ সকল অবস্থায় স্থায়ী হয়, তাকে প্রোম বলে।

> 'সর্বথা ধ্বংসরহিতং সত্যপি ধ্বংসকারণে॥ ষম্ভাববন্ধনং যুনোঃ স প্রেমা পরিকীর্ভিতঃ॥' ৪৬॥

#### যথা -

পূর্বরাগবতী জীরাধা নান্দীমুখীকে বললেন—সখি! তুমি যদি আমার কথা বিশ্বাস না করো, তা'হলে ধর্মের নামে শপথ ক'রে বলতে পারি যে, আমি জীকৃষ্ণকে বলেছিলাম—'হে লম্পট, আমার কাঁচুলিতে হাত দিও না। যদি দাও, আমি লজ্জাসরম ত্যাগ ক'রে ননদিনীকে বলে দেবো।' কিন্তু ভয় দেখিয়ে নিরস্ত করবার চেষ্টা করলেও তিনি আমার পথ ছাড়েন নি। অতএব হে প্রিয়সখি, আমি ঘোর বিপদে পড়েছি। গৃহপতি শাস্তি দিলে, দিন। আমার জালুকোন উপায় নাই।

এখানে, ভয় দেখালেও প্রীকৃষ্ণ নিরস্ত হচ্ছেন না; গৃহস্বামী শাস্তি দিলেও, প্রীরাধা সেই শাস্তি ভোগ করতে প্রস্তুত, তবুও অশ্ব কোন উপায় তিনি অবলম্বন করতে পারেন না। এই উদাহরণের দ্বারা এই কথাই প্রকাশ পায় যে, ধ্বংসের কারণ (ভীতি ও শাস্তি) থাকা সন্ত্বেও পরস্পরের ভাববন্ধন ধ্বংস হচ্ছে না। স্ব্তরাং শ্রীরাধার প্রতি শ্রামের ও শ্রামের প্রতি শ্রীরাধার প্রতি শ্রামের ও

#### ষণা বা-

বৃন্দা কুন্দলভাকে বললেন—স্থি! শ্রীরাধার অসামাশ্র রূপ, অফুরাগ ও সদ্গুণাবলীর তুলনায় অহা কাস্তা তুচ্ছ। তবুও চফ্রাবলী এবং কৃষ্ণের পরম্পারের প্রতি যে ভাবক্রম, তা কখনো মান হয় না। কি আশ্চর্য!

শ্রীরাধার রূপ, গুণ এবং অমুরাগ চন্দ্রাবলীর কৃষ্ণামুরাগ ধ্বংস করবার পক্ষে যথেষ্ট হলেও, তার সে অমুরাগ বা ভাবক্রম ধ্বংস হচ্ছে না। এই অমুরাগ প্রেম। প্রকৃত প্রেম যখন সঞ্চারিত হয়, তখন নায়ক অন্থা নায়িকার প্রতি আকৃষ্ট হলেও সে প্রেম ধ্বংস হয় না। মান, বিচ্ছেদ, কলহ ও প্রবঞ্চনা প্রভৃতি ার্ববিধ কারণ ধাকা সন্থেও নায়ক ও নায়িকার এই ভাববন্ধন শিখিল হয় না।

#### প্রেমভেদ

প্রেমকে তিনটী পর্যায়ে ভাগ করা যায়। যথা—প্রোচ, মধ্য ও মন্দ। নিবিড়তার তারতম্য অনুযায়ী প্রেমের এই তিনটী ভাগ নির্ণয় করা হয়েছে।

## প্রোচ প্রেম

বিলম্বেও যথন প্রিয়জনের চিত্তবৃত্তি জানা যায় না, এবং নায়িকার মনোভাব জানতে না পারায় নায়কের চিত্তে ক্লেশ সঞ্চারিত হয়, তথন তাকে প্রোঢ় প্রেম বলে। কাল অতীত হলেও যখন নায়ক এসে নায়িকার সঙ্গে মিলিড হন না, এবং তার জন্ম নায়িকার চিত্তে ক্লেশ সঞ্চারিত হয়, তখন তাকেও প্রোঢ় প্রেম বলে।

তবে উভয় ক্ষেত্রেই একজন অপরের ক্লেশের কথা চিন্তা ক'রে উদ্বিগ্ন হয়। প্রেম ভিন্ন এই পারস্পরিকতা (reciprocity) থাকে না, এবং মমন্ব বিবেচনায় এই প্রোচ্ছ থাকে ব'লেই একে প্রোচ্ প্রেম বলা হয়। ৪৮।

#### यथा-

### ঞ্জীকৃষ্ণ মধুমঙ্গলকে বলেছিলেন:

'হে সধা নিকুঞ্জে ৰাহ যাঞা রাধিকারে কহ আমার ম্থের এক বাণী।
আমার বিলম্ব দেখি মনে না হইও তু:থী তিলেক বিলম্বে যাব আমি ॥
এথা এক মহামন্ত আসিয়াছে তুষ্ট দৈত্য আমি তায় করি বিনাশন।
মিলিব গা প্রিয়াসকে করিব অনেক রক্তে উৎক্ষিত আছে মোর মন॥'

#### मधा ८०४ म

যে প্রেমে নায়ক অশুকোন কান্তার জন্ম অপেক্ষা করছেন জেনেও নায়িকা অধীরা হয় না, সহা করে, সে প্রেমকে মধ্যম বা মধ্য প্রেম বলে। ৪৯।

#### যথা —

চক্রাবলীর সঙ্গে সম্ভোগরত ঐক্তি বলনোন—অহো! সর্ববিয়য়ে মনোহারিণী চক্রাবলীকে এখন লাভ করেছি, এবং তার সঙ্গে শারদ রাত্রির উপযুক্ত সম্ভোগ ক্রীড়া পর্যাপ্ত ভাবে করলাম—যে ক্রীড়াতরক্ষ দেখে কন্দর্পদেনাও চমৎকৃত হয়েছে। এখন আমার চিত্ত অপেক্ষা করছে শ্রীরাধার জন্ম।

চন্দ্রাবলীর সঙ্গে মিলনকালে জ্রীরাধার কথা মনে উদিত হচ্ছে। এক্ষেত্রে চন্দ্রাবলীর প্রতি জ্রীকৃষ্ণের প্রেম মধ্যম। তবে অহ্য নায়িকার সঙ্গে তুলনা করলে, চন্দ্রাবলীর প্রতি জ্রীকৃষ্ণের প্রেম প্রোঢ়। একমাত্র প্রীরাধা ব্যতীত অস্থা নায়িকা সম্ভোগকালে চন্দ্রাবলীর কথা প্রীকৃষ্ণের মনে উদিত হতে পারে। কিন্তু প্রীরাধার সঙ্গে মিলন কালে অস্থা নায়িকার কথা তাঁর মনে উদিত হয় না; এমন কি, চন্দ্রাবলীর কথাও মনে পড়ে না। স্থতরাং প্রীরাধার প্রতি তাঁর প্রেম সর্বাধিক প্রোচ়। প্রীরাধা তাঁর প্রিয়সণী কমলার প্রতি অতিশয় প্রীতিসম্পন্না ব'লে, কমলার নিকট অভিসারকালে তিনি প্রীরাধাসঙ্গনের সমতুল স্থান্থভব করেন, এবং তথনো চন্দ্রাবলীর কথা তাঁর মনে উদিত হয় না। অতএব প্রীরাধা এবং তাঁর অতিপ্রিয় সধী কমলা প্রভৃতির ক্ষেত্রে প্রীকৃষ্ণের প্রেম সমধিক প্রোচ়। তবে রাধা-প্রেমের তুলনায় সন্ধীদের প্রেম মধ্যম।

#### মন্দ প্ৰেম

স্বদা আত্যম্ভিকরপে পরিচিত থাকলেও, যে প্রেম অশু কাস্তাকে উপেক্ষা করে না, বা তার অপেক্ষাও করে না, তাকে মন্দ প্রেম বলা যায়। ৫ • ।

বৃন্দাবনে মন্দ প্রেমের উদাহরণ বিরল। সেই হেতু দ্বারকায় এতাদৃশ প্রেমের উদাহরণ দেওয়া হলো।

#### যথা---

পুরোহিতপত্নী শ্রীকৃষ্ণকে বললেন: হে মাধব! যে প্রেমবতী নায়িকা, তার প্রতি বিন্দুমাত্র উপেক্ষাও দোষের। অতএব সত্যভামার সধী মানিনী অশোকলতাকে অনুনয় করে নিয়ে এসো। ৫১।

এখানে অশোকলতার প্রতি শ্রীকৃষ্ণের এম যে মন্দ, তাই
প্রমাণিত হচ্ছে। নিজে থেকে শ্রীকৃষ্ণ তার সঙ্গ-কামনা করছেন না।
তার প্রতি শ্রীকৃষ্ণের কথঞিং অনাদর বা উপেক্ষাই প্রকাশ পাছেছে।
তাই পুরে।হিতপত্নী অনুরোধ ক'রে শ্রীকৃষ্ণের সঙ্গে নায়িকার
যোগাযোগ স্থাপনের চেষ্টা করছেন।

প্রেয়সীদের বিষয়ে যেমন ঞ্রীকৃষ্ণের প্রেমভেদ দেখানো হলো, তেমনি ঞ্রীকৃষ্ণ বিষয়েও প্রেয়সীদের প্রেমভেদ আছে।

# প্রোচ প্রেম

যাতে বিচ্ছেদের অসহিষ্ণুতা থাকে, তাকে প্রোঢ় প্রেম বলে। ৫২।

শ্রীকৃষ্ণের সঙ্গে বিচ্ছেদের কথা ভাবতে যেখানে নায়িকার ধৈর্যচুতি ঘটে, সেখানে তার প্রোঢ় প্রেমের নিদর্শন পাওয়া যায়।

# যথা—উদ্ধবসন্দেশে

ললিত। শ্রীমতীকে বললেন—স্থি! তুমি মান ত্যাগ করোনা। এই কথা শুনে, শ্রীমতী ললিতাকে বললেন—প্রিয়স্থি! বারবার তুমি আমায় মান ক'রে থাকতে বলছো। বেশ, তা'হলে তুমি চিত্রফলকে কংসারির মনোহর মূতি অঙ্কিত করে এনে আমায় দাও। আমি অহঙ্কারের সঙ্গে মহামানিনী হয়ে গৃহকোণে বসেপরম স্থে সেই মূতি দেখে মুহূর্ত যাপন করবো। কর্ণকুহর রুজ্ক করে রাথবা, যাতে তাঁর মধুর মুরলীধ্বনি আমার কর্ণে প্রবেশ নাকরে। নইলে আমি বিচ্ছেদ সইতে পারবোনা।

## , মধ্য প্ৰেম

যাতে কষ্টেস্টে ধৈর্যসংবরণ করা হয়, ভার নাম মধ্যপ্রেম। ৫৩।

#### यथ।-

কোন ষ্থেশ্বী তাঁর স্থাকে বললেন—
'এই ত দীঘল দিন কথন হইবে কীণ সন্ধানাল হইবে কথন।
বাহাতে ক্ষের ম্থ দেখিয়া পাইব হথ বনে হতে আসিবে বখন।'
কস্টেস্টে এই দীর্ঘ দিন অতিবাহিত হলে, সন্ধা আসবে। তখন
সেই ব্রজ্জেনন্দনের গোধ্লিধ্সর-কেশদামযুক্ত মূর্তি এবং মধুর
মৃত্হাস্ক্রশোভিত মুখচন্দ্রিমা দেখতে পাবো। ৫৪।

#### মন্দ প্ৰেম

যে প্রেমে কোন-কোন সময়ে বিস্মৃতি ঘটে, তাকে মন্দ প্রেম বলে। ৫৫।

#### যথা---

কোন মৃথেশ্বরী তাঁর সখীকে বললেন—স্থি! প্রতিপক্ষ নারীর প্রতি ঈর্বাহেতু আমি তার কথাই ভাবছিলাম, তাই বনমালা গাঁথতে ভূলে গিয়েছি। এখন কি হবে! ওই ধেমুগণের হাম্বারব শোনা যাচ্ছে, শ্রীকৃষ্ণ গোষ্ঠ থেকে ফিরে আসছেন। আমার বনমালা যে এখনো গাঁথা হলো না!

এখানে ঈর্ষার জন্ম প্রেমের একাগ্রতায় বিদ্ন ঘটেছে। সেই হেতু এই প্রেমকে মন্দ প্রেম বলা হয়েছে। কিন্তু নায়িকার অন্তরের আকৃতি থেকে স্পষ্টই প্রতীয়মান হচ্ছে যে, ধ্বংসের কারণ (ঈর্ষা) থাকা সম্বেও অনুভব ধ্বংস হয়নি। তাই নায়িকার প্রেমকে অস্থীকার করা যায় না। প্রেমের প্রধান লক্ষণ এখানে বিজ্ঞান। ৫৬।

#### ন্মেহ

যে প্রেম পরম-উৎকর্ষে উপনীত হয়ে, নাঞ্জার চিন্তদীপ প্রজ্ঞালিত করে এবং হাদয় দ্রবীভূত করে, তাকে স্নেহ বলে।

ন্মেহ উদিত হ'লে, শুধুমাত্র চোখের দেখায় তৃপ্তি হয় না। ৫৭।

# यथा-क्रममीशकाम

শ্রীকৃষ্ণের কমনীয় এবং অতিমধুর অমৃতরসময় রূপপানে যাদের লালসা, তাদের সে রূপস্থাপানে আশা মেটে না। তাঁর প্রেমভার বহনে গোপস্থানরীয়া শ্রান্ত হয়ে, তাঁর চঞ্চল লোচনপদ্ম হতে প্রবাহিত প্রণয়-সলিল-রাশি উপভোগ করে, কিন্তু তাতেও ভারা তৃপ্ত হয় না। লোকধর্ম ও নিন্দার ভয়ে তাদের অমৃভব কখনও ধ্বংস হয় না। ৫৮।

#### যথা বা---

বৃন্দা শ্রীরাধাকে বললেন:

'কুষ্ণের বদনবিধু তাহার কিরণসীধু তাহে রাধা নয়ন চকোর। পুন: পুন: পান করে তবু নাহি ছাড়ে তারে সীধুপানে হইয়াছে ভোর॥ অঙুত লাগিল সেই মাধুরী দেখিয়া। কঠতরি ক্থা খায় অঞ্জলে উগরায়, তবু পীয়ে উন্মন্ত হইয়া॥'

অঙ্গসঙ্গ, অবলোকন ও শ্রবণ ক্রমান্নুযায়ী মনোদ্রব বা স্নেছ তিন প্রকার। যথা—কনিষ্ঠ, মধ্যম ও জ্যেষ্ঠ। ৫৯।

#### व्यवज्ञात ग्रामिक

#### যথা-

পালীর স্থী একিঞ্চিকে বললে:

'ঘনরসরপ ত্য়া তহুথানি যাহার পরশ পাঞা।

লাবণিয়া পালী মনেতে দ্রবিল বিলাসে কৌতুকী হঞা।'
তুমি ঘনরসের স্বরূপ, পালীর লাবণ্যরসময়ী মূর্তি। তোমার

ভূমে ঘনরসের স্বরূপ, পালার লাবিণারসময়া মৃতি। ভোমার আলিঙ্গনে সে কেন জবীভূতা হবে না!।৬০।

# অবলোকনে বা বিলোকনে মনোদ্রব

#### ষথা---

শ্রামার সধী বকুলমালা শ্রীকৃষ্ণকে বললে:

তুরা মূথ পদ্মস্থত শ্রামার হৃদয় দ্বত ক্রীভৃত হইবারে পারে।

দেখি শ্রামার মূখচন্দ্র তুরা মন চন্দ্রকান্ত না গলিলে চিত্র লাগে মোরে।

হে কৃষণ! শ্রামার হৃদয় য়ৢতসদৃশ, সুতরাং তোমার মুখমগুলের দিকে চেয়ে, তা জবীভূত হতে পারে। সেটা আশ্চর্য নয়। কিছু আশ্চর্য এই যে, শ্রামার মুখচন্দ্রিমা প্রকাশিত হলে, তোমার চিত্তরূপ চন্দ্রকাস্তমণি জবীভূত হরে জলধারায় পরিণত হচ্ছে। শ্রামা সন্দর্শনে ভোমার চিত্ত হির ও স্তব্ধ হয়ে আসছে। অর্থাৎ শ্রামাকে দেখে তুমিও অভিশয় বিমোহিত হয়েছ।

#### প্রবেশে মনোদ্রব

#### যথা-

বিশাখা শ্রীকৃষ্ণকে বললে:

হে মুরারি! ভোমার নামার্ধ কানে প্রবেশ করলেই, চোখের জলে প্রীরাধার বৃক ভেসে যায়। মদনমধুতে বিভোরা হয়ে, প্রীমতী বিমূচা হন। সেই কুবলয়াক্ষী কখনো স্থালিতবসনা হন, কখনো বা জ্তুণ করেন। ৬১।

# স্মরণ-হেতু মনোদ্রব

#### যথা-

হঠাং শীরাধাকে অশ্রুপ্তা দেখে, নান্দীমুখী বললে:
'কৃষ্ণচন্দ্র কার মনে বসিয়াছ স্বভবনে তেই তহু কাঁপিছে সঘনে।
ডোমার শ্বেহ অভিশয় ভাথে মন দ্রব হয় ইহা আমি বুঝিয়াছি মনে॥'

স্বরূপ সমুযায়ী স্নেহ হ'রকম—য়ৃত এবং মধু, অর্থাৎ য়ত-স্নেহ ও
মধু-স্নেহ। এক শ্রেণীর স্নেহকে য়তের সঙ্গে তুলনা করা যায়, অস্থা শ্রেণীর স্নেহ মধুর সঙ্গে তুলনীয়। ৬২।

## মুড-ক্লেছ

যে স্থেহ অত্যস্ত আদরময়, তাকে স্বতস্থেহ বলে। ৬৩।
ভাৰাস্তবের সঙ্গে মিলিত হ'লে স্বত-স্নেহের মাধুর্য বৃদ্ধি হয়। এই
স্নেহ আপনা-আপনি স্বাহতা লাভ করে না। পরস্পরের আদর
জনিত স্থিমতা বা শীতলভায় এই স্থেহ ঘণীভূত হয়। প্রগাঢ় আদরে
এই স্নেহের পৃষ্টি হয় ব'লে একে স্বত-স্নেহ বলা হয়েছে। ৬৪।

#### यथा-

## भगा वनातः

দূর থেকে যাকে দেখে, জ্রীকৃষ্ণ স্বয়ং আদর জানিয়ে নিজে উঠে গিয়ে আলিঙ্গন করেন, এবং যে নায়িকা নিজেও পবিত্র নিবিড় স্নেহে শ্রীকৃষ্টকে বশীস্থৃত ক'রে রেখেছে, এবং কেলিবৃষ্টিতে সিতোপলার (ওলার) মত অতিক্রেত বিগলিত হয়ে যায়, সেই চন্দ্রাবলীর সঙ্গে কার তুলনা হয়!

এই উদাহরণে মধু-স্লেহের প্রতি কটাক্ষ করা হয়েছে। ৬৫।

নিস্প্রয়োজন বোধে স্বত-স্নেহের দ্বিতীয় উদাহরণ এখানে বিস্তৃতভাবে দেওয়া হলো না। মর্মমাত্র উল্লিখিত হলো। যথা—

পুনর্বার নত্যের জন্ম রাসমগুলে দাঁড়িয়ে, ঐক্ফ চন্দ্রাবলীর বাঁ হাতথানি আপন স্কন্ধে রাখলেন। চন্দ্রাবলী সে হাতথানি সরিয়ে নিয়ে মাধবের স্কন্ধে ডানখানি রেখে, মদনাবেশে বিগলিতা হলো। ভাই দেখে, ঐমতীর কোন যুবতী স্থী হেসেছিল। ৬৬।

# গৌরব

যদিও গৌরব থেকে আদর উৎপন্ন হয়, তবুও এই ছটি স্নেহ পরম্পারের আশ্রিত। রতি বিষয়ে আদর থাকলেও, স্নেহ বিষয়ে সেটা আরও ম্পষ্ট। ৬৭।

# মধু-স্লেহ

প্রিয়ে, তুমি আমারই। কিংবা, আমার কৃষ্ণ!
নায়ক ও নায়িকার পরস্পরের প্রতি এই ধরণের আচরণে যে স্কেহ পরিবেশিত হয়, তার নাম মধু-স্কেহ। ৬৮।

> 'সহব্দে মধুর নানা রস সমাহার। যদি উমা ধরে সেই মধু সাম্যে তার॥'

যার মাধুর্য আপনা আপনি প্রকাশ পায়, স্ক্রভাবে যে অন্তত্তব নানারস-সমস্বিত এবং যা উষ্ণতা ও মন্ততা সঞ্চার করে, তার নাম মধু-ক্রেহ। ৬৯।

#### सथ।---

# **ब्रिक्क सूरमरक रमरमन**ः

'মেহ্মর মাধুর্ব দার তাহাতে নির্মাণ ধার হেন রাধা স্থার প্রতিমা। গুণ দংখ্যা নাহি তায় ভাব-উন্মা দদা গায় কিবা দিব তাহার উপমা॥ স্বৰু, রাধা মোর মন হরি নিল।

বার নাম কর্ণথে অর্থমাত্র প্রবেশিতে সব মোর বিশ্বতি হইল ॥'

যা মধুর, তার মাধুর্য প্রকাশে অক্স বস্তুর প্রয়োজন হয় না।
জীরাধা স্বয়ং মধুরা। মধু যেমন নানা পুষ্পের স্থাসমন্বয়ে সমৃদ্ধ,
জীরাধাও তেমনি নানাগুণের সমন্বয়ে পরিপূর্ণা। তাই জীরাধার স্নেহ মধু'র মতো মাদক ও উত্তেজক, এবং সেই অমুপমা নিবিড়
আনন্দময়ীর সংক্পর্শে শ্রীকৃষ্ণ জগং বিশ্বত হন। ৭০।

#### মান

যে স্নেহ উৎকর্ষ লাভ ক'রে নবতম মাধুর্য আসাদন করায়, এবং নিজেকে আচ্ছাদন করবার জন্ম অদাক্ষিণ্য ধারণ করে, অর্থাৎ বাম হয়, তাকে মান বলে।

#### যথা-

প্রীকৃষ্ণের সঙ্গে বনবিহারকালে আপন স্নেহ-প্রাচর্ষে প্রীমতী বিগলিতা হয়েছিলেন। তাঁর নয়নে অশুধারা প্রবাহিত হচ্ছিল। তাই দেখে, প্রীকৃষ্ণ তাঁর চোখে ফুঁ দিতে লাগলেন। স্কুল্মরী ক্রকৃটি ক'রে মুখ ফিরিয়ে নিয়ে বললেন—তোমার গাভীদের পায়ের ধ্লো উড়ছে। সেই ধ্লো আমার চোখে প'ড়ে চোখ কড়কড় করছে। এখন আর ফুঁ দিয়ে কি হবে ?

তাৎপর্য: থাক, ছঃখ দিয়ে আবার কপট ভালবাসা দেখানো কেন ? খুব হয়েছে, এখন আর দরদ দেখাতে হবে না।

জ্ঞীমতীর এই প্রকার উক্তি ও নিবিত স্নেহ-পরিবেশের মারখানে হঠাৎ ভ্রুকুটি সহকারে বামা হওয়ায়, মান প্রকাশিত হলো।

এই মান ए'त्रकरमत्र इब्न, छेनाख ও ननिछ। १১।

## উদান্ত মান

মৃত-স্নেহ থেকে উদাত্ত মানের উৎপত্তি হয়। উদাত্ত মান আবার হ'প্রকারের। প্রথম, এই মান কোনক্ষেত্রে গহনক্রম বা ছর্বোধ্য রীতি ধারণ ক'রে বাইরে দাক্ষিণ্য বা সরলতা প্রকাশ করে, কিন্তু প্রকৃতপক্ষে অদাক্ষিণ্য পোষণ করে। দ্বিতীয়, কোন ক্ষেত্রে বাইরে বামাভাব অর্থাৎ কোপ প্রদর্শন করে ও অদাক্ষিণ্য দেখায়। ৭২।

# দাক্ষিণ্য-উদান্ত মান

यथा-

শ্রীকৃষ্ণ কুন্দবল্লীকে বললেন:

'আমার বদলে রাধিকার নাম তাহা শুনি চন্দ্রাবদী।

ম্থের হাস্থ দিগুণ করিল হাতে দেয় করতালি।

বিনয় বচন শুনিয়া আমার বিনয় বচন কয়।

তাহা শুনি মোর স্থাগণ বেন চিত্রপুতলি হয়।'

প্রীকৃষ্ণের মূথে রাধিকার নাম শুনে, চম্রাবলীর অন্তরে যে আর্তি ও মানের উদ্ভব হলো, তা গোপন করবার জ্বন্স সে হাস্তসহকারে করতালি দিল। এটা চম্রাবলীর দাক্ষিণ্যযুক্ত উদান্ত মান। ৭৩।

# বাম্যগন্ধ উদান্ত মান যথা—বিষ্ণুপুরাণে

রাসলীলার পর ঐক্ষ অন্তর্ধান করেছিলেন। তার পর যখন তিনি ফিরে এলেন, তাঁকে দেখে কোন গোপাঙ্গনা ভ্রুকৃটি ক'রে ললাট কুঞ্জি করলেন, অথচ নেত্রভূঙ্গের ছারা তাঁর মুখপদ্মের মধুপান করতে লাগলেন। ভ্রুকৃটি ও ললাটভঙ্গের ছারা নায়িকার বামাভাষ প্রকাশিত হলো। কিস্তু নেত্রে দাক্ষিণ্য ফুটে উঠলো। ৭3।

#### ৰথা বা-

চন্দ্রাবলীর সধী অস্থাকোন সধীকে বললে:

পাশক থেলিতে ধনিরে জিনিরা হরি চাছে আলিখন।
কুটিল নয়নে মনে চাছে ধনি হাতে করে নিবারণ॥'

পাশা খেলায় আলিজন পণ ক'রে চন্দ্রাৰলী যখন পরাজিজা হলো, তখন গ্রীকৃষ্ণ তাকে আলিজন করতে উন্নত হলেন। তাতে চন্দ্রাবলী কৃটিল নয়নে তাঁর দিকে চেয়ে, হাত নেড়ে তাঁকে নিবারিত করবার চেষ্টা করলো। কিন্তু মনে-মনে সে আলিজন কামনাই করছিল।

এখানে মাধব কর্তৃক পরাজিতা হয়েও, কুটিল নেত্রে তাঁর দিকে দৃষ্টিপাত করায় বাহাতঃ বাম্যগন্ধ এবং হাত নেড়ে নিবারিত করবার চেষ্টায় দাক্ষিণ্য লক্ষণ প্রকাশিত হলো। ৭৫।

## गगिउ

যে মানে মধু-স্নেছ ও কৌটিল্য স্বতন্ত্রভাবে হৃদয়ঙ্গম করা যায়, তাকে লালিত মান বলে। বাচিক এবং মানসিক কৌটিল্যের নর্ম বিশেষকেও লালিত বলে। ৭৬।

# কোটিল্য-ললিভ

# যথা—শ্ৰীমন্তাগৰত দশমে

রাসাস্তর্ধানের পর প্রীকৃষ্ণকে দেখে, মানময়ী প্রীরাধার যে অবস্থা হয়েছিল, তার বর্ণনা ক'রে শুকদেব বললেন—রাজন্! .কান এক গোপী প্রণয়-কোপাবেশে বিবশা হয়ে, ক্রুকৃটি ক'রে প্রীকৃষ্ণের দিকে চেয়ে, ওঠ দংশন করতে লাগলেন। ক্রুকৃটি-কটাক্ষের জন্ম পরাভব যেন তাড়না করতে লাগলো।

শ্রীরাধার স্থতাং সকলের স্নেহও মধুস্নেহ। সেই স্নেহ থেকে উৎপন্ন ভ্রুকুটি-কটাক্ষ বা কোটিল্য 'ললিড' মধ্যে পরিগণিত। নর্ম ললিড আরো স্থানর।

## यथा वा-

মঙ্গলার সধী ভার কোন বান্ধবীকে বললে—
স্থি ৷ ঞ্জিক্ষ রাধাকে বলেছিলেন—মাধবি ৷ ভোমার স্থী এই

মঙ্গলা মদনোশ্বতা হয়ে পথের মাঝখানে আমায় স্বয়ং আলিজন দিয়েছিলেন।

এই কথা শুনে; মঙ্গলা কুটিলবদনা হয়ে, নিজের কিরীটহার দিয়ে শ্রীকৃষ্ণকে আঘাত করেছিল।

লক্ষাহেতু মঙ্গলা অধোবদনা হয়েছিল, এবং মুখখানি তির্বক ভঙ্গীতে নামিয়ে, মান প্রকাশ ক'রে, অবতংসের দ্বারা শ্রীকৃষ্ণের আঙ্গে মৃত্ আঘাত করেছিল। ক্রকৃটি করেনি, তাই এই অতিস্ক্রা দাক্ষিণ্যাংশ কোটিল্য-ললিত।

#### যথা বা-

রূপমঞ্জরী রতিমঞ্জরীকে বললে---

সখি! দীর্ঘক্ষণ ধ'রে স্পর্শস্থ অনুভব করবার জন্ম প্রীকৃষ্ণ অভি
ধীরে ধীরে প্রীরাধার চুচুকে (স্তনাগ্রে) পত্রবল্লী তিলক এঁকে
দিচ্ছিলেন। বিলম্বের উদ্দেশ্য ছিল দীর্ঘকালব্যাপী স্পর্শস্থ অনুভব
করা। কিন্তু তাতে প্রীকৃষ্ণের অঙ্গুলি থেকে স্বেদ নির্গত হচ্ছিল।
তাই দেখে, প্রীমতী চঞ্চলেক্ষণা হলেন। কোপ প্রকাশ ক'রে তিনি
পুলকান্বিত বামকুচের ধাকা দিয়ে কেশবকে দুরে সরিয়ে দিলেন।
এতে মান প্রকাশিত হলো। কিন্তু ক্রকুটি বা অন্য কোনরকম কুটিলতা
না প্রাকায়, যথেষ্ট দাক্ষিণ্যও প্রকাশিত হলো। কুচক্ষেপের দ্বারা
যত্তথানি কোপ প্রকাশিত হলো, তার চেয়ে অধিক প্রকাশিত হলো
আদর। সেইজন্ম এক্ষেত্রে ঘৃত-স্নেহের চেয়ে মধু-স্নেহের লক্ষণই
বেশী প্রকাশ পেল।

# নৰ্ম ললিভ

# यथा—मानदकनिदकोनूमीटङ

'মিছা না কহিবে তোমার রসনা সেহ বড় পুণাবতী। কুলবতী সতীর অধর পানেতে সদাই যাহার রতি॥ তোমার বে কর সে বড় স্থানর কেন বা করিবে বল। নীবির বছন দেখিয়া বে কর সদা করে টলমল॥' শীকৃষ্ণের প্রতি নর্মবাক্য প্রয়োগ ক'রে ললিতা বললেন—হে অঘরিপু! তোমায় মিথ্যাবালী আর বলি কেমন ক'রে? তোমার রসনা কি মিথ্যা বলতে পারে! সে যে সহস্র সাধনী রমণীর অধর-স্থা পান ক'রে পবিত্র হয়েছে। আর, তোমার ওই হাতছটিই বা কেমন ক'রে বলপ্রকাশ করবে? ওই হাত এমন দয়ালু যে, স্থলরীদের নীবিবন্ধন দেখলেই, অসহিষ্ণু হয়ে বন্ধন মোচন করবার জন্ম সর্বদাই টলমল করে। ৭৭।

এখানে নর্মবাক্য ও কৌতুকচ্ছলে শ্রীকৃষ্ণের প্রতি অভিযোগ প্রকাশ করা হলো। পরিহাসচ্ছলে 'মান' প্রকাশিত হলেও, তা মধুম্নেহসিক্ত ও ললিত। ললিতা কৌশলে বিপরীত লক্ষণা দ্বারা শ্রীকৃষ্ণের নিধ্যাবাদিত্ব ও নির্দয়তা ঘোষণা করলেন।

#### প্রথায়

মান যদি বিশ্রম্ভ ধারণ করে এবং প্রেম ও দৃঢ় বিশ্বাসের উপর প্রতিষ্ঠিত হয়, তা'হলে প্রণয় স্টিত হয়। মান যখন নায়িকাকে সন্ত্রমরহিতা করে, তখন সেই ভাববদ্ধনকে প্রণয় বলে। অর্থাৎ যেখানে প্রণয় পাকে, সেখানে মান উদিত হ'লে নায়িকা বিশ্রম্ভ ধারণ করে। বিশ্রম্ভ বলতে বুঝায়, সন্ত্রমবোধের শিথিলতা, কেলিকলহ ও যথেচ্ছ বিহার। এক্ষেত্রে নায়িকার মনে এই বিশ্বাস দৃঢ় হয় য়ে, নায়কের মন-প্রাণ-বৃদ্ধি-দেহ ও পরিচ্ছদ ইত্যাদির সঙ্গে তার নিজের মন-প্রাণ-বৃদ্ধি-দেহ ও পরিচ্ছদ দির কোন প্রভেদ নাই। উভয়ের সম্পর্ক নিঃসঙ্কোচ হয়ে ওঠে।

## যথা--

কুঞ্চতনে প্রীকৃষ্ণের পাশে লীলারতা প্রীরাধাকে উপবিষ্টা দেখে এসে, তাঁর অবস্থা বর্ণনা ক'রে রূপমঞ্চরী স্থাকে বললে:

'হরির কর কুটোপরি, তাঁর ক্ষে গ্রীবা ধরি ক্রকৃটিল কুটিল নরন। প্রয়োদাশ্র নেজে বর কৃষ্ণ অংক সিঞ্চ পীতবাদে কররে মার্জন ॥' এই উদাহরণে ভ্রুক্টির নিমিত্ত অসহিষ্ণুতা বা মান প্রকাশ পাছে। অঞ্চ থেকে চিত্তদ্রব ও প্রীকৃষ্ণের বল্লে সেই অঞ্চ মোছার জন্ত নায়িকার নিঃসঙ্কোচ ভাব বা নিঃসম্ভ্রমতা প্রকাশ পাছে। ৭৮। প্রণয়ের স্বরূপ হলো বিশ্রন্ত। বিদশ্বগণের মতে ওই বিশ্রম্ভ আবার হ'প্রকার। যথা, মৈত্র্যেও সখ্য।

# **ৰৈত্য**

ভাবজ্ঞ ব্যক্তিগণ বিনয়াম্বিত বিশ্রম্ভকে মৈত্র্য বলেন।

#### যথা-

স্বাধীনভত্ কা চম্রাবলীকে তার কোন কিঙ্করী বলেছিল:
'তোমার বে শ্রীচরণ নাহি কর সকোচন তাহাতে নৃপুর পরাইব।
বাহার শবদ শুনি লজ্জা পাবে মরালিনী বিপক্ষ কামিনী লাজ পাব॥'
অপর উদাহরণ শ্রীমন্তাগবত দশমে—

কোন গোপিনী তার অঞ্চলিবদ্ধ করতলে প্রীকৃষ্ণের হাতহটি চেপে ধরলেন। আবার কোন গোপিনী প্রীকৃষ্ণের চন্দনচর্চিত বাছহুটি নিয়ে নিজ্কের ক্ষমে ধারণ করলেন।

এই প্রকার আচরণের দার। শ্রীকৃষ্ণের শ্রেতি নায়িকাদের মৈত্র্য এবং দৃঢ় বিশ্বাস প্রকাশ পায়। এখানে নায়কের সঙ্গে নায়িকার আচরণ সম্ভ্রমরহিত হওর্মায় মিত্রতা স্থাম্পাষ্ট হয়ে উঠেছে।

এই উদাহরণগুলিতে সুস্পষ্ট প্রণয় ও কৃষ্ণ-ম্পার্শ-জ্বনিত চিত্তজ্ঞব স্কৃতিত হয়েছে। প্রণয় নিবিড় না হলে, করতল মধ্যে নায়কের করপল্লব চেপে ধরা বা তাঁর বাহুছটি স্কন্ধে তুলে নেওয়া ইত্যাদি নিঃস্কোচ আচরণ নায়িকার পক্ষে সম্ভব হয় না।

#### जपा

সাধাস্ অর্থাৎ সন্ধ্রম বা ভয় থেকে মুক্ত যে প্রাণয়-বিশাস তার নাম সধ্য। এই সধ্য প্রায় সিজের বশ্বভার মডোই। ৭৯।

#### यथ।--

বিশাখা জীরাধাকে জিজেস করেছিল—স্থি! কৌ ১কভরে প্রীকৃষ্ণের ক্ষরে নিজের বাহুলতাছটি রেখে, মাথাটি নত ক'রে তাঁর কানেকানে কি রহস্তবার্তা বলছিলে ? ।৮০।

# यथा वा-विकाशूबारन

শীকুষ্ণের প্রতি সত্যভামার উক্তি: তুমি বলো—'সভ্যভামা আমার প্রিয়া।' সে কি সভ্য ? 'ষদি তব সত্যবাণী পারিজাত তরু আনি মোর গৃহে কর আরোপণ।

তবে জানি মোর প্রতি তোমার অধিক প্রীতি, এইবারে জানি ভোমার

যন ।' ৮১ |

অপর উদাহরণ:

চন্দ্রমূপীর কোন স্থী তার বান্ধবীকে বলেছিল—আমার স্থী **हिल्यमुंशी औकृर**क्षत वृत्क व्यापन मताहत विकासकृत-त्वातकृति तिर्द्ध, কুত্বম দিয়ে তাঁর কপালে পত্রাক্কর তিলক আঁকতে লাগলেন।

# অথবা-ত্রীমন্তাগবত দশমে

'গোপী সঙ্গে রাস করি অন্তর্ধান হৈল হরি গোপী লয়া । রিদ গমন। গোপী কছে অহে হরি আমি ত চলিতে নারি লহ মোরে ষেথা ভোমার **प्रव**।'

ঞ্জীকৃষ্ণ কোন এক গোপাঙ্গনাকে একদিন একাকিনী গভীর অরণ্যে নিয়ে গেলে, সেই গোপাকনা নিজেকে সকলের চেয়ে সৌভাগ্যবতী মনে করেছিল। তাই সে গৌরবদুপ্তা হয়ে বলেছিল— হে কেশব। তোমার যেখানে ইচ্ছা আমায় নিয়ে চলো. কিছ আমি ষে আর চলতে পারছি না।

এই উদাহরণগুলিতে সখ্য-বিশ্বাস হেতু নায়িকার দৃথা ভাব, এবং সেইজন্ম তার মান পরিলক্ষিত হয়। ৮২।

#### (सर-अंग्य-माम

স্নেহ খেকে প্রণয় উৎপন্ন হয়ে, কোন কোন ক্ষেত্রে মানের উদ্ভব হয়। কোথাও বা স্নেহ থেকে মান উৎপন্ন হয়ে, প্রণয়ে পরিণত হয়। স্ভরাং প্রণয় ও মান—এই ছটির ভিতর পরস্পারের কার্যকারণ সম্পর্ক আছে। সেই জন্ম পৃথক্ রূপে এগুলির উদাহরণ উল্লিখিত হয়েছে।

ভা ছাড়া, উদান্ত এবং ললিত—এই হুটি ক্রমের সঙ্গে মৈত্র্য এবং সংখ্যার স্থাসক্তি আছে। তার জন্ম স্থামিত্র্য ও স্থাস্থা সম্পর্কে স্বতম্বভাবে বলা হলো।

# স্থবৈত্ত্য

প্রাতঃকালে চন্দ্রবিলী প্রসঙ্গে তার কোন সথী অহ্য এক স্থীকে বললে—সুন্দরি! মধুরিপু যখন স্থীদের সামনে রন্ধনীর সন্তোগ-রহস্তের কথা বলতে উন্তত হলেন, তখন মৃহলা চন্দ্রবিলী ভ্রুভিলি করতে লাগলেন ও নিজের করপল্লব দিয়ে জ্রীকৃষ্ণের মুখ আর্ভ করলেন। সংশাচভরে তিনি অবনতমুখী হলেন।

#### স্থ সখ্য

## यथा-

वृन्ता नान्तीभूषीरक वनरनन—

'একবার করি অধরচ্যন খেলাপণ নিরমাণ। জিনিয়া নাগর রাধার অধর ত্বার করিল পান॥ ভাহা দেখি রাধা কুটিল নয়নে চাহরে নাগর পানে। ভূজনভা দিয়া অমনি বাঁধিল রোব করি বেন মনে॥'

এই উদাহরণে অধিক দাক্ষিণ্য প্রকাশিত হলো ব'লে, এটিকে জীমতীর স্থৃতন্তেহাংশরূপে গণ্য করা যায়।

# মধু-স্লেহবতী জ্রীরাধার স্থলখ্য

শ্রীকৃষ্ণ যখন স্থাদের সম্মুখে তাঁর পীত উত্তরীয় পরিত্যাগ ক'রে বক্ষ উন্মুক্ত করলেন, অর্থাৎ বুকে নখরাঘাতের নূতন চিহ্নগুলি স্থাদের সামনে খুলে দেখালেন, তখন ভ্রুকৃটি ক'রে কম্পিতবদনা গান্ধবিক। কাঁচুলিবিমুক্ত রোমাঞ্চিত কুচন্বয়ের দারা শ্রীকৃষ্ণের বক্ষ আবৃত করলেন। ৮৩।

শ্রীমতী হাত দিয়ে শ্রীকৃষ্ণের বুক আবৃত করবার চেষ্টা করলেন না, পাছে আবার তাঁর বুকে নখের আঘাত লাগে। এখানে নায়িকার অভিশয় সুসখ্য প্রকাশ পাছেছে। ভবে ভুকুটি এবং কম্পিত অধর ইত্যাদি বিপরীত লক্ষণায় তাঁর মান ও অস্থা পরিলক্ষিত হলো।

#### বাগ

প্রণায়ের উৎকর্ষ-হেতু যেখানে চিত্তে অতিহঃখও সুখরূপে অমুভূত হয়, তাহার নাম রাগ।

#### यथा-

ললিতা সখীদের বললেন:

'স্ব্যোর কিরণে তপ্ত স্থাকাস্তমণি যত, তাথে অক্সিডট ক্রধার। ভাহাতে দাঁড়াঞা রাধা না জানে মনের বাধা দেখে ক্লফ দৌন্দর্য অপার॥ দেখ রাধা-প্রেমের মাধ্রী।

इन्मीवत र्शां अति (यमन চत्रण धति व्यवस्था ति स्मानी।

প্রথর স্থাকিরণে উত্তপ্ত বন্ধুরও অতিত্র্গম গিরিতটে তীক্ষ্ণার করাল শিলাখণ্ডগুলির উপর দাঁড়িয়ে শ্রীরাধা ক্ষের সৌন্দর্শ দর্শনে অপার আনন্দ ও সুখ অমুভব করছেন। এই ত্র্গম গিরিতটে তৃঃখপ্রদ উত্তপ্ত ধারাল শিলাখণ্ডগুলিতে যেন পদ্মসুল বিছানো আছে। শ্রীমতী কোন ছঃখই অমুভব করছেন না। পরস্ত এত তুঃখণ্ড যেন জাঁর মুখামুভূতিতে পর্ববসিত হচ্ছে।৮৪।

কৃষ্ণকে পাবার সম্ভাবনা যখন থাকে না, তখন কৃষ্ণ-সঙ্গের আভাস বা তাঁর সঙ্গনতি অপবাদের হুঃখও সুখপ্রদ হয়। যে কলছের কথা শুনে হুঃখ পাবার কথা, তা শুনেও মনে আনন্দ সঞ্চারিত হয়। ৮৫।

# রাগভেদ

রাগ দ্বিধ-নীলিমা ও রক্তিমা। ৮৬।

## নীলিমা

নীলিমা রাগকে আবার গু'ভাগে ভাগ করা যায়। যথা, নীলী ও খ্যামা। নীলবৃক্ষ (Indigo) এবং খ্যামলতা (Green Creeper) এই ছটি বস্তুর রাগের বা বর্ণের সঙ্গে ভূলনায় রাগকে যথাক্রমে নীলা ও খ্যামা রাগ বলে। ৮৭।

## मीलीवार्ग । ৮।

বে রাগের ক্ষয়ের সম্ভাবনা নাই এবং যা বাইরে পুর বেশী প্রকাশ পায় না, এবং সংলগ্নভাবকে আর্ভ করে, বিদ্যাগণ তাকে নীলী রাগ বলেন।

ধৌত বল্পে নীল দিলে, নীল নিজেকে ততথানি প্রকাশ করে না, যতথানি তৎসংলগ্ন বল্পের শুভাভাবকে আবৃত করে। বল্পের শুভাভাব নীলের দার্রা আবৃত হয় এবং নীলের নীলম্ব শুভাবাসে সমাহিত (absorbed) হয়। ফলে এই হটি রাগের স্বতন্ত্র সন্তা আর প্রকট থাকে না। 'দোহার অক্ষয় রাগ প্রকাশ নাই তার।'

এই রাগ চন্দ্রাবলী ও কুষ্ণের মধ্যে পরিলক্ষিত হয়। ৮৯।

#### यथा-

# ঞ্জিকুকের প্রতি ভজার উক্তি:

'বিশদ আৰহে তুৱা প্ৰতারণা গুণ বলি পুন: মানে। চন্দ্ৰাবলী স্বে ডোষার পীরিভি দবীরাও নাতি জানে ॥' > ॥

## খ্যামা রাগ

ভীক্ষতার জন্ম বা অল্ল প্রকাশিত, এবং যার জন্ম চিরকাল ধরে সাধ্য-সাধনা করতে হয়, তাই শ্রামা রাগ। ৯১।

## যথা--

কলহাম্বরিতা ভজার প্রতি তার সখীর উক্তি:

'পুর্ব্বে কুঞ্জের অস্তবে অক্সমাত্র অন্ধকারে না হাইতে ক্বঞ্চের নিকটে। সেই তুমি কুঞ্জঘরে অভিযোর অন্ধকারে তারে থুঁ জি পড়িছ সহটে॥'

ভীক্ষতার জন্ম আগে তৃমি দিনের বেলায় কুঞ্জভবনের অল্প অন্ধনারেও শ্রীকৃষ্ণের নিকট যেতে চাইতে না, চকিতা হ'তে। আর এখন, সেই তুমি রজনীর গভীর অন্ধকারে অধিকতর অন্ধকারময় তমালবনে বিপন্না হয়ে শ্রীকৃষ্ণকে খুঁজে বেড়াচছ। শ্রীকৃষ্ণের দারা প্রভারিত হওয়ার হংখ এবং ভীক্ষতার জন্ম গভীর অন্ধকারে ঘুরে বেড়ানোর কষ্ট তোমার সুখামুভূতিতে পরিণত হয়েছে। ৯২।

# রক্তিমা

কুস্ত বা কুসুম ফুলের এবং মঞ্জিলতার দেরঙ, তার সঙ্গে তুলনীয় রাগকে রক্তিমা বা রক্তিম রাগ বলে। ১৩।

# কুমুম্ভ রাগ

'কুস্ত রাগ যেই চিত্তে লাগয়ে তুরিত। অন্যরাগ হ্যতি ব্যঞ্জে শোভে যথোচিত॥' ৯৪॥

কুম্ভ পুল্পের রঙ স্বভাবত: স্থায়ী নয়। কি এ অন্য জিনিসের সলে একতা সিদ্ধ করলে সে রঙ স্থায়ী হয়। মঞ্জিলিতার রঙ স্বভাবত: স্থায়ী। শ্রীমতী মঞ্জিলিরাগিণী। তাই তাঁর সলে স্বিতি-ভাবে মিশে খ্যামলা প্রভৃতি যুথেশ্রীদের কুম্ভরাগ স্থায়িভাব ধারণ করে। শ্রীমতীর মঞ্জিঠা রাগের হাতি তাদের মধ্যে প্রতিক্লিভ হয়।

#### यथा---

ব্রীকৃক্ষের প্রতি শ্রামলার কোন অমিতার্থা দৃতীর উক্তি:
'তোমার ধ্ববণাবধি ভূজদ দেখরে বদি তারে তুয়া ভূজ বলি মানে।
নানাভাব পরচার এমন স্বভাব তার চিত্তধৈষ্য ছাড়ে উন্মাদনে।
তোমার সাক্ষাতে দেখি ম্দিয়াছে ছই অাখি, বে দশা হৈল সাক্ষাৎকার।
কিরে অন্তরাগিণী কিমা হল বিরাগিণী, ব্রিতে আমার হল ভার।' ১৫॥

এই অনির্বচনীয় দশা দেখে প্রতীয়মান হয় যে, প্রীরাধার বা তাঁর সঙ্গিনীদের সঙ্গে মিশে খ্যামলার কৌস্মুম্ভরাগ স্থায়ী রাগে পরিণত হয়েছে। ৯৬।

# মাঞ্চিষ্ঠ বাগ

যে রাগ কিছুতেই নষ্ট হয় না, অন্থ কিছুর জন্মও অপেক্ষা কবে না, সর্বদাই আপন কান্তির দ্বাবা বৃদ্ধিশীল হয়, তাকেই মাঞ্চিষ্ঠ রাগ বলে। যেমন—শ্রীবাধা ও শ্রীকৃষ্ণেব পারস্পবিক রাগ।

মঞ্জিষ্ঠার বঙ যেমন জলে ধুয়ে ওঠেনা, মাঞ্জিষ্ঠ রাগও তেমনি সঞ্চারিভাবের দ্বারা কখনো নই হয় না। এই রাগ স্বভঃসিদ্ধ শ্রামার রাগের মতো অনক্সসাপেক্ষ এবং আপনা-আপনি বৃদ্ধি পায়। মাঞ্জিষ্ঠ রাগ কুসুস্থরাগের মতো পরিমিত নয়। অমুরাগ লক্ষণে এ রাগ অক্সকোন রাগের সক্ষে মেশে না। ৯৭।

#### स्था-

শ্রীকৃষ্ণের রাগলক্ষণ সম্পর্কে পৌর্ণমাসীর উক্তি:
'উপাধি রহিত জন্ম কখন নহে ত ক্ষীপ্ত অতিভয়েও রস বরিষণ।
ক্ষণে বাডে বহুতর অতি চমৎক্ষতিকর রাধাক্তফের ভাব সর্বোভয়॥'

রাধাকুকের এই থপ্রেমামুবদ্ধ উৎসব নিরুপম। উপাধি ছাড়াও উৎপদ্ধ হয়। কোন বিধি-নিষেধ, গুরুজনের ভয়, বা কট উপন্থিত হ'লে রলের অধিক উৎপত্তি ও সমৃদ্ধি হয়। সেইখানেই এই প্রেমের চমংকারিশ। ১৮। পূর্বে যে সব ভাবের কথা বলা হয়েছে, তার মধ্যে চন্দ্রাবলী এবং ক্ষিণী প্রভৃতি নায়িকাদের ভাব হলো স্বভ্নেহ, উদান্ধ, মৈত্রা, স্থেমিত্র্য ও নীলিমা রাগ। শ্রীরাধার ভাব হলো—মধ্মেহ, ললিত, সখ্য, স্থেমত্র্য, নীলিমা, স্থমখ্য এবং রক্তিমা প্রভৃতি। সত্যভামার মধ্যেও এই লক্ষণগুলি আছে। এসব ছাড়াও, ব্রজস্কারীদের মধ্রাখ্য স্থায়িভাব ও ব্যভিচারিভাব প্রভৃতি বিবিধ ভেদ এবং স্থপক্ষ, স্থহৎপক্ষ তিইছ ও প্রভিপক্ষ প্রভৃতি প্রকারভেদ আছে।৯৯—১০১।

## অনুৱাগ

যতবার প্রিয়কে দেখে, ততবার যেন মনে হয় নতুন। যতবার অফুভব করে, ততবারই মনে জাগে অনাস্বাদিত অফুভৃতি। এই অবস্থার নাম অফুরাগ। ১০২।

নায়কের মাধুর্য ব। মধুরিমা মুত্তমূতি অহুভূত হলেও, সেই মধুরিমাকে আবার অহুভব করবার অতিশয় তৃষ্ণাকেও অহুরাগ বলে।

## ৰথা-

ললিতাকে প্রীরাধা বললেন—সধি! প্রীকৃষ্ণকে বারবার দেখেছি, তবুও যেন মনে হয়, পূর্বে কখনো এমন অপূর্ব মাধুর্য দেখিনি। কি বলবো, যে-কোন একটা অঙ্গে যে শোভা, আমার নয়ন তার অমুমাত্র আস্বাদন করতে পারে না। দেখেও মনে হয়, দেখা হলো না। ১০৩।

#### যথা বা---

শ্রীরাধা বললেন—এই শ্রীকৃষ্ণ কে, স্থি! গাঁর ওই ছ' অক্ষর নাম শুনলে আমার ধৈর্যচ্যতি ঘটে ?

ললিভা বললেন—একি বলছো র।গান্ধে ! তুমি ভো সঁর্বদাই ভাঁর স্থাদয়ে ক্রীড়া করো।

গ্রীরাধা বললেন—স্থি ! হেসো না।

ভাবে ললিতা বললেন—কিন্তু হে বিমোহিতে! এইমাত্র যে আমরা তাঁর হাতে তোমায় তুলে দিয়েছিলাম।

শ্রীরাধা উদ্ধরে বললেন—তা সত্যি। কিন্তু আমার মনে হচ্ছে বে, জন্মের ক্লাখ্যে যেন আজই প্রথম দেখলাম ওই বিহাৎ-সদৃশ প্রাণেশরকে। ১০৪।

# পরস্পর বদীভাব ও প্রেমবৈচিত্ত্য

এই অমুরাগে নায়ক ও নায়িকা পরম্পরের বশীভূত হয়, উভয়ের বশীভাব স্পষ্ট হয়, এবং অনেক সময় নায়িকার অবশীভাব হয়, অর্থাৎ লক্ষাসরম ইত্যাদি থাকে না। অপ্রাণিরূপে জন্মগ্রহণ করবার আকাথা হয় এবং বিপ্রলম্ভে শ্রীকৃষ্ণের ফুর্তি হয়, অর্থাৎ নায়িকাকে প্রতারণা ও প্রবঞ্চনা করা এবং তার সঙ্গে কলহ ও বিচ্ছেদ ইত্যাদি ঘটানোর অমুভাব হয়। ১০৫।

# বশীভাব

मथ|--

শ্রীকৃষ্ণের প্রতি কুন্দলতার উক্তি:
'রাধা গোবিন্দের প্রেম বেন জন্মন হেম পরস্পর বাড়িবারে চান্ন।
কুষ্ণমন কুষ্ণর রাইক প্রেম নিগড় সদাবদ্ধ আছয়ে ভাহার॥
কৃষ্ণপ্রেমের অপূর্ব মাধুরী।
বাহার প্রেমের গুণে রাধার মনোহরিণে বাদ্ধিরাছে নিজবশ করি॥'

ক্রিমেরৈচিন্ত্র্য

প্রেমবৈচিন্ত্যে বিপ্রবস্তভাব পরে বর্ণিত হবে। ১০৬।

অপ্রাণীতে জন্ম-লালস। যথা—দানকেলিকোমুদীতে

ললিতাকে শ্রীরাধা বলেছিলেন :

'লাগরে বাইয়া কামনা করিব বেণু হব এইবার।

শ্রিভুবন মাঝে বতেক জনম বেণু সে সকল দার॥
বে তপ করিয়া মুরলী হয়েছে দদা রহে শ্রাম করে।

শ্বারের স্থা বড়ই মধুর মনোস্থাধ পান করে॥' ১০৭॥

# বিপ্রলম্ভে ক্তি

#### स्था-

মথুরাগামী কোন পাস্থকে সম্বোধন ক'রে ললিতা বলেছিলেন:
হে পথিক! তুমি মধুরায় গিয়ে মাথুরানাথকে উচ্চকণ্ঠে এই কথা
বলো বে, কোন অঞ্জমুন্দরী তোমায় জানিয়েছে—হে কৃষ্ণ! তুমি
রাজধানীতে গিয়ে থাকতে চাও, স্বচ্ছন্দে থাকো। কিন্তু চারিদিকে
ফুডিশীল হয়ে কেন আমার ছাখিনী প্রিয়সখীকে বারবার এমন
ক'রে ছাথ দিচ্ছ। ১০৮।

#### ভাব

অমুবাগ যদি আপনা-আপনি সংবেদনযোগ্য বা উন্মুখত। প্রাপ্ত হয়ে প্রকাশ পায়, তা'হলে তাকে ভাব বলে। ১০৯।

#### यथ।-

वृन्ता औक्षाक वनामनः

'জৌ রাধারুষ্ণ মন খেদে করি বিলেপন ভেদভ্রম দূর করি দিল। এক্ষাপ্ত হর্ম্যের মাঝ শৃকার চিত্রকরাজ নবরাগ হিকুল তাথে দিল। বিরচিল বড়ই অঙুত।

ভাথে চিত্র কৈল যেই পরম মোহন সেই ভাহা নহে কাহাঃ ইদিত।

রাধা ও কৃষ্ণ পরস্পরের চিত্ত যেন জতু অর্থাৎ লাক্ষা। প্রেমের উত্তাপে জবীভূত হয়ে ছটি চিত্ত একসঙ্গে মিলিত হলো। ছটি হৃদয়ের মধ্যে ভেদজ্রম দ্রীভূত হলো। জবণের দ্বারা স্নেহময় এবং একীভূত হয়ে মিলিত হওয়ায়, প্রাণয় স্চিত হলো। জতুর হিঙ্গুলবর্ণের দ্বারা উভয়-চিত্তের মহাভাব অর্থাৎ অনুরাগের উৎকর্ষ সংবেদিত হয়। ১১০।

## মহাভাব

উল্লিখিত ওই ভাব ঞ্রীকৃষ্ণের মহিবীদের মধ্যে তত স্থলভ নয়। কেবলমাত্র কৃষ্ণপ্রিয়া ব্রজস্থলরীদের পক্ষেই সম্ভব। এই ভাবকে মহাভাব বলে। ১১১। এই মহাভাবই শ্রেষ্ঠভাব এবং অমৃতত্ন্য সমৃদ্ধিতে চিত্তকে পরিপূর্ণ করে। চিত্ত নিজস্ব রূপ প্রাপ্ত হয়। ১১২।

বিদ্যাপণ এই ভাবকে রাঢ় এবং অধিরাঢ় এই ছুই শ্রেণীতে ভাগ করেছেন। ১১৩।

# ক্ষত্তাব

যে মহাভাবে প্রণয়ের সান্ধিক মনোভাবগুলি (স্তম্ভ, স্বেদ, রোমাঞ্চ, স্বরভঙ্গ, বেপথু, বৈবর্ণ্য, অঞ্চ, প্রলয় বা মূছণি প্রভৃতি লক্ষণযুক্ত ভাব ) উদ্দীপ্ত হয়, তাকে রুঢ়ভাব বলে। ১১৪—১১৫।

# রুত্ভাবের অনুভাব

রাণ্ডাবের অন্থভাবে নায়িকা একটি নিমেষও ধৈর্য রাখতে পারে না। সে অবস্থা দেখে, নিকটস্থ জনের মনেও ক্ষোভ উপস্থিত হয়। অভিঅল্পকালকে কল্পকাল ব'লে মনে হয়। এ অবস্থায় নায়কের সুখেও নায়িকার মনে ছঃখের শঙ্কা জাগে।

> 'এককণ কাস্তে যদি না দেখে নম্ননে। অতি অল্পকণ কল্পকাল করি মানে॥ এই সব অফুভাব রুঢ়ভাবে হয়। যোগ বিয়োগ উচিত করিএ নির্ণয়॥' ১১৬॥

# নিমেবের অসহিষ্ণুভা

#### ষথা-

অনেকদিন পরে গোপীগণ ঐক্তিকে দেখে অভীষ্টলাভের আনন্দে উৎফুল্ল হয়ে উঠুলো। অপলক দৃষ্টিতে চেয়ে তারা বলতে লাগলো, হায় বিধাতা! তুমি নয়নে পল্লব দিলে কেন? চোখের পাতা না ধাকলে যে প্রিয়তমকে অনিমেষ দৃষ্টিতে দেখতে পেডাম।

া বোগিগণের নিকট তুর্লভ ঞীকৃষ্ণকে ভারা নয়নপথে স্থাদয়ে আলিজন ক'রে, ভাবে গদগদ হয়ে উঠলো। ১১৭।

নিষ্প্রয়োজনবোধে প্রতিটী অন্নভাবের পৃথক্ পৃথক্ উদাহরণ দেওয়া হলো না। ১১৮-১২২।

# অধিক্রচ ভাব

যাতে রুড়ভাবোক্ত অনুভাবগুলি থেকে সান্ধিকভাবসমূহ কোন বিশিষ্ট দশা প্রাপ্ত হয়, তাকে অধিরুড়ভাব বলে। ১২৩।

#### যথা---

মহাদেব পার্বতীকে বললেন:

'ত্রিভূবনের যত স্থথ আর যত আছে তৃথ সবে যদি একতা মিলয়। রাধার স্থতঃথসিকু তার যে একটিবিন্দু তাহার তুলনা নাহি হয়॥'

লোকাতীত কোটিকোটি ব্রহ্মাণ্ডের ভূত ভবিষ্তৎ ও বর্তমানের সৰস্থাক্থে যদি একতা করা হয়, তবুও শ্রীরাধার প্রেমোৎপন্ধ মিলন ও
বিরহের বিন্দুমাত্র স্থাহ্যথের সলে তার তুলনা হয় না। শ্রীরাধার
স্থাহ্থে সিন্ধুর তুলনায় সে যেন একটি বিন্দুর চেয়েও কম। ১২৪।
অধিরচ্ভাবের মোদন ও মাদন—এই তুই প্রকারভেদ হয়।

## মোদন ভাব

যে অধিরত ভাবে রাধাকৃষ্ণের সাত্তিক ভাবগুলির ও**দর হর, তার** নাম মোদন। ১২৫।

#### যথা-ললিভমাগৰে

'রাধাক্তফের উল্লাস কল্পতক পরকাশ তাহে কলকণ্ঠনাদ শুনি। শুস্তশোভা অভিশয় শোভিত অঙ্কুর হয় স্বেদজল মৃক্তাফল জিনি। অতি শোভে সেই তক্তবর।

অঞ্জল মধু পড়ে কাঁপয়ে বিভ্রম ভরে ডাঃ মূল বড় দৃঢ়তর ॥' ১২৬॥

যে অধিরত অমুভাবে কাস্তাগণের সঙ্গে **প্রীকৃষ্ণের প্রণয়ে** বিক্ষোভ-ভয় সঞ্চারিত হয় এবং প্রেমসম্পদে মহীয়সী কাস্তাগণের প্রেমাধিক্য ব্যক্ত হয়, তার নাম মোদন। ১২৭। २१८ उँव्यक्तनीनम्

এই মোদন শ্রীরাধার যূথেই সম্ভব হয়, সর্বত্র হয় না। মোদনই জ্লোদিনী শক্তির প্রিয়তর শ্রেষ্ঠ বিলাস। ১২৮।

# কান্তাগণের ক্লোভকারিতা বিধা—

কুরুক্তে যাত্রাকালে ব্রজদেবীগণের সঙ্গে প্রীকৃষ্ণের যে মিলন হয়েছিল, তার বর্ণনা শুনে রুল্নিণী প্রভৃতি মহিবীগণ চমংকৃতা হয়েছিলেন। তাঁদের অস্তরে ব্রজদেবীগণকে দেখবার অভিলাষ হলেও তাঁরা আপন-আপন গৃহে নির্জনে অবস্থান করছিলেন। প্রীরাধার 'মোদন' ভাব উদিত হয়েছিল। কিন্তু রুল্মিণীর অতিশয় ক্ষোভ দেখে, তাঁর কোন এক স্থী অস্তুস্থীকে বলেছিল—প্রীরাধার প্রেমতরঙ্গে প্রীকৃষ্ণেরপ সাগর অবরুদ্ধ হয়েছে। প্রীকৃষ্ণের প্রেমের চেয়ে প্রীরাধার প্রেমের আধিক্যই অনেক বেশী উল্লেখযোগ্য ও গরীয়ান্।

ভজা দেবীর বাণী স্তব্ধ হলো। কালিন্দীর বাষ্প্রাচন হতে লাগলো। নর্মদায়িনী সত্যভামার ইতস্তত ভ্রমণ আরম্ভ হলো। গান্তীর্যশালিনী রুক্মিণী দেবী বিবর্ণা হলেন। তাঁদের ক্ষোভের অন্ত রইল না।

শ্রীমতীর মোদন ভাবের কিঞ্চিৎ উপশম হলে, মহিধীরা কথঞিৎ সুস্থ হলেন। শ্রীরাধার স্তব ক'রে তাঁরা তাঁকে প্রণাম করলেন। তারপর আপন-আপন গৃহে ফিরে গেলেন। কিন্তু শ্রীরাধা তাঁদের লক্ষ্যুও করেন নি। তিনি আপন-ভাবে বিভোরা হয়ে ছিলেন। ১২৯।

# প্রেমোরুসম্পদ্ধ ভী বৃন্দাভিশরিত্ব

यथा -

ক্লিণী দেবীর সখীর উক্তি:

দেশ, শ্রীরাধার অমুরাগ সমূত্রে যে তরঙ্গ উথিত হচ্ছে, তার অষয়ভাব মহেশরের ভঙ্কস্থিতা পার্বতীকে, নারায়ণের বক্ষস্থিতা উজ্জলনীলমণি ২৭৫

লক্ষীকে এবং **প্রাকৃ**ষ্ণের মনোভৃক্তের নলিনী সত্যভাষা ও প্রাণস্থী চক্ষাবলীকে দূরে ক্ষেপণ ক'রে প্রীকৃষ্ণকে রুদ্ধ করেছে।

'বে ভবানী শিবগায়ে অর্থঅক হয়ে রয়ে নারায়ণের বক্ষে লক্ষী রহে। সত্যভাষা বড় প্রিয়া চন্দ্রাবলী অতিশয়া তথাপি রাধার তুল্য নহে॥'

#### মোহন ভাব

বিশ্লেষদশাতে মোদন ভাব মোহন নামে কণিত হয়। এই মোহন ভাবে বিরহ-বিবশতার জন্ম নায়িকার সান্ধিক ভাবগুলি আরো স্কুডুভাবে দীপ্তি পায়। ১৩•।

#### ষথা--

বুন্দাবন হতে উদ্ধব যথন মথুরায় ফিরে গেলেন, গ্রীকৃষ্ণ তাঁকে বুন্দাবনের বার্ডা জিজেন করলে তিনি বললেন:

শ্রীরাধার তন্থ বিকম্পিত হচ্ছে, স্বরভঙ্গ হয়েছে, চোধের জলে যমুনা বয়ে যাচ্ছে, নয়ন বাষ্পাকুল এবং অঙ্গসকল জড়সড়। তোমার বিরহে চম্পকবরণী শ্রীরাধা পাণ্ডুর হয়ে শ্বেতবর্ণ ধারণ করেছেন। তাতেও যেন শ্রীমতীর এক আশ্চর্য রূপ বিকশিত হয়েছে!

শ্রীমতীর এই মোহনভাবে সাম্বিকভাব**গুলি ছাত্তি স্থন্দররূপে** প্রকাশিত হয়েছে। ১৩১।

## মোহনের অনুভাব

এই মোহনভাবে কান্তার দারা আলিঙ্গিত হয়ে **প্রীকৃষ্ণের মোহ,**প্রীকৃষ্ণকে সুখী করবার জন্ম কান্তার অসহা ছঃখ স্বীকার, মরণপণ
ক'রে প্রীকৃষ্ণের সঙ্গতৃষ্ণা এবং দিব্যোন্মাদাদি নানা অমুভাব হয়।
একমাত্র বৃন্দাবনেশ্বরীতেই এই মোহনভাব পরিপূর্ণরূপে প্রকাশ
পায়। সঞ্চারি মোহতেও এই ভাব বিলক্ষণ প্রকাশ পায়। ১৩২।

# কান্তা-আলিন্ধিত এক্রিকের মুর্চ্ছ।

পদ্মাবলীতে কবি উমাপতি ধরের উক্তি:

#### যথা-

'ধারকার রত্বদরে বনিয়াছে যত্বরে ক্কিনী করিয়া আলিজন। রাধাকুঞ্জে রাধা সঙ্গে অরয়ি সে সব রজে অমনি হইল ম্বছন॥'

রাজপ্রাসাদে রুক্মিণী দেবীর দারা আলিঙ্গিত হয়ে প্রাকৃষ্ণের অঙ্গ পুলকে রোমাঞ্চিত হচ্ছিল, এমন সময় যম্নাতীরের কুঞ্জে প্রীরাধার কেলি-পরিমল স্মৃতিপথে উদিত হওয়ায়, প্রীকৃষ্ণের মূচ্ছণ উপস্থিত হলো। মাধ্বের এই প্রোম বিশ্বকে রক্ষা করুন। ১৩৩।

নিষ্প্রয়োজনবোধে মূর্চ্ছার অন্তান্ত উদাহরণগুলি এখানে দেওয়া হলো না ১৩৪-১৩৬।

# হৃত্যুস্বীকার ক'রে একুফোর সঙ্গতৃষ্ণা

#### स्था--

ললিতার প্রতি:শ্রীরাধার উক্তি:

'ভন্ন হোক বিনাশন তার যত ভূতগণ মহাভূতে করুক প্রবেশ।
বিধির চরণ ধরি রহুত বিনয় করি তাথে এই যাচিয়ে বিশেষ॥
বাথে স্থান করে হরি আমার অঙ্কের বারি সেই সরোবরে রহু বায়া।
কৃষ্ণ মুধ দেখে যাথে হেন সেই মুকুরেতে মোর তেজ রহু লয় হয়া॥
কৃষ্ণের বে অক্ন তাথে রহু শৃত্যগণ কিতি রহু গোবিন্দের পথে
কুষ্ণের বে বীজন মোর অক্পবন চিরকাল লীন রহু তাথে॥'

# দিব্যোগ্যাদ

যে অনির্বচনীয় বৃত্তিবিশেষ এই মোহন ভাবে বিভ্রম সৃষ্টি ক'রে বিচিত্র দশার উদ্ভব করে, তাকে দিব্যোমাদ বলে। এই দিব্যোমাদে উদ্যুণ্ ও চিত্রজন্ন প্রভৃতি অবস্থাভেদ ঘটে।

# डमच् नी

'অকের বিবশতা হরে নানা চেটা হয়। উদযুগা বলিয়া তারে কবিগণ কয়॥'

বিবশভার নানা চেষ্টার বিলক্ষণ প্রকাশকে উদযুর্গা বলে। ১৩৭।

এ অবস্থায় নায়িকা বিরহের আতিশয্যে উদ্ভান্ত হয়ে ওঠে। বিরহ উদ্ভামে নানা দশা উপস্থিত হয়।

#### যথা--

শ্রীকৃষ্ণকে উদ্ধাব বললেন: হে কেশব! তোমার বিরহে ব্যথিতা শ্রীরাধার কোন্দশাই বা না হলো! তিনি উদ্ভাস্ত হয়ে কখনো বাসকসজ্জায় কুঞ্জগৃহে শয্যা রচনা করছেন। কখনো খণ্ডিতাভাব অবলম্বন ক'রে অতিশয় কোপবশতঃ নীল মেঘকে তর্জন করছেন। কখনো বা অভিসারিকা হয়ে নিবিড় অন্ধকারে একাকিনী ভ্রমণ করছেন। ১৬৮।

ললি শাধবের তৃতীয় অঙ্কে, শ্রীকৃষ্ণের মথুবা গমনের পর, শ্রীরাধার এই উদযূর্ণাভাব বিশেষভাবে বাণত হয়েছে। ১৩৯।

#### চিত্ৰজন্ম

প্রিয়তমের স্কাদের সঙ্গে যদি বিরহিণী নায়িকার দেখা হয়, তা হলে গৃঢ়-রোষবণে নায়িকা যে অজস্র কথা বলে, তাকে চিত্রজ্জর বলে। এইভাবে নানা কথা বলার পর, পরিশেষে নায়িকার মনে ভীব্র উৎক্ঠার সৃষ্টি হয়।—'এসব কথা কেন অন্তের স্বাচ্ছ বললাম!'

এই চিত্রজন্মের আ'সাকি দশ রকমারে। প্রাক্তর, গরিজার, বিজার, উভারেন সংজন্ম অবজন্ন, অভিজন্ন, প্রেটিজার ও স্থান্তন।

এই দশবিধ চিত্রজন্ন শ্রীমস্তাগবত দশমস্করের 'শ্রমর গীতে' বিশেষভাবে বর্ণিত হয়েছে। ১৭০

#### **연명**합

অস্য়া, ঈর্ষা, ও মদযুক্ত অবজ্ঞা প্রকাশের লক্ষে প্রিয়তমের অকৌশলের কথা অনর্গল ব'লে যাওয়াল নাম প্রজন্ন। ১৪১।

## যথা বা---

শ্রীকৃষ্ণ মথুরায় অবস্থান কালে একদিন তাঁর পরম স্থলদ্ উদ্ধব ধুন্দাবনে এসে উপস্থিত হলেন। তাঁকে শ্রীকৃষ্ণ প্রেরিত বার্তাবহ মনে ক'রে, গোপাঙ্গনারা নির্জনে নিয়ে গিয়ে, পরম সমাদরের সঙ্গে আতিথেয়তা করলেন। উদ্ধাবকে দেখে শ্রীমতীর মনে হঠাৎ গৃঢ় অসুয়া, ঈর্ষা, গর্ব, অনাদর ও পরিহাসপূর্ণ দিব্যোগ্যাদভাব উদিত হলো। উদ্ধাব তাঁকে প্রণাম করতে গেলে, তিনি চরণকমলের সৌরভে আকৃষ্ট শ্রমর কল্পনা ক'রে, উদ্ধাবকে নানা প্রজল্প বাক্য শোনাতে লাগলেন। সে বাক্যে অসুয়া, মথুরাস্থ সপত্নীগণের প্রতি ঈর্ষা, গর্বযুক্ত অবজ্ঞা ও শ্রীকৃঞ্চের অকৌশলের কথা উদ্গীরিত হলো।

# পরিজন্ম

প্রভুর নির্দয়তা, শঠতা এবং চাপল্যদোষ প্রতিপন্ন ক'রে যাতে নিজের বিচক্ষণতার পরিচয় দেওয়া হয়, তাকে পরিজল্প বলে। ১৪২।

# যথা – শ্রীমন্তাগবত দশমে

'অধরের স্থা ষেই পরম মোহন দেই আমাদিকে করাইল পান।
ভূক যেন ছাড়ে ফুল করিতে মন ব্যাকুল হরি কৈল মথুরা পরান॥
নির্দয় সে বহুপতি চপল কুটিল অতি, ভাবিতে অভূত লাগে মোরে।
ভার এই কিবা গুণ হরিল লক্ষীর মন, আদি পুনঃ পদদেবা করে॥

অধরস্থা পান করাইয়া একিফের সভসভ বৃন্দাবন ত্যাগ করায় শঠতা ও নির্দিয়তা প্রকাশ পায়। তাঁর চপলতা এবং লক্ষীর বা কমলার সরলতার কথা বলায়, নিজের বিচক্ষণতা স্কৃতিত হয়।

# বিজয়

গৃ্ঢ়মানের অন্তরালে যেখানে সুম্পষ্ট অস্থা প্রকাশ পায় এবং শ্রীকৃষ্ণের প্রতি কটাক্ষোক্তি করা হয়, তাকে বিজল্প বলে। ১৪৩।

## বথা-এমভাগবত দশমে

'হে দে হে নিৰ্কাছি ভূক ছাড়হ গানের রক আমরা কেবল বনবাসী। স্বরায় ষত্সভা যাও ক্রফপ্রিয়া শুণ গাও সেথা গেলে পাবে স্থবালি॥'

হে ভ্রমর ! তুমি গোপীগণের মাঝখানে বারবার গান গাইছ কেন ? এখানে গান গেয়ে কিছু মিলবে না। আমরা গৃহহীনা, শ্রীকৃষ্ণ আমাদের পরিত্যাগ করেছেন। তোমার উপর আমাদের কোন কোপ নাই। তাই উপদেশ দিচ্ছি, কামযুদ্ধে যাদের কাছে তিনি পরাজিত হয়েছেন, যত্নপুরে গিয়ে দেই কৃষ্ণপ্রিয়াদের গুণগান করো। শ্রীকৃষ্ণ তাদের বক্ষোরোগের উপশম করেছেন। স্থতরাং তারা অবশ্যই তোমার অভীষ্ট পূরণ করবে।

এখানে মানগর্ভ অস্থা এবং শ্রীকৃষ্ণের প্রতি নায়িকার উপহাসাত্মক কটাক্ষ প্রকাশ পায়। তৃতীয় ব্যক্তির কাছে নায়িকার এই ধরণের উক্তিকে বিজল্প বলে।

যাতে গর্ব ও ঈর্ষার সঙ্গে শ্রীকুঞ্জের কাঠিন্সের কথা উল্লিখিত হয়, এবং সেই অস্থার সঙ্গে সর্বদাই আক্ষেপ থাকে, অর্থাৎ গুণে দোষারোপ করা হয়, তাকে উজ্জন্ন বলে। ১৪৪।

#### যথা--

'স্বৰ্গভূমি রসাতল তাথে যে নারী সকল কেহ তোমার স্বত্ত্ব ভি নয়। যে তোমার কপট হাদ বাঁকা ভূজর বিলাস যাথে পরা পদদাসী হয় ॥'

#### সংজন্ম

পারে ধরে অমুনয় করতে চায়, কিছুতেই নিরস্ত করা যায় না, এমন ব্যক্তির কাছে আক্ষেপের সঙ্গে প্রিয়তমেব অকৃতজ্ঞতার কথা বলাকে সংজল্প বলে। এ অবস্থায় প্রিয়তমাও আক্ষেপে ভেঙে পড়েন। ১৪৫।

#### যথা--

'পদ ছাড় ভৃদ্ধ তুমি, তোমারে জানি যে আমি, তুমি বছ জান অন্থনর।
তোহে দেখি দৃত্বরে মৃকুন্দ পাঠাল তোরে এ ত তোমার উপযুক্ত নর।
ওচে ভৃদ্ধ, দেখ আমাদের অপমান।
যার লাগি সব ছাড়ি, ছাড়ি গেল হেন হরি, ভার সনে কিসের সন্ধান॥'

এই উদাহরণের প্রথমাংশে সোলু ঠ আক্ষেপ এবং শেবাংশে **শ্রিক্ষের অকৃত**জ্ঞতা, নির্দয়তা, নায়িকান্তোহিতা, ও প্রেমশৃহতা প্রকাশ পায়।

বিরহিণী শ্রীরাধা পাদপতিত দৃতকে বললেন—দৌত্যকর্মে তুমি পট্, পট্বাক্য প্রয়োগে বিলক্ষণ চতুর। মুকুন্দের হয়ে তুমি অমুনয় জানিয়ে দৌত্য করতে এসেছ। কিন্তু একথা বলো না যে, মুকুন্দের অপরাধ নাই। তাঁর জন্ম ইহলোক পরলোক সব ত্যাগ করেছি। কিন্তু তিনি এমন অব্যবস্থিতিতিত যে, অনায়াসে আমাদের বিসর্জন দিলেন। তাঁর সন্ধান রাখা কি আমাদের উচিত ?

শ্রীমতীর এই উক্তিতে আক্ষেপ, এবং দয়িতের অকৃতজ্ঞতা স্পষ্টই প্রকাশ পায়। ১৪৬।

#### অবজন্ম

শ্রীকৃষ্ণের কাঠিন্য, কামিছ এবং ধৃতিতার জন্ম নায়িকার চিত্তে ভয় ও ঈর্ষার সঞ্চার হয়, এবং সেইজন্ম সে দয়িতকে আসক্তির অযোগ্য ব'লে বর্ণনা করে। ১৪৭

# ষথা—শ্রীমন্তাগবভ দশমে

'পূর্ব্ব জন্মে রাম হঞা বালি কণি বিনাশিয়া বেহ কৈল ব্যাধের আচার। স্প্রিথার নাসাকর্ণ তাহা কৈল ছিল্ল ভিন্ন বড়ই নির্দ্ধিয় মন তার॥ পূনশ্চ বামন হল্লা বলির সর্বাস্থ লল্লা পূনঃ তারে করিল বন্ধন। ছেন কুফবর্ণ বে তার সথ্য চাহে কে, তভু তারে নাহি ছাড়ে মন॥' ১৪৮॥

#### व्यक्ति

বিনি পক্ষিগণকেও খেদান্থিত করেছেন অর্থাৎ যাঁর জন্ম বৃদ্দাবনের পশুপক্ষীরাও বেদনার্ত, তাঁকে ত্যাগ করাই উচিত্ত: ভঙ্গিসহ এইরূপ অমুতাপ প্রকাশ করাকে অভিজ্ঞাবলে। ১৪৯।

#### यथा-

হে মধুকর! প্রীকৃষ্ণের সঙ্গে প্রীতিস্থাপন ক'রে আমরা যে ছংখিনী হবো, তাতে আর বিচিত্র কি! তাঁর লীলার কথা শুনে, সমস্ত জীবজগৎ আজ খেদান্বিত ও ছংখিত। বিহঙ্গেরা যেমন কুলায় ত্যাগ ক'রে দিক্দিগস্তে ঘুরে প্রাণযাত্রা নির্বাহ করে, আমরাও তেমনি গৃহ ও আত্মীয়স্ত্রকন পহিত্যাগ ক'রে, 'হা কৃষ্ণ!' ব'লে আক্ষেপ ক'রে বনে বনে ঘুরে, কোন রক্মে প্রাণধারণ করে আছি। এ হেন কৃষ্ণকে ত্যাগ করাই উচিত।

ভঙ্গিসহ এই প্রকার উক্তি করাকে অভিজন্প বলে।১৫০।

#### আত্তর

খেদ ও নৈরাশ্যহেতু শ্রীকৃষ্ণের কৃটিলতা ও নির্মমতার কথা, অর্থাৎ তিনি হংখ দেন এইকথা, উল্লেখ ক'রে নায়িকা ভলির সঙ্গে বে আক্ষেপ-উক্তি করে, তাকে আজ্লে বলে। ১৫১।

#### गथा-

'আমরা মৃশ্ধা নারী তার কথার শ্রেজা করি বাদ্ধা গেছে েন হরিণী। তাহার পাইহু ফল তৃঃধে তহু টলমল জর-জর এসব কামিনী॥ ভন আমার মন্ত্রণা বচন। অফু কথা কহু মুখে ভনি মনে পাই সুধে, না করিহু কুফের বর্ণন॥'

## প্রতিক্রব

শ্রীকৃষ্ণ সর্বদাই দ্বস্থভাবে অর্থাৎ প্রেয়সীর সঙ্গে মিলিত হয়ে অবস্থান করছেন। সে অবস্থা তু গ করা তাঁর পক্ষে কঠিন। স্বতরাং আমরা তাঁকে পেতে পারিনা।

দুভের প্রতি যথাযথ সম্মান দেখিয়ে, নায়িকা এই প্রকারের যে সব উক্তি করেন, তাকে প্রতিজ্ঞাবলে। ১৫২।

#### বথা-

হে মাননীয় দৃত ! তুমি আমার প্রিয়তমের স্থা। এখানে তিনি তোমায় পাঠিয়েছেন। তুমি কি বর চাও বলো ? বলো, তোমার কোন্ অনুরোধ রক্ষা করতে হবে ? হে সৌম্য ! তুমি কেন আমাদের সেখানে নিয়ে যেতে চাও ! তুমি অতিশয় বুদ্ধিমান। তুমি তো জানো, তিনি সভত শ্রীবধৃকে হৃদয়ে ধারণ করে আছেন। সেখানে গিয়ে, ব্রজাঙ্গনাদের পক্ষে তাঁর সঙ্গলাভ সম্ভব হবে না।

#### শুকর

গাস্ভীর্য, সরলতা, দৈশ্য ও চাপল্যের সঙ্গে উংক্ষ্ঠিতভাবে শ্রীকৃষ্ণের কুশলবার্ডা জিজ্ঞেস করাকে স্থজন্ন বলে। ১৫৩।

## ষথা - জ্রীমন্তাগবত দশমে

'শুধাই বিনয় করি মধুরাতে আছে হরি পিতৃগৃহ স্মরে কি কখন। গোপগণে পড়ে মনে এই দিব্য বুন্দাবনে মনে পড়ে বত কেলিগণ। মোরা তাঁর দাসীগণ কভু করেন স্মরণ কিছু কথা কহেন কখন। ভার সেই ভুজ্বন্ধ যাহাতে অগুরু গদ্ধ পুন: কিয়ে পাব পরশন॥'

দৃতের নিকট শ্রীমতী প্রশ্ন করলেন:

আর্থপুত্র কি এখন মথুরাতেই আছেন ? পিতৃগৃহের কথা কি তাঁর কখনো মনে হর্ম না ? তাঁর গোপবন্ধুদের কথা কি কখনো আরণ হয় না ! এই কিঙ্করীদের কথা কি তিনি কখনো বলেন না ! তাঁর অপ্তরুগন্ধচর্চিত বাহুগৃটি কি আর কখনো আমাদের মস্তকে স্থাপন করবেন না ? আমরা কি তাঁর স্পর্শ আর কখনো পাবো না !

শ্রীমতীর প্রথম প্রশ্নে সরলতা, দিতীয় প্রশ্নে গান্তীর্য, তৃতীয় প্রসঙ্গে দৈয়া এবং চতুর্থ প্রসঙ্গে চপলতা ও উৎকণ্ঠা প্রকাশ পায়। ১৫৪।

উল্লিখিত উদাহরণে মোহনের অমুভাব ও দিব্যোমাদ অবস্থাওলি সুস্পষ্টভাবে বাণত হয়েছে।

#### यात्रम

জ্লাদিনীর সার (Essence of Pleasure Force) প্রেম। এই প্রেম যদি রতি-আদি মহাভাব-উদগমে উল্লাসশীল হয়ে ওঠে, তা হলে তাকে মাদন বলা যায়। এই মাদন (Ecstacy) পরাংপর অর্থাৎ মোহনাদি ভাব অপেক্ষা উৎকৃষ্ট, এবং এই মাদনভাব সর্বদা শ্রীরাধাতেই বিরাঞ্জিত হয়। অস্তর এ ভাবের উদয় হয় না। ১৫৫।

#### যথা--

পৌর্থাসী নান্দীমূখীকে বললেন, দেবি! এই ভাব সৃষ্টির আদি থেকে অক্ষয়। এ ভাব হৃদয়রপ চন্দ্রকান্তমণিকে দ্রবীভূত করে এবং পূর্ব হয়েও বক্রভাব ধারণ করে; আপন কান্তিতে ভয়রপ অন্ধকার দূর করে। সমস্ত জগতের হর্ষস্বরূপ এই ভাব সায়ংকালে নবনব সম্পদে শোভা বিস্তার করে। রাধাক্ষের এই মাদনভাব অদৈত। তাকে প্রণাম করি। তার স্তব করি। ১৫৬।

এই মাদনরস ঈর্ষার অযোগ্যপাত্রেও প্রবল ঈর্ষা সঞ্চারিত করে এবং সর্বদা সম্ভোগে তার গন্ধমাত্র-আধার অর্থাৎ শ্রীকৃষ্ণ-সম্পর্কিত গন্ধের যে-কোন আধারের স্তুতি করায় ১৫৭।

# यथा-नामरकिनारको मुमीरख

ঈর্ষার অযোগ্য বস্তু বনমালা দেখে শ্রীরাধা ঈর্ষা প্রকাশ ক'রে বললেন:

'শুদ্ধ ব্রজনারীবৃদ্দ নাহি জানে ভালমন্দ স্থচরিত সরল অক্ষর। অহে ক্ষঞ্জের বনমালা তাহাদিগে করি হেলা তুমি মিছা থেব কেন কর॥ এই শুদ্ধ ব্রজনারী তারে তৃণতুল্য করি সদা রহ গোবিন্দের অঙ্কে। আশাদম্ভক লয়া কৃষ্ণঅঙ্ক আতি জিয়া হৃদয়ে বিহার কর বঙ্কে॥'

হে বনমালা! আমরা শুদ্ধহৃদয়া ব্রজনারী, ভোমায় কখনও ঈর্ষা করি না। কিন্তু তুমি বিষেষপরবশ হয়ে আমাদের প্রতি এমন তাচ্ছিল্য প্রকাশ করতো কেন! প্রীকৃষ্ণের শিখা থেকে চরণ পর্যন্ত আলিক্সন ক'রে, তুমি তাঁর বিশাল হাদয়ে বিহার করছো।
সভোগে তদ্গন্ধ বা কৃঞসম্বন্ধীয় গন্ধমাত্রের আধারের শুতি:
'পুলিন্দী রমণাগণ রম্য তাদের জীবন যারা কৃষ্ণচরণকৃত্বম।
তুণে লগ্ন তাহা পাঞা আপনা হদয়ে লঞা সদাই কৌতুকী হয় মন॥'

দয়িতার স্তানের কুরুম রাত্রিকালে প্রীক্ষের পাদপদ্মে অমুলিপ্ত হয়েছিল। বনস্থলী পরিভ্রমণহেতু সেই কুরুম তৃণদলে লগ্ন হয়েছে। সেই তৃণদল থেকে কুরুম নিয়ে শবররমণীরা আপন-আপন আননে ও কুচরুয়ে লেপন ক'রে অনঙ্গদাহ প্রশমিত করছে।

তৃণদলের সৌভাগ্য এবং শবররমণীদের প্রেমের পরাকাষ্ঠা নায়িকার মনে ঈর্ষার সঞ্চার করছে। তৃণদল ঞ্রীকৃষ্ণের চরণকুঙ্কুমে রঞ্জিত হয়েছে। আর শবররমণীদের প্রেম এত নিবিড় যে, তৃণলগ্ন চরণকুঙ্কুমের স্পর্শে তাদের অনঙ্গদাহ প্রশমিত হচ্ছে। ১৫৮।

#### যথা বা--

শ্রীরাধা ললিতাকে বললেন—প্রিয় সথি! এই কোমলা মালতী পূর্বজন্মে না-জানি কি কঠোর তপস্থা করেছিল। আহা! তাই সে বঙ্গরাজনন্দন শ্রীকৃষ্ণের মতো শ্রামকান্তি এই ত্মালতরুকে আলিঙ্গন করেছে। ১৫৯।

এখানে, তমালতরুও মালতীলতা উভয়েই শ্রীরাধার ঈর্ধার অযোগ্য পাত্র, তবুও এই উক্তিতে শ্রীমতীর মনে ঈর্ধা সঞ্চারের আভাস পাওয়া যায়।

সংস্থাপকালে অর্থাৎ নায়ক ও নায়িকার মধ্যে যখন সংযোগ সংস্থাপিত হয় তখন নিবিড় আনন্দে এক বিচিত্র মাদনরসের উদ্ভব হয়। নিত্যলীলায় এই মাদনের বিলাপ সহস্রপ্রকারে বিরাজ করে। ক্লণেক্ষণে উৎপন্ন মাদনোচ্ছাসে মৃত্যুত্ত আলিক্ষন ও চুম্বন ইত্যাদি ক্রিয়ার দ্বারা মাদনের কারকতা অনুভূত হয় ও স্পষ্ট প্রকাশ পায়। ১৬০। মাদনের স্থূন্দর গতি ও কার্যকলাপ রোধ করবার সাধ্য স্বয়ং মদনেরও নাই। এমন কি, মুনিগণও এর কারকতা সঠিক নির্ণয় করতে পারেন নি।

# স্থায়িভাব--উপসংহার

প্রথমে রাগ উংপন্ধ হয়ে অনুরাগে পরিণত হয়। সে অবস্থা থেকে সন্ধর স্নেহের উৎপত্তি হয়। তারপর মান, প্রণয় ইত্যাদির সঞ্চার হয়ে থাকে। অবশ্য শ্রীরাধা প্রভৃতি নায়িকার ক্ষেত্রে পূর্বরাগ থেকেই রাগলক্ষণের আবির্ভাব হয়েছে; মানপ্রণয়াদির অভাবে তা ব্যাহত হয়নি। ১৬১।

্ষ্পপ্রেমে ব্রুদেবীগণের যে-সব শ্রেষ্ঠভাব ফুরিত হয়েছে, তা তর্কের অভীত। সেইহেতু তার বিস্তৃত বিবরণ দেওয়া হলো না।

সাধারণী রভিতে ধ্নায়িতভাব, সমঞ্চসা ও সমর্থারভিতে জ্বলিভ ভাব এবং স্নেহ, মান, প্রণয়, রাগ ও এফুরাগ প্রভৃতিতে দীপ্রভাবের বৈশিষ্টা থাকে। আর রুঢ়ভাবে উদ্দীপ্রভাব এবং মোদনাদিভাবে স্থাপিপ্রভাব শোভা পায় বা বিভ্যমান থাকে। ১৬২।

# রতি-বিপর্যয়

সাধারণী, সমঞ্চসা ও সমর্থা রভিতে উল্লিখিত ভাবগুলি প্রায়ই বজায় থাকে, তবে দেশকাল ও পাত্রভেদে তার কিছুকিছু ব্যতিক্রম হয়। পাত্রগণের শ্রেষ্ঠ, মধ্য ও কনিষ্ঠ ইত্যাদি ভাবভেদে রভি-বিপর্যয় ঘটে। কেবলমাত্র রভিতে দীগুভাব হয়, কারণ দীগুভাব স্বাপেক্ষা কনিষ্ঠ। কিন্তু স্বেহাদিতে জ্বলিত ভাব ইত্যাদি বিভ্যমান খাকে। ১৬৩।

## রভিসী:

আ্তা অর্থাৎ সাধারণী রতি প্রেম পর্যন্ত পোঁছায়। সমঞ্চার অন্তর্গীমা অনুরাগ পর্যন্ত। আর সমর্থা রতির অন্তর্গীমা মহাভাব পর্যন্ত। সাধারণী রতি প্রেম ও সম্ভোগের সীমা অতিক্রম করে না। করিণী প্রভৃতি মহিশীগণের রতি তার চেয়ে অনেক বেশী ব্যাপ্ত এবং প্রেম, স্নেহ, মান, প্রণয়, রাগ, অনুরাগ প্রভৃতি স্থায়িভাব প্রাপ্ত হয়। কিন্তু সমর্থা রতিতে সকল ভাবই স্থায়ী। ১৬৪।

নর্ম-বয়স্তাদের রতি অমুরাগের অস্তুসীমা পর্যন্ত অবস্থিত হয়। কিছ স্থবল প্রভৃতি স্থাদের যে রতি, তা ভাবের অস্তিম সীমা পর্যন্ত ছায়ী হয়। ১৬৫।

ইতি স্থায়িভাববিবৃতি।

# श्रुनाहासम्।।।

বিপ্রদম্ভ এবং সম্ভোগভেদে উজ্জ্বল রস ত্র'প্রকার হয়। ২।

# বি প্রলম্ভ

নায়ক ও নায়িকার অযুক্ত অর্থাৎ বিচ্ছিন্ন এবং যুক্ত বা মিলিত অবস্থায় পরম্পারের অভিমত, আলিঙ্গন ও চুম্বন ইত্যাদির অভাব ঘটলে যে-ভাব প্রকটিত হয়, তাকে বিপ্রালম্ভ বলে। এই বিপ্রালম্ভ সম্ভোগের পুষ্টিকারক অর্থাৎ স্থায়িভাবের মাধুর্য বৃদ্ধি করে।

> দীর্ঘান্থরক্তয়োর্থনাঃ রসমান্নমহেতৃতঃ ভাবো যদা রতির্ণাম প্রকর্ষমধিগচ্ছতি। নাভিগচ্ছতি চাভীষ্টং বিপ্রলম্ভত্তরচ্যতে॥

অতিশয় অমুরক্ত যুবক ও যুবতীর মধ্যে যখন সমান সুযোগের অভাবহেতু ভাব উৎকর্ষ লাভ করে, কিন্তু অভীষ্টসিদ্ধি হয় না, তখন তাকে বিপ্রালম্ভ বলা হয়। এই বিপ্রালম্ভ সম্ভোগের উন্নতি ও পুষ্টি কারক। ৩।

বিপ্রশস্ত ব্যতীত সন্তোগের পুষ্টি সাধিত হয় ন। বিপ্রালম্ভে ঈিন্দাতকে লাভ করবার আকাঙ্খা ও তার জন্ম চিত্তরে আবেগ গভীর থেকে গভীরতর হয়, ফলে অন্তরে অমুরাগের রঙ ধরে। একবার রঞ্জিত বসনকে পুনরায় রঞ্জন করলে যেমন তার রাগবৃদ্ধি হয়, তেমনি বিপ্রালম্ভে রঞ্জিত অন্তর সন্ডোগরসে নিমজ্জিত হলে তার রাগ বছগুণ বিবর্ধিত হয়।

পূর্বরাগ, মান, প্রেমবৈচিত্ত্য এবং প্রবাস ভেদে বিপ্রালম্ভ চার রকমের হয়। ৪।

# **भू**र्वज्ञा भ

মিলিত হওয়ার পূর্বে দর্শন এবং শ্রাবণাদি থেকে যে রতি উৎপন্ন হয়ে নায়ক ও নায়িকার চিত্তকে উদ্মীলত করে, এবং বিভাবাদির সংমিশ্রণে অর্থাৎ আলম্বন ও উদ্দীপন সম্পর্কে জড়িত হয়ে আস্থাদময় হয়ে ওঠে, প্রাজ্ঞাণ তাকে পূর্বরাগ বলেন।

## प्रभंग

সাক্ষাৎ, চিত্রপট এবং স্বপ্নাদিতে নায়ককে দেখার নাম দর্শন। এইভাবে নায়কও নায়িকাকে দর্শন করতে পারেন।

স্থুতরাং দর্শন তিন প্রকার হতে পারে। সাক্ষাৎ, চিত্রপট এবং স্থুপ্রদর্শন।

## माकार क्रांन

## যথা-পত্তাবলীতে

বিশাখার প্রতি শ্রীরাধার উক্তি:

'বিকশিত ইন্দীবরদলনিন্দিত তহুক্তি জগত মাতায়।
কাঁচা কাঞ্চন জিনি অতি হুন্দর পীতবাস পহিরল তায়।
স্থি হে, ফিরি দেখ এ হেন রঙ্গ।
বুক মাঝে হার কোন বরনাগর মঝু মনে দেওল অনজ।' ৫।
এখানে নায়কের সাক্ষাৎ দর্শন নায়িকার মনে পূর্বরাগ সঞ্চার
করেছে।

## চিত্ৰপট দৰ্শন

## यथा-विषक्षमाध्य

# জ্রীকুকের উদ্দেশে জ্রীরাধা:

'পুন: পুন: পরিজনগণ মঝু বোলল চিত্রক দরশন লাগি।

যব ধরি পথমাঝে দেখহু নাগর মঝু মনে লাগল আগি॥

মুগধিনী নাগরী কাহে এত জানব দেখি হছু আনন্দে ভোর।

কো জানে অমৃতজ্লধি মাঝে বাড়ব এ তহু দাহন মোর ॥

পূর্বে আত্মায়-স্বজনের কথায় তোমার চিত্রকলকস্থিত মূর্তি দেখেছিলাম। শিশিরের মতো স্নিগ্ধ তোমার চোখছটি ও দিব্যকিশোর ভমু আমায় মৃগ্ধ করেছিল। আমরা সরলচিতা নারী তাই বুঝতে পারিনি যে, ওই স্নিগ্ধতার অন্তরালে নিবিড় বাড়বানলের জ্বালা আছে। ৬।

এখানে চিত্রফলকে নায়ককে দেখে, নায়িকার চিত্তে পূর্বরাগ ও রতি-উত্তাপের সঞ্চার হয়েছে।

### স্থাদর্শন

শাক্ষাৎ দর্শন ও চিত্রদর্শন থেকে যেমন পূর্বরাগের সঞ্চার হয়, তেমান স্বপ্রদর্শন থেকেও পূর্বরাগ সঞ্চারিত হতে পারে। শুধু পূর্বরাগ কেন, স্বপ্রদর্শনে নায়ক বা নায়িকার রতিসম্ভোগ পর্যস্ত হওয়াও অস্বাভাবিক নয়।

### যথা-

শ্বপ্ন দেখে চন্দ্রাবলী পদ্মাকে বলেছিল—স্থি! আজ এক আশ্চর্য স্বপ্ন দেখলাম। প্রথমে দেখলাম, একটি শ্রাম বিজ্ঞান বিজ্ঞান নদী। তারপর ওই নদীর তারে দেখলাম একটি মাধবীকুঞ্জ। সেই কুঞ্জে ভ্রমরেরা গুঞ্জন করছে। কুঞ্জের মাঝখানে একটি গৃহ। সেই কুঞ্গৃহে তিমিরবরণ এক কান্ত পীতবাদ পরিধান ক'রে বিরাজ করছেন। তিনি যেন চন্দ্রাবলীকে পান করবার ক্যু উৎস্ক হয়ে মঞ্চবিস্কান করছেন।

### শ্ৰেবণ

বন্দী বা স্থাতিকার, দৃতী ও স্থী প্রভৃতির মুখে শুনে বা গান শুনে নায়ক সম্পর্কে নায়িকার চিত্তে পূর্বরাগের সূচনা হতে পারে।

# वन्दीत गूट्थ खावन

### यथ।--

লক্ষণাকে তার স্থা বললে, তোমার স্বয়ম্বর সভায় বন্দিবর যথন স্থাতিপাঠ ক'বে বললেন যে, প্রীকৃষ্ণ মগধরাজ জ্বরাসম্বাকে যুদ্ধে পরাজিত করেছেন, তথন তোমার তমু কেমন পুলকিত হয়েছিল বল তো!

# দুভীমুপে শ্রবণ

#### যথা---

বৃন্দা প্রীকৃষ্ণকে বললেন, হে মুকুন্দ! তোমার দৃতী হয়ে যখন তারার নিকট গিয়ে তোমার রূপের বর্ণনা করলাম, তার অঙ্গ পুলকিত ও নয়ন আনত হলো। আরো কিছু শুনবার জন্ম উৎস্ক হয়ে সে প্রশ্ন করতে উন্নত হলো। কিন্তু তার মুখে কথা ফুটলো না। কণ্ঠম্বর গদগদ হলো।

# স্থীমুখে প্রবন

যথা-

বিশাখা একিফকে বললেন।

'মোর সহচরী তোমার এরপ শুনিয়া বচনে মোর। সেদিন অবৃধি তহু অতিক্ষীণ ভাবিয়া না পাই ওর ॥'

সেই উন্মাদ চকোরীলোচনা স্থী যেদিন আমার মুখে তোমার কথা শুনেছেন, সেই দিন থেকে শরৎকালের নদীর মতো দিন দিন জার ভয় ক্ষীণ হচ্ছে।

## গীতশ্রবণে

#### यथा-

লক্ষণা তার স্থীকে বললে, হে স্থি! আমার পিতা বৃহৎ সেনের স্ভায় দেবর্ষি নার্দ সজল নয়নে বীণা বাজিয়ে ঞীকুফের গুণগান করছিলেন। ভাই শুনে আমার নয়ন অঞ্সিক্ত হয়ে উঠেছিল। উष्मणनीलम्ब २३১

রতি উৎপত্তির হেতৃস্বরূপ যে সব অভিযোগের কথা পূর্বে বলা হয়েছে, তাতে বিপ্রালম্ভ স্থলে পূর্বরাগের স্তনাই যথোচিত ভাবে প্রকটিত হয়ে থাকে। ৭।

পূর্বরাগ প্রথমে মাধবের অর্থাৎ নায়কেরই সঞ্চারিত হয়।
বয়ংসন্ধির পর যৌবন-সমাগমের সঙ্গে সঙ্গে নারী ও পুরুষ উভয়ের
মনই পরস্পারের সন্ধানে উৎস্কুক হয়। চিত্তের এই প্রথম চাঞ্চল্য বা উৎস্কুক্যকে (the first disturbance of equilibrium of the mind)। ভাব বলে। এই ভাব থেকেই পূর্বরাগের স্কুনা হয়।

'নিবিকারাত্মকে চিত্তে ভাবঃ প্রথম বিক্রিয়া।'

—কৌন্তভ অলংকার।

এই ভাব পুরুষ ও নার্র উভয়ের মনেই সমভাবে সঞ্চারিত হয়।
কিন্তু নারী স্বভাবতঃ লঙ্জাবতী ও বৈর্যনীলা। সেই জন্ম পুরুষের
পূর্বরাগ যত সহজে প্রকটিত হয়, নারীর তা হয় না। তবে যেহেতু
নারী স্বভাবকোমলা, এবং সুকুমার সমুভূতি ও রাগে তাদের অধিক
চারুতা থাকে, সেইহেতু পূর্বরাগ-প্রসঙ্গে ফ্রাক্ষীদের কথাই প্রথম
বঙ্গা হয়েছে। ৮।

'আদৌ রাগ: স্ত্রিয়োবাচা: পশ্চাৎ পুংসন্তদঙ্গিতৈরিতি।'

—সাহিত্য দৰ্পণ।

প্রকৃতি-ধর্মানুযায়ী নারীর প্রেমের আধিক্য ও আত্যন্তিকভার সঙ্গে পুরুষের প্রেমের তুলনা হয় না। রস ভক্তকে আশ্রয় করেই প্রকট হয়। ভক্ত শেমন ভগবানে অন্তরক্ত হওয়ার পর ভক্তের প্রতি ভগবানের 'রাগ' বা অনুরাগ সঞ্চারিত হয়, তেমনি নারী অন্তরাগিণা হওয়ার পর পুরুষের অনুরাগ তার প্রতি প্রকট হয়। পুরুষের চেয়ে নারীর আত্মনিবেদনের শক্তিও নিষ্ঠা অনেক বেশী। সেই সঙ্গে চারুতার আধিক্য বর্তমান থাকে ব'লে, নারীর বা নায়িকার পুর্রাগাদি রস অধিক স্থষ্ঠু ও প্রকাশমান। নায়িকার রাগে মাধুর্ষ বেশী। নায়িকার স্বভাবগত লজ্জা যেমন পূর্বরাগ প্রকাশের পথে বাধা সৃষ্টি করে, তেমনি আবার একথাও অত্যন্ত সত্য যে, প্রেম সঞ্চারিত হলে, নায়িকার বা নারীর লজ্জা প্রভৃতির বালাই আর থাকে না। কৃষ্ণ-প্রেমে ব্রজদেবীগণের স্থান ভক্তের অধিক, সেই জন্ম ভাঁদের পূর্বরাগ প্রথমেই প্রকৃতিত হয়েছে।

## সঞ্চারিভাব

পূর্বরাগাদি রতি বিষয়ে যে সব সঞ্চারিভাবের উদয় হয়, তার মধ্যে ব্যাধি, শঙ্কা, অসুয়া, শ্রম, ক্লম, নির্বেদ, ঔংসুক্যা, দৈশু, চিন্তা, নিজা, প্রবোধ, বিষাদ, জড়তা, উন্মাদ, মোহ ও মৃত্যু প্রভৃতি উল্লেখযোগ্য।

ওই রতি প্রোঢ়, সমঞ্জস এবং সাধারণ-এই তিন প্রকার হয়।

## द्योष

সমর্থ রতির স্বরূপকে প্রোট বলে।

### मन मना

প্রেরার্গে লালসা থেকে মরণ পর্যন্ত দশটি দশার উদ্ভব হয়।
সঞ্চারিভাবে আবো আনেক রকম উৎকট অবস্থার উদ্ভব হয়। কিন্তু
প্রাচীন পণ্ডিতেরা সংক্ষেপে ওই দশ দশার কথাই বলেছেন। তাঁদের
মতে ওই দশ অবস্থার বা দশার লক্ষণ হলো—লালসা, উদ্বেগ,
কার্যা, তানব, কড়তা, ব্যগ্রতা, ব্যাধি, উন্মাদ, মোহ ও মৃত্যু।

পূর্বরাগের প্রোচ়ত্ব হেতু সব দশাগুলিই প্রোচ় হয়। ৯।

## नानमा। ১•

অভীষ্টলিক্সায় গাঢ়গৃধূতা অর্থাৎ অভীষ্টলাভের জন্ম মনে যে প্রবল আকান্দা হয়, তাকে লালসা বলে। এই লালসায় ঔংসুক্য, চপলতা, মুর্ণা ও শাস প্রভৃতি লক্ষণ প্রকাশ পায়। ১১।

### যথা-

# শ্রীরাধাকে ললিতা বললেন:

'পুন: পুন: কেন সদন ছাড়িয়া বাহির হইছ তুমি।
অমনি তুরিতে প্রবেশিলে ঘর ব্ঝিতে না পারি আমি।
গুরুজন ভয়ে নি:খাস ছাড়িয়া অমনি বসিছ কেনে।
চঞ্চল নয়নে কেন বা চাহিছ যমুনা কুঞ্জ পানে।

হে কিশোরি! তুমি ঘণ্টায় শতবার কেন গৃহ থেকে বার হয়ে বজসীমায় যাচছ ও আবার ফিরে গাসছো ? গুরুজনের ভয়ে কেন সমন ঘনঘন নিঃখাস ফেলে কদম্বনের দিকে চাইছো ? । ১২।

# লালসার পরিপাক অবন্থা যথা বা—বিদশ্বমাধবে

বিশাখা প্রীকৃষ্ণকে বললেন—হে মাধব! দ্র থেকে যদি প্রসঙ্গণ তোমার নামের একটা অক্ষরও প্রীমতীর কানে প্রবেশ করে, তা হলে সেই মদিরেক্ষণা উন্মাদের মত হন। তাঁর সর্বাঙ্গ কম্পিত হয়। হায়, কি বলবো! নবজলধর নয়নগোচর হলে, হুটি বাছলতা প্রসারিত ক'রে তিনি আলিঙ্গন করতে উন্মতা হন। তাঁর চিত্ত উৎস্কুক হয়ে ওঠে। তিনি বলেন—হে স্থি! আমার হুটো ভানা থনে দাও, আমি উড়ে গিয়ে আমার প্রিয়ত্মকে আলিঙ্গন করি।

## উদ্বেগ

মনের চঞ্চলতার নাম উদ্বেগ। উদ্বেগে দীর্ঘনিঃশ্বাস, স্তব্ধতা, চিন্তা অঞ্চ, বিবর্ণতা ও ঘর্ম প্রভৃতি লক্ষণ প্রকাশ পায়। ১৩।

## यथा-विषक्षमाधदव

শ্রীরাধার অবস্থা দেখে, বিশাখা তাঁর মনের কথা জানবার জন্ম জিজ্ঞেদ করেছিল—সথি! কিদের চিন্তায় তোমার ধৈর্য নষ্ট হলো? ঘামে তোমার অরুণাভ তাম্রবর্ণের শাড়ি ভিজে উঠেছে। বেপথুমানা হয়ে তন্তুস্থিরতা হারিয়ে ফেলেছ। সারা দেহ থরথর ক'রে কাঁপছে। হে চম্পকগৌরি! বলো কিসের এই উদ্বেগ ভোমার ? যথার্থ বলো। আপন-জনের কাছে মনের কথা গোপন করতে নাই। ভাতে ভালো হয় না।

## জাগর্যা

নিজাহীনতাকে জাগ্যা বলে। জাগ্যায় শোষ ও রোগাদি উৎপন্ন হয়। জড়তা (stupor) আসে, দেহ বিশুদ্ধ ও শীর্ণ হয়। মন অশাস্ত হয়ে ওঠে। ১৪।

### যথা-

বিনিজ রজনীতে শ্রীরাধার অবস্থা দেখে, বিশাখার চিত্ত ব্যথিত হয়ে উঠলো। সে ভাবছিল, অন্তঃপুরে গুরুজনেরা আছেন। সেখানে সে কেমন ক'রে শ্রীকৃষ্ণকে আনবে! আর অন্তঃপুরচারিণা শ্রীমতীকেই বা কেমন ক'রে শ্রীকৃষ্ণের নিকট নিয়ে যাবে!—এই চিন্তায় বিশাখার অন্তর বিধাদে ভরে উঠলো।

বিশাখাকে সংখাধন ক'রে প্রীমতী বললেন—প্রিয়বান্ধবী, নিজা নামে এক সথী একবাব এসে ক্ষণকালের জন্ম অর্ণোজ্জ্বল পীতবাসধারী এক শ্রামবর্ণ পুরুষকে আমার নয়ন সম্মুখে উপস্থিত করেছিল। তারপর সেই যে রুষ্ট হয়ে সে নিজা চলে গেল, আর একটি বারের জন্মও ফিরে এলো না। এখন আর ভেবে কোনো লাভ নাই স্বি; কিসে সেই নিজ্ঞা আবার আসবে, তার চেষ্টা করো। সেছাড়া সেই স্বপন-চোরকে আর কেউ আনতে পারবে না।

## ভাগব

ভন্ন-কৃশতার নাম তানব। এতে তুর্বলতা এবং অস্থিরতাবা ইভস্কভ ভ্রমণাদি উৎপন্ন হয়। ১৫।

### যথা-

বিশাখাকে তার স্থী বললে—

'হাতের বলয়চয় থিসি হাত শৃক্ত হয়, তাহে অমঙ্গল আশকিয়া। বলয়েরে আবরিতে পুইছা পরিল হাতে, দেহ পড়ে বাহির হইয়া ॥' মুরলীধ্বনি শুনে তোমার তন্তু কৃষ্ণা-চতুর্দশীর চাঁদের মতো ক্ষাণ হয়েছে। হাতের বলয় খসে পড়ছে। নিরাভরণ হাত নারীর পক্ষে অকল্যাণকর ব'লে, পৈছা অথবা অঙ্গুরীয় ধারণ করেছিলে। কিন্তু হায়, তাও যে স্থলিত হয়ে পড়ছে।

কোন-কোন পণ্ডিতের মতে তানবের স্থলে বিলাপ উল্লিখিত হয়েছে।

### যথ|---

শীরাধা বিলাপ ক'রে বললেন—স্থীগণ! এই বমুনার কুলে নবনীপ-তরুমূলে শ্রীকৃষ্ণ তাঁর স্থাদের সঙ্গে বিহার করতে করতে নতা কর্দিলেন। লতামগুপের অন্তরালে লুকিয়ে থেকে, আমি ব্যপ্রচিত্তে তন্ময় হয়ে তাই দেখাছলাম। কিন্তু হায়, কি বলবো! পোড়া বিধি আমায় দাবানলে নিক্ষেপ করলো। মদন আলায় আমি জলেপুড়ে মরলাম।

## ক্তড়িমা

যাতে ভালোমন্দ-জ্ঞান লোপ পায়, প্রশ্ন ক্রলে কোন উত্তর পাওয়া যায় না, চোখে কিছু দেখে না, কানে কিছু শোনে না, সেই অবস্থার নাম জড়িমা। ১৬।

এই জড়িমাস্থলে অকস্মাৎ হুকার, স্তরতা, শাস ও ভ্রম প্রভৃতি জন্মায়। ১৭।

### যথা-

কোন স্থী পালিকে জিজ্ঞেদ করেছিল—হে পদ্মমৃথ ! অকারণ কেন হস্কার দিচ্ছ, প্রিয় স্থীদের অ'লাপ শুনছো না, ত্রস্ত হয়ে মৃত্যুক্ত দীর্ঘাদ ত্যাগ করছো ? আমার আশক্ষা হচ্ছে, নিশ্চয়ই মধুর মুরলীধ্বনি ভোমার কর্ণে প্রবেশ করেছে।

# বৈয়গ্ৰ্য বা ব্যগ্ৰভা

ভাবের গভীরতা বা অতলম্পর্শতার জন্ম যে চিত্তবিক্ষোভ এবং তার জন্ম অসহিষ্ণুতা সঞ্চারিত হয়, তাকে বৈয়গ্র্যা বা ব্যগ্রতা বলে। এই ব্যগ্রতায় বিবেক-বৈরাগ্য, খেদ ও অস্থা প্রভৃতির উদ্ভব হয়।

## यथा - विषयभाषटव

নান্দীমুখা পৌর্ণমাসীকে বললে—দেবি, আশ্রুষণ মুনিগণ বিষয়তিস্তা ত্যাগ ক'রে যে কৃষ্ণে চিত্ত সমর্পণ করেন, এই বালা শ্রীরাধা কি না সেই কৃষ্ণ থেকে মন প্রত্যাহার ক'রে বিষয়কর্মে অর্থাৎ গৃহকর্মে চিত্ত অভিনিবিষ্ট করছেন! হাদয়ে তাঁর ফ্রুতির কণামাত্র ধারণ করবার জন্ম যোগিগণ উৎকৃষ্টিত হয়ে ওঠেন। কিন্তু এই মুগ্ধা সেই শ্রীকৃষ্ণের হাদয় থেকে নিজেকে সরিয়ে নেবার আকাজ্যা করছেন।

### বাধি

মঞ্চীষ্টকে না পেয়ে, দেহে যে পাণ্ডতা ও উত্তাপ প্রভৃতি
সঞ্চারিত হয়, অর্থাৎ মুখচোখ ফেকাশে ও জরভাবের উৎপত্তি হয়,
তাকে ব্যাধি বলে! এই ব্যাধিতে নায়িকার কখনো শীত করে,
কখনো মনে স্পৃহা জাগে, কখনো বা মোহ, দীর্ঘশাস, পতন প্রভৃতি
লক্ষণ দেখা দেয়। ১৮।

### सश --

ভজার স্থী জ্রীকৃষ্ণকৈ বললে, হে মুরারি ! তুমি দাবানল দমন করেছিলে; এই কথা শুনে, আমার স্থী ভজা মদন-দাবানলে প্রজ্ঞালিতা হয়ে, তোমায় হাদয়ে ধারণ করেছিল। কিন্তু তাতে ওই অনলের উপশম না হয়ে, সে আগুন দ্বিগুণ জলে উঠোছল। সেই ব্যথায় তার দেহ ভস্মের মতো পাণুর হয়েছিল।

## উন্মান

সব সময় সব অবস্থায় তন্ময়তার জন্ম সর্ববস্তুতে প্রাপ্তি ঘটে। বেটা যা, তাকে তাই ব'লে মনে হয় না, অন্মবস্তু ব'লে প্রম হয়। এই অবস্থাকে উন্মাদ বলা হয়। নায়িকার এই উন্মাদ-দশায় ইষ্টের প্রতি দ্বেষ, দীর্ঘাস ও নিমেষে-নিমেষে বিরহ ইত্যাদি উপস্থিত হয়। ১৯।

## यथा-निमधनाधटन

শ্রীরাধা তার স্থীদের বললেন:

'পটমাঝে মরকত হৃদ্দর নাগরে যব ধরি দেখল হাম।
কুটিল দৃগঞ্চল মঝু পর দেওল মনোমাঝে বিতরল কাম।
কব ধরি আগনি শশী সম লাগই শশী ভেল আগুনি সমান।
কাতর অন্তর করেজর হোয়ল ছটফট করই পরাণ।

চিত্রপটে প্রীকৃষ্ণকে দেখে, প্রীমতীর উন্মাদ অবস্থা উপস্থিত হলো। মনে হলো, চিত্রপট হতে বেবিয়ে ওই শিথিপুচ্ছধারী নব্যুবা মরকতকান্তি বিস্তার করে, মৃথ্হাসির সঙ্গে প্রীমতীর দিকে ক্র-নিক্ষেপ করছেন। প্রীমতার চিত্ত উন্মাদিত হলো। হায়, জ্যোৎসা-পুলকিত স্থাসিগ্ধ চন্দ্রিমাও যেন ভাঁর উপর অগ্নিবর্ধণ করতে লাগলো!

### (মাহ

যাতে চিতের নিজ্ঞিয়ত। বা বিপরীত গতি হয়, তাকে মোহ বলে। এই মোহ উপস্থিত হ'লে, নায়িকার নিশ্চলতা ও পতন ইত্যাদি ঘটে। ২০।

## যথা-

প্রীকৃষ্ণের প্রতি রাধার প্রেম নিবেদন ক'রে বিশাখা বললে— হে কৃষ্ণ! তোমার চিন্তায় মোহগ্রন্তা হয়ে. শ্রীমতী নিশ্চল হয়ে ভূপতিতা হয়েছিলেন। তার নাকে নিঃশ্বাস পড়ছিল না। চোথছটি উধের উঠে দ্বির হয়েছিল। তাই দেখে, জটিলা বলেছিল—হায়! কেমন ক'রে বধ্র এই বিপরীত গতি হলো ? আমার হাতে কিছু কৃষণ্ডিল এনে দাও, আমি অপামার্জন করি—ওর ভৃত ছাড়াই। কৃষণ্ডিল ছড়িয়ে মন্ত্র পৃড়লে সব অমঙ্গল দূর হবে।

জটিলা কৃষণতিলের কথা বলতে, যে-ই কৃষণ এই ছটি আক্ষর কানে গেল, অমনি শ্রীমতীর দেহে কম্পন উপস্থিত হলো। হে অচ্যুত! আমার স্থী ভোমাকেই এর হেতৃ ব'লে অবধারণ করেছেন। তুমিই তাঁর এই অবস্থার মূল কারণ।

## মৃত্যু

যা যা করা দরকার তা সব ক'রেও যদি প্রতিকার না হয়, দৃতীকে পাঠিয়ে নিজের প্রেম পীড়ার কথা জানিয়েও যদি কান্তের সমাগম না হয়, তা হলে কন্দর্প-বাণের পীড়নে নায়িকা অনেক বিব মরণের উভাম করে। এই অবস্থায় দে তার প্রিয় বস্তুগুলি ক'়িপর বিলিয়ে দেয়, নধুপগুলান, মৃত্যন্দপ্রন, জ্যোৎস্না, কদস্ব ইঙাদিকে অতিনিবিড় ভাবে অনুভব করে।

## যথা-

পৌর্ণমাসীকে শ্রীরাধার বৃত্তান্ত জানিয়ে, বৃন্দা বললেন: রাধা তার স্বহন্তরোপিত মুকুলিত মল্লীলতাকে আলিঙ্গন ক'রে, নিজের হীরকর্থচিত মণিহার ললিতাকে দিলেন এবং মধুপগুঞ্জিত কদম্বনে প্রবেশ ক'রে মূর্চ্ছিতা হয়ে পড়লেন। কৃষ্ণনাম সঞ্জীবনী দিয়ে স্থীরা ভাঁকে সঞ্জীবিতা ক'রে রেখেছেন।

# यथा वा-विषयमाध्य

শ্রীকৃষ্ণের উপেক্ষায় মর্মাহতা হয়ে শ্রীমতী কালীয়হুদে জীবন বিসর্জন দিতে উন্তত হলে, বিশাখা রোদন করতে লাগলেন। তাই দেখে শ্রীরাধা চোখের জল মূছে, বিশাখাকে বললেন—সখি। শ্রীকৃষ্ণ যদি আমার প্রতি অকঙ্কণ হন, তা হলে তোমার অপরাধ কি ? বুথা রোদন ক'রো না। এই একটিমাত্র পরম উপকার তুমি আমার ক'রো—দেই হবে উৎকৃষ্ট চরমকাজ। দেখো, আমার এই ভয়ুলতা যেন বৃন্দাবনের ওই তমালশাখায় লীন হয়ে চিরকাল অবিচলিত থাকে।২১।

উদাহরণ পদ---

'না পোড়াইও রাধা অঞ্চ, না ফেলিও জলে।
মরিলে তুলিয়া রেখো, তমালের ডালে।
আমি তমাল বড় ভালবাসি,
আমার কৃষ্ণ কালো—তমাল কালো,

তাই তো তমাল ভালবাদি ॥'

শ্রীরাধার এই প্রকার উক্তির তাৎপর্য এই যে, **শ্রীকৃষ্ণকে আলিঙ্গন** করবার যে প্রবল অক্ষান্ধা তাঁর সন্তরে চিরজাগ্রত হয়ে আছে, সেই আকাঙ্খা যদি হুর্ভাগ্যবশতঃ সফল না হয়, তা হলে কৃষ্ণশ্রাম ওই তমালত ক্ষেত আলিঙ্গন ক'রে তাঁর কামনা পূর্ণ হবে। এখানে মাদন রসের সঙ্গে মোদন রস সম্বিত হয়েছে।

### সমঞ্জস

যা সমঞ্জসা রতির স্বরূপ, তাকে সমঞ্জস বলে। এই সমঞ্জসে অভিলাম, চিস্তা, স্মৃতি, গুণকার্তন, উদ্দেশ, বিলাপযুক্ত উন্মাদ, ব্যাধি এবং জড়তা প্রভৃতি ধীরে ধীরে উৎপন্ন হয়।

সমঞ্চস রতি সঙ্গমের পূর্বে আবিভূতি হয় এবং বিভাবাদির মিলনে, অর্থাৎ আলম্বন এবং সেই আলম্বনকে আশ্রয় ক'রে যে উদ্দীপন সঞ্চারিত হয় তারই সমম্বয়ে, সমঞ্জস নামক পূর্বরাগ রস সঞ্চারিত করে।

## অভিলাষ

প্রিয়সকলিম্পা বা প্রিয়ব্যক্তির দক্ষ-সালসা থেকে অন্তরে যে চেষ্টা সঞ্জাত হয়, তাকে অভিনাষ বলে। এই অভিলাষের দারা নায়িকার বেশভূষার উৎকর্ষসাধন ও মনোগত রাগের বিকাশ হয়।

### यथा-

সভ্যভামাকে তার কোন স্থী বললে:

'সত্যভামা তোরে কই স্থভদার সঙ্গে সই ছলে ধাও দেবকীর দর। বসন ভূষণ গায় নিতি নিতি যায় তাই কিছু আছে মনের ভিতর ॥'

স্ভজার সঙ্গে তোমার সখ্য আছে, তাই ব'লে তুমি রোজ রোজ দেবকীর গৃহে যাচছ। কিন্তু তা হ'লে তোমার মণ্ডন ও প্রসাধনে এত যত্নবতী হওয়ার কি প্রয়োজন ? আজ দেখেশুনে এই কথাই স্পাষ্ট মনে হচ্ছে যে তোমার অন্তরে নিশ্চয়ই কোন গৃঢ়ভাব আছে।

## চিন্তা

অভীষ্টপ্রাপ্তির উপায় অনুধাবন করাকে চিস্তা বলে। অর্থাৎ কি উপায়ে অভীষ্টলাভ হবে তার উদ্ভাবনের জন্ম যে ধ্যান, তাই চিন্তা। এই চিন্তায় বিছানায় শুয়ে বারবার এ-দিক ও-দিক ফেরা, ঘনঘন নিঃশ্বাস ফেলা, এবং দেখবার কিছু না থাকলেও পুনঃপুনঃ দৃষ্টি নিক্ষেপ করা ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়।২২।

### यथ। —

চিন্তাক্লিটা ক্ষিণীর অবস্থা দেখে, তার প্রতিবেশিনী বললে—হে কমলমুখি, ঘনঘন নিংখাসে তোমার ওঠবিম্ব মান হচ্ছে, দেহয় কিশ হয়েছে, চোখের কাজল ধুয়ে অঞ্চধারা বইছে, বারবার শয্যা গ্রহণ করছো, কেন ? কাল তোমার বিয়ে আর আজ এমন বিকল হওয়া কি সাজে!

# স্থৃতি

পূর্বে অমুভূত প্রিয়বস্থ বা প্রিয়ঙ্গনের রূপ, গুণ, বেশ প্রভৃতি বিষয় সম্পর্কে চিন্তা করা, অথবা সেগুলি মনে উদিত হওয়াকে স্মৃতি বলে। এই স্মৃতিতে কম্প, অঙ্গের বিবর্ণতা, নয়নে বাষ্প্রসঞ্চার ও দীর্ঘধাস প্রভৃতি লক্ষণ প্রকাশিত হয়।

### **491-**

সত্যভামাকে তার কোন স্থা বললে—হে সাত্রাজিতি! তোমার নয়নকমলছটি অঞ্প্রত হয়েছে। রথচক্রেসদৃশ কুচদ্ম কম্পিত হচ্ছে। বাহুম্ণালছটি প্লথ হয়েছে। তাই মনে হয়, তোমার হৃদয়-সরোবরে কৃষ্ণরূপ হস্তী বিহার করছেন।

হাতী তড়াগে নেমে যদি জলকেলি করে, তা হলে উৎক্ষেপিত জলরাশিতে যেমন পদ্ধালি জলপূর্ণ হয় এবং তড়াগও তউভূমি আন্দোলিত হয়, তেমনি প্রীকৃষ্ণের স্মৃতি চিত্ত-সরোবরে কেলিরত হওয়ায় সত্যভামার কুচন্বয় কম্পিত হচ্ছে, বাহুম্ণাল শিথিল হয়েছে ও নয়নপদ্মহটি জলপূর্ণ হয়েছে।

## গুণকীর্তন

সৌন্দর্যাদি গুণের বর্ণনায় শ্লাঘা প্রকাশ করাকে গুণকীর্তন বলে। দয়িতের গুণকীর্তনে কম্প, রোমাঞ্চ ও কণ্ঠ গদগদ হয়। ২৩।

## यथा-

কৃষিণী পত্র লিখে বললেন—হে কৃষ্ণ । তোমার রূপসম্পদের মধু পান করবার জন্ম তৃষিতা হয়ে যুবতীরা ইতস্তত যুরে বেড়াচ্ছে। সে মধু পান করলে যে তাদের কি অবস্থা হতো, তা ব ত পারি না। তুমি নিজেই সে রূপমাধুর্য দর্পণে দেখে রোমাঞ্চিত হয়েছিলে। সে রূপের মধুর গন্ধ লাভ করা দুরে থাক, তার কথা ভাবতেই আমার ধৈর্ঘচাতি ঘটছে। আমার চিত্তভুক্ষ স্থির থাকছে না।২৪।

প্রোঢ় রতিতে উবেগ প্রভৃতি ছয়টি মানসিক অবস্থার কথা পূর্বে উল্লিখিত হয়েছে। সমঞ্জসা রতির ক্ষেত্রেও সেই ছয়টি মানসিক অবস্থার উদ্ভব হয়। \*

\* উদ্বেগ, বিলাপ, উন্মাদ, ব্যাধি, জড়তা ও মৃতি বা মরণেচ্ছা

### সাধারণ

সাধারণপ্রায় রতিকে সাধারণ বলা হয়। এতে বিলাপ পর্যস্ত ষোলটি ভাবের কথা বলা হয়েছে। এই ষোলটি ভাব অতি কোমল (delicate)। সেইজন্ম এগুলির বিস্তৃত আলোচনা বর্জিত হয়েছে। বিলাপাস্ত ছয়টি দশার বিষয় উল্লিখিভ ও আলোচিত হয়েছে। এই ছয়টি দশা হলো—অভিলাব, চিস্তা, স্মৃতি, গুণকীর্তন, উদ্বেগ ও বিলাপ। ২৫।

## অভিলাখ

## যথা-এমভাগবত প্রথমস্করে

**এরিক্**ফকে দেখে, কৌরব পুরস্ত্রীগণের অন্তরে বাসনা জেগে উঠেছিল। শ্রীকৃষ্ণকৈ কামনা ক'রে তাঁরা বলেছিলেন:

'কত তপ করি তারা হয়েছিল নারী, যাহাদের পতি এই স্থুন্দর মুরারি।'

যদিও ওই স্ত্রীত্বে স্বাধীনতা ও শুচিতা নাই, কেন না তাঁরা সকলে ধর্মসম্মত পত্নী নন, অর্থাৎ যথারীতি যজ্ঞাদি অমুষ্ঠান সম্পন্ধ ক'রে ওই পতি-পত্নী সম্পর্ক স্থাপিত হয়নি। তবুও ওই সব নারী সেই স্ত্রীত্বকে স্থাপোভিত ক'রে আছেন। তাঁদের গৃহ থেকে এই পদ্মলোচন পতি কোনো সময়ের জন্ম বাইরে যান না, উপরন্ত পারিজ্ঞাত প্রভৃতি নানা স্থাপার ও প্রিয়বস্তু আহরণ ক'রে তাঁদের উপহার দিয়ে সর্বদাই স্থাদয়ের আনন্দ বর্ধন করেন।

যাঁর। অতিধীর ব্যক্তি, অর্থাৎ অতিকোমল কামতন্ত্র চিস্তাদিতে বাঁদের চিত্ত কখনও চঞ্চল হয় না, তাঁরা অক্যাম্ম ভাবগুলির উদাহরণ ও বিশ্লেষণ (analysis) করবেন।

পূর্বরাগে জ্রীকৃষ্ণ তাঁর বয়স্তদের হাতে নায়িকাগণের নিকট কামলেধ ও মাল্য প্রভৃতি পাঠিয়েছেন।

### কামলেখ

যে লেখা নিজের প্রেম প্রকাশ করে, তাকে কামলেখ বলে। নায়িকার নিকট নায়কের বা নায়কের নিকট নায়িকার পত্র-মাধ্যমে যে কামেচ্ছা-প্রকাশ (self proposal), তারই নাম কামলেখ।

কামলেখ তু-রকমের হয়—নিরক্ষর ও সাক্ষর। একটি সাংকেতিক জ্ঞাপন, অপরটি লিপি।

## নিরক্ষর কামকেখ

স্থ্যক্ত কোন নব পল্লবে নখচিহ্নিত অর্ধচন্দ্র, যাতে কোনো বর্ণ ব। অক্ষর লিখিত থাকে না, তাকে নিরক্ষর কামলেখ বলে।

### যথা---

বিশ্ । তার সংশীর হাতে একথানি কামলেথ পাঠিয়েছিল শ্রীকৃষ্ণের কাছে। শ্রীকৃষ্ণ সেই কামলেথ হৃদয়ে ধারণ ক'রে স্থবলকে বললেন—

বিশাখা তার নথাগ্র দিয়ে এই কিশলয়-শিখরে একটি অর্ধচন্দ্র অঙ্কিত করে পাঠিয়েছে। এটা যেন কলপের অর্ধচন্দ্র বাণ! না জানি কেমন ক'রে হঠাৎ এই পত্র কলপেরাণ হয়ে আমার হৃদয়ে প্রবেশ করেছে! ২৬।

### সাক্ষর কামলেথ

যেখানে গাথাময়ী লিপি অর্থাৎ ভাষায় লিখিত পত্র প্রেরিত হয়, সেখানে সেই লিপিকে সাক্ষর বা অক্ষর-সমন্থিত কামলেখ বলা হয়।২৭।

# যথা—জগন্নাথবল্লভ নাটকে

শ্নিমুখার হস্তে প্রেরিত শ্রীরাধার কামলেখ:

হে-কৃষ্ণ! তুমি দীর্ঘকাল ধরে আংগার হাদয়কৈ বিদ্ধ করছো। অপ্যশ হচ্ছে মদনের! কিন্তু আমি তো মদনকে কোথাও দেখতে পাই না। চারিদিকে শুধু তোমাকেই দেখছি। ২৮। কামলেখ রচনায় হিন্ধুলজব কিংবা কল্পরী মসীরূপে ব্যবহাত হয়। বৃহৎ পূষ্পাদল-পত্র কুল্পুমে মুজিত ক'রে, তাকে পদ্মনালের তন্তু দিয়ে জড়িয়ে বাঁধা হয়, যাতে লিপিখানি গোপন থাকে।

## भागा अर्थन

### যথা--

শ্রীকৃষ্ণ প্রেরিত মালাটী শ্রীরাধাকে দিয়ে বৃন্দা বলেছিলেন— স্থি! গ্রীকৃষ্ণ তাঁর নিজের শিল্পকৌশলের পরাকাষ্ঠা দেখিয়ে এই মালা গেঁথে তোমার জন্ম পাঠিয়েছেন।

এই কথা শুনে, কমলাঙ্গিনী শ্রীরাধার অঙ্গ থেকে স্বেদবারি নির্গত হতে লাগলো। মনে হলো, সেই স্বেদবিন্দুছলে যেন শ্রীমতীর কুলধর্ম, শঙ্কা, ধৈর্য—সবকিছুই নিঃশেষে বেরিয়ে গেল।

কোনকোন পণ্ডিতের মতে পূর্বরাগের প্রথমে হয় নয়নপ্রীতি, ভারপর চিস্তা। চিস্তার পরে জাগে আসঙ্গ লিপ্সা অর্থাৎ সঙ্গকামনা বা আসক্তি। আসক্তির পর মনে সঙ্কল্লের উদয় হয়। ভারপর হয় নিস্তাচ্ছেদ—চোখের ঘুম চলে যায়। ভারপরে দেখা দেয় ভুমুক্ষীণতা বা কুশতা; কুশতার পরে বিষয়নিবৃত্তি, এবং ভারপর লজ্জানাশ। লক্জানাশের পর উন্মাদ। ভারপরে মৃর্চ্ছা, এবং মৃ্চ্ছার পরে মৃতি বা আপন মৃত্যুকামনা।

দর্শনে নয়নপ্রীতির সঞ্চার বা 'ভালো-লাগা' থেকে স্চনা হয় পূর্বরাগের। তারপর চিন্তা থেকে মৃতি পর্যন্ত দশটী স্মরদশা বা কামদশা নায়িকার জীবনে পরপর ঘটে। ২৯।

এইরূপে শ্রীকৃষ্ণের পূর্বরাগেও ক্রমপর্যায়ে ওই দশটা স্মরদশার উত্তব হয় ৷ তার নিদর্শন ঃ

#### যথা --

## বৃন্দা ঞ্রীরাধাকে বললেন :

'বংশীক ছোড়ি চিত অতি আকুল নাগর ফিরই গহনে। বনমালা গলে নাহি পহিরহি আকুল কুগুল নাহি লয় জাবণে॥ তুয়া ভুর ভুজিলনী তাহে অবদংশল জারল কালীয়দমনে। সহচর ছোড়ি কুঞ্জমাঝে রহতহি চাহই চঞ্চল নয়নে॥'

স্থি! তোমার জ্রভুজঙ্গিনী শ্রীকৃষ্ণের চিত্ত-প্রথন পান করায় তিনি বংশীনাদের পরিমল-উল্লাস বিশ্বত হয়েছেন। বিবিধ কুসুম চয়ন ক'রে আর কুগুল ও বনমালা রচনা করছেন না। সহচরগণের চারুচরিত্রে আর তাঁর কোনো আকর্ষণ নাই। সে সব বিষয়ে আর কোনো তৃষ্ণা তাঁর নাই। তিনি সবকিছুই ত্যাগ করেছেন। ৩০।

ইতি পূর্বরাগপ্রকরণ।

### धान

পরস্পারের প্রতি অমুরক্ত এবং একত্র অবস্থিত দম্পতির বা নায়ক-নায়িকার বাঞ্ছিত আলিঙ্গন ও বীক্ষণাদি অর্থাৎ পরস্পারের মুখপানে চাওয়া ইত্যাদি কার্যে যে মনোভাব বাধা দেয় বা নিরোধ করে, তাকে মান বলে।

এই মানে নির্বেদ বা বৈরাগ্য, শঙ্কা, অমর্থ বা ক্রোধ, চপলতা, গর্ব, অস্থা, অবহিত্থা বা ভাবগোপন, গ্লানি এবং চিন্তা প্রভৃতি সঞ্চারিভাব হয়। ৩১।

প্রণয়ই মানের উত্তম ক্ষেত্র অর্থাৎ যুবক-যুবতী বা নায়ক-নায়িকার ভাববন্ধন যখন প্রণয়ের পর্যায়ে উপনীত হয়, তখনই মানের প্রকৃষ্টি ফুর্তি হয়। এই মান সহেত্ ও নির্হেত্ ভেদে তু'প্রকার। ৩২।

> 'জনিত্বা প্রণয়ঃ স্নেহাৎ কুত্রচিৎ মানতাংবজেৎ। স্নেহাম্মানঃ কচিড়ুত্বা প্রণয়ত্তমথাপুতে॥'

স্নেহ থেকে প্রণয় উৎপন্ন হয়ে কোথাও মান সঞ্চারিত হয়, কখনো বা স্নেহ থেকে মানের উৎপত্তি হয়ে প্রণয় উদ্ভূত হয়। এই জন্মই মানবিষয়ে প্রণয়কেই শ্রেষ্ঠ ক্ষেত্র বলা হয়েছে।

# সহেতু মান

যেখানে মানের কোন হেতু বা কারণ থাকে, তাকে সহেতু মান বলে। সাধারণতঃ মানের কারণ ঈর্ষা। মনে ঈ্ষা হলেই মানের উদয় হয়। প্রিয়জনের মুখে বিপক্ষের গুণকীর্তন বা বৈশিষ্ট্যের কথা শুনলে প্রণয়মুখ্য যে ভাবের উদয় হয়, তাই থেকে নায়িকার ঈ্ষামান উদ্ভূত হয়। ৩৩।

স্নেহ ব্যতীত ভয় হয় না। স্নেহ থাকলেই নায়ক বা নায়িকার মনে ভয় হয় যে, এই বুঝি হারালাম! এই বুঝি ব্যথা দিলাম! আর প্রণায় ব্যতীতও ঈর্ষা হয় না। প্রণায়ে ভাৰবন্ধনের দৃঢ়তা সম্পর্কে নায়ক-নায়িকার মনে স্থির বিশ্বাস থাকে। তাই অপর পক্ষীয়ের গুণকীর্তন শুনে মনে ঈর্ষার আগুন জ্বলে ওঠে। সে ঈর্ষা প্রকাশে মনে কোনো ভয় থাকে না, সেই জন্ম এই প্রকার মান উভয়েরই প্রেম-প্রকাশক হয়। ৩৪।

নায়ক যখন কোন অপরাধ করে, নায়িকার প্রতি তার ভয় হয়।
আবার নায়কের অপরাধের জন্ম নায়িকার মনে ঈর্ষা উৎপন্ন হয়।
এই হুই কারণে নায়ক ও নায়িকার মনে মানরূপ রসের সঞ্চার হয়।
এখানে ভয়ের কারণ স্নেহ এবং ঈর্ষার কারণ প্রণয়। নায়কের
সঙ্গে সখ্য স্থাপিত না হ'লে নায়িকার মনে ঈর্ষা জন্মাতে পারে না।
আবার নায়িকাসপ্রার্কে নায়কের চিত্তে আন্রভাব বা স্কেহ না
থাকলে, নায়কের মনেও ভয় হয় না!

## অভএব হরিবংশে

সত্যভামার রোষান্বিত ভাব দেখে, সেহহেতু যহনন্দন ভয়েভয়ে ধীরপদক্ষেপে তার গৃহে প্রবেশ করলেন। সত্যভাম। ছিল রূপযৌবন সম্পারা, তাই নিজের সৌভাগ্যে সে সর্বদাই গবিতা থাক তা। সে যথন স্থীর মুখে শুনলো যে, রুলিনী শ্রীকৃষ্ণের কাছে পারিজাত পুষ্প পেয়েছে, ঈর্ষায় তার অন্তর জলে উঠলো। প্রবল অভিমান হলো সত্যভামার মনে।

শ্রীকৃঞ্চনিষ্ঠ সুখের জন্ম সত্যভামা সৌভাগ্যবতী। সেই সৌভাগ্যের সঙ্গে অতুলনীয় রূপের সমন্বয় তাকে গর্বিতা করেছে। সেই গর্বের জন্মই তার অত অভিমান। সত্যভামা নধুস্লেহবতী। তাই স্বেহসঞ্জাত মান তার বেশী।

যে নায়িকার হৃদয়ে স্থুসখ্য বিরাজ করে, বিপক্ষের উৎকর্ষ-কীর্ডন ভার সহা হয় না। সত্যভামা ব্যতীত অন্ত নায়িকার অস্তুরে স্থাসংখ্যর অভাব ব'লে, রুক্সিণীকে পারিজাত পুষ্পদানের কথা শুনে ভাদের মান উৎপন্ন হয়নি।

বিপক্ষ বৈশিষ্ট্য তিন প্রকার। যথা—শ্রুত, অনুমিত ও দৃষ্ট; অর্থাৎ প্রবণ, অনুমিতি ও দর্শন থেকে উৎপন্ন।

### শ্ৰহণ

প্রিয়সখা ও শুক প্রভৃতির মুখে শোনা কথা হলো এবেণ।

# जथोगूर्य खेवन

#### যথা--

বৃন্দা অভিমানিনী মনোরমাকে বললেন—হে শশিমুখি! সখীর মুখে মিখ্যাবার্তা শুনে, তুমি তোমার প্রণয়াস্পদের উপর অনুরাগ বুখা শিথিল করে। না। হে দেবি! প্রসন্ধাহও, মনের গ্লানি দূর করে। ওদিকে তোমার মুখ না দেখে, প্রিয়তম আজ বনে ব'দে বিশীর্ণ হচ্ছেন। ৩৫।

'মিছামিছি কেন কঠিন স্থীর বচনে করেছ মান। আমি ভাল জানি আন যুবতীর নিকটে না যায় খ্যাম॥'

## শুক্রুখে ভাবণ

## যথা---

অভিমানিনী শ্রামলার প্রতি চাটুবাক্য প্রয়োগ ক'রে এরিক্ষ বললেন:

> 'কলহ-নিপুণা কোন সহচরী পড়াল এহেন ভকে। চন্দ্রাবলী সঙ্গে আমার বিহার পড়িছে আপন মুখে॥ রাই তুমি না করিহ মান। ভকের বচন সকলি বিফল তুমি সে আমার প্রাণ॥'

# অনুমিতি

ভোগাঙ্কদর্শন, গোত্রস্থানন অর্থাৎ এক ব্যক্তিকে অন্থ ব্যক্তি ব'লে ডাকতে শুনে, কিংবা স্বপ্ন দেখে, অমুমিতি (Inference) হতে পারে। এই পর্যায়ে ভাগ করলে, অমুমিতি তিন প্রকার হয়।

## ভোগাৰ

বিপক্ষ অথবা প্রিয়ঙ্গনের অঙ্গে যে রতিচিহ্ন দেখা যায়, তাকে ভোগাঙ্ক বলে। ৩৬।

## বিপক্ষগাত্তে ভোগান্ত দৰ্শন

#### सथा--

খণ্ডিত চন্দ্রাবলীর কুঞ্জে শ্রীকৃষ্ণকে দেখে, পদ্মা রোষযুক্তা হয়ে বললে—হে ধূর্ত! তোমার আর চাট্বাক্যে প্রয়োজন নাই। যথেষ্ট হয়েছে, এই পর্যন্তই ভালো। চন্দ্রাবলী খিয়-নয়না হয়ে ঘুমাছে বুমাক। তুমি আর ক্ষণকালও এখানে থেকো না। প্রাক্ষণ থেকে চলে যাও। বৃদ্ধা ক্রেলা হয়ে আছেন। ললিতার ললাটে (বিপক্ষ রমণীর) তুমি যে মকরীচিত্র অক্ষিত করেছ, তাতেই সব বুঝেছি। তার সেই চিত্রিত ললাটই তোমার সব চাত্রি উদ্যাটন করে দিয়েছে।

## প্রিয়গাত্তে ভোগাঙ্ক দুর্গ ন

### যথা-বিদ্ধমাধ্য

খণ্ডিতা শ্রীরাধা অনুনয়কারী শ্রীকৃষ্ণকে বলেছিলেন:

হে কেশব! অমন নির্নিমেষ দৃষ্টিতে আমার পথপানে চেয়েছিলে, তাই পুষ্পরেণু পড়ে তোমার চোথছটি লাল হয়েছে। আর বনের শীতল বাতাদ লেগে তোমার বিস্বাধর ত্রণিত হয়েছে, হিমেল বাতাসে ঠোঁটছটি ফেটে ক্ষতবিক্ষত হয়েছে। হে দেব! সঙ্কোচ পরিত্যাগ করো। বিনয়-বচনে আর প্রয়োজন নাই। আমি দৈবকর্তৃক বিভ্স্থিতা, বিধাতা আমার অদৃষ্টে হঃখ লিখেছেন। তুমি কি করবে! থাক, আর তোমার দিকে চেয়ে দেখবো না।

শ্রীমতী বিপরীত লক্ষণা দ্বারা এই কথাই দয়িতকে ব্ৰিয়ে দিলেন যে, তাঁর আর ব্রুতে কিছু বাক। নাই। অশুরমণী-সম্ভোগে নিশাযাপনের জন্ম নয়নহ'টি রক্তবর্ণ ধারণ করেছে, বিস্বাধর দস্ভের আঘাতে ক্তবিক্ষত হয়েছে।

এক্ষেত্রে নায়িকার মানই স্বাভাবিক। প্রিয়গাত্রে অপর নায়িকার ভোগাঙ্ক দর্শন থেকে এই মানের উৎপত্তি হচ্ছে।

### গোত্রখনন

ভূল ক'রে একজনকে অফজনের নাম ধরে ডাকা, বা কোন নায়িকাকে তার বিপক্ষ-নায়িকার সংজ্ঞায় আহ্বান করা প্রভৃতিকে গোতাখালন বলা। এই গোতাখালন নায়িকার পক্ষে অত্যন্ত ঈর্ষার কারণ হয়, এবং মরণ অপেক্ষাও অধিক হঃখপ্রদ হয়।

## যথা-বিশ্বমঙ্গলে

রাধামোহনমন্দির থেকে বেরিয়ে, শ্রীকৃষ্ণ চন্দ্রাব্লীর নিকট গেলেন। অশুমনস্কভাহেতু ভূলবশতঃ হঠাৎ ভাকে সম্থোধন ক'রে জিজ্ঞেস করলেন—'রাধে! ভোমার কুশল ভো?'

ভাঁর মুখে এই কথা শুনে, চন্দ্রাবলী বললে—'ওহে কংস! ভোমার সংবাদ মঙ্গলময় তো !'

কৃষ্ণ বললেন—'অয়ি বিমুগ্ধহৃদয়ে! এখানে কংসকে তুমি কোথায় দেখলে 
'

উত্তরে চন্দ্রাবলী বললে—'তুমিই বা রাধাকে কোথায় দেখলে ?' এই কথা শুনে, লজ্জাবনতমূখে শ্রীকৃষ্ণ হাসতে লাগলেন।

সেই হাস্তময় মাধব তোমাদের রক্ষা করুন। প্রেমময় মাধবের এই সলচ্ছ হাসি অপূর্ব ওঁ অতুলনীয়। ৩৭।

এখানে গোত্রশ্বলনহেতু নায়িকার ঈর্ধা-উক্তির মাধুরী প্রদর্শিত হলো। এবার তার স্থীদের উক্তির উদাহরণ দেওয়া হচ্ছে।

## যথা বা-

চক্রাবলীর সভায় সঙ্গীত-লহরীতে মুগ্ধ হয়ে, রসাস্বাদ প্রসঙ্গে কি বলতে গিয়ে হঠাৎ প্রীকৃষ্ণ ভ্রমক্রমে চক্রাবলীকে 'যোড়শীভারা' ব'লে সম্বোধন ক'রে ফেললেন। তাই শুনে, চম্বাবলীর সখী পদ্মা রোষভরে ব'লে উঠলো—অহ! হে কিতব, শঠ, তোমার সামনে **উच्चन**नोनम्

বিমলহ্যতি চন্দ্রাবলী বিরাজ করছেন। তুমি এখানে ষোড়শীতারা অর্থাৎ রাধাকে কোথায় দেখলে? তোমার বর্ণ তিমিরের মতো মলিন। অন্ধকার রঞ্জনী তারাকেই চেনে। কিন্তু চাঁদ উঠলে যে অন্ধকার বিলীন হয়ে যায়। যাও—যাও, এখান খেকে তাড়াতাড়ি চলে যাও। ব্রজের অরুণমণ্ডলা আমার এই সহচরী ক্রোধহাঙি প্রকাশ করবার আগেই এখান থেকে প্রস্থান করে।।

এখানে গোত্রেশ্বলনের জন্ম পদ্মার মান উপস্থিত হয়েছে এবং চক্ষাবলীরও প্রচণ্ড মান আশংসিত হচ্ছে। ৩৮।

## স্বপ্নদর্শন

শ্রীকৃষ্ণ বা বিদ্যক যদি স্বপ্ন দর্শন ক'রে, স্বপ্নায়িত অবস্থায় এক নারিক: উপস্থিতিতে বিপক্ষ-নায়িকা সম্পর্কে কোন উক্তি করেন, তা শুনে মানের উৎপত্তি হয়। তাকে স্বপ্নদর্শনজনিত মান বলে।

# শ্রীকৃষ্ণের স্বপ্নদর্শন যথা—

বৃন্দা কুন্দবল্লীকে বললেন ঃ
'চন্দ্রাবলীর কাছে হরি আছয়ে শয়ন করি তাথে স্বপ্নে এই কণা কর ।
রাই মোর অন্তরে রাই মোর বাহিরে রাই মোর স্ত্রে পৃষ্ঠে রঃ ।
চন্দ্রাবলী তাহা শুনি আপন লঘুতা মানি রুষ্ণপ্রতি বিরচিলা মান ।
স্বীরে না কহে কথা হদয়ে বাড়িল ব্যথা ক্রোধে জলে আগুন সমান ॥'

রাধে! তুমি আমার ছদয়ে-বাহিরে আছো, এই কথা স্বপ্রছোরে শ্রীকৃষ্ণের মূথে উচ্চারিত হওয়ায়, শ্রীরাধার প্রতি তাঁর প্রেমের আত্থয্য প্রকাশ পেল। তাতে চন্দ্রাবলীর প্রচণ্ড মান সাভাবিক।

# বিদূষকের **অপ্ন** যথা—

শৈব্যা ভার সখীকে বললে—স্থি! মধুমঙ্গল চক্ষাবলীর গৃহে ঘুমিয়ে ছিল। ঘুমস্ত অবস্থায় স্বপ্নে সে বললে, 'মাধ্বি! ভূমি কোন

চিস্তা করো না। প্রীকৃষ্ণ নানাচাটুবাক্যে পদ্মার সখা চন্দ্রাবলীকে প্রবঞ্চনা করেছেন।' তাই বলছি, তুমি ছরায় শ্রীরাধাকে কৃষ্ণের কাছে অভিসারে পাঠাও।

আশ্চর্ষ দেখ, বিদ্যকের মুখে এই কথা শুনে চন্দ্রাবল। অভিমানে অলতে লাগলো।

# দৰ্শন যথা—

পদ্মা অমুনয় ক'রে প্রীকৃষ্ণকে বললে, হে শঠচ্ড়ামণি! তুমি
মিথ্যা কথা বলো না। গিরিকন্দরে আমার সখী চক্রাবলীকে
একাকিনী রেখে, ছলনা ক'রে তুমি সম্ভ্রম দেখিয়ে পালিয়ে এসেছ।
পরে দ্র থেকে ক্রুত্র ঘটিকার শব্দ শুনে, আতঙ্কিতা হয়ে, চক্রাবলী
বাইরে এসে দেখে—যম্নাপুলিনে প্রীরাধার সঙ্গে তুমি বিহার
করছো। সেই থেকে চক্রাবলী অভিমানে জলে মরছে। ৩৯।

### যথা বা—

চন্দ্রাবলী দ্র থেকে ললিতাকে দেখে, ব্যথিত অন্তরে পদ্মাকে বললে—সহচরি! উৎকৃষ্টিতা হয়ে আজ সকালে গুঞ্জামালা গেঁথে ব্রীকৃষ্ণের গলায় পরিয়ে দিয়েছিলাম। কিন্তু হায়! সকালেই দেখলাম যে, সেই মালা ললিতার বক্ষে দোলে। আগুনের মত উজ্জল বর্ণের সেই গুঞ্জাবলী আমার হৃদয়কৈ দগ্ধ করছে।

# बिदर् पु मान

অকারণ অথবা তুইয়ের কারণাভাসহেতু নায়ক ও নায়িকার ষে প্রাণয় উদিত হয়, এবং সেই প্রণয়নিবন্ধন যে মানের উদ্ভব হয়, ভাকে নিহে তু মান বলে। ৪০।

পশুভিগণ প্রণয়ের পরিণামকে আল্পমান বা সহেতু মান বলেন, আর প্রণয়ের বিসাসজ্বনিত বৈভবকে দ্বিতীয় মান অর্থাৎ নির্হেতৃ মান ব'লে থাকেন। প্রণয় থাকলেই মানের উৎপত্তি হয়, এবং কোন উজ্জলনীলমণি ৩১৩

কারণ না-পাকা সত্ত্বেও যে মান উদিত হয়, তাকে বিদগ্ধজনের। প্রণয় মান ব'লে কীর্তন করেছেন। ৪১।

তাই কথিত আছে যে, সর্পের গতি ষেমন বক্র, প্রণয়ের গতিও তেমনি স্বভাব-কুটিল। কারণ থাক বা না থাক, যুবক-যুবতীর প্রণয়ে মানের উদয় হয়। এই মানে ভাব-সংগোপন, অর্থাৎ মনের কথা খুলে না বলা, বা মুখভার ক'রে থাকা, ইত্যাদি যে-সব ভাব উদিত হয়, সে-গুলিকে ব্যভিচারিভাব ব'লে জানতে হবে। ৪২।

# শ্রীক্ষকের নিহে তু মান

শ্রীকৃষ্ণের সহেত্ মান সম্ভব নয়। তবুও তাঁর মান উদিত হলো, নির্দেশিত স্থানে অভিসারে আসতে ব্রজস্থলরীর বিলম্ব হয়েছে ব'লে। এটা কারণাভাস জনিত মান।

### যথা--

কোন ব্রজ্পুন্দরী বললেন—হে কৃষ্ণ! তুমি কথা না বলো, অস্ততঃ একবার স্মিতদৃষ্টিতে আমার দিকে চাও! আমার কোন অপরাধ নাই। কৌশলে পতিকে বঞ্চনা ক'রে আসতে এই জ্যোৎস্মান্দরী রাত্রির অর্থেক অতীত হলো। তারপর আমি জ্যোৎস্মান্দিরের উপযোগী ভ্রতবেশে সজ্জিতা হয়ে ক্রতপদে আসছিলাম। অনেক দূর এগিয়ে আসার পর হঠাৎ নিবিড় মেঘে চাঁদ তেকে গেল। বনপথ অন্ধকার হলো। সেই জন্যই আমার আসতে আরো দেরী হয়েছে।

### যথা বা-

## শ্রীরাধা শ্রামলাকে বললেন:

'বনফুল চয়নে বিলম্ব করি পছহি শ্যা নিকটে হাম গেল।
মূঝে হেরি নাগর বাত নাহি বোলল কেবল অধাম্থ ভেল।
হাম ফুলঅঞ্জলি পদতলে দেয়লু তাহে ভুর কুটিল বিলাস।
পুরুষকি মান স্থচির নাহি হোয়ই বদনে প্রকাশল হাস॥'

পথে ভালো-ভালো বনফুল চয়ন করতে আমার বিলম্ব হলো।
গিয়ে দেখি, মুরারি মান ক'রে বসে আছেন। কথা বলছেন না।
চরণে পুল্পাঞ্চলি দিলাম। মুখে তাঁর মুত্হাসি ফুটে উঠলো।
পুরুষের মান কতক্ষণ থাকে!

# কুষ্ণপ্রিয়ার কারণাভাবক্রনিত মান যথা—উদ্ধবসন্দেরে (১)

শীকৃষ্ণকৈ বন থেকে গোষ্ঠে যেতে দেখে, শ্রীরাধার মান উপস্থিত হলো। তাই দেখে, শ্রামলা বললে—স্থি! কেন তুমি অকারণ মান করছো? গোষ্ঠ-অঙ্গন থেকে শ্রীকৃষ্ণ তোমার দেহলী-বেদিকার দিকে মুহুমুহু উৎকণ্ঠিত দৃষ্টি নিক্ষেপ করেছেন। তুমি র্থা মান ক'রে কেন গবাক্ষপথে চেয়ে থেকে অন্তর বেদনার্ড করছো! । ৪৩।

এখানে শ্রীরাধার মানের কোনো কারণ নাই, তবুও তাঁর মান হলো-এই ভেবে যে, শ্রীকৃষ্ণ কেন তাঁর জন্ম বনে আরো কিছুক্ষণ অপেকা করলেন না!

# কুষ্ণপ্রিয়ার কারণাভাসন্ধনিত মান, যথা -

(২) জ্রীরাধাকে মানিনী দেখে জ্রীকৃষ্ণ বললেনঃ

কেন তুমি অকারণ কুপিতা হয়ে মৌনব্রত অবলম্বন করেছ ? আমি তোকোন অপরাধ করিনি।

'তোমার বচনে কুন্থম চয়ন করিতে গেলাম আমি।
কোন দোষ নাই কেন মিছা রাই মানিনী হয়াছ তুমি।
অনেক যতনে গহন কাননে আনিলাম মল্লিকা ফুলে।
ভূষণ করিয়া তোমারে পরাব কিবা সাজে শ্রুতিমূলে। '৪৪।

## যুগপৎ মান

মানের কারণ না থাকলেও, নায়ক ও নায়িকা উভয়েরই একসঙ্গে মানের উদয় হতে পারে।

### যথা--

যুগপৎ মানগ্রস্ত জ্রীরাধা ও জ্রীকৃষ্ণকে বৃন্দা বললেন:

'কেন হে নাগর মুখ নামাইয়া বিদিয়া রয়েছ তুমি।

কেন কেন রাই তোমার বদনে বচন নাহিক ভনি॥

বুঝিলাম মনে তোমরা তৃজনে প্রেমেতে করেছ মান।

পুন: রতি রদে এখনি ভূলিবে, তৃহুঁ সে দৌহার প্রাণ॥'

শীরাধাকে উদ্দেশ ক'রে বললেন—জানি জানি হে বিরস্বদনে !
এমন কোন অনির্বচনীয় অভ্যাস আছে, যার জন্ম ক্রীড়াকলহে
উভয়ের এই মান ভঙ্গ হলো না। ৪৫।

এককালীন কারণাভাসজনিত মান সম্ভব নয়। সেই জয় উপশ্যের সহিত কারণাভাবজনিত মানের উদাহরণ দেওয়া হয়েছে।

### যথা বা-

শ্রীকৃষ্ণ নির্জনে বিশাখাকে লীলাকৌতুকচ্ছলে বললেন—স্থি!
আমরা ত্জনে যম্নাতীরের কুঞ্গৃহে ছিলাম। থাকতে থাকতে
হঠাৎ ত্জনে ত্জনকে আর দেখতে পেলাম না। তার জন্ম মিথা যে মান উপস্থিত হলো, তাতে আমরা ত্জনেই ক্লান্ত হচ্ছিলাম।
তারপর, আমি যখন একটি দাড়িম্ব ফল হাতে নিলাম, শ্রীরাধার
মুখে হাসির রেখা ফুটে উঠলো। তখন আমি পরিহাস ব তে করতে
তার প্রফুল্ল অস আলিক্ষন করলাম। ৪৬।

নিহে তুক মান আপনা-আপনিই উপশ্মিত হয়, এবং নায়ক নায়িকাকে হৃদয়ে গ্রহণ করলে, মানময়ী নায়িকার মুখে আপনিই হাসি ফুটে ওঠে।

এর শেষসীমা অঞ্পাত পর্যন্ত। হাসতে গিমেও নায়িকার চোথে জল আসে।

#### यथा-

শ্রীকৃষ্ণ রাধিকাকে বললেন, হে রাখে! তোমার রোষ যদি বেশীই হয়ে থাকে, তাহলে গণ্ডদেশ এমন প্রফুল্ল হলো কেমন ক'রে!

এই নর্মবাক্যে শ্রীমতীর মুখে হাসির রেখা ফুটে উঠলো। তখন নন্দনন্দন তাঁর প্রিয়তমাকে চুম্বন করলেন।

হেতুজনিত মান সাম, ভেদ, ক্রিয়া, দান, নতি এবং উপেক্ষা প্রভৃতি রসাস্তরের দ্বারা উপশমিত হয়। এই মান-উপশমের চিহ্ন বাষ্পমোচন অর্থাৎ চোথের জল মোদ্বা ও হাসি ইত্যাদি।

### সাম

প্রিয়বাক্যের রচনাকে সাম বলে। অর্থাৎ মিষ্ট কথায় নায়িকাকে তৃষ্ট করে সন্ধি স্থাপন করা।

### যথা-

মানিনী শ্রীরাধাকে তুষ্ট করবার জন্ম শ্রীকৃষ্ণ বললেন—হে স্বন্দরি! যথার্থ ই আমার গুরুতর অপরাধ হয়েছে, তাই তুমি মান করেছ। তোমার অটল স্নেহই যে আমার একমাত্র আশ্রয়।

প্রীকৃষ্ণের মূখে এই কথা শুনেই শ্রীমতা নতমুখে অশ্রুমোচন করতে লাগলেন। সেই অবিরল অশ্রুধারা অনঙ্গ-উৎসবের রঙ্গ-মঙ্গলঘট কুচদ্বয়কে জলপূর্ণ করতে লাগলো।

## (डम

ভঙ্গিদ্বারা নিজেই নিজের মাহাত্ম্য প্রকাশ করা, এবং স্থীদের দিয়ে নায়িকাকে ভিরস্কার করানো, এই ছই পদ্ধতিতে ভেদ দ্বিবিধ হয়। ৪৭।

ভঙ্গিদ্বারা নিজের মাহাত্ম্য প্রকাশ। ৪৮।

## যথা-বিদ্ধানাধ্বে

কৌশলে নায়িকার মাহাত্ম্য বর্ণনা ক'রেও তার মানের উপশম করা হয়। নায়িকার এই ধরণের মাহাত্ম্য বর্ণনায় নায়কের মাহাত্ম্যও প্রকারান্তরে প্রকাশিত হয়।

মানিনী জীরাধার রূপবর্ণনা ক'রে জীকৃষ্ণ বললেন—হে মানিনি! ভোমার লোচনত্তি চঞ্চল মীনের মতো স্থন্দর, উৎকৃষ্ট কঠোর স্থন উ**জ্জ্ব**নীলমণি ৩১৭

তোমারই উপযুক্ত, তোমার ক্রোড়দেশ অভিশয় দীপ্রিশালী, তোমার এই অধর মহানন্দ-সম্বর্ধক, মধ্যদেশ অভিক্ষীণ—ত্রিবলী বন্ধনযুক্ত, মুখরুচি অভুলনীয় স্থানর ৷ হে প্রিয়ভমে ৷ তুমি এভ শোভার আধার হয়েও মনে কেন মানের কলুষ রেখেছ ?

পক্ষাস্তরে, হে মানিনি! আমি শ্রীকৃষ্ণ, ব্রহ্মাদি দেবগণের বন্দিত হয়েও তোমার স্থাতি করছি। তুমি গোপস্ত্রী, এর চেয়ে অধিক সৌভাগ্য আর তোমার কি হতে পারে ? অতএব স্থানরি, তুমি মান পরিত্যাগ করো।

এখানে প্রিয়-উক্তির দারা সামের উদাহরণ হলো। আবার নায়কের স্বীয় বাগ্ভঙ্গির দারা ভেদ কীর্তিত হচ্ছে। ৪৯।

### যথা বা---

মানিনী শ্রীরাধাকে শ্রীকৃষ্ণ বললেন, হে রাধে! আমি সর্বতো-ভাবে স্লিগ্ধ হলেও তুমি যখন আমার উপর রুষ্টা হচ্ছ, তখন দোষ তোমার নয়, এ দোষ আমারই। কেন না, দশমদশাপ্রাপ্তা দেববালাগণকে উপেক্ষা ক'রে যখন তোমার ভজনা করেছি, তখন তার ফল আমায় ভোগ করতেই হবে। হে সুমৃখি! তুমি ব্রজ্ম্বতী, কেবল প্রেমপীড়িত যৌবনের সেবাই করছো। তাই তুমি কেবল তোমার প্রেমপীড়াই অমুভব করো।

অর্থাৎ, আমার কথা ভাবছো না।

'সূর-তরুণীগণ মুঝে কত ধাচল ব্রন্ধনারী কত চারি পাশে। সো সব ছোড়ি তোহে হাম সেবস্থ তুয়া সন্ধম-রস আশে॥'

# সখার ছারা উপালম্ভ প্রয়োগ যথা—

স্থীগণ তিরস্কার ক'রে মানিনী ভদ্রাকে বললে, হে স্থন্দরি ! যিনি
শঙ্খচ্ড বধ ক'রে সকলের অভয়বিধান করেছেন, তাঁর তুল্য প্রিয়তম
নাই। তাঁকে উপেক্ষা করা উচিত নয়। অলক্ষিতে শ্রীকৃষ্ণ স্থীদের
দ্বারা এইভাবে ভদ্রার প্রতি উপাল্ড (তিরস্কার) প্রয়োগ করলে,

ভদার নেত্র হতে অশ্রুবিন্দু পতিত হয়ে নাসাগ্রে গজমুক্তার মতো শোভা পেতে লাগলো।

#### मान

কোন ছলে নায়িকাকে ভূষণাদি উপহার দেওয়াকে দান বলে।

### যথা –

শ্রীকৃষ্ণ পদ্মাকে বললেন—পদ্মে! কামনামে আমার এক প্রিয় বন্ধু আছেন। তুমি যে আমার প্রেয়সী, এই কথা শুনে তিনি এই হার দিয়েছেন ভোমার বক্ষে অর্পণ করবার জন্ম, যাতে এই হার সঙ্গম-উৎসব প্রাপ্ত হয়।

এই ব'লে ত্হাতে হারটি তুলে ধরে শ্রীকৃষ্ণ পদার গলায় পরাতে উত্তত হলেন। মান-উপশমহেতু পদার মুখে হাসির রেখা ফুটে উঠলো। তাই দেখে, শ্রীকৃষ্ণ তার গণ্ডে চুম্বন অক্কিত করলেন।

### নতি

কেবলমাত্র দৈশ্য অবলম্বন ক'রে প্রিয়ার পদপ্রাপ্তে নত হওয়া বা পায়েপড়াকে নতি বলে।

## যথা-

বৃদ্দা কুন্দবল্লীকে বললেন—স্থি! কন্দর্পগণের কান্তস্করণ শ্রীকৃষণ, অপরাপরপ্নয় মাধব, তাঁর ময়ুরপুচ্ছরচিত চূড়া ভূমিতে লুটিয়ে শ্রীরাধার চরণে প্রাণাম করলেন। শ্রীরাধার নয়নমেঘ হতে অবিরল বাষ্পারাশি বর্ষিত হতে লাগলো। তাতেই শ্রীমভীর মানরাপ গ্রামোর অবসান হলো।

উদাহরণ: 'দেহি পদপল্লবমুদারং'—জয়দেব।

## উপেক্ষা

সামাদির দ্বারা যদি মানের উপশম না হয়, তা হলে নায়িকার প্রান্তি নায়ক যে অবজ্ঞা বা তৃঞ্জীভাব অবলম্বন করেন, তাকে উপেক্ষা বলে। ৫০।

#### यथा

বুন্দা বিশাখার স্থীদের বললেন, স্থুন্দরীগণ! একে এই প্রিয়তম ব্রজরাজতনয়, তাতে আবার তিমি বীরশ্রেষ্ঠ, এবং তার উপর কন্দর্পকোটিবিজয়ী তাঁর রূপ! দেখ, এহেন শ্রীকৃষ্ণের প্রতি রাধা কি রুক্ষভাব ধারণ বরেছেন। এখন ইনি নিষ্ঠুংমনে দূরে সরে যাচ্ছেন। এ উপেক্ষায় কল্যাণ হবে না। এরূপ ক্ষেত্রে আর কি যুক্তি থাকতে পারে ?

নায়ক যখন দৃঢ়চিত্তে উপেক্ষা প্রকাশ করেন, তখন নায়িকার মান আর থাকে না। সুমেরুসম মান প্রচণ্ড আঘাতে ভেঙে পড়ে।

শ্রীকৃষ্ণ সুবলকে বললেন, স্থা! মৃত্যুত্ত নতিদারাও যখন
মানের উপশ্ম হলো না, তুর্নিবার হয়ে রইলো, তথন আমি
অবিলক্ষে মৌনব্র অবলম্বন করলাম। তাতে পদার নয়নছটি
বাষ্প বিকীরণ করতে লাগলো। পদা অবশ্য বললে যে, চোখে
তার পুষ্প প্রাগ পড়েছে, তাই চোখে জল ঝরছে।

### অথবা--

উপাসনা পরিত্যাগ ক'রে অস্থার্গস্চক বাক্যক্রয়োগের দ্বারা মৃগাক্ষীদের প্রসমতা উংপাদন করাকেও পণ্ডিতগণ উপেক্ষা ব'লে থাকেন।

## যথা-

শ্রীকৃষ্ণ চন্দ্রবিলীকে বললেন—হে স্থলরি! তোমার ধিমিলে যে নবমালতী ও ব'নকর্ণে মল্লীপুষ্প দেখছি, তা আমার চেনা। কিন্তু দক্ষিণ কর্ণে যে পুষ্পটি শোভা পাছেছ, সোট ভো আমি চিনিনা। দেখি, গন্ধ ভাঁকে ব্রতে পাল কিনা। আত্মাণের জন্ম শ্রীকৃষ্ণ নাসাপুট উন্নত করতেই চন্দ্রাবলীর গাঁওস্থল পুলকিত হয়ে উঠলো। হাসিমুখে শ্রীকৃষ্ণ চুম্বন করলেন।

### রসান্তর

আকস্মিক ভীতিসঞ্চারাদির দ্বার। রসাস্তরের সৃষ্টি হয়। এই রসাস্তর হু'রকমের হয়, যাদৃচ্ছিক ও বৃদ্ধিপূর্বক।

অকস্মাৎ যে-ভয় উপস্থিত হয়, তাকে যাদুচ্ছিক বলে।

### যথা-

গুরুতর উপায় অবলম্বন ক'রেও এরিক্ষ ভদ্রার মানভঙ্গ করতে পারলেন না। কিন্তু দেখ, হঠাৎ মেঘের গর্জন শুনে, ভদ্রা ভীতা হয়ে হু' হাতে এরিক্ফের গলা জড়িয়ে ধরলো।

এখানে আকস্মিক ভয়ে রসাস্তর সৃষ্টি হওয়ায় ভদ্রার মানের উপশম হলো।

# বৃদ্ধিপূৰ্বক

প্রত্যংপরমতিত বা সপ্রতিত বৃদ্ধির দারা কান্ত মানভঞ্জনের যে উপায় অবলম্বন করেন, তাতে রসান্তর স্থা হয়। এই রসান্তরে মান অপনোদিত হয়। ৫১।

## যথা-

বৃন্দা পৌর্ণমাসীকে বললেন, দেবি ! মানিনী জ্রীরাধার সম্মুখে জ্ঞীকৃষ্ণ কিছুক্ষণ তৃষ্ণীভাব অবলম্বন ক'রে থেকে, লোচন সঙ্কৃতিভ ক'রে, আস ও ব্যথার অনুভূতি জানিয়ে, ছল ক'রে বললেন—হঠাৎ আমার হাতে কি একটা বিষাক্ত পঞ্মুখকীট দংশন করলো।

এই কথা শুনে, জ্রীরাধা তৎক্ষণাৎ ব্যাকুল হয়ে উঠলেন—কি কি হলো।

গান্ধর্বিক। উৎকষ্টিত। হয়ে নিকটে আসতেই, ঞ্রীকৃষ্ণ স্থিতমূখে তাঁকে চুম্বন করলেন। ৫২। <del>वेष</del>्यननीनत्रनि ७२১

অস্তকোন উপায় ছাড়াও, দেশকালবলে মুরলীপ্রবণের ছারা ব্রজস্বনরীদের মান উপশমিত হয়। ৫৩।

দেশবলৈ মানোপশমন

### यथा-

ভদ্রাকে বুন্দা বললেন:

'কুস্মিত কুঞ্জে ভ্রমরগণ গুঞ্জরু বৃন্দাবন বন্মাঝ।
মৃত্মৃত্ হাসি নীপতক মূলহি বৈঠল নাগররাজ ॥
চক্রাবলী তব ছোড়ল মান।
নাগর দরশ পরশরসলালদে স্থীমূথে দেওল নয়ান॥

বৃন্দাবনের চারিদিকে ভ্রমরগুঞ্জন ও বনেবনে পুষ্পবিকাশ এবং সেই সঙ্গে কদম্মূলে হাস্থবদন প্রিয়তমকে দেখে, চন্দ্রাবলীর নিহে তু মান স্থালিত হলো। তিনি সভৃষ্ণ নয়নে স্থীর মুখপানে চাইতে লাগলেন, অর্থাৎ স্থি! আমি এখন কি করি বলো ?

কালবলে মানোপশমন

### মথা---

গ্রীকৃষ্ণকে বৃন্দা বললেন:

'এ হেন শরৎকালে চক্রছটা ঝলমলে যম্নার তীর শোভা করে। শুনিয়া স্থীর বাণী মান ছাড়ি দিল ধনি অভিসার করিল সত্বরে॥'

শ্রীরাধা মানিনী হয়ে একান্তে বসেছিলেন। কিন্তু দৃতীর মুখে যখনই তিনি শুনলেন যে, শরতের মধুরম্তি স্থাকর স্থাকিয় জাংক্ষারাশিতে যমুনাতটবর্তী কাননভূমি স্থাতল করেছে, তাঁর মান নিমেষে দ্রে গেল। প্রসন্ধা হয়ে তিনি অভিসারে উন্ততা হলেন।

# মুরলীধ্বনিতে মানোপশমন

### ৰথা-

মানিনী প্রীরাধাকে কোন এক স্থা বললে—দেবি ! তুমি মান পরিত্যাগ করলে না! তা না করো, আমার কিছু বলবার নাই। কিন্তু দেখো, শেষে একটি ফুংকারে ওই মান উড়ে গেলে, ঞ্রীকৃঞ্চের বেণুই বিজয়ী হবে।

### যথা বা-

মানিনী শ্রীরাধা শ্রীকৃষ্ণের মুরলীধ্বনি শুনে ললিতাকে বললেন : 'মান নাহি জানি আমি, মানের উপাধ্যায় তুমি, তোমার বচনে কৈছ মান। ঐ দেখ ধনমাঝে কাছর মুরলী বাজে, সম্বরে আচ্ছাদ মোর কান॥'

# নিৰ্হেডু মান ত্ৰিবিধ

মানের তারতম্যহেতু নির্হেতু মান ত্রিবিধ হয়। যথা—লঘু, মধ্য ও মহিষ্ঠ বা জ্যেষ্ঠ। ৫৪।

যে মান অতি অল্লায়াসে স্থ্সাধ্য হয়, তার নাম লঘুমান। যা যত্নে সাধ্য হয়, তার নাম মধ্যমান। আর মঙ্গলজনক উপায়ের ভারাও যা হঃসাধ্য, তার নাম মহিষ্ঠ বা হর্জয়মান। ৫৫।

মানহেতু ব্রজস্থলরীগণ রোষবশে প্রীকৃষ্ণের প্রতি যে সব উক্তিক'রে থাকেন, তার উদাহরণঃ বাম, ছলীলশেখর অর্থাৎ কপটচ্ড়ামণি, কিতবেন্দ্র অর্থাৎ খলপ্রেষ্ঠ, মহাধৃর্ত, কঠোর, নির্লজ্জ, অতিছললিত, গোপীভূজল, রতহিত্তক অর্থাৎ নারীচোর, গোপিকাধর্মবিধ্বংসী, গোপসাধ্বাবিভৃষক, কামুকেশ, ঘোরতিমির, শ্যামাত্মা বা কালোবরণ, অম্বরতন্ত্রর বা বস্ত্রহারী, গোবর্ধনতটারণ্যতন্ত্রর বা বন্দাবনের বনচোর ইত্যাদি। ৫৬।

## ইতি মানপ্রকরণ

# প্ৰেম-বৈচিত্তা

প্রেমের উৎকর্ষহেতু প্রিয়তমের কাছে থেকেও মনে যে বিচ্ছেদ-ভয় জাগে, তাকে প্রেম-বৈচিত্ত্য বলে। ৫৭।

#### यथ।-

(भोर्गभौतक वृन्ता वनतन :

'কাম্বক কোড়ে বৈঠি ধনি কহতহি কাঁহা গেও নাগর রাজ। কি মঝু দোবে ছোড়ল বরনাগর ইহ বলি পড়ু ক্ষিতি মাঝ । এ স্থি, কাম্ন দেহ মুঝে আনি। এছন রাইক বচনে হরি বিশ্বিত বদনে লাগাওল পানি ॥' ৫৮॥

এটি নির্হেত্ প্রেমবৈচিত্ত্য। কারণাভাসজ্বনিত গৌণ প্রেম বৈচিন্ত্রেক উদাহরণ—

### यथा वा-विषक्षमाधदव

বিহবলচিত্তা জ্রীরাধা সম্মুখস্থ জ্রীকৃষ্ণকৈ দেখেও দেখতে পেলেন না। তাই বিলাপের সঙ্গে বললেন—হয় কোন গুরুতর কাজে, না হয় আমার কোন বৈগুণ্য দেখে, পদ্মলোচন জ্রীকৃষ্ণ এই বনে আমার একাকিনী ফেলে কোথায় চলে গেলেন! পাশে এমন কোন প্রণয়িনী নাই, যার দ্বারা তাঁকে আহ্বান করি। আমিই না আর কেন এখানে নিভৃতে বসে থাকবো!। ৫৯।

'অন্তরাগের পরমোৎকর্ষ ষেই জন পায়। নিজ কোলে পতি তিলে তিলেক হারায়॥'

অমুরাগ কোন-কোন স্থলে বিলাসপ্রাপ্ত হয়ে, নায়িকার এমন অবস্থা সৃষ্টি করে যে, সে পার্শস্থিত প্রিয়তমকেও পলেপলে হারিয়ে ফেলে, খুঁজে পায় না।—কই! তুমি কোথায় গেলে! কোথায় গেল আমার প্রিয়তম!—কই তুমি!—ইত্যাদি বিলাপের সঙ্গে উৎকণ্ঠিত দৃষ্টিতে এ-পাশ ও-পাশে খুঁজে বেড়ায়।

নায়িকার এই প্রেম-বৈচিত্ত্যের স্থানর উদাহরণ বোপদেব কৃত্ত মুক্তাফল প্রস্থে পট্টমহিষীদের গীতবিভ্রম প্রসঙ্গে বর্ণিত হয়েছে।

ইভি প্রেমবৈচিত্ত্য প্রকরণ।

#### श्वाप

যে সব যুবক-যুবতী বা নায়ক ও নায়িকা পূর্বে মিলিত হয়েছে, তাদের মধ্যে যদি দেশান্তরজনিত ব্যবধান ঘটে, পণ্ডিতগণ তাকে প্রবাস বলেন। বিপ্রলম্ভকেও প্রবাসরূপে উল্লেখ করা হয়েছে। কেন না, বিপ্রলম্ভেও বেশ, গ্রাম, বন ও স্থানান্তরের ব্যবধান ঘটে। প্রবাসে হর্ষ গর্ব মন্ততা ও লজ্জা বর্জন ক'রে, শৃঙ্গার্যোগ্য ব্যভিচারী ভাবগুলির উদ্ভব হয়।

#### প্রবাসভেদ

এই প্রবাস ত্রকমের হয়—বৃদ্ধিপূর্বক ও অবৃদ্ধিপূর্বক।

# বুদ্ধিপূর্ব প্রবাস

কার্যান্থরোধে স্থানান্তরে যাওয়াকে বৃদ্ধিপূর্বক প্রবাস বলে। ভক্তগণের প্রীতিসম্পাদন বা প্রীণনাদি শ্রীকৃষ্ণের কার্যরূপে কথিত হয়েছে।

# বৃদ্ধিপূর্বপ্রবাস দ্বিবিধ

কিঞ্চিদ্র গমন এবং স্থানুর গমন ভেদে বৃদ্ধিপূর্বক প্রবাস তু'রকমের।

# কিঞ্চিদ্র প্রবাস—আত

কোন দৃতী গোষ্ঠে গিয়ে গোচারণরত ঐক্তিফকে বললে, আজ শ্রীরাধা স্থরভীগণের পথ চেয়ে অধীর অপেক্ষায় শুধু কৃষ্ণ-কৃষ্ণ করছেন। মুরলীধ্বনির দিকে কাণ পেতে, তোমার প্রতি চিত্ত অভিনিবেশ করেছেন। তোমার আগমন প্রতীক্ষায় শ্রীমতী উদ্গ্রীব হয়ে উঠেছেন।

#### যথা-

'স্বরভিক্লপথিবিনিহিতনয়না তব নিজনামবশীক্বতরসনা।
মাধব তব বিরহে রিধুবদনা রাধা থিছতি মনসিজ বেদনা।
ম্রলীনিনাদ শ্রুতিপট্বিষয়া তব ম্থকমলে বিনিহিতহাদয়া।
শ্রীল শচীনন্দন কবি গদিতং হরিমিহ জনয়তু বহুতর মৃদিতং॥'

# স্থূদ্র প্রবাস—বিভীয় মধ্য—

ভাবী, ভবন ও ভূত ভেদে স্থূদ্র প্রবাস তিন প্রকার হয়। এই তিনটিই বৃদ্ধিপূর্বপ্রবাস।

# বৃদ্ধিপূৰ্ধক স্থানূরপ্রবাস —ভাবী যথা—উদ্ধবসন্দেশে

কোন ব্রজদেবী ভয়, খেদ ও মনোবেদনা প্রকাশ ক'রে স্থাকে বললে—বালা! ব্রজরাজের আদেশে দ্বারপাল গোকুলে ঘোষণা করছে যে, কাল প্রভাতে প্রীকৃষ্ণ মথুরায় যাবেন। আমার ডান চোখ নাচছে। সে তো অমঙ্গল স্চক! তাই আমার মন চঞ্চল হয়েছে। হায়! ভাগ্যে কি ঘটবে, কে জানে!। ৬১।

# বুদ্বিপূর্বক স্থাদূরপ্রবাস - ভবন যথা—ললিভমাধবে

শ্যামলার উক্তি:

উদয়গিরির সামুদেশে সূর্যের লাল আভা প্রতিফলিত হয়েছে। রথে আরোহণ ক'রে গান্ধীতনয় অক্রুর যাত্রাকালীন নান্দীপাঠ করছেন। সেই নান্দীপাঠ শেষ হওয়ার আগে, হে হৃদয়! তুমি বিদীর্গ হও। নইলে, ভূখননকারী ক্রতগামী অশ্বং্রের শব্দে তুমি আর্তনাদ করবে।

# বৃদ্ধিপূর্বক স্বদূরপ্রবাস—ভূত যথা—উদ্ধবসন্দেশে

শ্রীরাধা বিশাখাকে বললেন—হে সহচরি! স্বেচ্ছায় মুরারি দুরে আছেন, সে লোকাতীত বিপদের ছর্দিন অর্থং সাধ্যের অভীত হংথ আমায় তত পীড়া দিচ্ছে না। কিন্তু প্রাণরক্ষার জ্বন্থ আশা হদয়ে ধারণ করেছিলাম, তা এখন তীব্র বাড়বানল হয়ে আমার হদয়কে দক্ষ করছে—আমায় অসহ পীড়া দিচ্ছে।

এই বৃদ্ধিপূর্বক ভূত স্থাদ্র প্রবাসে প্রীকৃষ্ণ ও তাঁর প্রেয়সীরা প্রেমের বশবর্তী হয়ে পরস্পর সংবাদ প্রেরণ করেন।

#### যথা —উদ্ধবসম্বাদে

মথুরা থেকে ঞ্রীকৃষ্ণ উদ্ধবের দ্বারা শৈব্যাকে সংবাদ পাঠালেন:
'বিরহের দাহন চক্ষ্ করি নিমীলন ক্থোদিন সহিয়া রহিবে।
বন্ধুগণের স্থুখ করি যাব আমি ব্রজপুরী তবে মোর সদম পাইবে॥' ৬২॥

#### তথা-পঞ্চাবলীতে

ব্রহ্নদেবীদের প্রেরিত সংবাদ পেয়ে, শ্রীকৃষ্ণের যে অমুভাব হয়েছিল, দারকা থেকে পৌর্ণমাসী তার বর্ণনা করলেন।

#### যথা-

ব্রহ্ণদেবীগণ শুকপক্ষীর মুখে দ্বারকায় সংবাদ পাঠিয়ে বললেন, হে কৃষ্ণ। যমুনাপুলিন, সাদ্ধ্য বায়্হিল্লোল এবং রম্য চন্দ্রকিরণ চিষ্ণে সম্ভাপ সৃষ্টি করছে, চিন্ত হরণ করছে না। শুকমুখে ব্রহ্ণদেবীদের এই কথা শুনে, দ্বারকার অন্তঃপুরে থেকেও প্রীকৃষ্ণের দীর্ঘনিঃশ্বাস পড়লো। ভাতে ক্ষাদ্ধী প্রভৃতি মহিষীদের গর্ব চূর্ণ হলো।

# অবৃদ্ধিপূর্বপ্রবাস

পরতন্ত্র বা পরাধীনতার জন্ম যে প্রবাস, তার নাম অবুদ্ধিপূর্ব প্রবাস। এই পারতন্ত্র্য দিব্য ও অদিব্য ইত্যাদি অনেক রকম্ হয়।৬৩।

### যথা – লঙ্গি ভমাধবে

শশ্বচ্ড শ্রীরাধাকে হরণ করে নিয়ে গেলে, শ্রীকৃষ্ণ বিলাপ করেছিলেন—হে স্থলরি! আমি শত শত মনোবাসনায় ব্যগ্র হয়ে এই শারদ-পূাণমা নিশীথে বন্দাবনের পূম্পস্রভিত বনবীথিকায় এসেছিলাম। কিন্তু হায়! আমার ছুর্ভাগ্যবশতঃ কপট শশ্বচ্ড় এসে তোমায় হরণ করে নিয়ে গেল।

এই প্রবাস নামক বিপ্রালম্ভে চিস্তা, জাগর বা নিজাহীনতা, উদ্বেগ, তানব বা তমুক্ষীণতা, মলিনতা, প্রালাপ, উদ্মাদ, ব্যাধি, মোহ এবং মৃতি—এই দশ দশা ঘটে।

#### চিন্তা

অক্রুরের সঙ্গের রথে আরোহণ করে ঐক্তি যখন বৃন্দাবন থেকে মথুরায় চলে গেলেন, ঐক্তিরাধা চিন্তা-সাগরে নিমজ্জিতা হলেন। বিরহে তাঁর অস্তুর নিরস্তর ঘূর্ণিত হতে লাগলো।

'যথন গোকুল ছাড়ি হরি গেলা মধুপুরী অক্রুর লইয়া গেল তারে। সেইদিন হৈতে রাধা মনেতে বিরহ বাধা ডুবি রৈল চিন্তার দাগরে॥'

### যথা বা—হংকদূতে

শকুর সাতে আরোহিয়া রথে গেল যবে প্রাণনাথ, কুস্থম সমান গোপিনী পরাণে হইল বজাঘাত। সেই বিরহ সাগরতলে ড্বলো সারা পরাণমন। ঘূর্ণীঘন ব্যাথর চাপে অঞ্চ ঝরে শফুক্ষণ॥

#### জাগর

#### যথা-প্তাবলীতে

বিরহিণী শ্রীরাধা বিশাখাকে বললেন—স্থি! যে সব নারী স্বপ্নে তাদের প্রিয়তমকে দেখে, তারা ধন্য। কিন্তু শ্রীকৃষ্ণ চলে যাওয়ার পর থেকে আমার চোখে যে ঘুম নাই। নিজাও বৈরী হয়ে আমায় ত্যাগ করে গেল। সে আর আমার চোখে এলো না, আমি স্বপ্নই বা দেখবো কেমন করে!। ৬৪।

# উদ্বেগ যথা—হংসদৃত্তে

কৃষ্ণবিরহিণী রাই ললিতাকে বললেন—হে সখি! আমার মন যে জলে-পুড়ে গেল। হায়! আমি কি করবো! আমি এই ছঃখ সাগরের পারাপার দেখছি না। তোমার পারে পড়ি, আমায় বলো, কি উপায়ে আমি ক্ষণকালের জ্বন্তও ধৈর্য ধারণ করতে পারি।

# ভানব ষথা—

উদ্ধব বৃন্দাবন থেকে মথুরায় এলেন। শ্রীকৃষ্ণ তাঁকে রাধা ও বিশাখার কথা জিজ্জেদ করলে, তিনি বললেন—হে যত্পতি! তোমার বিরহে শ্রীরাধার মুখপল্ল মান হয়েছে। তাঁর অন্তর নিরানন্দ ও বিষাদমান; অনাহারে দিন যাপন ক'রে, কুচ্ছয় শিখিল হয়েছে; বিরহ-উত্তাপে নিদাঘের কুন্দ্র নদীর মতো তকু ক্ষীণ ও শুক্ষ হয়েছে।

# মঙ্গিনডা যথা—

শ্রীকৃষ্ণের নিকট উদ্ধাবের বিবৃতি:
'শ্রিশিবের প্রাঞ্জনি ব্যাধার ব্যবস্থানি চক্ষ যেন

'শিশিরের পদ্মজ্ঞিনি রাধার বদনধানি চক্ষু যেন শারদ উৎপল। বন্ধুক মলিনতর তার তুল্য তু'অধর তহু নাহি করে ঝলমল॥'

তোমার অসহ বিরহবিপত্তিতে বিশাখার তকুও মলিন হয়েছে। সুর্যোক্তাপে বিশুষ্ক শরৎকালীন কুমুদপুষ্পের মতো নয়নহটি নিপ্সম্ভ হয়েছে। বিশাখার দশা আর কি বর্ণনা করবো!

#### প্রলাপ

### यथा-निन्जभाष्ट्र

শ্রীকৃষ্ণবিহনে সারা বৃন্দাবন যেন শৃষ্ঠতায় পর্যাসিত হয়েছে। সব ওলট-পালট হয়ে গেল। কোথাও আর কিছু নাই। বিরহিণী রাধা তাই বিলাপ করছেন—সখি। কোথায় সেই নন্দকুলচন্দ্র! কোথায় গেল সেই শিখিপুছিধারী ? সেই মোহনমন্দ্রমুরলীধ্বনিকারী শ্রীকৃষ্ণ কোথায় ? কোথায় সেই ইন্দ্রনীলমণিছাতি শ্রাম ? সেই নৃত্যরস-উত্তাল রাসবিহারী আজ কোথায় ? আমার জীবন রক্ষার উজ्ज्ञन नी न प्रवि

পরমৌষধিনিধি, তোমাদের সেই পরমস্থল্ শ্রীকৃষ্ণ কোথায় গেলেন ? হায়! হা বিধি, তোমায় ধিক্।

#### ব্যাধি

#### यथा-निन्डमाध्र

শ্রীমতীর অস্তর যেন ব্যাধিত হয়ে উঠলো। তিনি মার পারছেন না সেই বিরহ সইতে। বিরহিণী শ্রীরাধা ললিতাকে বললেন— স্থি! গোকুলপতির বিচ্ছেদ-জ্বর যে পুটপাক স্বর্ণের চেয়েও বেশী উত্তাপদায়ক, গরলের চেয়েও বেশী জালাময়, বজ্রের চেয়েও বেশী হু:সহ, হ্রদয়ে বিদ্ধ শেলের চেয়েও কন্তদায়ক, কঠিন বিস্টিকা রোগের চেয়েও তীব্র। এই নিদারুণ বিশ্লেষজ্বর আমার মর্মভেদ করছে।

### উন্মাদ

বৃন্দাবন থেকে শ্রীরাধার সংবাদ বহন করে এনে উদ্ধব শ্রীকৃষ্ণকে বললেন—হে মুরারি! তোমার বিরহে শ্রীরাধা কখনো অকারণ হাসতে হাসতে গৃহের ভিতর ইতন্তত ঘুরে বেড়াচ্ছেন, কখনো বা চেতন ও অচেতন বস্তুকে সমজ্ঞান ক'রে, তোমার সংবাদ জিজ্ঞেস করছেন। হে স্থা, বেশী আর কি বলবো! তোমার বিষম বিরহে খেদোক্তি করতে করতে উদ্ধান্ত চিত্তা হয়ে শ্রীমতী ভূলুঞ্ভিতা হচ্ছেন।

#### ষথা বা-

কোন স্থী শ্রীরাধার উন্মাদভাব দেখে, অহ্য এক স্থীকে বললে—
মাধবের বিচ্ছেদে আজ শ্রীমতী অকারণ অট্টহাস্থ্য করছেন। কখনো
উৎকণ্ঠিতা হয়ে অকন্মাৎ চমকে উঠে চীৎকার করছেন। কখনো
বা ডুকরে ভুকরে কোঁদে উঠছেন। কেউ তাঁকে যুক্তি দিয়ে বোঝাতে
পারছে না। মাধবের বিচ্ছেদে তাঁর হৃদয়াবেগ তীত্র হয়ে উঠেছে।

# ৰোহ বা মূচ্ছ।

#### বথা---

বিরহিণী রাধার অবস্থা দেখে, ললিতা মথুরায় জীকুঞ্চের নিকট পত্র লিখলেনঃ

'স্তব্ধ করে দৈক্যার্ণব দূর করে চিস্তা সব উন্মাদেরে করয়ে স্থগিত। মৃচ্ছা হয়া সহচরী রোধয়ে নয়নবারি ক্ষণে ক্ষণে হারায় সম্বিত ॥'

বিরহে শ্রীমতী দৈন্তের সাগরে ডুবেছেন; নিরাভরণা, মলিনবেশা ভিখারিণীর মতো হয়েছেন। মুখে কথা নাই। চিস্তাশক্তিও লুপ্ত হয়েছে। উন্মাদ অবস্থাও বিলুপ্ত হয়েছে। চোখের জল শুকিয়ে গিয়েছে। হে কংসারি, সেই পদ্মের মতো স্থন্দরী শ্রীরাধার আজ নিদারুণ কৃষ্ণবিরহে একমাত্র সহচরী হয়েছে মূর্চ্ছা।

# মৃতি বা মৃত্যু

প্রীকৃষ্ণ যখন মথুরায় অবস্থান করছিলেন, তখন বিরহিণী ব্রীরাধার অবস্থা দেখে, সখীরা অত্যন্ত ব্যাকুল হয়ে উঠেছিল। যমুনাপুলিনে একটি শুভ্রংসকে দেখে, তারা তাকে দ্তরপে মথুরায় পাঠাবার সংকল্প করলো। ললিতা সেই হংসকে সম্বোধন ক'রে বললেন—হে মরাল! তুমি দৃত হয়ে আকাশপথে ক্রেভ মথুরায় যাও। প্রীকৃষ্ণের কার্ছে গিয়ে প্রীমতীর দশা বর্ণনা করে ব'লো, তাঁর আদ্ধ দশম দশা উপস্থিত হয়েছে। কৃষ্ণবিরহে তিনি মরতে বসেছেন।

ব'লো, হে রাসক্রীড়ারসিক!

'ছাড়ি পতি ্রনিজজন লইল ভোমার শরণ সার কৈল ভোমার চরণ। তুমি প্রেম ভক্ত ক'রে ছাড়িয়া আইলে তারে বড়ই চঞ্চল তুয়া মন। রাধার ধিক্ রহ তাথে অভ্যাবধি নাসিকাতে তুলা ধরি করি পরীক্ষণ। ঘড় ঘড় করে গলা ঈবৎ চলরে তুলা সেই দশা না যার বর্ণন॥' হায়! পূর্বে ত্মি এই গ্রীরাধার প্রতি কতই নবনব প্রণয়লহরী সঞ্চারিত করেছিলে। কিন্তু আন্ধ তুমি আর তার কোন অপেক্ষা রাখোনা। তার সম্পর্কে নির্বিকার হয়েছ। ধিক্ তার জীবনে, যে আজো তার নিঃশাসবায়ু বইছে।

প্রবাসজাত বিপ্রলম্ভে শ্রীমতীর যেমন দশম দশা উপস্থিত হয়, শ্রীকৃষ্ণেরও তেমনি সময়-সময় ওই সব দশা অমুভূত হয়। উপলক্ষণাদারা তার একটি উদাহরণ দেওয়া হলো। ৬৫।

#### যথা-

ললিতার পত্র পেয়ে উদ্ধব মথুরা থেকে প্রত্যন্তরে জানালেন যে,

শ্রীকৃষ্ণত নাবা-বিরহে সময়ে সময়ে অত্যন্ত কাতর হচ্ছেন।
রত্নশোভিত ক্রীড়াগৃহে তৃপ্ধফেননিভ শয্যায় পালক্ষে শুয়েও তিনি
শান্তি পাচ্ছেন না। তাঁর স্মৃতিপটে জেগে উঠছে গিরিগৃহার
শিলাতটে শ্রীরাধার সঙ্গে রতিবিলাসের কথা।

'শষ্যা পয়ংকেন জিনি তাথে বদি যতুমণি রাজ্ঞার সঙ্গেতে বিহরে। বনে রাধার ক্রীড়াগণ ষেই হয় স্মরণ তেই মুচ্ছা হয়ে ভূমে পড়ে॥'

প্রোঢ়, মধ্য ও মন্দ প্রভৃতি প্রেমভেদে এবং মধুস্থেই, স্বতম্বেই ও মাঞ্জিষ্ঠ প্রভৃতি ভাবগুলির মতো দশাও নানা প্রকার হয়। কিন্তু বাহুল্যবাধে সেগুলির বিস্তৃত বিবরণ দেওয়া হলো না।

প্রেমভেদে অনুভাবের লক্ষণানুযায়ী উক্ত দশাশুলি সাধারণতঃ ঘটে। অসাধারণ যে দশাশুলির উদ্ভব হতে পারে, বাছল্যবোধে সেশুলি উল্লিখিত হলো না। ৬৬।

রতির তারতম্য বিশেষে যে সব মোহনভাব হয়, অর্থাৎ মোদনের বিরহ অবস্থাগত অধির ভাবের অসাধারণ দশাগুলি উদ্ভূত হয়, শ্রীরাধা সম্পর্কে সেই দশাগুলির কথা পূর্বেই উল্লেখ করা হয়েছে। ৬)। এ ছাড়াও, বিপ্রাক্ত অবস্থায় যে দিব্যোদ্ধাদ দশা হয়, তাতে অনেক সময় মানসিক বিবর্জ ( Psychic Transformation ) প্রভৃতি দশার উদ্ভব হয়। উজ্জ্বনীলমণিতে এই গুলির বিশেষ উদাহরণ দেওয়া হয় নি। কিন্তু বিস্থাপতি প্রভৃতি কবিগণ তার উদাহরণ দিয়ে লিখেছেন:

> 'অহথণ মাধব মাধব সোঙারিতে স্করী ভেলি মাধাই। '৪ নিজ্জাব স্বভাব হি বিছুরল আপন গুণ সুবধায় ॥'

বিপ্রলম্ভ অবস্থায় অমুক্ষণ মাধবের কথা ভাবতে ভাবতে স্থন্দরী যেন নিজেই মাধবত্ব প্রাপ্ত হলেন। কখনো ত্র'টি হাত তুলে আনমনে বেণুবাদনের ভঙ্গি করেন। কখনো বা ময়্রপুচ্ছ কুড়িয়ে নিয়ে মাধায় মোহনচূড়া বাঁধেন।

এই দ্বিপ্রলম্ভ প্রদক্ষে কোনকোন পণ্ডিত করুণরসের বর্ণনা করেছেন! কিন্তু উজ্জ্বলনীলমণিতে প্রবাস-প্রসঙ্গে সে বিষয় বিস্তৃত আলোচনা করা হয়েছে ব'লে, বিপ্রালম্ভ প্রসঙ্গে আর সেগুলি পৃথক্ ভাবে আলোচিত হলো না। ৬৮।

# ইতি বিপ্রলম্ভভেদ।।

# प्रश्यात्र-विद्यात्र श्रिक्टि

The States of Union and Separation

প্রেমে যদিও মিলনই মুখ্য, তবুও মিলনের পূর্বে ও পরে যে অবস্থাগুলি থাকে, তাকে অস্বীকার করা চলে না। পূর্বরাগ, মান, প্রেমবৈচিত্তা ও প্রবাদ ইত্যাদি বিপ্রলম্ভ অবস্থাগুলি প্রেমের অপরিহার্য আমুষঙ্গিক। প্রেমের সংযোগ-বিষয়ে অর্থাৎ নায়কনায়িকার মিলনবিষয়ে পূর্বরাগের সঞ্চার হয় আগে, তারপর আসে সংযোগস্পৃহা। যদিও এই পূর্বরাগ ও সংযোগস্পৃহাকে সম্পূর্ণ পৃথক্ভাবে দেখা সম্ভব নয়। কেন না, নায়ক বা নায়িকার যখন একজনের অপরকে বা উভয়ের উভয়কে ভালো লাগে, তখন সেই ভালো-লাগার সঙ্গেসঙ্গেই অলক্ষ্যে সংযোগলিঙ্গা অম্ভরে জাগে। বস্তুতঃ মিলনের পূর্বে বাঞ্ছিত ও বাঞ্ছিতার এই সংযোগলিঙ্গার নামই পূর্বরাগ। কিন্তু এই মানসিক স্থিতিকে ততক্ষণই পূর্বরাগ বলা যাবে, যতক্ষণ উভয়ের মধ্যে সংযোগ স্থাপিত না হয়। মিলনের পূর্বমূহুর্ত পর্যন্ত নায়ক-নায়িকার এই অবস্থাকে বিয়োগস্থিতি অর্থাৎ অযুক্ত অবস্থান বলা চলে।

অন্ধকার না থাকলে যেমন আলোকের অনুভূতি । অনুমিতি হতে পারে না, বিয়োগস্থিতি না থাকলেও তেমনি সংযোগস্থিতিকে উপলব্ধি করা যায় না।

শ্রীকৃষ্ণের লীলাবিশেষকে প্রকটিত করবার উদ্দেশ্যে ব্রজস্থন্দরীদের বিরহ-অবস্থার বর্ণনা করা হয়েছে।

বৃন্দাবনে সর্বদাই রাসলীলা ইত্যাদি ছারা ঞ্রীকৃষ্ণ ব্রজাঙ্গনাদের সঙ্গে বিহার করেছেন। তাঁর সেই বৃন্দাবন-লীলায় কখনো বিরহের অবসর ছিল না। কেবলমাত্র প্রেকটলীলায় একদা তিনি অক্রুরের অন্নুরোধে বৃন্দাবন ছেড়ে মথুরায় গিয়েছিলেন। কিন্তু নিত্যলীলায় বক্ষতঃ তিনি সর্বদাই বৃন্দাবনে বিরাজ্মান। ১।

### যথা-পরাপুরাণ পাভালখণ্ডে

'গোগোপগোপিকা সঙ্গে যত্ৰ ক্ৰীড়ভি কংসহেভি।'

অর্থাৎ গো, গোপ ও গোপাঙ্গনাদের সঙ্গে সেখানে কংসারি আঙ্কও ক্রীড়া 'করছেন'। কদাচ সে ক্রীড়ার অবসান ঘটেনি। রন্দাবনে নিত্য বিভ্যমান সে লীলা। ২।

'কংসহা নিত্যক্রীড়া করে বুন্দাবনে। অতএব জানিল নাহি ছাড়ে বুন্দাবনে॥'

যেখানে নিত্যক্রীড়া বিজ্ঞমান, সেখানে বিয়োগ বা বিচ্ছেদের প্রশ্ন থাকতে পারে না। স্থতরাং রাধাকুষ্ণের প্রেমলীলায় বিচ্ছেদ ও বিরহ ইত্যাদি অনিত্য। যেখানে শ্রীকৃষ্ণ সেখানেই গোপীপ্রেম। এই প্রেমের কোনো বিরতি নাই, বিরাম নাই, বিচ্ছেদ নাই, বিরহ নাই, অবসান নাই।

কিন্তু কালিন্দীর কূলে, পুল্পিত কদস্ববনে, প্রীকৃষ্ণ ও ব্রজ্ঞাঙ্গনালের যে প্রেমলীলা, সে শুধু বৈকুঠের সম্পদ নয়। এই পূর্বরাগ, অমুরাগ, প্রেম, মান, বিরহ, অভিসার, মিলন, যা রূপায়িত হয়েছে বৃন্দাবনের প্রেমলীলায়, তারই অফুরস্ত ধারা প্রবাহিত হয়েছে জীবলোকে—বিশ্বব্যাপী আনন্দস্রোতে। এই প্রেম ও স্নেহের ভাববন্ধন পৃথিবীর পথে মৃত্যুক্লিয় জীবনকে অমৃতময় করে তুলেছে। প্রীকৃষ্ণ ও ব্রজ্ঞাঙ্গনারা নিখিল বিশ্বের সেই অগণিত নরনারীর প্রতীক্। প্রীকৃষ্ণ ও ব্রজ্ঞাঙ্গনাদের অপার্থিব প্রেমের যে মাধুর্যরস, সেই মাধুর্যরসই বিমুগ্ধ করে রেখেছে বিশ্ব-আত্মাকে। দাস্থা, সখ্য বাৎসল্য ও মাধুর্য, এই চারটি পর্যায়ে প্রেমপ্রবাহকে বিশ্লেষণ করা হয়েছে সত্য। কিন্তু ওই মাধুর্যরসকেই প্রোন্ত সানন্দ পৃথিবীর সকল আনন্দের সীমাকে অতিক্রম ক'রে জীবকে ব্রক্ষ্মাদের স্বরূপ আস্থাদন করায়। তথ্যগভ্রভাবে প্রীকৃষ্ণের এই বৃন্দাবন-লীলা বিচ্ছেদ ও

**चेष्क्रन**नीनम्बि <sup>998</sup>

বিয়োগহীন হলেও, যুবক-যুবভীর ভাববন্ধনে পূর্বরাগ, মান, প্রেম-বৈচিন্তা ও প্রবাস প্রভৃতি বিপ্রলম্ভে বিয়োগ স্থিতি আছে। বিয়োগ এবং বিরহ আছে বলেই মিলন এত মধুর। বিয়োগস্থিতিই সংযোগ স্থিতিকে মধুরতর করে তুলেছে। আবার সংযোগকালের প্রকট মাধুর্যই মাথুরবিরহতাপের মহাউৎকণ্ঠাজনিত মহাভাব ও মাদন ভাবের মাধুর্য প্রকাশে সহায়তা করেছে।

ইভি বিয়োগ-সংযোগ-স্থিভিবিবৃত্তি

#### সম্ভোপ। ৩।

নায়ক ও নায়িকার পারম্পরিক দর্শন এবং আলিঙ্গনাদির অমুকৃল পরিবেশ সংঘটিত হ'লে, চিত্তে যে উল্লাসের উদ্ভব হয়, তারই আরোহভাবকে (ascending ecstacy) অর্থাৎ উল্লাসের ক্রমবর্ধমান উৎকর্ষকে সম্ভোগ বলে।

মনীবিগণ এই সম্ভোগকে মুখ্য এবং গৌণভেদে ছটিভাগে বিভক্ত করেছেন। ৪।

যুবক-যুবতীর অন্ধরাগ সঞ্চারিত হওয়ার পর, যখন ত্'জনে ত্'জনকে দেখবার এবং আলিঙ্গন প্রভৃতিদ্বারা রতিরসাস্বাদনের স্থোগ পায়, তখন তাদের চিত্তে এক অনির্বচনীয় উল্লাস বা আনন্দ উদ্বেলিত হয়ে ওঠে। এই উল্লাসভাব যদি কোন বাধা না পায়, এবং উত্তরোত্তর বৃদ্ধিমান্ হয়ে চরমোংকর্ষে উপনীত হয়, তাহলে নায়ক-নায়িকার রতিরসাস্বাদনের সম্ভোগ হয়।

#### মুখ্য সম্ভোগ

জাগ্রত অবস্থায় দর্শন ও আলিঙ্গনাদির আরোহমান উল্লাস-ভাবকে মুখ্য সস্তোগ বলে। এই সম্ভোগ চতুর্বিধ। পূর্বরাগ থেকে মান ও প্রবাস পর্যন্ত ক্রমপর্যায়ভেদে এই মুখ্য সম্ভোগ চার রকমের। যথা সংক্ষিপ্ত, সঙ্কীর্ণ, সম্পন্ন ও সমৃদ্ধিমান্। ৫।

#### সংক্ষিপ্ত

সাধারণতঃ পূর্বরাগের পর প্রথম যে মিলনের স্থ্যোগ ঘটে, তাতে নায়ক-নায়িকার সংক্ষিপ্ত সম্ভোগ হয়। লজ্জা ও ভয়ের জন্ম যুবক-যুবতী এই সম্ভোগে অল্পমাত্র উপচার বা ভোগাঙ্গ ব্যবহার করে থাকে। লজ্জা ও ভয় ছাড়াও, এই প্রাথমিক মিলনে নায়ক এবং নায়িকার যথেষ্ট অসহিষ্ণুতা থাকে। সেই জন্ম সম্ভোগ সংক্ষিপ্ত হয়। ৬।

# নায়কের সংক্ষিপ্ত সম্ভোগ। ৭। যথা—সপ্তসতী গ্রন্থে

নান্দীমুখী শ্রীরাধার সখাদের বললে—সখীরুন ! শ্রীকৃষ্ণের যে হস্ত গিরিগোবর্ধন ধারণ করেছিল, প্রথম সমাগমে সেই বলশালী হস্তও শ্রীরাধার স্তনস্পর্শে কম্পিত হলো। অনভ্যস্ততাক্ষনিত ভয়, সক্ষোচ ও লক্ষায় গিরিগোবর্ধনধারী শ্রীকৃষ্ণের অমিত বলশালী হস্তও শ্রীরাধার অঙ্গম্পর্শ করতে গিয়ে কেঁপে উঠলো। স্কুতরাং রতি সম্ভোগের উপচার ও উপকরণগুলির সংক্ষিপ্ত ব্যবহার হলো।

শ্রীকৃষ্ণ যে হস্তে অবলীলাক্রমে গিরিগোবর্ধন ধারণ করেছিলেন, সেই হস্তে তোমাদের রক্ষা করুন। জন্মাবধি তিনি কখনো স্ত্রীস্তোগ করেন নি, তাই তিনি জানতেন না যে, এই সম্ভোগ কেমন। উপরস্ক শ্রীমতী পরোঢ়া; পরকীয়াত্বপ্রতায়ে তাঁর সঙ্কোচ ও ভীতি সঞ্চারিত হওয়াই স্বাভাবিক। ৮।

# নায়িকাকর্তৃক সংক্ষিপ্ত সম্ভোগ

#### যথা-

শ্রীরাধা শ্রীকৃষ্ণের সঙ্গে নবসঙ্গমে প্রবৃত্ত হলে, শ্রীকৃষ্ণ যখন চুম্বনোগত হলেন, শ্রীমতী বস্তাঞ্চলে মুখ চাকলেন। মালিঙ্গনে উগত হলে, অঙ্গলতা কুটিল হলে। অর্থাৎ সঙ্কোচভরে বক্রতা ধারণ করলো। শ্রীমতী লজ্জায় মুয়ে পড়লেন; রভিলীলাপ্রসঙ্গিত কথায় অব্যক্ত অনুরাগে নির্বাক্ রইলেন। তবুও কোন বাধা না দিয়ে, মুধুস্দনের আনন্দবিধান করলেন। ১।

'রসের পদবী নাগর কহয়ে রাই না উত্তর করে । নৃতন সঙ্গমে রসের সাগরে ভাসাল নাগর বরে ॥'

### সংকীৰ্ণ সম্ভোগ

সম্ভোগকালে যদি মনে পড়ে যে, নায়ক বিপক্ষের গুণকীর্তন করেছিলেন এবং তাকে, অর্থাৎ সম্ভোগরতা নায়িকাকে, বঞ্চনা করেছিলেন, তাহলে আলিঙ্গন ও চুম্বনাদির উপকরণ সংকীর্ণ হয়ে আসে; নায়িকা উদারভাবে দয়িতকে রতিপূজার উপচারগুলি তুলে দিতে পারে না। এ ক্ষেত্রে সম্ভোগ সংকীর্ণ হয়। তপ্ত ইক্ষু চর্বন করলে যেমন মিষ্টরস ও উত্তাপ হ-ই একসঙ্গে অমুভূত হয়, তেমনি সংকীর্ণসম্ভোগে নায়িকার চিত্তের উত্তাপ এবং রতিরসের মধুরভা একসঙ্গে আম্বাদিত হয়। ১০।

#### যথা-

পৌর্ণমাসী একদিন শ্রীরাধাকে অভিসারে পাঠিয়ে, লতামশুপের অস্তরাল থেকে শ্রীমতীর চিত্ত-উত্তাপযুক্ত মধুর কেলিমাধুর্য দেখে বলেছিলেন—

কংসরিপুর সঙ্গে সম্ভোগরতা শ্রীরাধার এই অস্যাযুক্ত অমৃতময় জল্লনা, মাৎসর্য, মানের উপশম, রম্য কটাক্ষ এবং প্রক্রুরিত পরম স্থানর মুখইন্দুশোভিত অনক্ষক্রীড়াসকল জয়যুক্ত হোক। ১১।

#### যথা বা---

'ম্থবিধু চুম্বনে রাই কহই পুন: জাহ চন্দ্রাবলী গেহ। নিবিড় আলিম্বনে মান ভরমে তহি ধীরে ধীরে কুঞ্ই দেহ॥'

গার্গী নান্দীমুখার্কে বললে—সথি! মানের উপশম হলেও
শ্রীরাধার মুখকমল একটু বক্ত হয়েই রইল, বিশেষ প্রসন্ন হলো না।
নয়নের দৃষ্টি কুঞ্চিত হয়ে, ধীরেধীরে ঈর্ষাই প্রকাশ করতে লাগলো।
বাক্যও অস্থায় মলিন হলো। যদিও শ্রীরাধার মধুর আকৃতি
মানের পরিচয় দিল, তব্ও শ্রীকৃষ্ণকে তিনি সুখা করলেন। ১২।

### সম্পন্ন সম্ভোগ

প্রবাস থেকে ফিরে এসে কাস্ত দয়িতার সঙ্গে মিলিত হ'লে সম্পন্নসস্তোগ হয়। নায়ক নায়িকার এই সঙ্গম আগতি ও প্রাতৃভাব ভেদে তৃ'প্রকার।

#### আগতি

লৌকিক ব্যবহারের দ্বারা নায়ক এসে মিলিত হলে, তাকে বলে আগতি; অর্থাৎ যেখানে স্বাভাবিক নিয়মে নায়ক ফিরে আদেন, কোন চেষ্টা বা আকস্মিক আবির্ভাবের কারণ থাকে না।

#### যথা—উদ্ধবসন্দেশে

প্রীকৃষ্ণ বন থেকে গোষ্ঠে ফিরে আসছেন, এই কথা প্রীরাধাকে জানিয়ে, বিশাখা বললে—হে রাধে। বল্লবীগণের চিত্তহারী গুল্পামালা শোভিত মুকুল তোমার সঙ্গে মিলিত হওয়ার জ্বাত হাসিমুখে এসেছেন। তাঁর বিরহে তুমি সারাদিন ক্লান্ত হয়ে আছো। হে মৃহলে, গুরুজনের ভয়ে আর মন্দাক্ষী হয়ে থেকো না। গৃহ ছেড়ে কুল্পা দেউলে এসো। এখনই ভোমার মনোবাঞ্ছা পূর্ণ হবে।

'ছাড়ি গুরুজন লাজ এদো গো অঙ্গনমাঝ বিরহেতে হয়াছ তৃ:থিনী। বন হৈতে শ্যামবার আদিয়া মিলিল তার বাস্থাপুর্ণ হইবে এখনি।'

### প্রাত্মভাব

প্রেমবিহ্বলা বিরহিণী নায়িকার সম্মুখে নায় কর অকস্মাৎ আবিভাবের নাম প্রাত্তভাব।

### যথা-- শ্রীমন্ত্রাগ্রত দশমে

রাস বিপ্রলান্তের পর হঠাং প্রীকৃঞ্জের প্রাত্তাবে গোপিনীদের যে অবস্থা হয়েছিল, তার বর্ণনা করে শুকদেব বললেন—হে রাজন্। গোপীগণের রোদন শুনে, প্রীকৃষ্ণ পীতবাস পরিধান ক'রে মাল্য ও অলঙ্কারে ভূষিত হয়ে, অকস্মাৎ হাসিমুখে তাদের সামনে এসে এমন ভাবে উপস্থিত হলেন যে, দেখে মনে হালা, যেন সাক্ষাৎ মন্মথেরও মন্মথ। তাঁর সেই রূপ দেখে, কামদেবের চিত্তও মোহিত হয়।

এখানে গোপাঙ্গনাদের সম্পন্ন-সম্ভোগ সাধিত হয়।
ুকোন কোন পশুতের মতে, দেশাস্তর থেকে এসে যদি হঠাৎ

নায়ক তাঁর প্রিয়তমার সম্মুখে উপস্থিত হন, তাহলে তাকেও প্রাহর্জাব বলে।

# यथा वा—इश्त्रपृट्ड

প্রোষিতভর্ত্ক। জ্রীরাধা ললিতাকে বললেন—স্থি! স্থপ-সন্ভোগের কথা দ্রে থাক। বাস্তব সন্ভোগের কথা যা বলছি, তাই শোনো। মনের বিজ্ঞম-বৃদ্ধিতে অবিশাস ক'রো না। তোমার বয়স্ত সেই গোবর্ধন হঠাৎ অসময়ে বনে এসে, কৌতৃকভরে যে কামকলহের পাণ্ডিত্য দেখালেন, তা অতৃলনীয়। প্রাতৃত্তাব-সন্ভোগের সঙ্গে স্থপ-সন্ভোগের তুলনা হয় না। ১৩।

পরিণত প্রেমে বা রাঢ়ভাবে বিপ্রলম্ভের পর যে সম্ভোগ হয়, তাতে পরিপূর্ণ আনন্দ ও পরমস্থ সঞ্চারিত হয়। এ অবস্থায় বিরহ ঘটলে, সে বিরহের পীড়া দ্বিগুণ হয়। কিন্তু যদি অনুরাগের জন্ম নায়কের ক্রুতি ও প্রাহর্ভাব হয়, তাহলে স্থাংসবে নায়িকার সর্বভাতীষ্ট পূর্ণ হয়। ১৪।

বিপ্রলম্ভের পর এই প্রাত্তাবে যদি সম্ভোগ সম্পন্ন না হতেই আবার বিরহ ঘটে, তা হলে নায়িকার চিত্তে অসহ জালার স্থাষ্টি হয়। অমৃতরাশির আস্থাদন করতে গিয়ে জীবনপাত্ত গরলে পূর্ণ হয়ে ওঠে।

পদ উদাহরণ:

'অমিয় দাগরে দিনান করিতে দকলি গরল ভেল।'

# সমূদ্ধিমাম্ সম্ভোগ। ১৫।

পরাধীনতার জন্ম যদি নায়ক ও নায়িকা পরম্পারের নিকট হতে বিচ্ছিন্ন হয় এবং তাদের দেখা সাক্ষাৎ তুর্লভ হয়ে ওঠে, সে ক্ষেত্রে অতিরিক্ত সম্ভোগ বা পারস্পরিক উপভোগের স্থযোগ উপস্থিত হলে, সমৃদ্ধিমান্ সম্ভোগ হয়। ১৬।

### यथा-ननिज्योधत

শ্রীরাধা নবর্ন্দাকে বললেন— যাঁর দর্শন আশায় বিরহ-অনলে
দক্ষ হয়েও এই দেহ ধারণ করে ছিলাম, অস্তঃকরণউৎপাটনকারী
নিদারুণ মনঃপীড়ারূপ অতিবৃষ্টি সহ্য করেছি, কালিন্দীতটে কুটীর
বিবরে ক্রীড়াভিসারে সেই জীবিতবন্ধুর ইন্দুবদন পুনরায় বারবার
আস্বাদন করলাম। ১৭।

#### যথা বা – ললিভমাধনে

সব সময় যাঁর দর্শন পাওয়া অসম্ভব, সেই শ্রীরাধাকে দীর্ঘ প্রবাসের পর কাছে পেয়ে, শ্রীকৃষ্ণ আনন্দিত হৃদয়ে বললেন—প্রিয়ে! তুমি নিখিললোকলক্ষ্মী। আমি তোমার চিহ্ন খুঁজতে এসে, সাক্ষাৎ ভোমাল পেলাম। এ যেন কল্পনাতীত সোভাগ্য! পৃথিবীতে যে চলকমুষ্টি খুঁজে বেড়াচ্ছে, সে যদি হঠাৎ কনকর্ষ্টি লাভ করে, তার যে অবস্থা হয়, ভোমায় পেয়ে আমার সেই অবস্থা হয়েছে। ১৮।

এখানে দীর্ঘ প্রবাসের পর শ্রীরাধার দর্শনলাভে শ্রীকৃষ্ণ পরম সম্পদ লাভের সৌভাগ্য জ্ঞাপন করছেন। এক্ষেত্রে নায়ক ও নায়িকার মিলনে যে সম্ভোগ রস আস্বাদিত হলো, তাকে সমৃদ্ধিমান্ সম্ভোগ বলে।

পূর্বে যে চতুর্বিধ সম্ভোগের কথা বলা হলো, সেন্দ্রলীর প্রত্যেকটি আবার 'প্রছের' ও 'প্রকাশ' ভেদে দ্বিবিধ। এই বিশ্লেষণমূলক ভেদগুলি রসোল্লাসকর নয় ব'লে, সেগুলির বিস্তৃত বিবরণ উল্লিখিড হয় নি।

ইভি।মধুররসপরিপাক-বিবেক॥

# (भीव प्राञ्जाभ

প্রছন্ন ও প্রকাশ ভেদে সম্ভোগের দ্বিবিধ বিশ্লেষণ অতি-উল্লাসকর নয় বলে, সে সম্পর্কে বিস্তৃত আলোচনা করা হলো না। কিন্তু গৌণ সম্ভোগের বিষয় বিশেষ ভাবে উল্লেখযোগ্য। ১।

স্বপ্নে প্রীকৃষ্ণকে বা নায়ককে পেয়ে, নায়িকা যে সম্ভোগ-রস আস্থাদন করেন, তাকে গৌণ সম্ভোগ বা স্থা-সম্ভোগ বলে। সামাশ্য ও বিশেষ ভেদে স্থা ছ'রকমের হয়। যা সামাশ্য, তা পূর্বে 'ব্যভিচারিভাবে' আলোচিত হয়েছে। আর যে স্থা জাগ্রভ অবস্থার হায় ছজনের মিলন হয়, তাকে বিশেষ স্থা বলে। এই বিশেষ স্থাপ্ন জার্গা বা জাগ্রভ অবস্থার সঙ্গে কোন প্রভেদ থাকে না। এ এক মহা-অভুভ অবস্থা। এই জাগর্যা-নির্বিশেষ স্থাপ্ন নায়ক-নায়িকা অনেক সময় রতিসভোগের পরিপূর্ণ রসাম্বাদন করে। ভাব ও উৎকণ্ঠাময় স্থাবিশেষ পূর্বের মতো চার রকমের হয়, যথা—সংক্ষিপ্ত, সংকীর্ণ, সম্পন্ন ও সমৃদ্ধিমান্।

# মুপ্রে সংক্ষিপ্ত-সম্ভোগ

যথা-

স্বপ্নে এক্রিফের সঙ্গলাভ ক'রে, পূর্বরাগবতী এরিরাধা বিশাখাকে বললেন:

'স্থন্দর কালিন্দীতীরে গোবিন্দ বিহার করে নবাজ্ঞাদজিনি তম্থানি। মাথায় বিনোদচূড়া তাহে গুঞা ছড়াছড়া সে বড় রসিক শিরোমণি॥ নিকটে আসিয়া মোরে বদনচুম্বন করে সভয় নয়নে পুনঃ চায়। আমি থাকি শয়নে এই দেখি স্থপনে এ বড় আমার হল দায়॥'

প্রিয়স্থি। স্বর্থে সেই বিদ্যানু ডামান বিশ্বা অনুদিন আমার মুখচ্ম্বন করলেন। মুহুর্তে আমার তনুমন অপূর্ব সম্ভোগরসে আপুত হলো। ২।

# यत्थ जःकोर्ग-मच्छान

শ্রীমতীর কোন মুগ্ধা সখী বললে—প্রিয়সখি! তুমি কুন্ধা হয়ে।
না। আমার কিছুমাত্র দোষ নাই। আমি অসময়ে মানের উপশম
করি নি। হে সুমুখি! তোমার সেই ধূর্ত নাগর স্বপ্নে আমায় দেখা
দিয়ে, আমার উপর রসবৃষ্টি করেছিলেন। ভাতেই আমার অস্তরব্যাপী
মানের আগুন আপনা-আপনি উপশমিত হলো। ৩।

# স্বপ্নে সম্পন্ন বা সম্পূর্ণ সম্ভোগ

যথা—হংসদূত্তে

মাথুর বিরহে কাতরা গ্রীরাধা ললিতাকে বললেন: সথি!

'আসাবে ছাড়িয়া হরি গেল যদি মধুপুরি কিবা ক্ষতি আছয়ে আমার। যাহ তুনি কোন পুরি ত্থেতে রহিও হরি আমার মরণ মাত্র সার॥ তুমি গেলে মধুপুরি আমি আছি তুথে মরি তুমি পুনঃ আদিরা স্থপনে। সবলে রমণ করি যাহ পুনঃ মধুপুরি এত জ্ঞালা সহিব কেমনে॥'

সেই নিষ্ঠু হ চ্ডামণি আমায় ত্যাগ ক'রে মথুরায় গিয়েছেন। সেধানে তিনি স্বচ্ছনেদ থাকুন, কিন্তু আমার মরণ ছাড়া কোনো গভিনাই। কেন না, স্বপ্নে তিনি বৃন্দাবনে এসে বলপূর্বক আমায় রমণ করছেন। এ আমি সইব কেমন করে ? কোন্ স্ত্রী এটা সইতে পারে ! । ৪।

# স্বপ্তে গ্রাহ্মান্ সম্ভোগ যথা-- ললিভমাধ্বে

শ্রীরাধা নববৃন্দাকে বললেন---

'আজিকার স্থান গুনলো স্থানরী নাগর আসিয়াছিল। আদর করিয়া আমার নিকটে কত রস বিরচিল। স্থানে দারুণ অক্রুর না ছাড়ে রথ লগা এলো তাই। দেখিয়া পরাণে কাঁপিয়া মরি যে কত করি হায় হায়।' স্বি! স্বপ্নে গোবিন্দ আমার নয়নের অঞ্চনভূমিতে এসেছিলেন। কিন্তু হায়। রাজপুরুষ অক্রুর এসে তাঁকে রখে আরোহণ করিছে। আবার মথুরায় নিয়ে গেলেন। ৫।

নায়ক ও নায়িকা হুজনেরই একরকম স্বপ্প-সম্ভোগ হতে পারে, যেমন অনিরুদ্ধ ও উষার এককালীন অবাধে স্বপ্প সম্পন্ন হয়েছিল। নান্ধক-নায়িকাদ্বয়ের স্বপ্প কখনো কখনো এককালীন সভ্য হয়। যাঁরা প্রণায়সিদ্ধ তাঁদের এই প্রম অন্তুত স্বপ্পের ফল জাগ্রত অবস্থাতেও দেখা যায়। ৬।

প্রেমের পঞ্চম অবস্থায় উপনীতা গোপাঙ্গনাদের স্বপ্ন সম্ভব হয়।
না। তাদের রজোগুণবৃত্তিজাত জুস্তণমাত্র হয়। ৭।

কৃষ্ণভাবের বিলাস অতি মনোহর; আশ্চর্য স্বপ্পবিস্তারের দ্বারা শ্রীকৃষ্ণের সঙ্গে অতিনিবিভ সঙ্গম সংঘটিত করে।৮।

উল্লিখিত সংক্ষিপ্ত, সংকীর্ণ, সম্পন্ন ও সমৃদ্ধিমান্ স্বপ্নসম্ভোগের বিষয় আলোচনা করলে দেখা যায় যে, এইসব স্বপ্নে স্পষ্টতঃ সম্ভোগরতির অমুভব-দশা উপস্থিত হয়। ১।

অমুভব-দশা বলতে সন্দর্শন, জল্পনা, স্পর্শা, পথরোধ, রাস, বৃন্দাবনক্রীড়া, যম্নায় জলকেলি, নৌ-খেলা (Rowing), লীলাচৌর্য (বাঁশী বা বসন ইত্যাদি চুরি ক'রে লুকিয়ে রাখা), কপট নিজা, লুকোচুরি, বস্ত্রাকর্ষণ, চুম্বন, আলিঙ্গন ইত্যাদি বুঝায়।

### সন্দৰ্শন

### यथा-निज्ञाधत्व

শ্রীরাধা কুন্দলভাকে বললেন—হে চঞ্চলাক্ষি! যতক্ষণ শ্রীকৃষ্ণের দোত্ল্যমান-মকরকৃপ্তলশোভিত গণ্ডস্থল ও মুখপদ্ম তুমি সন্দর্শন না করো, ততক্ষণই ফ্রোমার মনে গুরুজন ও কুলমর্যাদার ভয় থাকে। একবার দেখলে, মনে আর কোন ভয় বা লোকলজ্জা থাকে না।

'তাবত গুরুর ভর তাবত কুলে মন রয় তাবত হয় ধর্মের আচার। বাবত কুগুলধারী পরস মোহন হরি নাহি হয় নয়নগোচর ॥'

#### 88A

#### যথা---

পরস্পারের গোষ্ঠী অর্থাৎ বান্ধবজনের সঙ্গে রঙ্গ আলাপ বা টুক্ কেটে কথা বলা, এবং বিভথোক্তি বা মিথ্যা বাদাসুবাদ ও কথোপকথন ইভ্যাদিকে জল্প বা জল্পনা বলে। ১০।

# পরস্পর গোষ্ঠী

# যথা – দানকেলিকোমুদীতে

দানঘাটে ঐক্স শ্রীমতীর পথরোধ করলে, গ্রীমতী বললেন— কুলস্ত্রীদের ধর্ষণ করলে, রাজা কখনই ক্ষমা করবেন না। তান শাস্তি দেবেন।

উত্তরে শ্রীকৃষ্ণ বললেন—ভূজক যদি দাঁত দিয়ে ওই সব স্ত্রীদের দংশন করে, তাহলে ভাল হয়। এখানে ভূজক অর্থে কামসর্প।১১।

প্রীকৃষ্ণ আবার বললেন—রাধে। তুমি মঙ্গলমূর্তি, নব চন্দ্রকলার মতে। তোমার ললাটফলক। কৃষ্ণবর্ণ পক্ষবিশিষ্ট স্থন্দর চোখছটি তোমার অভিনব সম্পদ। মনোহর তার বিলাসদৃষ্টি। শিবের মতো তোমার ওই উজ্জ্বল নেত্রাঞ্চলে কন্দর্পত্ত বিদগ্ধ হচ্ছেন। তোমার বক্ষে আমায় স্থান দাও। আমায় ভোগী পুরুষপ্রেষ্ঠ ব'লে স্বীকার করে। ১২।

#### বিভথোক্তি জন্ম

# যথা—দানকে লিকোমুদীতে

প্রীকৃষ্ণ শ্রীরাধা এবং অস্থাস্থ গোপাঙ্গনাদের বললেন :
'এই গিরিগোবর্ধনে কডদিন নারীগণে হরে নিলাম বসনভ্ষণ।
নারীসব নয় হল বক্ষপত্ত পহিরল উপকার কৈল লডাগণ॥'

দানঘাটে প্রীকৃষ্ণ প্রীমতী ও অস্থান্থ গোপাঙ্গনাদের ভয় দেখিয়ে বললেন—গোবর্ধনপর্বতে আমি হরিণনয়নাদের বসনভূষণ কেভ়ে নিয়ে, তাদের জৈনধর্মে দীক্ষা দিয়েছিলাম, অর্থাৎ দিগস্বরী করেছিলাম। তখন তারা দীনচিত্তা হয়ে, কাকুতিমিনতি করেছিল। গাছের পাতা ও লতা দিয়ে অঙ্গ আচ্ছাদন ক'রে লজ্জা নিবারণ করেছিল। ১৩।

একথা শুনে, শ্রীমতী ও গোপাঙ্গনার। স্বভাবতই বাদারুবাদ করেছিলেন। কেন না, শ্রীকৃষ্ণ এই উক্তিদ্বারা তাঁদের প্রকারান্তরে এই ভয়ই দেখিয়েছিলেন যে, দর্কার হলে আবার তিনি তাঁদের বিবস্তা করবেন।

### --

#### যথা-

কোন এক লঘু-প্রথবা যুথেশ্বরী কোন অধিকমৃদ্ধী সখীর সঙ্গের রসিকতা ক'রে বলেছিল—স্থি! তুমি আর শপথ করো না। ভুজঙ্গরাজ শ্রীকৃষ্ণ তোমায় ভুজভুজঙ্গের দ্বারা স্পর্শ করেছিলেন। তুমি সেই স্পর্শে অভিশয় দ্বিভা হয়েছ। হে কপটিনি! তাই ভোমার অনুপম তকু কম্পিত হয়ে ঘর্মাক্ত হয়েছে। দেখ, স্বাক্ত রোমাঞ্চিত হয়েছে। ১৪।

# বর্ত্মাধন বা পথরোধ

### यथा-- विषक्षमाध्य

শ্রীরাধা যাচ্ছিলেন সূর্যপূক্ষা করতে। গিরিপথে যেতে, হঠাৎ শ্রীকৃষ্ণ এদে তাঁর পথরোধ করে দাঁড়ালেন।

শ্রীমতী বললেন—আমি সূর্যপূজা করতে যাচ্ছি। আমার পশ ছাড়ো।

শ্রীকৃষ্ণ বললেন—রাধে! এপথে এসো না। এপথে চারিদিকে
পর্বতশৃঙ্গ স্ফুটশিলায় আচ্ছন্ন, শ্যামল বেতস-বন ও বাঁশবনে সামুদেশ
পরিপূর্ণ। এই পথে সামনের ওই উত্তল পর্বত অতিক্রম ক'রে তৃমি
কেমন ক'রে যাবে! তার চেয়ে, যমুনাতীরের পথে চলো

### রাসক্রীড়া

#### यथ|--

বিমানচারিণী কোন দেবী অশু এক দেবীকে বললেন:

'ক্বফ জিনিনবঘন তড়িৎ যেন গোপীগণ তড়িতের মাঝে জলধর।
তড়িৎ মেদের মাঝে সমস্থা হয়ে সাজে রাসনীলা বড় মনোহর।'

রাসলীলায় গোপাঙ্গনাদের সঙ্গে নৃত্য করতে করতে **এরিক্ষ** গোপাঙ্গনার স্কল্পে হাত রেখে ইতস্তত ভ্রমণ করছেন। বিহ্যুৎ-সমা উজ্জ্বলা গোপবধুর পাশে নবজ্জধরশ্যাম এরিক্ষণকে দেখে যেন মেঘ ও বিহ্যুতের সমন্বয় বলে মনে হয়। দেখ, সখীরা এরিক্ষণের করাম্বন্ধ ধারণ ক'রে তাঁর সঙ্গে নৃত্য করছে।

# বৃন্ধাবন-জীল।

যথা--

### ঞীকৃষ্ণ ঞীরাধাকে বললেন:

'স্থলপদ্ম বিকশিত তাথে ভ্রমরের গীত স্থাত করে তোমার চরণে।
কুল্ফুল রাশিরাশি তোমার চরণে আসি দণ্ডবৎ করে দন্তগণে।
তোমার অধর দেখি বিশ্বফল হল তুথী চেয়ে দেখ রম্য বুলাবনে।

প্রিয়ে। ওই দেখ, তোমার বশীভূত বৃন্দাটবী বিজাদময় হয়ে উঠেছে। পুষ্প-পত্রে উল্লসিত হয়ে, সারা বৃন্দাবন যেন তোমার স্থানন্দবিলাসের লীলাভূমি হয়ে উঠেছে।

'রাধিকারে সঙ্গে লয়া হরি বেড়ায় দেখাইয়া। বিহরয়ে বড় স্থী মনে। ১৫।'

### যমুনায় জলকৈলি

#### যথা-

যমুনায় শ্রীকৃষ্ণ রাধিকা ও গোপ'শ্রনাদের সঙ্গে জলকেলি করছিলেন। বিশাখা শ্রীকৃষ্ণকে বললে—ভোমার সঙ্গে শ্রীরাধার জলকেলি-যুদ্ধে শ্রীরাধার দ্বারা উৎসিক্ত জলরাশিতে ভোমার গ্লার মালা ছিঁড়ে পড়েছে, কপালের তিলক ধুয়েমুছে গিয়েছে, মুখচন্দ্র বক্ষস্থ কৌস্তভমণিতে প্রতিবিশ্বিত হচ্ছে, এবং তোমার চিকুর বন্ধনমুক্ত হয়েছে। তুমি চকিত হয়ো না, আমার সখী কখনই তোমার মতো প্রিয়জনকে পীড়া দেবেন না।

এখানে জ্বলতে শ্রীরাধার নিকট শ্রীকৃষ্ণের পরাজয় স্টিড হচ্ছে। তিনি যেন বিপর্যস্ত হয়ে পড়েছেন।

### যথা বা-পত্তাবলীতে

যেমন চক্রবাক্দম্পতির দিবসে মিলন এবং রাত্রে বিচ্ছেদ ঘটে, তেমনি জলক্রীড়াকালে প্রীকৃষ্ণের লীলাচঞ্চল করতলের দ্বারা শ্রীরাধার মুখচন্দ্রিমা কখনো মুক্ত, কখনো বা আচ্ছাদিত হচ্ছে; অর্থাৎ আলো ও আঁধারে যেমন চখা-চথির মিলন ও বিরহ ঘটে, তেমনি বিমৃক্তি ও আচ্ছাদনে শ্রীরাধার মুখচন্দ্রের সঙ্গে শ্রীকৃষ্ণের নয়নচকোরের মিলন ও বিচ্ছেদ ঘটছে। এই অপরূপ জলক্রীড়া-কৌতুকী শ্রীকৃষ্ণ জগৎকে রক্ষা করুন।

# ় নৌখেলা বা নৌকাবিহার

#### যথা-

প্রীরাধা প্রীকৃষ্ণকে বললেন—হে মাধব! তুমি বলছো, যম্নার তরঙ্গ নাই, নৌকাখানিও নৃতন; তোমার কথা সত্য। কিন্তু এইটাই সবচেয়ে আশঙ্কার কথা যে, তুমি ভাল নাবিক হলেও অতিচঞ্চল। সুতরাং ভয় হয়, হয়তো মাঝনদীতে নৌকা তুবিয়ে দেবে।

# नीनाट होर्ग

বংশী, বস্তু ও পুষ্পাদি হরণকে লীলাচৌর্য বলে। কখনো কখনো নায়িকা নায়কের অনবধানভার অবসরে তাঁর কোন জিনিস চুরি ক'রে লুকিয়ে রাখেন। কখনো বা নায়ক নায়িকার কোন দ্রব্য অপহরণ ক'রে লুকিয়ে রাখেন।

# वश्नीदर्शि

#### यथा-शळावनीटड

স্থীগণের উক্তি:

'চরণ নৃপুর ছাড়ি গেলা রাধা ধীরিধীরি না করিয়া কঙ্কণনিকণ। নিজায় আছিল হার নিল বংশী চুরি করি হাসি হাসি করিল গমন ॥'

### বস্ত্রচোর্য

#### यथा-

শ্রীকৃষ্ণের ভীতিসঞ্চার উদ্দেশ্যে বিবস্তা গোপীগণের উক্তি:
'তরুপত্র বস্ত্র করি যাও এক সহচরী আনহ ব্রজের বৃদ্ধাগণ।
এই বস্ত্রবাটপাড়ে আদি যেন গালি পাড়ে, স্থাথ মোরা করিব দর্শন ॥'
যমুনার জলে দাড়িয়ে বিবস্তা গোপিনীরা বললে—কুমারীগণ
শ্রীকৃষ্ণ যদি বসন ফিরিয়ে না দেন, ভোমাদের মধ্যে কেউ একজ্বন
বৃক্ষপত্রে অঙ্গ আচ্ছাদন ক'রে গিয়ে, বৃদ্ধাদের ডেকে আনো। তাঁরা
এসে, এই উমাত্রত-পরায়ণা কুমারীদের লাঞ্ছনাকারী শ্রীকৃষ্ণকে
তিরস্কার করুন; আমরা মনের আনন্দে দেখি।

# **शृ**ष्श्रदहोर्य

#### यथ।--

প্রীরাধা একাকিনী প্রীকৃষ্ণের পুষ্পোভানে পুষ্পাচয়ন করছিলেন। তাঁকে ধরবার ইচ্ছা ক'রে প্রীকৃষ্ণ বললেন—অয়ি মগনয়না! তুমি প্রতিদিন গোপনে এই উভান থেকে পুষ্পামঞ্জরী অপহরণ করো। তে তক্ষরি! সোভাগ্যক্রমে অনেককাল পরে আজ্ঞ তুমি ধরা পড়েছ। কাজেই আর প্রোট় করো না, বেশী প্রবাণতা দেখাবার চেষ্টা করো না। চৌর্য-অপরাধের শাস্তি গ্রহণের জন্ম ওই গুহারপ কারাগৃহে প্রবেশ করো।

### ঘট্ট বা ঘাট

# যথা—দানকেলিকোমুদীতে

দানঘাটে **শ্রীকৃষ্ণ ললিতা ও অস্থাস্থ স্থীদের বললেন—তোমরা** ঘাটোয়ালকে ঘাটের শুল্ক না দিয়ে, তাকে অবজ্ঞা ক'রে তার সঙ্গে বিবাদ করছো! আমার মনে হয়, তোমরা ওই গিরিতটের বিষম ছুর্গে ঘাটরাজের সঙ্গে রণ করতে চাও। ১৬।

'স্বামি ত ঘাটের রাজা না করি তাহার পূজা বিবাদে চঞ্চল কৈলে মন। বুঝি গিরিকুঞ্জবনে ঘাটের রাজার সনে তোমরা করিবে মহারণ ॥'

# কুঞাদি লীনতা

### যথা -- বিদগ্ধ মাধবে

কুঞ্চমধ্যে লুকিয়ে থাকা বা লভাগুলোর অন্তরালে নায়িকার আত্মগোপন ক'রে থাকাকে কুঞ্জাদিলীনতা বলে।

শ্রীরাধা ক্ঞ্পমধ্যে লুকিয়ে ছিলেন। তাঁকে খুঁজতে খুঁজতে গ্রীকৃষ্ণ বনের ভিতর প্রবেশ ক'রে বললেন—আমার মনে হয়, শশিমুখী নিবিড় ক্রীড়ামোদের জন্ম এই অশোকবনের অন্তরালে কোথাও লুকিয়ে আছেন। নইলে পুষ্পামোদী এই অশোকবৃক্ষ ঘিরে ভ্রমরেরা স্তবগুঞ্জন করবে কেন? তাঁর চরণের স্পর্শ পেয়ে নিশ্চয়ই অশোকবনে পুষ্পাসমাগ্য হয়েছে।

স্থলরীদের চরণম্পর্শে অশোকবৃক্ষে পুষ্পসমাগম হয়। তাই আশোকবনে দেহিদ উৎসবের অমুষ্ঠান ক'রে, রমণীগণ অশোকবৃক্ষে চরণাঘাত করেন।

এখানে অশোকবৃক্ষ ঘিরে অলিকুলের স্তবগুঞ্জন শুনে, ঞীকৃষ্ণ পূর্বাছে সেখানে ঞীরাধার চরণ স্পর্শ অমুমান করছেন।

#### মধুপান

#### যথা---

বৃন্দা পৌর্ণনাসীকে বললেন—দেবি! মধুপাত্তে শ্রীকৃষ্ণের মধুর মুখচন্দ্র প্রতিবিশ্বিত হয়েছে। শ্রীরাধা নির্নিমেষ দৃষ্টিতে সেই প্রতিবিশ্বের দিকে চেয়ে আছেন। শ্রীকৃষ্ণ বারবার অন্থরোধ করা সত্ত্বেও তিনি মধু পান করছেন না।

'ক্ষেত্র বদনচক্র মধুণাত্তে প্রতিবিদ্ধ দেখে রাধা স্থান্থির নয়নে। যাচয়ে নাগররায় তবু মধু নাহি থায় রৈল চেয়ে প্রতিবিদ্ধ থানে॥'

মধুপাত্রে নায়কের মুখচ্ছবি প্রতিবিশ্বিত হয়েছে। চুমুক দিয়ে সেই পাত্র থেকে মধুপান করবার জন্ম অনুরোধ করা সত্ত্বেও, নায়িকা মধুপান না ক'রে সেই মুখপানে চেয়ে আছেন। দয়িতের মুখ-চল্ল-প্রতিবিশ্বিত মধুপাত্রে অধরম্পার্শের অন্তুরোধ অতিমধুর রতি নিবেদন জ্ঞাপন করে।

### वशुद्वभ भात्रभ

#### যথা—উল্বসম্পেশে

শ্রীরাধার সঙ্গে বিশাখার যে আঁলাপ হয়েছিল, উদ্ধান তার মাধুর্য অকভের করেছিলেন। তাঁকে সেই রস পুনরায় আস্থাদন করাবার জ্বন্য শ্রীকৃষ্ণ বললেন—সখা। শ্রীরাধা মান করেছিলেন। কোন বকমেই তাঁর মানভঞ্জন করা যায়নি। সেইজন্য আমি নারীবেশ ধারণ ক'রে তাঁর কাছে গিয়েছিলাম। শ্রীরাধা আমায় দেখে বিশাখাকে জিজ্ঞেস করেছিলেন—স্থি। এই শ্রামবর্ণা নারীটি কে ?

িশাখা বলেছিলেন—উনি একটি গোপক্ষা।

শ্রীরাধা জিজ্ঞেস করেছিলেন—কিন্তু ংশনে এসেছেন কেন 📍

বিশাখা উত্তর দিয়েছিলেন—তোমার সঙ্গে বন্ধুত্ব করবার জক্ত এসেছেন। উনি তোমার বয়স্থা হবার জক্তই জন্মেছেন। ওঁকে বারংবার আলিক্সন করো। এই কথা গুনে, জ্রীরাধা আলিঙ্গনে প্রবৃত্ত হয়ে যখন জানতে পারলেন যে, আমিই বধুবেশ ধারণ করেছি, মানিনী লচ্ছিতা হলেন।

# কপট নিজা ষথা—কর্ণামু:ভ

ব্রজবালার সঙ্গে রমণ করবার উদ্দেশ্যে প্রীকৃষ্ণ নিজার ভান করে এই লীলা করে থাকেন। নিজেকে অল্প-অল্প সংবৃত করে রাখেন। তাঁর মুখে মৃত্হাসির রেখা ফুটে ওঠে। তাঁকে নিজিত দেখে, গোপাঙ্গনারা অবাধে প্রেমের লীলাবাক্য আলোচনা করেন; তাঁদের তমু রোমাঞ্চিত হয়। প্রীকৃষ্ণ মিথ্যা নিজায় মুদিত নয়নে থেকে, কান পেতে তাঁদের সেই জল্পনাবাক্যের রসোপলানি করেন। প্রীকৃষ্ণের সেই মুদিতনেত্র শয়ানমূর্তির আমরা উপাসনা করি। ১৭।

'দেখসিয়া হরি কপট করিয়া শয়ন করিয়া রয়। মূখে মৃত্হাসি ছাপিয়া রাখয়ে তভু প্রকাশিত হয়॥'

# ছ্যুতক্ৰীড়া ব্ৰু পাশা-খেলা যথা—

বৃন্দা কুন্দলভাকে বললেন :

'রাইকাম পাশা থেলে স্থীগণ গুটি চালে পণ কৈল অধরচুমন।
কখন জিভয়ে হরি কভু জিতে স্থানী হাততালি দেয় স্থীগণ॥'

প্রীকৃষ্ণ পাশা-খেলায় পণ জয় ক'রে প্রীরাধার দক্ষিণ গণ্ডে চুম্বন অন্ধিত করলেন। তারপর শ্রীরাধা "বামঞ্চ দশ" ব'লে পাশা চাললেন। এই কথা শুনে, প্রীকৃষ্ণ ছল ক'রে বললেন—স্বন্দরি! তুমি যা আজ্ঞা করলে, তা আমার শোনা উচিত। এই ব'লে তিনি শ্রীমতীর বামগণ্ড দংশন করতেই শ্রীমতী কোপভরে ভুজলতা দিয়ে শ্রীকৃষ্ণের কণ্ঠদেশ বেষ্টন করলেন। ১৮।

# বন্তাকৰ্ষণ বা পটাফুষ্টি যথা—ললিভমাধৰে

কুঞ্জমধ্যে প্রীকৃষ্ণ যখন প্রীরাধার বক্ষোবস্ত্র অপহরণ করেছিলেন। তখন প্রীমতী লচ্জায় নিকুঞ্জের নিবিড় অন্ধকারে লুকিয়েছিলেন। প্রীকৃষ্ণ তাঁকে খুঁজবার জন্ম অন্ধকার কোণে প্রবেশ করলেন। তাঁর বক্ষান্ত কৌস্তাভ্যণি থেকে যে কিরণ বিচ্ছুরিত হচ্ছিল, তাতে অন্ধকার বিদূরিত হলো। প্রীমতী লচ্জিতা হলেন।

'আজি ত নিকুঞ্জদরে রাধাবন্ত্র নিলাম হরে তাথে লুকাইল **অদ্ধকারে।** কৌস্তুভমণির সার তাথে কৈল উপকার আমা দেখি রাধা লজ্জা করে॥'

> চু**ত্তন** যথা—

রূপমঞ্জরী তার স্থীকে বললে:

'রাইক বদন কমলবর স্থলর চুম্বই নাগর রায়। কমল বিপিনে যেন অলিবর বিহুরই পুনঃপুনঃ মধু পিয়ে ভায়॥' ১৯॥

# व्यानिजन वा व्याद्रम्य यथा—

শ্রীরাধার কোন সধী অশ্বসধীর কাছে বর্ণনা করে বললেন—
শ্রীমতী যখন শ্রীকৃষ্ণকে আলিঙ্গন করলেন, তখন যে শোভা হলো,
তা বর্ণনা করি শোন। অতিশয় হর্ষে নবকুরুমগৌরাঙ্গী শ্রীরাধা
নবঘনত্যতি শ্রীকৃষ্ণকে আলিঙ্গন করলেন। দেখে মনে হলো, যেন
স্বর্ণলতাবেষ্টিত তমালবক্ষের সৌন্দর্যও মান হয়ে গেল।২০।

#### নথক্ষত

#### যথা --

শ্রামলা পরিহাস ক'রে জ্রীরাধাকে বললে—স্থি। ডোমার কুচ্যুগল দেখে, কুচ ব'লে মনে হয় না। মনে হয়, তুমি ভোমার গজেন্দ্রগমনে গজরাজকে পরাজিত ক'রে, তার কুম্ভত্তি হরণ ক'রে নিয়ে আপন প্রদয়ে স্থাপন করেছ। আর এই স্তনদ্বয়ে যে ক্ষতিচিহ্ন দেখছি, সে যেন নাগদমন ঞীকৃষ্ণের নখাস্কুশ চিহ্ন।

'গতিতে কুঞ্জর জিনি তার কুম্ভ হরে আনি রাখিয়াছ আপন হৃদ্রে। শ্রীনাগদমনকৃত নথাকুশ চিহু যত প্রকাশিত হইয়া আছ্য়ে॥'

#### বিভাগর মধা পান

#### यथा--

দৃতী শ্রীরাধাকে বললে—হে করভোক। তুমি ভোমার ওই সুধান্রবিম্ববিনিন্দিত অনিন্দ্য মুখকমল হাত দিয়ে ঢেকো না। বরাঙ্গনে। ভোমার অধররূপ রঙ্গণকুমুমের মধু কদস্ববনের ওই ভ্রমর পান করুক। ২১।

'স্থাকরস্থা ব্যর্থকারী মৃথ আচ্ছাদ না কর করে। নাগরভ্রমর পান করু তাহা আপনার আশা পুরে॥'

#### সম্প্রয়োগ

#### यथा-

কুন্দলতার প্রতি বৃন্দার উক্তি:

'রাধিকার কন্ধ বেরি হস্ত প্রসারিল হরি অধরের স্থা করে পান। রাধার হয় ভাবোদাম দোঁহে অতি মনোরম ক্রীড়াবিধি করয়ে নির্মাণ॥'

প্রীরাধাকে বাহুবন্ধনে আবদ্ধ ক'রে, কন্দর্প উৎসববিশারদ শ্রীকৃষ্ণ নিধুবনে ক্রীড়া বর্ধন করতে লাগলেন।

বিজ্ञনে সম্ভোগ ছ'রকমের হয়; সম্প্রয়োগ ও লীলাবিলাস। বিদ্যাগণের মতে, লীলাবিলাসে যে নিবিড় সম্ভোগস্থ আম্বাদিত হয়, সম্প্রয়োগে ভা হয় না।

#### 지역|--

স্থীগণ গৰাক্ষপথে তাদের দৃষ্টি নিবদ্ধ ক'রে, ঞ্রীরাধা ও ঞ্রীকৃষ্ণের সীসাবিসাসদর্শনে সেই সম্ভোগের রসাস্বাদন করলেন: **उप्प्र**मनीमत्रनि *७६६* 

শ্রীকৃষ্ণ যখন বলপূর্বক আলিঙ্গনে উত্যত হলেন, শ্রীরাধা তাঁর অঙ্গেনধরাঘাত করতে লাগলেন। শ্রীকৃষ্ণ তাঁর বস্ত্রাকর্ষণে প্রাবৃত্ত হলে, শ্রীরাধা তাঁর হস্তস্থিত নীলপদ্মের দ্বারা শ্রীকৃষ্ণকে আঘাত করতে লাগলেন। এইভাবে শ্রীরাধা সম্প্রয়োগ-রতি অপেক্ষা লীলা-বিলাদের দ্বারা শ্রীকৃষ্ণের অধিক স্কুখবিধান করলেন।

'হরি আলিক্ষরে তাথে রাই করে নথাঘাতে ক্রম্ণ ষেই করেরে চুম্বন।
বসন ক্লোঞা মারে হরি পুন: বস্ত্র ধরে রাধা করে উৎপল তাড়ন॥
গোবিন্দ উৎপল ধরে শুষ্ক রোদন করে কপটে করয়ে কোপাডাস।
সক্ষের শতগুণ তাথে আনন্দিত মন রাধা সঙ্গে সদাই বিলাস॥'

এই লীলাবিলাসে পরস্পারের যে সুখাস্বাদন হয়, সম্প্রয়োগ-সম্ভোগে সে স্থুখ আস্বাদিত হয় না।

#### যথা বা---

নর্মকলাচ্ছলে ঐক্ত্র শ্রীরাধাকে পরিহাস করলে, শ্রীরাধার নয়নের দৃষ্টি কৃটিল হয়ে উঠলো, ভ্রু কৃঞ্জিত হলো। বলপ্রকাশের কৃত্রিম প্রয়াস করলে, শ্রীরাধা কর্ণোৎপলদারা তাঁকে আঘাত করতে লাগলেন। এইরূপে ব্রজাঙ্গনাদের রতিশুরু শ্রীকৃষ্ণ গান্ধবিকার সঙ্গে লীলাখেলা করতে লাগলেন। এই ক্রীড়া স্কুরতোৎস্করের চেয়ে অনেক বেশী স্থাখের আস্বাদ বিস্তার করতে লাগলো।

### তথা গীতগোবিন্দে

শ্রীরাধা ও কৃষ্ণের পরম্পার স্থরতারস্তে যে আনন্দলহরী উদ্ভূত হয়, তা রসিকজনের অমুভববেতা। পরম্পারের নিবিড় আলিঙ্গন জনিত পুলকাঙ্কুরসঞ্চাত লীলাখেলা, সতৃষ্ণ নয়নের দৃষ্টি, অধরস্থা পান, নর্ম-আলাপ এবং মন্মথকলাযুদ্ধে আনন্দার্মুভূতির জ্বন্থা মিলনের বিদ্ধ উপস্থিত হয়েছিল। পরম অভীপ্ত লাভের তৃষ্ণায় শাস্তি বিদ্ধিত হলো, এবং অবশেষে সেই রস স্থরস হয়ে রসোৎকর্ম স্থাপিত হলো। সার্থক হলো শ্রীরাধাকুষ্ণের মহামিলন।

# গ্রন্থসমাপনে মকলাচরণ

#### सथा --

হে গোকুলানন্দ, হে গোবিন্দ, হে গোণ্ঠেন্দ্রকুলচন্দ্র! হে প্রাণেশ, হে স্বন্দরোত্তংস, হে নাগরশিখামণি, হে বৃন্দাবনচন্দ্র, হে গোণ্ঠযুবরান্দ্র, হে মনোহর! ইত্যাদি নামে ব্রন্ধদেবীগণ তাঁদের প্রিয়তমকে
প্রণয়সম্ভাষণ করে থাকেন। ২২।

'এই মত ক্লফেরে করে প্রিয় সম্বোধন। কিঞ্চিৎ দেখাল তার দিগ্দরশন॥ অতুল্য অপার সেই মধুররদসিক্ন। তটস্থ হইয়া তার পাইস্থ একবিন্দু॥'

যেমন সমুদ্রের তল নাই এবং পার নাই, তেমনি এই মধুররস অতল ও অপার। এই অপার ও অতলম্পর্শ মধুররসে কেউ অবগাহন করতে পারেন না। এই অন্তহীন অপার রসসমুদ্রের তট ভূমিতে দাঁড়িয়ে শুধু সেই মধুররসকে ম্পর্শ করা যায় মাত্র। আমিও তটন্থ হয়ে শুধু ম্পর্শই করলাম। ২৩।

হে: দেব ! গহনমহাঘোষ বৃন্দাবন-সাগরোৎপন্ন উজ্জ্বল শৃঙ্গাররস এই উজ্জ্বলনীলমাণ ভোমার মকরকুগুল-পরিসরে সেবাসমূচিত ভজ্জনা করুক। ২৪।

ইভি-সম্ভোগভেদ

उच्च मनीनमनिनाम्या जमारा

# পরিশিষ্ট

# বিপ্রলম্ভের প্রকারভেদ

# পূর্বরাগ, মান, প্রেমবৈচিন্ত্য ও প্রবাস

•	ধুর্বরাগ		প্রেমবৈচিন্ত্য
> 1	সাক্ষাৎ দৰ্শন	291	শীক্বফের প্রতি আক্ষেপ
<b>ર</b> !	চিত্রপটে দর্শন	146	নিজপ্রতি আক্ষেপ
01	স্বপ্নে দর্শন	१७।	স্থীর প্রতি আ <b>ক্ষে</b> প
8 1	বন্দীমুখে শ্রবণ	२०।	দৃতীর প্রতি আক্ষেপ
@	দৃতীমৃথে প্রবণ	251	ম্রলীর প্রতি <b>আক্ষে</b> প
91	স্থীম্থে শ্ৰবণ	२२ ।	বিধাতার প্রতি <b>আক্ষে</b> প
9 1	গুণী জনের গীতপ্রবণ	२७ ।	কন্দর্পের প্রতি আক্ষেপ
ЬI	বংশীধ্বনি শ্রবণ	185	গুরুজনের প্রতি আক্ষেপ
	মান		প্রবাদ
اھ	মান স্থীমূথে <b>গ্ৰ</b> ব্ৰ	<b>₹</b> @	প্রবাদ ভাবী
ا ه د		२ <b>৫</b> । २७ ।	
	স্থীমূথে শ্ৰবণ		ভাবী
۱ ۰ د	স্থীমূথে প্রবণ শুকমূথে প্রবণ	ર <b>ુ</b>	ভাবী মুর্রাগমন
>> I >	স্থীমূথে প্রবণ শুকমূথে প্রবণ মুরলীধ্বনি প্রবণ	२७ । २१ । २৮ ।	ভাবী মধুর¦গমন দারকাগমন
)	সথীমৃথে প্রবণ শুকমৃথে প্রবণ মুরলীধ্বনি প্রবণ বিপক্ষগাত্তে ভোগাক দর্শন	२७ । २१ । २৮ ।	ভাবী মধুরাগমন ঘারকাগমন কালীয়দমন
>> I >> I >> I	সথীম্থে প্রবণ শুকম্থে প্রবণ ম্রলীধ্বনি প্রবণ বিপক্ষগাত্তে ভোগাঙ্ক দর্শন প্রিয়গাত্তে ভোগচিহ্ন দর্শন	२७। २१। २৮। २२।	ভাবী মধ্রাগমন দারকাগমন কালীয়দমন গোচারণ

# সম্ভোগের প্রকারভেদ

# সংক্ষিপ্ত, সংকীর্ণ, সম্পন্ন ও সমৃদ্ধিমান্

	সংক্ষিপ্ত সম্ভোগ		সংকীৰ্ণ সম্ভোগ
७७।	বাল্যে মিলন	85	মহারাস
OB	গোটে গমন	85	<del>জ</del> লক্ৰীড়া
001	গোদোহন	801	<b>কুঞ্জলী</b> লা
৩৬	অকন্মাৎ চুম্বন	88	দানলীলা
७१।	হস্তাকৰ্ষণ	8 <b>¢</b>	<b>বংশীচুরি</b>
७৮।	বস্তাকৰ্ষণ	८७ ।	নৌকাবিলাস
ا دی	বত্ম রোধ	891	মধুপান
8 °	রতিভোগ	871	স্ <b>ৰপু</b> জা
	সম্পন্ন সম্ভোগ		সমৃদ্ধিমান্ সজোগ
1 68	স্থদূর দর্শন	691	স্বপ্নে মিলন
201	ঝুলন যাত্ৰা	6 P 1	কুরুকেত্তে
451	त्शनी नीन।	160	ভাবোল্লাস
451	প্রহেলিকা	७०।	ব্ৰজাগমন
601	পাশাথেলা	७५।	বিপরীত সম্ভোগ
¢8	নৰ্দ্তক রাদ	७२ ।	ভো <del>ৰ</del> ন কৌতুক
ee	রসালস	৬৩	একত্ৰ নিদ্ৰাবস্থা
७७।	কপট নিজা	७८ ।	স্বাধীনভৰ্তৃকা।

# রস-প্রবাহ

# দুটি শাখা—বিপ্ৰলম্ভ ৪ সন্তোগ

# কে) বিপ্ৰ**লন্ত** চণ্ডুবিধ অনুক্ৰমণিকা

(১) পূर्वताগ-৮ (२) मान-৮ (०) त्थ्रमरेविष्ठा--৮ (८)

শ্রবণ		সহেতু		অনুরা	গ		निक्र ध्रवा	7
দ্তীমৃধে	>	(ক) খ্ৰুত		আকেপ		1 >	গোচারণ	>
স্থীমূথে	۵	<b>দ</b> থীমূথে	>	উল্লাসাঃ	হরাগ	>	নন্দমোকণ	>
গুণগান	۶	শুকম্থে	>			3	কালীয়দমন	>
ভাটমুথে	٥	মুরলীপ্রস্তাবে	>				কার্যান্থরোধে	>
বংশীধ্বনি	>		৩	রূপান্তর	<b>নাগ</b>		রাদে অন্তর্ধান	٥
	¢	(খ) অহমিতি		কৃষ্ণপ্রতি ও	মা <b>কে</b> প	c 1		t
		ভোগান্বচিহ্ন		নিজপ্রতি	**	2		
<b>प्र</b> ण्न		প্রিয়পাত্তে	>	ম্রলীপ্রতি	. "	>	ভাৰী	>
স্বপ্ন দর্শন	۲	বিপক্ষগাত্তে	>	<b>স</b> থীপ্রতি	"	>	ভবন	٥
সাকাৎ দৰ্শন	>	বাক্য-শ্বলন	>	দ্তীপ্রতি	"	>	<del>তৃত</del>	۶
চিত্ৰপট দৰ্শন	>	-	৩	-		¢		v
	৩	- নিহে তু		রসোদগার		>	মোট–	- <del>b</del>
নোট—		_ কারণাভাস	>	G	নাট—	ь	-	
		অতিকারণ	٢			•		
			<del>-</del>					
		মোট—	b					
নায়ক—ধী	রাদ		-ধীর	<b>শাস্ত</b>	নায়	ক—	-শঠ	
নায়িকাথ							–প্ৰোষিতভৰ্তৃৰ	F
করুণরস		করুণ র			বীভ			
শোকভাব		উৎসাহ	চাব		<b>ভূ</b> প্ত	নাভ	াব	
	8			8			8	
নায়ক—ধী	রশা	<b>छ</b> ः कि कि क <sub>ृ</sub> त्र	প্ৰবা	স				
নায়িকা—ি	वेथ	লকা		निकंषे लग				
অভুত রস							ত্যক স্বইপ্রকা	রে
উৎসাহভাব				মোট—-৩২	প্ৰকাৰ	<b>4</b>		

# খে) সভোগ চতুর্বিধ

# অসুক্রমণিকা

जा द्वाचना निका					
	(২) সঙ্কীর্ণ	(৩) সম্পূৰ্ণ	(৪) সমৃদ্ধিমান্		
	মানান্তর কি	ঞ্চিদুর প্রবাসাত্তে	স্থৃদূর প্রবাসান্তে		
312	৮ মহারাস ১	হুদ্র দর্শন ১	স্বপ্নে মিলন ১		
-10	५ क्षनीना ५ /	(माननीना )	কুক্ষেত্র ১		
গাভীদোহে		रशनिनीना :	বাক্বিলাপে ১		
	১ নৌকাবিলাস১	প্রহেলী ১	ব্ৰজাগতে ১		
স্পর্শনে	<b>५ वःभी</b> कोर्य ५	দ্যতক্ৰীড়া ১	ভোজনকোতুকে ১		
বন্ধাকৰ্ষণে		নৰ্তক রাস ১	একত্র নিজায় >		
পথবোধে	১ স্ৰ্পুজা ১	রসালস ১	বিপরীত সম্ভোগ ১		
রতিভোগে	১ স্বয়ংদূতী ১	কপট নিজা ১	স্বাধীনভৰ্তৃকা ১		
মোট—	-৮ মোট—৮	মোট—৮	মোট—৮		
	নায়ক—ধৃষ্ট	নায়ক—ধী	রললিত		
	নায়িকা—থণ্ডিতা		<b>াসকসজ্জিতা</b>		
	ভয়ানক রস	রৌক্ত রস			
	ক্ৰোধভাব	বি <b>শ্বয়</b> ভাব			
	. 8	•	8		
	নায়কদক্ষিণ	নায়ক—অ	<b>যুক্</b> ল		
	নায়িকা—অভিসা	রিকা নায়িকা—ব	<b>राधी</b> नভর্ক।		
	হাস্ত রস	মধুর রস			
	হাস্তভাব	রতিভাব			
	8		8		
	সম্ভোগ <b>্চতুৰ্বিধ</b> —⊲	প্রত্যেকটি ষষ্টপ্রকারে	মোট—৩২		
	বিপ্রলম্ভ চতুর্বিধ—	–প্রত্যেকটি অষ্টপ্রকারে	মোট৩২		
		— স	র্বসমেত—৬৪ রস।		

# ভ্ৰমসংশোধন—

১ম পৃষ্ঠা,	ঠম পংক্তি	'नदाननः'	च्टन	'महानम्हम्'
n	১৬ <b>শ</b> "	'আলোচনাই'	"	'বিস্থৃত আলোচনাই'
<b>৮</b> ነ "	इं १६८८	'वाशक्टम्'	"	'वा <b>भरमर"</b>
, 864	<b>36™</b> "	'निर्देकः'	n	'निर्देष'
vez "	>ম "	'विष्ग'	"	'কপট'